[ঈজাবিয়্যাহ] সুনিশ্চয়তা, সুস্পষ্টতা, প্রত্যক্ষবাদ, দৃষ্টবাদ, positivism إِيجَابِيَّة [وجب]

[ঈজাদ] আবিষ্কার, উদ্ভাবন, সৃষ্টি, অস্তিত্বে আনয়ন إِيجَاد [وجد]

[ঈজার] ইজারাদান, ভাড়ায় প্রদান, ইজারা, ভাড়া, লীজ (lease) إِيجَار [أجر]

[ঈজায] সংক্ষিপ্তকরণ, সংক্ষেপণ, সংক্ষেপ إِيجَاز [وجز]

[বিল-ঈজায] সংক্ষেপে, সংক্ষিপ্তরূপে بِالإِيجَاز

[ঈজাস] অনুভব, উপলব্ধি, টের, ভয়, ভীতি, শংকা, দুশ্চিন্তা إِيجَاس [وجس]

[ঈহা'] অহী প্রেরণ, প্রত্যাদেশ প্রেরণ, অনুপ্রেরণাদান, অনুপ্রেরণা إِيحَاء [وحي]

[আইদ] শক্তি, ক্ষমতা, বল, জোর أَيْد

[আইয়াদা] পৃষ্ঠপোষকতা করা, সমর্থন করা, সাহায্য করা, সুদৃঢ় করা, পক্ষাবলম্বন করা, অনুমোদন করা أَيَّدَ (تَأْيِيد) [أيد]

[আইয়িদ] শক্তিশালী, শক্ত, মজবুত, জোরদার أَيِّد [أيد]

[ঈদা'] জমাকরণ, জমাদান, ন্যস্ত-করণ, আমানত إِيدَاع [ودع]

[ঈদিয়োলোজী] আদর্শিক, আদর্শ-গত, আদর্শবাদী إِيدِيُولُوجِيّ

[ঈদিয়োলোজিয়া, ঈদি-য়োলোজিয়্যাহ] আদর্শ, আদর্শবাদ, ideology إِيدِيُولُوجِيَا، إِيدِيُولُوجِيَّة

[ঈযা'] কষ্টপ্রদান, ক্ষতিসাধন, কষ্ট, ক্ষতি إِيذَاء [أذي]

[ঈযান] অবহিতকরণ, ঘোষণাকরণ, ঘোষণা, নির্দেশকরণ إِيذَان [أذن]

[আইর] উত্তুরে বাতাস, পুবাল হাওয়া, পৌরুষ, পুরুষাঙ্গ أَيْر ج أُيُور

[ঈরাদ] আনয়ন, উপস্থাপন, পরি-বেশন, উদ্ধৃতি, উল্লেখ, বর্ণনা إِيرَاد [ورد]

[ঈরাদ] আমদানি, আমদানি-দ্রব্য, সরবরাহ, আয়, রাজস্ব إِيرَاد ج إِيرَادَات

[ঈরান] ইরান (দেশ) إِيرَان

[ঈরানী] ইরানী, ইরানের إِيرَانِيّ

[ঈর্‌লান্দা] আয়ারল্যান্ড (দেশ) إِيرْلَنْدَا

[আয়িসা] নিরাশ হওয়া, হতাশ হওয়া, আশাহত হওয়া أَيِسَ [س] (إِيَاس) مِنْ

[আইয়াসা] নিরাশ করা, হতাশ করা, আশাহত করা أَيَّسَ (تَأْيِيس) [أيس]

[আয়াসা] নিরাশ করা, হতাশ করা, আশাহত করা آيَسَ (إِيئَاس) [أيس]

[আইসার] সহজতর, অধিকতর হালকা, লঘুতর, সামান্যতর, ক্ষুদ্রতর, অধিকতর স্বচ্ছল أَيْسَر [يسر]

[আইসার] বাঁ, বাম, বাম পার্শ্বস্থ, বাম দিকের, বাঁ-হাতী, ন্যাটা أَيْسَر مث يُسْرَى [يسر]

[আইসারা] স্বচ্ছল হওয়া, সমৃদ্ধিশালী হওয়া, ধনী হওয়া أَيْسَرَ (إِيسَار) [يسر]

[ঈস্‌লান্দা] আইসল্যান্ড (দেশ) إِيسْلَنْدَا

[ঈছা'] অসিয়তকরণ, উপদেশ-প্রদান, আদেশদান, দায়িত্বপ্রদান, অভিভাবক নির্ধারণ, সুপারিশ, অসিয়ত, উইল إِيصَاء [وصي]

[ঈছাল] পৌঁছে দেওয়া, পরিচালন, সংযুক্তকরণ, রসিদ, ভাউচার, (বিদ্যুৎ) পরিবাহন إِيصَال [وصل]

[ঈছালী] (বিদ্যুৎ) পরিবাহী, সঞ্চালন-ক্ষমতাবিশিষ্ট إِيصَالِيّ

[ঈছালিয়্যাহ] (বিদ্যুৎ) সঞ্চালন-ক্ষমতা, পরিবাহিতা إِيصَالِيَّة [وصل]

[আইদন] ও, আরও, আরো, ছাড়াও, তেমনি, অধিকন্তু أَيْضًا

[ঈদাহ] স্পষ্টকরণ, ব্যাখ্যাকরণ, বিশ্লেষণ, ব্যাখ্যা إِيضَاح [وضح]

[ঈতা'] একই অন্ত্যমিলের পুনরাবৃত্তি إِيطَاء [وطأ]

[ঈতালিয়া] ইটালী, ইতালী (দেশ) إِيطَالِيَا

[ঈতালী] ইটালিয়ান, ইতালীয় إِيطَالِيّ

[আল-ঈতালিয়্যাহ] ইটালিয়ান ভাষা الإِيطَالِيَّة

**[ঈ'আদ]** ভীতিপ্রদর্শন, হুমকিপ্রদান, হুমকি إِيعَاد [وعد]

**[ঈ'আয]** ইংগিত, ইশারা, সংকেত, উপদেশ, পরামর্শ, আদেশ, অনুপ্রেরণাদান, শিক্ষা-দান إِيعَاز [وعز]

**[ঈফা']** পূরণ, পালন, পূর্ণকরণ, রক্ষাকরণ, পরিশোধ إِيفَاء [وفي]

**[ঈফাদ]** প্রেরণ, প্রতিনিধি প্রেরণ, প্রতিনিধিরূপে প্রেরণ إِيفَاد [وفد]

**[আইফা'আ]** বয়ঃপ্রাপ্ত হওয়া, যৌবনে উপনীত হওয়া أَيْفَعَ (إِيفَاع) [يفع]

**[ঈক্বাদ]** প্রজ্বালন, জ্বালানো, ধরানো إِيقَاد [وقد]

**[ঈক্বায]** জাগ্রতকরণ, সজাগকরণ, জাগরণ, সতর্কীকরণ إِيقَاظ [يقظ]

**[ঈক্বা']** সঙ্ঘটিতকরণ, বাস্তবায়ন, নিক্ষেপণ, অধঃক্ষেপণ, সুরারোপ, সুর إِيقَاع [وقع]

**[ঈক্বা'ঈ]** সুর-সম্বন্ধীয়, সুর-বিষয়ক إِيقَاعِيّ

**[ঈক্বাফ]** থামানো, দাঁড় করানো, বিরতকরণ, রোধকরণ, বাধাপ্রদান, আটককরণ, স্থগিতকরণ, সমাপ্তকরণ, বাতিলকরণ, অবহিত-করণ إِيقَاف [وقف]

**[আইক্বাযা]** জাগিয়ে তোলা, জাগ্রত করা, সজাগ করা, সতর্ক করা, সতর্ক রাখা أَيْقَظَ (إِيقَاظ) [يقظ]

**[আইক্বানা]** নিশ্চিত হওয়া, সুনিশ্চিত হওয়া, নিশ্চিতরূপে জানা أَيْقَنَ (إِيقَان) [يقن]

**[আইকূনাহ্]** (খ্রীষ্টানদের) মূর্তি, প্রতিমা, আইকন (icon) أَيْقُونَة ج أَيْقُونَات

**[আইক, আইকাহ্]** জঙ্গল, ঝোপ, বন, তৃণভূমি أَيْك ، أَيْكَة

**[আইয়িল, ইয়্যাল, উইয়্যাল]** হরিণ, পুরুষ হরিণ, মৃগ أَيِّل ، إِيَّل ، أُيَّل ج أَيَائِل

**[ঈলা']** শপথ, কসম, দিব্য, অর্পণ, ন্যস্তকরণ إِيلَاء [ولي]

**[ঈলাজ]** প্রবিষ্টকরণ, সন্নিবেশ إِيلَاج [ولج]

**[ঈলাফ]** অভ্যস্তকরণ, পছন্দনীয়-করণ, চুক্তি إِيلَاف [ألف]

**[আইয়িলাহ্]** হরিণী, মৃগী أَيِّلَة

**[ঈলাক্স]** চিরহরিৎ গুল্মবিশেষ, holly إِيلَكْس

**[আইলূল]** সেপ্টেম্বর (মাস) أَيْلُول

**[আইলূলাহ্]** প্রত্যাবর্তন, (মালিকানা ক্ষমতা অধিকার ইত্যাদি) হস্তান্তর أَيْلُولَة [أول]

**[আইম]** শপথ, কসম, দিব্য, বৈধব্য أَيْم

**[আইম]** পুরুষ সাপ أَيْم ج أُيُوم

**[আইমুল্লাহ্]** আল্লাহর শপথ, আল্লাহর কসম, খোদার কসম أَيْمُ الله

**[আইয়ামা]** বিপত্নীক করা, বিধবা করা أَيَّمَ (تَأْيِيم) [أيم]

**[আইয়িম]** বিপত্নীক, বিধবা أَيِّم ج أَيَائِم ، أَيَامَى [أيم]

**[আইয়ুমা]** যাহাই, যা-ই, যেটাই, যে কোনটি أَيُّمَا

**[ঈমা', ঈমাআহ্]** ইঙ্গিত, ইশারা, সঙ্কেত, নির্দেশ, মূকাভিনয় إِيمَاء ، إِيمَاءَة [وما]

**[ঈমা'ঈ]** সংকেতমূলক, মূকাভিনয়-সম্বন্ধীয় إِيمَائِيّ

**[ঈমা'ইয়্যাহ্]** মূকাভিনয় إِيمَائِيَّة [وما]

**[ঈমান]** বিশ্বাস, আস্থা, প্রত্যয়, ধর্মীয় বিশ্বাস, ঈমান إِيمَان [أمن]

**[ঈমানী]** বিশ্বাস-সংক্রান্ত, ঈমান-বিষয়ক, ঈমানী إِيمَانِيّ

**[আইমাহ্]** বিধবা অবস্থা, বৈধব্য أَيْمَة

**[আইমান]** ডান, দক্ষিণ, ডান দিকস্থ, ডান দিকের, ডান-হাতী, শুভ, ভাগ্যবান أَيْمَن مث يُمْنَى [يمن]

**[আইমানা]** ইয়েমেনে গমন করা, ডানদিকে যাওয়া أَيْمَنَ (إِيمَان) [يمن]

**[আইমুনুল্লাহ্]** আল্লাহর শপথ, আল্লাহর কসম, খোদার কসম أَيْمُنُ اللهِ

**[আইনা]** কোথায়? কোন্ জায়গায়? কোন্-খানে? কোন্ দিকে? أَيْنَ ؟

**[ইলা আইনা]** কোন্ দিকে? কোথায়? إِلَى أَيْنَ ؟

**[মিন আইনা]** কোথা থেকে? কোথা হতে? مِنْ أَيْنَ؟

**[আইয়ানা]** আয়নে (ion) পরিণত করা, আয়নিত করা أَيَّنَ (تَأْيِين) [أين]

أَيْنَعَ (إِينَاع) [ينع] [আইনা'আ] পাকা, পেকে যাওয়া, পরিপক্ক হওয়া

أَيْنَمَا [আইনামা] যেখানেই, যেথায়ই, যে কোন জায়গায়

أَيُّهَا ، يَا أَيُّهَا [আইয়ুহা, ইয়া আইয়ুহা] হে! রে! ওহে! ওরে! ওগো!

إِيهَام ج إِيهَامَات [وهم] [ঈহাম] ভ্রান্তি, বিভ্রান্তি, দ্ব্যর্থবোধকতা

أَيْوَا [আইওয়া] হাঁ, হ্যাঁ, জী-হাঁ

إِيوَاء [أوي] [ঈওয়া'] আশ্রয়দান, থাকার জায়গার ব্যবস্থাকরণ

إِيوَان ج إِيوَانَات [ঈওয়ান] হলঘর, দরদালান, ভবন, প্রাসাদ

أَيُّوب [আইয়ুব] হযরত আইউব (আ)

أَيُوم ، أَيُومَة [أيم] [উয়ুম, উয়ুমাহ] বিধবা অবস্থা, বৈধব্য

أَيُون ج أَيُونَات [আয়ূন] আয়ন (ion)

أَيُونِيّ [আয়ূনী] আয়নসংক্রান্ত, আয়নাকার

# ب

[বা'] বাঃ আরবী বর্ণমালার ২য় হরফ ب

[বি] তে, এ, দ্বারা, কর্তৃক, বিনিময়ে, সঙ্গে, মাধ্যমে, কসম, শপথ بِ

[বা'] বা'ঃ ب বর্ণের নাম بَاء

[বাআ] প্রত্যাবর্তন করা, ফিরে আসা, প্রত্যাগমন করা, আশ্রয় নেওয়া بَاءَ (ن) (بَوْء) [بوأ] إِلَى

[-- বি] ফিরিয়ে আনা, নিয়ে আসা, স্বীকার করা بَاءَ بِ

[বা'ইত] রাত্রি যাপনকারী, নৈশ, বাসী, পুরাতন بَائِت [بيت]

[বাআহ] বাড়ি, বাসস্থান, আবাস بَاءَة ج بَاء [بوأ]

[বা'ইখ] ঠাণ্ডা, প্রশমিত, হ্রাসপ্রাপ্ত, নির্বাপিত, নীরস, বিস্বাদ, নিষ্প্রাণ, নিষ্প্রভ, বিরক্তিকর, মন্দা, চাহিদাহীন بَائِخ [بوخ]

[বা'ইদ] মৃত, অতীত, ধ্বংসশীল, ক্ষণ-স্থায়ী, নশ্বর بَائِد [بيد]

[বা'ইর] ব্যর্থ, অসফল, অলাভজনক, পতিত (জমি) بَائِر [بور]

[বা'ইর] ধ্বংসপ্রাপ্ত, ধ্বংসশীল, মৃত, মরণশীল بَائِر ج بُور [بور]

[বা'ইস] দুঃখী, দুর্দশাগ্রস্ত, নিঃস্ব, বিপদগ্রস্ত, হতভাগ্য, দরিদ্র, ক্ষুধার্ত, দুঃখপূর্ণ, বেদনাদায়ক, শোচনীয়, করুণ بَائِس [بأس]

[বা'ইদ] ডিম পাড়ে এমন, ডিম-পাড়া (মুরগী ইত্যাদি) بَائِض ج بَوَائِض [بيض]

[বা'ই'] বিক্রেতা, বিক্রয়কারী, ব্যবসায়ী بَائِع ج بَاعَة ، بَائِعُون [بيع]

[বা'ই'উত তাজযিআহ] খুচরা বিক্রেতা بَائِع التَّجْزِئَة

[বা'ই'উল জুমলাহ] পাইকারী বিক্রেতা بَائِع الجُمْلَة

[বা'ই' জা'ইল] ফেরিওয়ালা, হকার بَائِع جَائِل

[বা'ই' জাওওয়াল] ফেরিওয়ালা, হকার بَائِع جَوَّال

[বা'ই' মুতাজাওবিল] ফেরিওয়ালা, হকার بَائِع مُتَجَوِّل

[বা'ই' বিল-মাযাদ] নিলামে বিক্রয়-কারী, নিলামদার بَائِع بِالمَزَاد

[বা'ইক্বাহ] অবিচার, অন্যায়, দুর্যোগ, বিপদ, দুর্ভাগ্য بَائِقَة ج بَوَائِق [بوق]

[বা'ইন] স্পষ্ট, তালাকপ্রাপ্তা, বিচ্ছেদ অনিবার্য করে এমন, অপ্রত্যাহার্য, চূড়ান্ত (তালাক) بَائِن [بين]

[বা'ইনাহ] মৃত স্বামীর সম্পত্তিতে বিধবা স্ত্রীর অংশ, স্ত্রীর যৌতুক, পণ بَائِنَة [بين]

[বা'ঈ] বা (বর্ণ) আছে এমন, বা-ওয়ালা, বা-সম্পর্কিত بَائِيّ

[বাব] দরজা, প্রবেশপথ, ফটক, অধ্যায়, শ্রেণী, রকম, ক্ষেত্র بَاب ج أَبْوَاب [بوب]

[বাবা] (খ্রীষ্টানদের) পোপ, বাবা, পিতা بَابَا ج بَابَوَات ، بَابَاوَات

[বাবা নোবেল] (ক্রিসমাসের) সান্টাক্লজ (Santa Claus) بَابَا نُوِيل

[বাবাহ] সমাপ্তি, নিষ্পত্তি, নিষ্পন্নতা, শেষ সীমা, রকম, ধরন, স্বভাব, শর্ত بَابَة ج بَابَات [بوب]

[বাবিল] ব্যাবিলন, বাবেল (স্থান) بَابِل

[বাবিলী] ব্যাবিলনীয়, মায়াবী, মুগ্ধকর بَابِلِيّ

[বাবূজ] চটিজুতা, স্লিপার بَابُوج ج بَوَابِيج

[বাবূর] ইঞ্জিন, বাষ্পীয় ইঞ্জিন, যন্ত্র, স্টীমার, রেলগাড়ি بَابُور ج بَوَابِير

[বাবুনাজ] ঔষধী গাছবিশেষ বা তার ফুল, camomile بَابُونَج

[বাবাবী] পোপ-সম্বন্ধীয়, পোপ-সংক্রান্ত, পোপীয়, পোপের بَابَوِي

[বাবাবিয়্যাহ] পোপের পদ, পোপগিরি, পোপের কার্যকাল, পোপতন্ত্র بَابَوِيَّة

[বাত্ত] নিশ্চিত, সুনির্দিষ্ট, সুস্পষ্ট, بَاتّ [بتت]

দ্ব্যর্থহীন, চূড়ান্ত, মীমাংসিত

[বাতা] রাত কাটানো, [بيت] (مَبِيت) بَاتَ [ض] রাত্রিযাপন করা, হওয়া, হয়ে যাওয়া, থাকা

[বাতির] কর্তনকারী, কর্তক, [بتر] بَاتِر ج بَوَاتِر ধারালো, তীক্ষ্ণ, ধারালো তরবারি

[বাথোলোজী] রোগনিরূপণবিদ্যা- بَاثُولُوجِيّ সম্পর্কিত, pathological, রোগনিরূপণবিদ, pathologist

[বাথোলোজিয়া] রোগনিরূপণবিদ্যা, بَاثُولُوجِيَا pathology

[বাজিল] সুখী, স্বচ্ছন্দ, আনন্দিত, [بجل] بَاجِل মেদবহুল

[বাহা] প্রকাশ পাওয়া, [بوح] (بَوْح) بَاحَ [ن] প্রকাশ হওয়া, প্রকাশিত হওয়া, প্রতিভাত হওয়া, প্রকাশ করা, ফাঁস করা, জ্ঞাত করা

[বাহাতা] মনেপ্রাণে [بحت] (مُبَاحَتَة) بَاحَتَ দেওয়া, প্রাণ খুলে দেওয়া, বলে দেওয়া, প্রকাশ করা

[বাহাহ] খোলা জায়গা, [بوح] بَاحَة ج بَاحَات উন্মুক্ত স্থান, প্রাঙ্গন, square, plaza, hall

[বাহাছা] আলোচনা [بحث] (مُبَاحَثَة) بَاحَثَ করা, আলাপ করা, বিতর্ক করা

[বাহিছ] আলোচনাকারী, বিতর্ক- [بحث] بَاحِث কারী, অনুসন্ধানকারী, গবেষক

[বাখা] প্রশমিত হওয়া, [بوخ] (بَوْخ) بَاخَ [ن] ঠাণ্ডা হওয়া, কমে যাওয়া, থেমে যাওয়া, নিভে যাওয়া, নির্বাপিত হওয়া

[বাখিরাহ] স্টীমার [بخر] بَاخِرَة ج بَوَاخِر

[বাখিস] সস্তা, ক্ষুদ্র, সামান্য, [بخس] بَاخِس নগণ্য

[বাখি'] বশীভূত, নতি স্বীকারকারী, [بخع] بَاخِع (সত্য) স্বীকারকারী, আত্মহত্যাকারী

[বাখিল] কৃপণ, [بخل] بَاخِل ج بُخَّل ، بُخَّال কিপটে, ব্যয়কুণ্ঠ, বখিল

[বাদা] [بيد] (بَيْد ، بَيَاد ، بُيُود) بَادَ [ض] ধ্বংস হওয়া, শেষ হওয়া, মরে যাওয়া, ডুবে যাওয়া

[বাদাআ] উদ্যোগ নেওয়া, [بدأ] (مُبَادَأَة) بَادَأَ প্রথম পদক্ষেপ নেওয়া, আরম্ভ করা, শুরু করা

[বাদি'] আরম্ভকারী, সূচনাকারী, [بدأ] بَادِئ প্রবর্তনকারী, প্রবর্তক

[বাদিআহ] শুরুতে সংযো- [بدأ] بَادِئَة ج بَوَادِئ জিত শব্দাংশ, উপসর্গ

[বাদারা] দ্রুত [بدر] إِلَى (مُبَادَرَة ، بِدَار) بَادَرَ সম্পন্ন করা, তাড়াতাড়ি করা, অকস্মাৎ করা, উদ্যোগ গ্রহণ করা, আরম্ভ করা, হঠাৎ এসে পড়া, অবাক করা, মনে উদয় হওয়া

[বাদিরাহ] আলামত, লক্ষণ, [بدر] بَادِرَة ج بَوَادِر প্রথম নিদর্শন, অগ্রদূত, ধারণা, অবিবেচনাপ্রসূত উক্তি বা কাজ

[বাদালা] বিনিময় করা, [بدل] (مُبَادَلَة) بَادَلَ বদল করা, অদলবদল করা

[বাদিন] স্থূলদেহী, মাংসল, [بدن] بَادِن ج بُدَّن মোটাসোটা

[বাদাহা] হঠাৎ এসে পড়া, [بده] (مُبَادَهَة) بَادَهَ অবাক করা

[বাদা] প্রকাশ করা, স্পষ্ট [بدو] (مُبَادَاة) بَادَى করা, প্রদর্শন করা, প্রকাশ্যে ঘোষণা করা

[বাদী] প্রকাশিত, [بدو] بَادِي ، بَادٍ مث بَادِيَة স্পষ্ট, সুস্পষ্ট, পরিষ্কার

[বাদী] মরুবাসী, বেদুঈন [بدو] بَادِي ج بُدَاة

[বাদিয়াহ] বৃক্ষহীন [بدو] بَادِيَة ج بَوَادِي ، بَوَادٍ প্রান্তর, মরুভূমি, যাযাবর, বেদুঈন

[বায] অপরিচ্ছন্ন, অগোছালো, জরাজীর্ণ [بذذ] بَاذّ

[বাযাআ] গালাগালি [بذأ] (مُبَاذَأَة ، بِذَاء) بَاذَأَ করা, অশ্লিল ভাষায় ঝগড়া করা, খারাপ কথা বলা

[বাযাখা] অহঙ্কার করা, [بذخ] (مُبَاذَخَة) بَاذَخَ গর্ব করা, গর্বের প্রতিযোগিতা করা

[বাযিখ] উচ্চ, উঁচু, বিলাসী, [بذخ] بَاذِخ ج بَوَاذِخ বিলাসবহুল, অহংকারী, দাম্ভিক

[বাযিন্‌জান] بَاذِنْجَان ، بَاذِنْجَانَة ج بَاذِنْجَانَات বেগুন, বার্তাকু, বার্তাকী, টমেটো (সবজি)

[বাযিন্‌জানী] বেগুন-সম্বন্ধীয়, বেগুনী بَاذِنْجَانِيّ

[বারা] ধ্বংস হওয়া, [بور] (بَوْر ، بَوَار) بَارَ [ن] নষ্ট হওয়া, নিশ্চিহ্ন হওয়া, ব্যর্থ হওয়া, অকেজো হওয়া, (জমি) পতিত থাকা

[বার্‌র] ন্যায়পরায়ণ, [برر] بَارّ ج أَبْرَار ، بَرَرَة

পুণ্যবান, সৎ, সদাচারী, ধার্মিক, দানশীল

[বাঁর্‌রা] ভাল ব্যবহার করা, সদ্ব্যবহার করা, অনুগ্রহ করা بَارَّ (مُبَارَّة) [برر]

[বারাশূত] প্যারাশুট بَارَاشُوت

[বারাগুওয়াই] প্যারাগুয়ে (দেশ) بَارَاغُوَاي

[আল-বারি'] সৃষ্টিকর্তা, মহান স্রষ্টা মহা উদ্ভাবক (আল্লাহ) اَلْبَارِئ [برأ]

[বারিজ] সক্ষম নৌ-চালক, দক্ষ নাবিক, উদার, সদাশয় (ব্যক্তি) بَارِج [برج]

[বারিজাহ] যুদ্ধজাহাজ, রণতরী, বার্জ بَارِجَة ج بَوَارِج [برج]

[বারহা] সরে যাওয়া, চলে যাওয়া, পরিত্যাগ করা, ক্ষান্ত হওয়া بَارَحَ (مُبَارَحَة) [برح]

[বারিহ] গত, বিগত, অতীত, বিকৃত, প্রশস্ত بَارِح [برح]

[আল-বারিহ, আল-বারিহাহ] গতকাল, গতকল্য اَلْبَارِح ، اَلْبَارِحَة [برح]

[আউওয়ালাল বারিহাহ] গতকালের আগের দিন, গত পরশু, দু'দিন আগে أَوَّلَ الْبَارِحَة

[আল-লাইলাতাল বারিহাহ] গত-রাতে, গতকাল সন্ধ্যায় اَللَّيْلَةَ الْبَارِحَة

[বারিদ] ঠাণ্ডা, শীতল, নিস্প্রাণ, দুর্বল, আগ্রহশূন্য, নির্লিপ্ত بَارِد [برد]

[বারযা] মুখোমুখি হওয়া, প্রতিদ্বন্দ্বিতা করা, প্রতিযোগিতা করা بَارَزَ (مُبَارَزَة) [برز]

[বারিয] বিশিষ্ট, প্রখ্যাত, প্রধান, শীর্ষ, স্পষ্ট, পরিদৃষ্ট, দৃশ্যমান, বহির্গত, গুরুত্বপূর্ণ بَارِز [برز]

[বারি'] দক্ষ, চতুর, যোগ্য, শ্রেষ্ঠ, চমৎকার بَارِع [برع]

[বারি'আতুল জামাল] খুব সুন্দর بَارِعَة الْجَمَال

[বারিক] উজ্জ্বল, চকচকে, দীপ্তিমান, দেদীপ্যমান, বজ্রবিদ্যুৎওয়ালা মেঘ, বজ্রমেঘ بَارِق [برق]

[বারিকাহ] বজ্রবিদ্যুৎওয়ালা মেঘ, বজ্রমেঘ, দীপ্তি, ঔজ্জ্বল্য, আলো, তরবারি بَارِقَة [برق]

[বারিকাত আমাল] আশার আলো بَارِقَة أَمَل

[বারকা] কল্যাণ করা, মঙ্গল করা, বরকত দেওয়া, শুভেচ্ছা জানানো, অভিনন্দন জানানো, আশীর্বাদ করা بَارَكَ (مُبَارَكَة) [برك]

[বারকাল্লাহু ফীকা] আল্লাহ তোমার মঙ্গল করুন! بَارَكَ اللّٰهُ فِيكَ

[বারিক] হাঁটু গেড়ে বসেছে এমন (উট) بَارِك

[বারিনামাজ] ফর্দ, তালিকা, কার্যপ্রণালী, প্রোগ্রাম بَارِنَامَج ج بَرَامِج

[বারূদ] বারুদ, যবক্ষার, শোরা بَارُود

[বারূদাহ] বন্দুক, রাইফেল, কার্বাইন (carbine) بَارُودَة ج بَوَارِيد

[বারোমিত্‌র] বাতাসের চাপ মাপার যন্ত্র, ব্যারোমিটার بَارُومِتْر

[বারা] প্রতিযোগিতা করা, পাল্লা দেওয়া, প্রতিদ্বন্দ্বিতা করা, সমান হওয়া بَارَى (مُبَارَاة) [بري]

[বারী] নির্মাণকারী, কারিগর, কর্তনকারী, কেটে প্রস্তুতকারী, তীর প্রস্তুতকারী بَارِي ، بَارٍ [بري]

[আল-বারী] সৃষ্টিকর্তা, মহান স্রষ্টা (আল্লাহ) اَلْبَارِي [بري]

[বারীস] প্যারিস (নগরী)ঃ ফ্রান্সের রাজ-ধানী بَارِيس

[বারিয়োম] বেরিয়াম (মৌলিক পদার্থ) بَارِيُوم

[বায] বাজ, বাজপাখি, শ্যেন, ঈগল بَاز ج أَبْوَاز، بِيزَان

[বাযিগ] উজ্জ্বল, আলোকোজ্জ্বল, দীপ্তিমান, উদ্ভাসিত بَازِغ [بزغ]

[বাযিগাহ] তারকা, তারা, নক্ষত্র بَازِغَة ج بَوَازِغ [بزغ]

[বাযিল্লা] মটরশুঁটি, মাষ-কলাই, কলাইশুঁটি بَازِلَّا ، بَازِلَّاء ، بَازِلِّي

[বাযী] বাজ, বাজপাখি, শ্যেন بَازِي ، بَاز ج بُزَاة

[বাসা] চুম্বন করা, চুমু খাওয়া, চুমা দেওয়া بَاسَ [ن] (بَوْس) [بوس]

[বাসির] উদাস, অনুজ্জ্বল, গোমড়া, বিষণ্ন, ভ্রূকুটিপূর্ণ (চেহারা)· بَاسِر [بسر]

[বাসাতা] ব্যাখ্যা করা, পেশ করা, খোলাখুলি বলা, খোলামনে বলা, আন্তরিক হওয়া, সদয় হওয়া, বন্ধুত্বপূর্ণ হওয়া بَاسَطَ (مُبَاسَطَة ، بِسَاط) [بسط]

بَاسِط [بسط] [বাঁসিত] বিস্তারকারী, বিস্তৃতকারী, প্রসারিতকারী, সম্প্রসারণকারী

بَاسِق [بسق] [বাঁসিক] উঁচু, উচ্চ, সুউচ্চ, শ্রেষ্ঠ

بَاسِقَة ج بَوَاسِق [بسق] [বাঁসিক্বাহ] স্বচ্ছ রঙের সাদা মেঘ, বিপদ, দুর্যোগ

بَاسِل ج بُسَلَاء [بسل] [বাঁসিল] সাহসী, নির্ভীক, বীর, বিক্রমশীল, দৃঢ়

بَاسِم [بسم] [বাঁসিম] হাস্যরত, হাস্যোজ্জ্বল, হর্ষোজ্জ্বল, হর্ষোৎফুল্ল, হাসিযুক্ত, হাসিমাখা

بَاسُور ج بَوَاسِير [বাঁসূর] অর্শ (রোগ), piles

بَاش [বাঁশ] প্রথম, প্রধান, জ্যেষ্ঠ, নেতৃস্থানীয়

بَاشّ [بشش] [বাঁশ] হাস্যোজ্জ্বল, হর্ষোৎফুল্ল, প্রফুল্ল

بَاشَا ج بَاشَوَات [বাঁশা] পাশা (উপাধি)

بَاشَرَ (مُبَاشَرَة) [بشر] [বাঁশারা] প্রবৃত্ত হওয়া, দায়িত্ব নেওয়া, নিয়োজিত হওয়া, মনোযোগী হওয়া, আরম্ভ করা, অনুশীলন করা, সংস্পর্শে থাকা, সহবাস করা

بَاشَق ، بَاشِق ج بَوَاشِق [বাঁশাক্বা] একপ্রকার বাজপাখি, sparrow hawk

بَاشَوِيَّة [বাঁশাবিয়্যাহ] পাশার পদ, পাশা উপাধি

بَاص ج بَاصَات [বাঁছ] বাস, অটোবাস (গাড়ি)

بَاصَرَ (مُبَاصَرَة) [بصر] [বাঁছরা] দেখা, দূর থেকে দেখা, দেখার প্রতিযোগিতা করা

بَاصِرَة ج بَوَاصِر [بصر] [বাঁছিরাহ] দর্শনশক্তি, দর্শনেন্দ্রিয়, চক্ষু, চোখ

بَاضَ [ض] (بَيْض) [بيض] [বাঁদা] ডিম পাড়া, ডিম দেওয়া

بَاضَ بِ [-- বি] বাস করা, অবস্থান করা, বসতি স্থাপন করা

بَاضَعَ (مُبَاضَعَة) [بضع] [বাঁদ'আ] যৌন সঙ্গম করা, সহবাস করা

بَاضِع [بضع] [বাঁদি'] ধারালো তরবারি, পণ্য বহনকারী

بَاطِل [بطل] [বাঁতিল] বাতিল, নষ্ট, অকেজো, অকার্যকর, অন্যায়, অসত্য, মিথ্যা

بَاطَنَ (مُبَاطَنَة) [بطن] [বাঁতনা] আন্তরিক বন্ধুত্ব করা, ঘনিষ্ঠতা করা, গোপন কথা বলা

بَاطِن ج بَوَاطِن [بطن] [বাঁতিন] লুক্কায়িত, গোপন, অপ্রকাশ্য, আভ্যন্তরীণ, ভিতর, ভিতরের দিক, অভ্যন্তর, সার

الْبَاطِن [بطن] [আল-বাঁতিন] নিগূঢ় সত্তাঃ আল্লাহ

بَاطِنَة ج بَوَاطِن [بطن] [বাঁতিনাহ] ভিতর, অন্তর, মন, আত্মা, ভিতরের অনুভূতি, ভিতরের চিন্তা

بَاطِنِيّ [বাঁতিনী] আভ্যন্তরীণ, অভ্যন্তরস্থ, ভিতরের, গোপন, গুপ্ত, অপ্রকাশ্য

بَاطِيَة ج بَوَاطِي ، بَوَاطٍ [بطي] [বাঁতিয়াহ] বীকারঃ হাতলবিহীন বড় পানপাত্র, কলসি, জগ

بَاع ج بَاعَات ، أَبْوَاع ، بِيعَان [بوع] [বাঁ'] প্রসারিত দুই বাহু পরিমাণ, প্রসারিত বাহুদ্বয়ের মাপ, বাঁও

ضَيِّقُ الْبَاع [দইয়্যিকুল বাঁ'] অক্ষম, অপারগ, দুর্বল, কৃপণ

طَوِيلُ الْبَاع [তবীলুল বাঁ'] শক্তিশালী, সামর্থ্যবান, সক্ষম, যোগ্য, জ্ঞানী, উদার, বদান্য

قَصِيرُ الْبَاع [ক্বাছীরুল বাঁ'] অক্ষম, অপারগ, দুর্বল, কৃপণ

بَاعَ [ض] (بَيْع ، مَبِيع) [بيع] [বাঁ'আ] বিক্রয় করা, বিক্রি করা, ব্যবসা করা

بَاعَ بِالتَّجْزِئَة [বাঁ'আ বিত-তাজযিআহ] খুচরা বিক্রি করা

بَاعَ بِالتَّجَوُّل [বাঁ'আ বিত-তাজাওবুল] ঘুরে ঘুরে বিক্রি করা, ফেরি করে বিক্রি করা

بَاعَ بِالْجُمْلَة [বাঁ'আ বিল-জুম্‌লাহ] পাইকারী বিক্রি করা

بَاعَ بِالْمَزَاد [বাঁ'আ বিল-মাযাদ] নিলামে বিক্রি করা

بَاعِث ج بَوَاعِث [بعث] [বাঁ'ইছ] কারণ, হেতু, উদ্দেশ্য, উদ্দীপক, উদ্দীপনা, প্রেরণা, প্রেষণা

الْبَاعِث [بعث] [আল-বাঁ'ইছ] পুনর্জীবিতকারীঃ আল্লাহ

بَاعِثَة ج بَوَاعِث [بعث] [বাঁ'ইছাহ] কারণ, হেতু

بَاعِجَة ج بَوَاعِج [بعج] [বাঁ'ইজাহ] প্রবল ঢলবাহী

প্রশস্ত উপত্যকা, বেগবান নদী

[বা'আদা] দূরে থাকা, দূরে রাখা, দূরত্ব সৃষ্টি করা بَاعَدَ (مُبَاعَدَة) [بعد]

[বা'ঈদ] দূরে অবস্থানকারী, দূরবর্তী بَاعِد ج بُعَد [بعد]

[বা'আলা] বিয়ে করা, পরস্পর বিবাহবন্ধনে আবদ্ধ হওয়া, বৈবাহিক সম্পর্ক স্থাপন করা, (স্ত্রীর সাথে) মিলিত হওয়া, সহবাস করা بَاعَلَ (مُبَاعَلَة ، بِعَال) [بعل]

[বা'উছ] (খ্রীষ্টানদের) ইস্টার উৎসব, ইস্টার প্রার্থনা بَاعُوث

[বাগাতা] আকস্মিকভাবে আসা, অপ্রত্যাশিতভাবে ঘটা بَاغَتَ (مُبَاغَتَة) [بغت]

[বাগিত] আকস্মিক, অপ্রত্যাশিত بَاغِت [بغت]

[বাগাদা] ঘৃণা করা, অবজ্ঞা করা, অপছন্দ করা بَاغَضَ (مُبَاغَضَة) [بغض]

[বাগামা] মোলায়েম স্বরে কথা বলা بَاغَمَ (مُبَاغَمَة) [بغم]

[বাগা] ব্যভিচার করা, অপকর্ম করা, অন্যায় করা بَاغَى (مُبَاغَاة ، بِغَاء) [بغي]

[বাগী] অন্যায়কারী, অত্যাচারী, বিদ্রোহী, ব্যভিচারী, কামনাকারী, প্রত্যাশী بَاغِي ، بَاغٍ ج بُغَاة [بغي]

[বাক্বাহ] বাণ্ডিল, তোড়া, গুচ্ছ بَاقَة ج بَاقَات [بوق]

[বাক্বির] রাখালসহ গরুর পাল, অগাধ জ্ঞানের অধিকারী, গভীর জ্ঞানী بَاقِر [بقر]

[বাক্বি'আহ] চতুর লোক, ধূর্ত মানুষ, ভীরু পাখি بَاقِعَة ج بَوَاقِع [بقع]

[বাক্বিল] শস্যশ্যামল, সবজি ফলেছে এমন, তরি-তরকারি আছে এমন (স্থান) بَاقِل

[বাক্বিল্লা'] শিম, বড় শিম (সবজি) بَاقِلاء

[বাক্বিল্লা] শিম, বড় শিম (সবজি) بَاقِلَّى

[বাকূর] গরুর পাল بَاقُور

[বাকূল] পান করার গ্লাস, মগ بَاقُول ج بَوَاقِيل

[বাক্বী] অবশিষ্ট, বাকি, স্থিতিশীল, স্থায়ী, অবস্থিত بَاقِي ، بَاقٍ مث بَاقِيَة [بقي]

[আল-বাক্বী] চিরঞ্জীব, অবিনশ্বর সত্তাঃ আল্লাহ الْبَاقِي [بقي]

[বাক্বিয়াহ] স্থায়ী বস্তু, চিরন্তন বস্তু, শাশ্বত জীবন, পরকালের জীবন, অবশিষ্টাংশ بَاقِيَة ج بَاقِيَات ، بَوَاقِي [بقي]

[বাকারা] আগে আসা বা যাওয়া, আগে পৌঁছা بَاكَرَ (مُبَاكَرَة) [بكر]

[বাকির] প্রথম দিকের, অগ্রবর্তী, শীঘ্র, যথাসময়ের পূর্বে আগত, প্রভাতে সম্পন্নকারী بَاكِر [بكر]

[বাকিরান] আগে আগে, প্রভাতে, সকালে, খুব ভোরে بَاكِرًا

[বাকিরাহ] আরম্ভ, প্রারম্ভ, শুরু, সূচনা بَاكِرَة ج بَوَاكِر [بكر]

[বাকিস্তান] পাকিস্তান (দেশ) بَاكِسْتَان

[বাকূ] বাকু (নগরী): আযারবাইজানের রাজধানী بَاكُو

[বাকূর] যথাসময়ের পূর্বে আগত, অগ্রবর্তী, শীঘ্র, প্রভাতে সম্পন্নকারী بَاكُور [بكر]

[বাকূরাহ] প্রথম কাজ, প্রথম ফল, প্রথম দিক, প্রারম্ভ, সূচনা, শুরু بَاكُورَة ج بَوَاكِير [بكر]

[বাকী] যে কাঁদে, ক্রন্দনকারী, রোদনকারী, ক্রন্দনরত بَاكِي ، بَاكٍ ج بُكَاة ، بُكِيّ [بكي]

[বাল] মন, অন্তর, হিয়া, মনোযোগ; ধৈর্য, অবস্থা, খবর, সমাচার, তিমি بَال [بول]

[মা বালুকা] তোমার সমাচার কি? তোমার অবস্থা কি? তোমার কি হল? তুমি কি চাও? مَا بَالُكَ ؟

[বালা] মূত্র ত্যাগ করা, প্রস্রাব করা, পেশাব করা بَالَ [ن] (بَوْل) [بول]

[বালাহ] বাণ্ডিল, গাঁইট, গাঁট, প্যাকেট بَالَة ج بَالَات [بول]

[বালিদ] বাসিন্দা, নিবাসী بَالِد ج بَلَدَة [بلد]

[বাল্‌তূ] কোট, ওভারকোট (পোশাক) بَالْطُو

[বালাগা] বেশী করা, অতিরঞ্জন করা, বাড়াবাড়ি করা بَالَغَ (مُبَالَغَة) [بلغ] فِي

[বালিগ] যে বা যা পৌঁছে, উপনীত, পরিপূর্ণ, পরিপক্ব, সাবালক, বালেগ بَالِغ [بلغ]

[বিল্লাহি] আল্লাহর কসম! আল্লাহর শপথ! بِاللهِ

بَالُوعَة ج بَوَالِيع [بلع] [বালূ'আহ] নালা, নর্দমা, ময়লা পানির চৌবাচ্চা, পানি জমা হওয়ার গর্ত বা খোঁদল

بَالُون [বালূন] বেলুন

بَالَى (مُبَالَاة) [بلي] بِ [বালা] পরোয়া করা, গণ্য করা, যত্ন নেওয়া, মনোযোগ দেওয়া

بَالٍ ، بَالِي مث بَالِيَة [بلي] [বালী] ক্ষয়প্রাপ্ত, জরাগ্রস্ত, জীর্ণ, পুরাতন, পুরান

بَامِيَا ، بَامِيَاء ، بَامِيَة [বামিয়া, বামিয়া', বামিয়াহ] ঢেঁড়স, ঢেঁড়শ, ভিণ্ডি (সবজি)

بَان ، بَانَة [বান] একপ্রকার নরম গাছ, বানগাছ

بَانَ [ض] (بَيْن) [بين] [বানা] বিচ্ছিন্ন হওয়া, পৃথক হওয়া, আলাদা হওয়া

بَانَ (بَيَان ، تِبْيَان) [بين] [বানা] প্রকাশ হওয়া, স্পষ্ট হওয়া, দৃশ্যমান হওয়া, জ্ঞাত হওয়া

بَانَة [বানাহ] একপ্রকার নরম গাছ, বানগাছ

بَانٍ ، بَانِي ج بُنَاة [بني] [বানী] নির্মাণকারী, নির্মাতা, প্রতিষ্ঠাতা

بَانِيَة ج بَوَانِي [بني] [বানিয়াহ] ভিত্তি, খুঁটি, পা

بَاهْت [বাহ্‌ত] বাহতঃ থাইল্যাণ্ডের মুদ্রা

بَاهَتَ (مُبَاهَتَة) [بهت] [বাহাতা] দুর্নাম বলা, অপবাদ দেওয়া, মিথ্যা বলা, হতবাক করা, স্তম্ভিত হওয়া

بَاهِت [بهت] [বাহিত] বিবর্ণ, ফ্যাকাশে, নিষ্প্রভ, অনুজ্জ্বল, নিষ্প্রাণ, হতবুদ্ধি, হতবাক, হতভম্ব, স্তম্ভিত

بَاهَجَ (مُبَاهَجَة) [بهج] [বাহাজা] আনন্দিত করা, সৌন্দর্যের প্রতিযোগিতা করা

بَاهَرَ (مُبَاهَرَة) [بهر] [বাহারা] গর্ব করা, বড়াই করা, গর্বের প্রতিযোগিতা করা

بَاهِر [بهر] [বাহির] উজ্জ্বল, সুন্দর, চমৎকার, জাঁকালো

بَاهِظ [بهظ] [বাহিয] কষ্টকর, ভারী, ব্যয়বহুল, মূল্যবান, বহুমূল্য, বিশাল, প্রকাণ্ড, অতিকায়

بَاهَلَ (مُبَاهَلَة) [بهل] [বাহালা] একে অপরকে অভিশাপ দেওয়া

بَاهِل ج بُهْل ، بُهَّل [بهل] [বাহিল] দ্বিধান্বিত, কর্মহীন, লাঠিবিহীন রাখাল, নিরস্ত্র

بَاهَى (مُبَاهَاة) [بهو] بِ [বাহা] (গৌরবের) প্রতিযোগিতা করা, গর্ব করা, অহঙ্কার করা

بَاهٍ ، بَاهِي مث بَاهِيَة [بهو] [বাহী] উজ্জ্বল, সুন্দর, দেদীপ্যমান

بَاوَنْد [বাউন্‌দ] পাউণ্ড (ওজন)

بَايَعَ (مُبَايَعَة) [بيع] [বায়া'আ] ক্রয়-বিক্রয় করা, কেনাবেচা করা, ব্যবসা করা, চুক্তি করা, আনুগত্য স্বীকার করা, আনুগত্যের শপথ করা

بَايَنَ (مُبَايَنَة) [بين] [বায়ানা] বিচ্ছিন্ন হওয়া, ছেড়ে যাওয়া, পরিত্যাগ করা, ভিন্ন হওয়া, বিপরীত হওয়া, পরস্পরবিরোধী হওয়া

بُؤْبُؤ ، بُؤْبُؤ الْعَيْن [بأبأ] [বু'বু', বু'বু'উল 'আইন] চোখের তারা, চোখের পুতলি, নয়নতারা

بَأَرَ [ف] (بَأْر) [بأر] [বাআরা] (কূপ) খনন করা

بِئْر ج آبَار [বি'র] কূপ, কুয়া, ইঁদারা, গর্ত

بُؤْرَة ج بُؤَر [বু'রাহ] কেন্দ্র, স্থান, আসন, ভাণ্ডার, ফোকাস (focus), গর্ত, অগ্নি-গহ্বর

بُؤْرِيّ [বু'রী] ফোকাস-সংক্রান্ত

بَاز ج بِزَان ، بُؤُوز ، أَبْؤُز [বা'য] বাজ, বাজপাখি, শ্যেন, ঈগল

بَأْس [বা'স] শক্তি, ক্ষমতা, দাপট, প্রতাপ, ভয়, সাহস, ক্ষতি, অসুবিধা, আপত্তি, বাধা, কষ্ট, সঙ্কট, যুদ্ধ, শাস্তি

ذُو بَأْس [যূ বা'স] প্রতাপশালী, সাহসী, শক্তিধর, শক্তিশালী, ক্ষমতাবান

شَدِيد الْبَأْس [শাদীদুল বা'স] অত্যন্ত প্রতাপশালী, প্রচণ্ড শক্তিধর, দুঃসাহসী

لَا بَأْس [লা বা'স] কোন অসুবিধা নেই, কোন ক্ষতি নেই, কোন আপত্তি নেই, কোন বাধা নেই

بَئِس [বা'ইস] শক্তিশালী, প্রতাপশালী, সাহসী

بَئِسَ [س] (بُؤْس ، بُؤُوس) [বা'ইসা] নিঃস্ব হওয়া, দুঃখী হওয়া, দুর্দশাগ্রস্ত হওয়া, হতভাগ্য হওয়া

بَؤُسَ [ك] (بَأْس) [বা'উসা] প্রতাপশালী হওয়া, শক্তিশালী হওয়া, সাহসী হওয়া

بِئْسَ [بأس] [বি'সা] খারাপ, কী খারাপ!

بُؤْس ج أَبْؤُس [বু'স] দুঃখ, কষ্ট, দুর্দশা, দূরবস্থা,

দারিদ্র্য, অভাব, দুর্ভোগ, দুর্ভাগ্য

بَأْسَاء [بأس] [বা'সা'] দুঃখ, কষ্ট, দুর্দশা, দুরবস্থা, দারিদ্র্য, অভাব, দুর্ভোগ, দুর্ভাগ্য, যুদ্ধ

بُؤْسَى، بُؤُوس [بأس] [বু'সা, বু'উস] দুঃখ, কষ্ট, দুর্দশা, দুরবস্থা, দারিদ্র্য, অভাব, দুর্ভোগ, দুর্ভাগ্য

بَئِيس ج بُؤَسَاء [بأس] [বা'ঈস] দুঃখী, দুর্দশা-গ্রস্ত, হতভাগ্য, দরিদ্র, সর্বহারা, দুঃখপূর্ণ, কঠিন

بَبْر ج بُبُور [বাব্‌র] বাঘ, ব্যাঘ্র, শার্দুল

بَبْغَاء ج بَبْغَاوَات [বাব্‌গা'] তোতা, টিয়া (পাখি)

بَبَّغَاء ج بَبَّغَاوَات [বাব্বাগা'] তোতা, টিয়া

بَتّ [বাত্] সিদ্ধান্ত, নিষ্পত্তি, মীমাংসা

بَتّ ج أَبْتَ، بِتَات، بُتُوت [বাত্] মোটা কাপড়, খদ্দর, খাদি

بَتَّ [ن] [ض] (بَتّ) [বাত্তা] ছিন্ন করা, কেটে ফেলা, ত্যাগ করা, সিদ্ধান্ত করা, মনস্থ করা, স্থির করা, চূড়ান্ত করা, কার্যকর করা, ক্লান্ত করা

بَتَات ج أَبِتَّة، بُتُوت [বাতাত] পাথেয়, সামগ্রী, আসবাবপত্র, প্রস্তুতি

بَتَاتًا [বাতাতান] নিশ্চিতরূপে, চূড়ান্তভাবে, কিছুতেই নয়, আদৌ নয়, কখনো নয়

بَتَّات [بتت] [বাত্তাত] মোটা কাপড় প্রস্তুতকারী, খদ্দর প্রস্তুতকারী, খদ্দর বিক্রেতা, খদ্দরওয়ালা

بَتَّار ج بَوَاتِر [বাতার] ধারালো তরবারি

بَتَّار [بتر] [বাত্তার] বেশী কাটে এমন, কর্তক, ধারালো, তীক্ষ্ণ, ধারালো তরবারি

بَتَّتَ (تَبْتِيت) [بتت] [বাত্তাতা] কেটে ফেলা, ছিন্ন করা, নিশ্চিত করা, পাথেয় দেওয়া

اَلْبَتَّةَ [আল্‌বাত্তাতা] নিশ্চয়ই, অবশ্যই, নিশ্চিত-ভাবে, কিছুতেই নয়, কখনো নয়

بَتَرَ [ن] (بَتْر) [বাতারা] কর্তন করা, কেটে ফেলা, ছিন্ন করা, কাটছাঁট করা

بَتِرَ [س] (بَتَر) [বাতিরা] কর্তিত হওয়া, কেটে যাওয়া, ছিন্ন হওয়া

بُتْر [বুত্‌র] নিঃসন্তান, ত্রুটিপূর্ণ, বিকলাঙ্গ, লেজ-কাটা (أَبْتَر-এর বহুবচন)

بَتْرَاء [بتر] [বাত্‌রা'] নিঃসন্তান, ত্রুটিপূর্ণ, বিকলাঙ্গ, লেজকাটা (أَبْتَر-এর স্ত্রীলিঙ্গ)

بِتْرُول [বেত্‌রোল] পেট্রল, তেল

بَتَّكَ (تَبْتِيك) [بتك] [বাত্তাকা] কর্তন করা, ছিন্ন করা, কেটে ফেলা

بَتَلَ [ن] [ض] (بَتْل) [বাতালা] কেটে ফেলা, ছিন্ন করা, বিচ্ছিন্ন করা

بَتَّلَ (تَبْتِيل) [بتل] [বাত্তালা] কর্তন করা, কাটা, ধর্মপরায়ণ হওয়া, বিনয়ী হওয়া

بَتَلَة [বাতালাহ্‌] (ফুলের) পাপড়ি, পুষ্পদল

بَتُول [بتل] [বাতুল] আল্লাহর প্রতি নিবেদিতা, কুমারী

اَلْبَتُول [بتل] [আল-বাতূল] কুমারী মরিয়ম (আ)

بُتُولَة ، بَتُولِيَّة [بتل] [বুতূলাহ, বাতূলিয়্যাহ] কৌমার্য, কুমারীত্ব

بَتِّيّ [بتت] [বাত্তী] চূড়ান্ত, মীমাংসিত, নিশ্চিত, সুনির্দিষ্ট, দ্ব্যর্থহীন

بَثّ [বাছ্] বিক্ষিপ্ততা, প্রচার, সম্প্রচার, প্রকাশ, প্রসার, অস্থিরতা, দুঃখ

بَثَّ [ن] (بَثّ) [বাছ্‌ছা] ছড়ানো, বিছিয়ে রাখা, ছড়িয়ে দেওয়া, প্রচার করা, সম্প্রচার করা, প্রকাশ করা, ফাঁস করা

بَثْر ج بُثُور [বাছ্‌র] ফোড়া, পাঁচড়া, ফুসকুড়ি, ব্রণ, ফোসকা

بَثَرَ [ض] (بَثْر) [বাছারা] ফোড়া পাঁচড়া ফুসকুড়ি বা ব্রণ হওয়া, ফোসকা পড়া

بَثِر [বাছির] ফোড়া পাঁচড়া ব্রণ বা ফুসকুড়ি হয়েছে এমন, ফোসকা পড়েছে এমন

بَثِرَ [س] (بَثَر) [বাছিরা] ফোড়া পাঁচড়া ফুসকুড়ি বা ব্রণ হওয়া, ফোসকা পড়া

بَثُرَ [ك] (بُثُور) [বাছুরা] ফোড়া পাঁচড়া ফুসকুড়ি বা ব্রণ হওয়া, ফোসকা পড়া

بَثْرَة ج بَثَرَات [বাছ্‌রাহ্‌] ফোড়া, পাঁচড়া, ফুসকুড়ি, ব্রণ, ফোসকা

بَثْق ، بِثْق ج بُثُوق [বাছ্‌ক, বিছ্‌ক] ভাঙ্গনের বা ফাটলের জায়গা, ভাঙ্গন, ফাটল, ছিদ্র

بَثَقَ [ن] [ض] (بَثْق) [বাছাকা] ভেঙ্গে বের করা বা বের হওয়া, ভেঙ্গে দেওয়া, ছুঁড়ে মারা

بَثِير [بثر] [বাছীর] ফোড়া পাঁচড়া ব্রণ বা ফুসকুড়ি হয়েছে এমন, ফোসকা পড়েছে এমন, বেশী, অনেক

بَجَّ [ن] (بَجّ) [বাজ্জা] ফাটানো, বিদীর্ণ করা, বিদ্ধ করা, খোঁচা মারা

بُجّ [বুজ্জ] পাখির ছানা

بَجَّاح [بجح] [বাজ্জাহ্] আনন্দিত, প্রফুল্ল, গর্বিত, অহংকারী, বড়াইকারী

بِجَاد ج بُجُد [বিজাদ] ডোরাকাটা কাপড়, নকশী কাপড়

بَجِحَ [س] (بَجَح) [বাজিহা] আনন্দিত হওয়া, প্রফুল্ল হওয়া, বড়াই করা, গর্বিত হওয়া

بَجْدَة ، بُجْدَة [বাজদাহ্, বুজদাহ্] মূল, উৎস, প্রাণ, সার, ভিত্তি

بُجْرَة ج بُجَر [বুজরাহ্] নাভি, নাভির আকারের গর্ত বা গ্রন্থি

بَجَسَ [ن] [ض] (بَجْس) [বাজাসা] প্রবাহিত করা, বেগে বের করা, বের হবার পথ খুলে দেওয়া

بَجَّسَ (تَبْجِيس) [بجس] [বাজ্জাসা] বেগে বের করা, প্রবাহিত করা, বের হবার পথ খুলে দেওয়া

بَجَع ، بَجَعَة [বাজা', বাজা'আহ্] পেলিক্যান: সারসজাতীয় পাখিবিশেষ

بَجَلَ [ن] (بَجْل ، بُجُول) [বাজালা] আনন্দিত হওয়া, অবস্থা ভাল হওয়া, সুখী হওয়া, বিরাট-কায় হওয়া

بَجِلَ [س] (بَجَل ، بُجُول) [বাজিলা] আনন্দিত হওয়া, অবস্থা ভাল হওয়া, সুখী হওয়া

بَجُلَ [ك] (بَجَالَة ، بُجُول) [বাজুলা] সম্মানিত হওয়া, মর্যাদাবান হওয়া

بَجَّلَ (تَبْجِيل) [بجل] [বাজ্জালা] সম্মান করা, উচ্চ মর্যাদা দেওয়া, মহান করা, প্রশংসা করা

بَجَمَ [ض] (بَجْم ، بُجُوم) [বাজামা] হতবাক হওয়া, নির্বাক হওয়া, হতভম্ব হওয়া, ভীতি-বিহ্বল হওয়া

بَجَّنَ (تَبْجِين) [بجن] [বাজ্জানা] আকড়ে ধরা, আটকানো

بَجِيل [بجل] [বাজীল] সম্মানিত, মর্যাদাবান

بَحَّ [س] [ف] (بَحّ ، بَحَح ، بُحُوح) [বাহ্হা] কর্কশ হওয়া, রূঢ় হওয়া, কর্কশ স্বরবিশিষ্ট হওয়া

بَحَّاث ، بَحَّاثَة [بحث] [বাহ্হাছ, বাহ্হাছাহ্] অধিক গবেষণাকারী, বড় গবেষক, গবেষণাকর্মী

بَحَّار [بحر] [বাহ্হার] নাবিক, সমুদ্রগামী নাবিক, সমুদ্রযাত্রী

بَحْبَحَ (بَحْبَحَة) [বাহ্বাহা] স্বাচ্ছন্দ্যে থাকা, সুখে থাকা, স্বচ্ছন্দ জীবন যাপন করা

بُحْبُوحَة [بحبح] [বুহ্বুহাহ্] স্বাচ্ছন্দ্য, প্রাচুর্য, সুখ, আনন্দ, আয়েশ, আরাম, কেন্দ্রস্থল, মধ্যভাগ

بَحْت [বাহ্ত] খাঁটি, অবিমিশ্র, নির্ভেজাল, সত্য, সঠিক, প্রকৃত, কেবল, শুধু

بَحَّة [বাহ্হাহ্] কর্কশতা, কর্কশ স্বর, ভাঙ্গা গলা, স্বরভঙ্গ

بُحَّة [বুহ্হাহ্] রূঢ়তা, কর্কশতা, কর্কশ স্বর

بُحْتُر ، بُحْتُرِيّ [বুহ্তুর, বুহ্তুরী] খাটো, খর্ব, খর্বকায়, বেঁটে

بَحْث ج بُحُوث ، أَبْحَاث [বাহ্ছ] আলোচনা, বিতর্ক, অনুসন্ধান, মাটির নিচে অনুসন্ধান, খনন, গবেষণা, গবেষণাকর্ম

بَحَثَ [ف] (بَحْث) [বাহাছা] আলোচনা করা, বিতর্ক করা

بَحَثَ عَنْ [-- 'আন] অনুসন্ধান করা, তালাশ করা, খোঁজ করা, তদন্ত করা

بَحَثَ فِي [-- ফী] খনন করা, অনুসন্ধান করা, গবেষণা করা

بَحَح [বাহাহ্] রূঢ়তা, কর্কশতা

بَحَّحَ (تَبْحِيح) [بحح] [বাহ্হাহা] (স্বর) কর্কশ করা, রূঢ় করা

بَحْر ج بِحَار ، بُحُور ، أَبْحَار ، أَبْحُر [বাহ্র] সাগর, সমুদ্র, দরিয়া, (কবিতার) ছন্দ

اَلْبَحْر الأَبْيَض المُتَوَسِّط [আল-বাহ্রুল আব্ইয়াদ আল-মুতাওয়াস্সিত] ভূমধ্যসাগর

اَلْبَحْر الأَحْمَر [আল-বাহ্রুল আহ্মার] লোহিত-সাগর

اَلْبَحْر الأَسْوَد [আল-বাহ্রুল আস্ওয়াদ] কৃষ্ণ-সাগর

بَحْر البَلْطِيق [বাহ্রুল বাল্তীক] বাল্টিক সাগর

بَحْر الخَزَر [বাহ্রুল খাযার] কাস্পিয়ান সাগর

بَحْر الرُّوم [বাহ্রুর রূম] ভূমধ্যসাগর

بَحْر الظُّلُمَات [বাহ্রুয যুলুমাত] আটলান্টিক মহাসাগর

بَحْر قَزْوِين [বাহ্র ক্বায্‌বীন] কাস্পিয়ান সাগর

اَلبَحْر الكَسْبِيَانِيّ [আল-বাহ্রুল কাস্‌বিয়ানী] কাস্পিয়ান সাগর

بَحْر لُوط [বাহ্র লূত] মরুসাগর

اَلبَحْر المَيِّت [আল-বাহ্রুল মাইয়িত] মরুসাগর

بَحْر النِّيل [বাহ্রুন নীল] নীলনদ

بَحْر الهِنْد [বাহ্রুল হিন্দ] ভারত মহাসাগর

فِي بَحْرِ [ফী বাহ্রি] মধ্যে, ভিতরে, অভ্যন্তরে, সময়কালে

بَحِر [বাহির] পিপাসার্ত, তৃষ্ণার্ত, তৃষ্ণাকাতর

بَحِرَ [س] (بَحَر) [বাহিরা] হতভম্ব হওয়া, দিশে-হারা হওয়া, স্তম্ভিত হওয়া, আতঙ্কিত হওয়া, তৃষ্ণাকাতর হওয়া, পিপাসার্ত হওয়া

بُحْرَان [بحر] [বুহ্রান] (রোগের) সঙ্কটাবস্থা, চরমাবস্থা, সর্বোচ্চ সীমা, প্রকোপ

بَحْرَانِيّ [বাহ্রানী] বাহরাইন দেশীয়, বাহরাইনের

بَحْرَة ، بُحْرَة ج بُحَر ، بِحَار [বাহ্রাহ, বুহ্রাহ] পুকুর, জলাশয়, নদী-তীরের জনপদ, চরাঞ্চল, নিম্নভূমি, চওড়া ভূখণ্ড, বড় বাগান

بَحْرِيّ [বাহ্রী] সমুদ্র-বিষয়ক, সাগর-সম্বন্ধীয়, সামুদ্রিক, সমুদ্রের, নৌ, সমুদ্রযাত্রী, নাবিক

بَحْرِيَّة [بحر] [বাহ্রিয়্যাহ] নৌবাহিনী

قُوَّات بَحْرِيَّة [কুওওয়াত বাহ্রিয়্যাহ] নৌবাহিনী

اَلبَحْرَيْن [আল-বাহ্রাইন] বাহরাইন (দেশ)

بَحْص ، بَحْصَة [বাহ্‌ছ, বাহ্‌ছাহ] নুড়ি, পাথরের টুকরা, পাথরকুচি

بُحُوث (بَحْث) [بحث] [বুহূছ] গবেষণা

بَحِيرَة ج بَحَائِر [بحر] [বাহীরাহ] বিদীর্ণ ও ঝুলন্ত কানবিশিষ্ট উষ্ট্রী

بُحَيْرَة ج بُحَيْرَات [بحر] [বুহাইরাহ] হ্রদ, লেক

بَخْ ، بَخْ بَخْ [বাখ, বাখ বাখ] বাহ! বাহবা! শাবাশ! সাবাস! মারহাবা! চমৎকার!

بَخَّ [ن] (بَخّ) [বাখ্‌খা] (ঘুমের মধ্যে) নাক ডাকা, (আকাশ থেকে) গুঁড়িগুঁড়ি বৃষ্টি পড়া, ছিটিয়ে দেওয়া, ক্রোধ প্রশমিত হওয়া

بَخَا [ن] (بَخْو) [بخو] [বাখা] প্রশমিত হওয়া, ঠাণ্ডা হওয়া, কমে যাওয়া

بَخَّاخ ، بَخَّاخَة [بخخ] [বাখ্‌খাখ, বাখ্‌খাখাহ] ছিটানোর যন্ত্র, স্প্রে

بُخَار ج أَبْخِرَة [بخر] [বুখার] বাষ্প, বাম্প, ভাপ, ধোঁয়া, ধূম

بُخَارِسْت [বুখারিস্‌ত] বুখারেস্ট (নগরী)ঃ রুমা-নিয়ার রাজধানী

بُخَارِيّ [বুখারী] বাষ্পীয়, বাষ্পচালিত, বোখারার অধিবাসী, বোখারী

سَفِينَة بُخَارِيَّة [সাফীনাহ বুখারিয়্যাহ] স্টীমশিপ, বাষ্পচালিত জাহাজ, স্টীমার

مِحْدَلَة بُخَارِيَّة [মিহ্‌দালাহ বুখারিয়্যাহ] স্টীম-রোলার

مُحَرِّك بُخَارِيّ [মুহাররিক বুখারী] বাষ্পীয় ইঞ্জিন

بَخْبَخَ (بَخْبَخَة) [বাখ্‌বাখা] (ঘুমের মধ্যে) নাক ডাকা

بَخْت [বাখ্‌ত] ভাগ্য, অদৃষ্ট, নসিব, সুখ

سُوء البَخْت [সূউল বাখ্‌ত] দুর্ভাগ্য

سَيِّئ البَخْت [সাইয়িউল বাখ্‌ত] দুর্ভাগা, দুর্ভাগ্য-বান, অভাগা, হতভাগ্য

بَخْتَرَ (بَخْتَرَة) [বাখ্‌তারা] গর্ব করা, অহমিকা প্রদর্শন করা, দেমাক দেখানো, সদর্পে চলা

بَخْتَرِيّ [বাখ্‌তারী] গর্বভরে চলে এমন, দাম্ভিক

بَخْتَرِيَّة [বাখ্‌তারিয়্যাহ] গর্বভরে চলার ভঙ্গিমা, অহমিকা, দাম্ভিকতা

بَخَر [বাখার] মুখের দুর্গন্ধ, দুর্গন্ধযুক্ত শ্বাস

بَخَرَ [ن] [ف] (بَخْر) [বাখারা] বাষ্প বের হওয়া, ধোঁয়া বের হওয়া, বাষ্পাকারে বের হওয়া, টগবগ করা

بَخِرَ [س] (بَخَر) [বাখিরা] (মুখ) দুর্গন্ধযুক্ত হওয়া, দুর্গন্ধ ছড়ানো, (মুখ থেকে) দুর্গন্ধ আসা

بَخَّرَ (تَبْخِير) [بخر] [বাখ্‌খারা] বাষ্পে পরিণত

করা, ধোঁয়া বের করা, ধোঁয়া দিয়ে শোধিত করা, ধূপ দেওয়া

[বাখ্স] হ্রাস, অসম্মান, ক্ষতি, নিচু, নিম্ন, সামান্য, নগণ্য, স্বল্প, সস্তা بَخْس

[বাখাসা] কমানো, হ্রাস করা, কম দেওয়া, অসম্মান করা, উৎপাটন করা, ক্ষতি করা بَخَسَ [ف] (بَخْس)

[বাখ্শীশ] বখশিশ, দান, উপহার بَخْشِيش

[বাখা'আ] (নিজেকে) মেরে ফেলা, হত্যা করা. ... স্বীকার করা, (নিজেকে) লাঞ্ছিত করা بَخَعَ [ف] (بَخْع)

[বাখি'আ] নতি স্বীকার করা, (সত্য) স্বীকার করা, মেনে নেওয়া بَخِعَ [س] (بَخَاعَة ، بُخُوع)

[বাখ্'আহ] তিরস্কার, ভর্ৎসনা, লজ্জা بَخْعَة

[বাখাল] কার্পণ্য, কৃপণতা, ব্যয়কুণ্ঠতা بَخَل

[বাখিলা] কৃপণ হওয়া, বখিল হওয়া, ব্যয়কুণ্ঠ হওয়া, কিপটে হওয়া, কার্পণ্য করা بَخِلَ [س] (بَخَل)

[বাখুলা] কৃপণ হওয়া, বখিল হওয়া, ব্যয়কুণ্ঠ হওয়া, কিপটে হওয়া, কার্পণ্য করা بَخُلَ [ك] (بُخْل)

[বুখ্ল, বুখুল] কার্পণ্য, কৃপণতা بُخْل ، بُخُل

[বুখ্নুক] মস্তকাবরণ, মাথা ঢাকার রুমাল بُخْنُق

[বাখূর] ধূপ, লোবান بَخُور ج أَبْخِرَة ، بَخُورَات [بخر]

[বাখীত] ভাগ্যবান, সৌভাগ্যবান, সুখী بَخِيت [بخت]

[বাখীক] একচক্ষুহীন, কানা بَخِيق [بخق]

[বাখীল] কৃপণ, ব্যয়কুণ্ঠ, কিপটে, বখিল, বখীল بَخِيل ج بُخَلَاء [بخل]

[বাদ্দা] ছড়িয়ে দেওয়া, পৃথক করা بَدَّ [ن] (بَدّ)

[বিদ্] সমান, সমকক্ষ, প্রতিপক্ষ بِدّ

[বুদ্] পরিত্রাণ, নিষ্কৃতি, গত্যন্তর, মুক্তির উপায় بُدّ

[লা বুদ্দা] অবশ্যই, নিশ্চয়ই, অপরিহার্যভাবে, যে কোনভাবে, আবশ্যিকভাবে لَا بُدَّ

[লা বুদ্দা মিন] না করার উপায় নেই এমন, অবশ্যকরণীয়, আবশ্যিক, অপরিহার্য لَا بُدَّ مِنْ

[লা বুদ্দা লাহূ মিন্হু] তার এটা না করার উপায় নেই, তাকে এটা করতেই হবে لَا بُدَّ لَهُ مِنْهُ

[মিন কুল্লি বুদ্দিন] যেকোনভাবে, যে কোন উপায়ে, যে কোন মূল্যে مِنْ كُلِّ بُدّ

[বাদা] প্রকাশ পাওয়া, প্রকাশিত হওয়া, মনে হওয়া, প্রতীয়মান হওয়া بَدَا [ن] (بُدُوّ ، بَدَاء ، بَدَاءَة) [بدو]

[বাদাআহ] শুরু, আরম্ভ, সূচনা بَدَاءَة [بدأ]

[বিদা'ঈ, বাদা'ঈ] প্রাথমিক, প্রারম্ভিক, সূচনামূলক, আদি, আদিম بِدَائِيّ ، بَدَائِيّ [بدأ]

[বিদা'ইয়্যাহ, বাদা'ইয়্যাহ] আদিমতা, আদিম আচরণ بِدَائِيَّة ، بَدَائِيَّة [بدأ]

[বাদাত] খেয়াল, খেয়ালখুশি, খামখেয়ালি, মরুভূমি, মাটি, ছত্রাক بَدَاة ج بَدَوَات [بدو]

[বাদাদ] প্রতিযোগিতা, প্রতিদ্বন্দ্বিতা, দ্বন্দ্বযুদ্ধ, সমানসংখ্যক যোদ্ধা بَدَاد

[বাদাদি] একেকজন একেকজনের সঙ্গে লড়ুক, প্রত্যেকে তার কাছের জনকে ধরুক! বিক্ষিপ্তভাবে بَدَادِ

[বাদারি] জলদি কর, তাড়াতাড়ি কর بَدَارِ [بدر]

[বিদার] দ্রুত সম্পন্নকরণ, দ্রুততা, ত্বরা, তাড়াহুড়া بِدَار [بدر]

[বাদ্দাল] মুদ্রা বদলকারী, মুদী بَدَّال [بدل]

[বাদ্দালাহ] টেলিফোন-এক্সচেঞ্জ, পাইপলাইন, কালভার্ট بَدَّالَة ج بَدَّالَات [بدل]

[বাদানাহ] স্থূলতা, স্থূলত্ব, হৃষ্টপুষ্টতা, মাংসলতা بَدَانَة [بدن]

[বাদাহাহ] আকস্মিকতা, স্বাভাবিকতা, স্বতঃস্ফূর্ততা, স্বতঃপ্রবৃত্ততা بَدَاهَة [بده]

[বাদাহাতান, বিল-বাদাহাহ] স্বতঃস্ফূর্তভাবে, স্বাভাবিকভাবে, তাৎক্ষণিকভাবে, উপস্থিতভাবে, আকস্মিকভাবে بَدَاهَةً ، بِالْبَدَاهَة

[বাদাওয়াহ, বিদাওয়াহ] মরুভূমি, মরুজীবন, যাযাবর জীবন بَدَاوَة ، بِدَاوَة [بدو]

[বিদায়াহ] শুরু, আরম্ভ, সূচনা بِدَايَة [بدأ]

[ফী বিদায়াতিল আম্‌র] প্রথমে, শুরুতে, প্রথম দিকে فِي بِدَايَةِ الْأَمْر

[মুন্‌যুল বিদায়াহ] শুরু থেকে, সূচনা مُنْذُ الْبِدَايَة

থেকে, প্রথম অবধি

بَدْء [বাদ্'] আরম্ভ, প্রারম্ভ, শুরু, সূচনা

بَدَأَ [ف] (بَدْء) [বাদাআ] আরম্ভ করা, শুরু করা, সূচনা করা, প্রথম সৃষ্টি করা, আরম্ভ হওয়া, শুরু হওয়া

بَدَّأَ (تَبْدِئَة) [بدأ] عَلَى [বাদ্দাআ] অগ্রাধিকার দেওয়া, আরম্ভ করানো

بَدْأَة [বাদ্আহ্] আরম্ভ, প্রারম্ভ, শুরু, সূচনা

بِدَّة ج بِدَد [বিদ্দাহ্] ভাগ, অংশ, প্রয়োজন, শক্তি

بُدَّة ج بُدَد [বুদ্দাহ্] ভাগ, অংশ, লক্ষ্য, উদ্দেশ্য

بَدَد [বাদাদ] শক্তি, ক্ষমতা, দাপট, প্রভাব

بَدَّدَ (تَبْدِيد) [بدد] [বাদ্দাদা] ছড়িয়ে দেওয়া, বণ্টন করা, অপব্যয় করা, অপচয় করা

بَدْر [বাদ্‌র] বদরঃ মদীনার নিকটবর্তী একটি স্থান

بَدْر ج بُدُور [বাদ্‌র] পূর্ণচন্দ্র, পূর্ণিমার চাঁদ

بَدَرَ [ن] (بُدُور) [বাদারা] আকস্মিকভাবে ঘটা, হঠাৎ এসে পড়া, দ্রুত এগিয়ে আসা, ত্বরান্বিত হওয়া, তাড়াতাড়ি করা, ছুটে যাওয়া

بَدْرَة ج بِدَر ، بُدُور [বাদ্‌রাহ্] বিপুল পরিমাণ অর্থ, টাকার থলে

بَدْرِيّ [বাদ্‌রী] শীতকাল আসার পূর্বকালীন বৃষ্টি

بَدَعَ [ف] (بَدْع) [বাদা'আ] প্রবর্তন করা, সূচনা করা, আবিষ্কার করা

بَدُعَ [ك] (بَدَاعَة) [বাদু'আ] অপূর্ব হওয়া, অনন্য হওয়া, অদ্বিতীয় হওয়া, চমৎকার হওয়া, অভিনব হওয়া, মৌলিক হওয়া

بَدَّعَ (تَبْدِيع) [بدع] [বাদ্দা'আ] বিদ্'আতের অভিযোগ করা, বিদ্'আতী বলা

بِدْع ج أَبْدَاع [বিদ্'] আবিষ্কারক, প্রবর্তক, নতুন, অভূতপূর্ব, অপূর্ববিদিত

بِدْعَة ج بِدَع [বিদ্'আহ্] বিদ্'আত, নতুনত্ব, নতুন মত

بَدَل ج أَبْدَال [বাদাল] বদল, বদলি, বিনিময়, বিকল্প, মূল্য, ভাতা, (ব্যাকরণে) ব্যাখ্যা-বিশেষ্য, appositive

بَدَلَ ، بَدَلاً مِنْ [বাদালা, বাদালাম মিন্] বদলে, পরিবর্তে, বিনিময়ে

بَدَلَ [ن] (بَدْل) [বাদালা] বদলানো, বদল করা, পরিবর্তন করা

بَدَّلَ (تَبْدِيل) [بدل] [বাদ্দালা] বদলানো, বদল করা, পরিবর্তন করা

بَدْلَة ج بَدَلَات ، بِدَل [বাদ্‌লাহ্] স্যুট, ইউনিফর্ম, পোশাক

بَدَلِيّ [بدل] [বাদালী] বদলী, বিকল্প

بَدَن ج أَبْدَان [বাদান] দেহ, শরীর, কায়, কায়া

بَدَنَ [ن] (بَدْن ، بُدْن) [বাদানা] স্থূলকায় হওয়া, সুঠামদেহী হওয়া, মোটাসোটা হওয়া, হৃষ্টপুষ্ট হওয়া

بَدُنَ [ك] (بَدَانَة) [বাদুনা] সুঠামদেহী হওয়া, স্থূলকায় হওয়া, মোটাসোটা হওয়া, হৃষ্টপুষ্ট হওয়া

بَدَنَة ج بُدْن ، بُدُن ، بَدَنَات [বাদানাহ্] পবিত্র মক্কায় কোরবানিকৃত পশু

بَدَنِيّ مث بَدَنِيَّة [বাদানী] দৈহিক, কায়িক, শারীরিক

تَرْبِيَة بَدَنِيَّة [তার্‌বিয়াহ্ বাদানিয়্যাহ্] শারীরিক শিক্ষা

رِيَاضَة بَدَنِيَّة [রিয়াদাহ্ বাদানিয়্যাহ্] শরীরচর্চা, শারীরিক খেলাধুলা, ব্যায়াম

بَدَهَ [ف] (بَدْه) [বাদাহা] আকস্মিকভাবে এসে পড়া, হঠাৎ এসে পড়া, অবাক করা

بَدَّهَ (تَبْدِيه) [بده] [বাদ্দাহা] মুখে মুখে রচনা করা, উপস্থিতভাবে রচনা করা

بَدَهِيّ [বাদাহী] তাৎক্ষণিক, আকস্মিক, উপস্থিতভাবে সম্পান্ন, স্বতঃস্ফূর্ত

بَدْو [বাদ্‌ও] মরুভূমি, জঙ্গল, মরুবাসী, বেদুঈন, যাযাবর জীবন

بِدُون [বিদূনি] ব্যতীত, বিহনে, বিনা, বিনে, ছাড়া

بُدُونَة [বুদূনাহ্] স্থূলতা, স্থূলত্ব, মাংসলতা, হৃষ্টপুষ্টতা

بَدَوِيّ [বাদাবী] মরুবাসী, বেদুঈন, যাযাবর, বদ্দু, গ্রামীণ, জংলী, বর্বর

بَدِيئَة [বাদীআহ্] প্রারম্ভ, আরম্ভ, শুরু, সূচনা

بَدِيد [بدد] [বাদীদ] সমকক্ষ, অনুরূপ, সদৃশ, প্রশস্ত মরুভূমি

بَدِيع ج بُدُع [بدع] [বাদী'] অপূর্ব, চমৎকার, অসাধারণ, অদ্বিতীয়, অভিনব, অলংকারপূর্ণ, *মৌলিক*, *সৃষ্টিকারী*, *স্রষ্টা*, *প্রবর্তক*

اَلْبَدِيع [আল-বাদী' মহাপ্রবর্তক, সৃষ্টিকর্তাঃ আল্লাহ

اَلْبَدِيع ، عِلْم الْبَدِيع [আল-বাদী', 'ইল্‌মুল বাদী'] চমৎকার বাক্যবিন্যাস-শাস্ত্র, ইল্‌মুল বাদী'ঃ আরবী অলঙ্কারশাস্ত্রের একটি শাখা

بَدِيعَة ج بَدَائِع [بدع] [বাদী'আহ্] অপূর্ব বস্তু, বিস্ময়, মৌলিক সৃষ্টি

بَدِيعِيّ [বাদী'ঈ] অলংকারপূর্ণ, আলংকারিক

بَدِيل ج بُدَلَاء ، بَدَائِل [بدل] [বাদীল] বিকল্প, স্থলাভিষিক্ত, বদলী

بَدِين ج بُدْن [بدن] [বাদীন] স্থূল, স্থূলকায়, মোটা, মাংসল, হৃষ্টপুষ্ট

بَدِيهًا ، عَلَى الْبَدِيه [বাদীহান, 'আলাল বাদীহ্] তাৎক্ষণিকভাবে, উপস্থিতভাবে, আকস্মিকভাবে, প্রস্তুতি ব্যতীত, চিন্তা-ভাবনা না করে

بَدِيهَة [بده] [বাদীহাহ্] আকস্মিকতা, উপস্থিত বাকপটুতা, স্বতঃস্ফূর্ততা, স্বাভাবিকতা, তাৎ-ক্ষণিকতা

عَلَى الْبَدِيهَة ['আলাল বাদীহাহ্] তাৎক্ষণিকভাবে, উপস্থিতভাবে, স্বতঃস্ফূর্তভাবে, আকস্মিকভাবে, প্রস্তুতি ব্যতীত, চিন্তা-ভাবনা না করে

بَدِيهِيّ [বাদীহী] তাৎক্ষণিক, আকস্মিক, উপস্থিত, স্বতঃস্ফূর্ত, স্বপ্রণোদিত, স্বাভাবিক

بَدِيهِيَّة [بده] [বাদীহিয়্যাহ্] আকস্মিকতা, তাৎ-ক্ষণিকতা, স্বতঃস্ফূর্ততা, স্বপ্রণোদন, মৌলিক সত্য

بَذّ [বায্] পোশাক সম্বন্ধে যত্নহীন, জীর্ণবস্ত্র পরি-হিত

بَذّ [ن] (بَذّ) [বায্যা] শ্রেষ্ঠত্বে ছাড়িয়ে যাওয়া, শ্রেষ্ঠ হওয়া, পরাজিত করা, পরাভূত করা

بَذَا [ن] (بَذْو ، بَذَاء) [بذو] عَلَى [বাযা] অশ্লীল কথা বলা, নোংরা কথা বলা, গালি দেওয়া

بَذَاء ، بَذَاءَة [بذأ] [বাযা', বাযা'আহ্] অশ্লীলতা, হীনতা, নোংরামি

بَذَاذَة [بذذ] [বাযাযাহ্] পোশাক সম্বন্ধে যত্ন-হীনতা, পোশাকের জীর্ণতা, জরাজীর্ণ অবস্থা

بَذَّاخ [بذخ] [বায্যাখ] অহঙ্কারী, বড়াইকারী

بِذَارَة [بذر] [বায্যারাহ্] (শস্যের) বীজ ছিটা-নোর যন্ত্র, বপনযন্ত্র

بَذَّال [بذل] [বায্যাল] অধিক ব্যয়কারী, দানশীল

بَذَأَ [ف] (بَذْء) عَلَى [বাযাআ] গালি দেওয়া, গাল পাড়া, কটুবাক্য বলা

بَذِئَ [س] (بَذَاء ، بَذَاءَة) [বাযিআ] হীন হওয়া, অশ্লীল হওয়া, নোংরা হওয়া

بَذُؤَ [ك] (بَذَاء ، بَذَاءَة) [বাযুআ] অশ্লীল হওয়া, হীন হওয়া, নোংরা হওয়া

بَذْخ [বায্‌খ] অহংকার, ঔদ্ধত্য, বিলাসিতা, আড়ম্বর

بَذَخ [বাযাখ] অহংকার, আড়ম্বর, অধিক ব্যয়

بَذَخَ [ف] (بَذْخ) [বাযাখা] উঁচু হওয়া, উচ্চ হওয়া, অহংকারী হওয়া, অহংকার করা, বিলাসিতা করা, বিলাস-জীবন যাপন করা

بَذِخَ [س] (بَذَخ) [বাযিখা] উঁচু হওয়া, অহংকারী হওয়া, অহংকার করা, বিলাসিতা করা, বিলাস-জীবন যাপন করা

بَذُخَ [ك] (بَذَاخَة) [বাযুখা] উঁচু হওয়া, অহংকার করা, অহংকারী হওয়া, বিলাসিতা করা, বিলাস-জীবন যাপন করা

بَذْر ، بِذْر ج بُذُور [বায্‌র, বিয্‌র] ফলের বীচি, শস্যবীজ

بَذَرَ [ن] (بَذْر) [বাযারা] (বীজ) বপন করা, ছড়িয়ে দেওয়া, ছিটিয়ে দেওয়া

بَذَّرَ (تَبْذِير) [بذر] [বায্যারা] অধিক ব্যয় করা, বেশী খরচ করা, অপব্যয় করা, অপচয় করা, ছড়িয়ে দেওয়া

بَذِر [বাযির] অতিরিক্ত কথা বলে এমন, বাচাল, গোপন কথা ফাঁস করে দেয় এমন, অতিরিক্ত খরচকারী, অপব্যয়কারী, অপচয়কারী

بَذْرَة [বায্‌রাহ্] শস্যবীজ, ফলের বীচি

بَذْل [বায্‌ল] ব্যয় , দান, ত্যাগ, নিয়োগ, প্রচেষ্টা

بَذَلَ [ن] [ض] (بَذْل) [বাযালা] ব্যয় করা, খরচ করা, দান করা, ত্যাগ করা, নিয়োজিত করা

بِذْلَة ، بَذْلَة [বিয্‌লাহ্, বায্‌লাহ্] স্যুট, পোশাক, ইউনিফর্ম, উর্দি

بِذْلَة رَسْمِيَّة ، بِذْلَة نِظَامِيَّة [বিয্‌লাহ্ রস্‌মিয়্যাহ্,

[বিয্‌লাহ্‌ নির্যামিয়্যাহ্‌] ইউনিফর্ম, উর্দি

[বায্‌ওয়া] অশ্লীল [بذو] (بَذَاء ، بَذَاءَة) [ن] بَذُوَ হওয়া, অশ্লীল কথা বলা

[বাযূর] কুৎসাকারী, চোগলখোর, بَذُور ج بُذُر গোপন কথা ফাঁস করে দেয় এমন, বাচাল

[বাযী] অশ্লীল কথা বলে [بذو] بَذِيّ ج أَبْذِيَاء এমন, অশিষ্ট, ইতর

[বাযী'] হীন, নোংরা, অশ্লীল, ইতর, [بذأ] بَذِيء অশিষ্ট

[বাযীখ] উচ্চ মর্যাদাবান, [بذخ] بَذِيخ ج بُذَخَاء সুমহান

[বাযীর] কুৎসাকারী, চোগলখোর, بَذِير ج بُذُر গোপন কথা ফাঁস করে দেয় এমন, বাচাল

[বার্‌র] স্থল, স্থলভাগ, ভূভাগ, জঙ্গল, বন بَرّ ج بُرُور

[বার্‌র] সৎ, ন্যায়পরায়ণ, পুণ্য- بَرّ ج أَبْرَار ، بَرَرَة বান, সদাচারী, ধার্মিক, দানশীল

[আল-বার্‌র] পরম দানশীলঃ আল্লাহ البَرّ

[বার্‌রা] সৎ হওয়া, সত্যবাদী (بِرّ) [س] [ض] بَرّ হওয়া, সদয় হওয়া, দানশীল হওয়া

[বির্‌র] ন্যায়, সততা, ন্যায়পরায়ণতা, পুণ্য, গুণ, بِرّ সৎকাজ, দানশীলতা, সদ্ব্যবহার

[বুর্‌র] গম, গোধূম (শস্য) بُرّ

[বার্‌রান] স্থলে, ভূভাগে, স্থলপথে, রাস্তা দিয়ে بَرًّا

[বারা'] সম্পর্কহীন, দায়মুক্ত, নির্দোষ, [برأ] بَرَاء নিরপরাধ

[বারাআহ্‌] নির্দোষিতা, অব্যাহতি, [برأ] بَرَاءَة নিষ্কৃতি, দায়মুক্তি, অনুমতি, সনদ

[বার্‌রাআহ্‌] (পেন্সিল) [بري] بَرَّاءَة ج بَرَّاءَات কাটার যন্ত্র, চাকু, ছুরি, পকেটছুরি, শার্পনার (sharpener)

[বুরা'ইল] মোরগের ঘাড়ের সুন্দর পালক- بُرَائِل বলয়, ঘাস, তৃণ

[আবূ বুরা'ইল] মোরগ أَبُو بُرَائِل

[বুরা'ইলা] মোরগের ঘাড়ের সুন্দর পালক- بُرَائِلَى বলয়

[বুরা'ইলী] মোরগ بُرَائِلِيّ

[বারাহ্‌] যাত্রা, রওয়ানা, হিমাগার, [برح] بَرَاح খোলা জায়গা, প্রশস্ত জায়গা, উন্মুক্ত স্থান, শূন্য প্রান্তর

[বারাহান] প্রকাশ্যে, সর্বসমক্ষে, খোলা- بَرَاحًا খুলিভাবে, সরাসরি

[বার্‌রাদ] ঠাণ্ডা করার যন্ত্র, [برد] بَرَّاد ج بَرَّادَات হিমায়নযন্ত্র, রিফ্রিজারেটর, আইসবক্স

[বার্‌রাদাহ্‌] পানি ঠাণ্ডা [برد] بَرَّادَة ج بَرَّادَات করার পাত্র, ঠাণ্ডা করার যন্ত্র, হিমায়নযন্ত্র, রিফ্রি-জারেটর, আইসবক্স

[বুরাদাহ্‌] লোহার গুঁড়া, লৌহকণিকা [برد] بُرَادَة

[বারায] তৃণবিহীন প্রশস্ত প্রান্তর, মল, বিষ্ঠা بَرَاز

[বিরায] প্রতিদ্বন্দ্বিতা, মলত্যাগ, মল, বিষ্ঠা بِرَاز

[আল-বারাযীল] ব্রাজিল (দেশ) البَرَازِيل

[বারাছাহ্‌] পেঁয়াজের মত একজাতীয় بَرَاصَة সবজি, leek

[বারা'আহ্‌] দক্ষতা, যোগ্যতা, উৎকর্ষ, بَرَاعَة শ্রেষ্ঠত্ব

[ব্রাগ] প্রাগ (নগরী)ঃ চেকোশ্লোভাকিয়ার بِرَاغ রাজধানী

[বার্‌রাক] উজ্জ্বল, চকচকে, দীপ্তি- [برق] بَرَّاق মান, দেদীপ্যমান, প্রদীপ্ত, ঝলকবিশিষ্ট

[বুরাক] বোরাকঃ রসূলুল্লাহর (স) মেরাজ بُرَاق গমনের বাহন, ঔজ্জ্বল্য

[বার্‌রাক্বাহ্‌] বিদ্যুৎবাহী (মেঘ), [برق] بَرَّاقَة রূপের ঝলকবিশিষ্ট (নারী)

[বার্‌রাক] শস্য পেষণকারী, পেষাই- [برك] بَرَّاك কলের মালিক বা কর্মী, miller

[বারাম] দড়ি, রশি, রজ্জু, সুতা, ফিতা, তার بَرَام

[বার্‌রামাহ্‌] ছিদ্র করার [برم] بَرَّامَة ج بَرَّامَات যন্ত্র, তুরপুন

[বার্‌রায়াহ্‌] (পেন্সিল) [بري] بَرَّايَة ج بَرَّايَات কাটার যন্ত্র, চাকু, ছুরি, শার্পনার

[বুরায়াহ্‌] কর্তিত টুকরা, ছাঁট [بري] بُرَايَة

[বারাআ] সৃষ্টি করা, উদ্ভাবন করা, (بَرْء) [ف] بَرَأَ আরোগ্য লাভ করা, সুস্থ হয়ে ওঠা

بَرِئَ [س] (بَرَاءَة) [বারিআ] মুক্ত হওয়া, দায়মুক্ত হওয়া, নিরপরাধ হওয়া, নির্দোষ হওয়া

بَرِئَ (بَرْء، بُرْء، بُرُوء) [বারিআ] আরোগ্য লাভ করা, সুস্থ হওয়া, সেরে ওঠা

بَرُؤَ [ك] (بَرْء، بُرْء، بُرُوء) [বারুআ] আরোগ্য লাভ করা, সুস্থ হওয়া, সেরে ওঠা

بَرَّأَ (تَبْرِئَة) [برأ] [বার্‌রআ] অব্যাহতি দেওয়া, নিষ্কৃতি দেওয়া, মুক্ত করে দেওয়া, দায়মুক্ত করা

بُرْء [বুর্'] আরোগ্য, সুস্থতা, রোগমুক্তি

بَرْأَلَ (بَرْأَلَة) [برأل] [বার্‌আলা] (মোরগ) ঘাড়ের পালক ফুলানো, অপকর্মে উদ্যত হওয়া

بَرْبَخ ج بَرَابِخ [বার্‌বাখ] নর্দমা, নালা, পানির পাইপ, কালভার্ট, উপশুক্রাশয়, epididymis

البَرْبَر [আল-বার্‌বার] বর্বর জাতি

بَرْبَرَ (بَرْبَرَة) [বার্‌বারা] অস্পষ্টভাবে বলা, হড়বড় করে বলা, বকবক করা, গর্জন করা

بَرْبَرِيّ [বার্‌বারী] বর্বরজাতীয়, বর্বর

بَرْبَرِيَّة [বার্‌বারিয়্যাহ্] বর্বরতা

بَرْبَط [বার্‌বাত] একপ্রকার বীণা (বাদ্যযন্ত্র)

بُرْبُور [বুর্‌বূর] একপ্রকার মাছ, catfish

بَرْبُون [বার্‌বূন] একপ্রকার মাছ, red mullet

بَرْبِيس [বার্‌বীস] একপ্রকার মাছ, barbel

بُرَّة [বুর্‌রাহ্] এক আঁটিবিশিষ্ট একপ্রকার শুকনো ফল, caryopsis

البُرْتُغَال [আল-বুর্‌তুগাল] পর্তুগাল (দেশ)

بُرْتُقَال [বুর্‌তুক্বাল] কমলালেবু, কমলা (ফল)

بُرْتُقَالِيّ [বুর্‌তুক্বালী] কমলালেবু-সম্বন্ধীয়, কমলা রংএর, কমলা

بُرْتُقَان [বুর্‌তুক্বান] কমলালেবু, কমলা (ফল)

بَرْث [বার্‌ছ] পার্থ (নগরী)

بُرْثُن ج بَرَاثِن [বুর্‌ছুন] বড় নখ, নখর, থাবা

بَرَج ج أَبْرَاج [বারজ] সুন্দর, সুদর্শন, স্পষ্ট

بَرَجَ [ن] (بُرُوج) [বারজা] উঁচু হওয়া, স্পষ্ট হওয়া

بَرَّجَ (تَبْرِيج) [برج] [বার্‌রজা] দুর্গ বানানো, টাওয়ার তৈরী করা

بُرْج ج بُرُوج ، أَبْرَاج [বুর্‌জ] দুর্গ, উঁচু দালান, প্রাসাদ, (কবুতরের) খোপ, টাওয়ার, টারেট (turret), (জ্যোতিষশাস্ত্রে) রাশি, বড় তারকা

بُرْج المُرَاقَبَة [বুর্‌জুল মুরাক্বাবাহ্] পর্যবেক্ষণ-টাওয়ার

دَائِرَة البُرُوج [দা'ইরতুল বুরূজ] রাশিচক্র

بُرْجَاس [বুর্‌জাস] লক্ষ্য, চাঁদমারি

بَرْجَل ج بَرَاجِل [বার্‌জাল] কম্পাস, কম্পাস-কাঁটা, কাঁটা-কম্পাস

بُرْجُمَة ج بَرَاجِم [বুর্‌জুমাহ্] আঙ্গুলের গিঁট বা গিরা

بِرْجِيس [বির্‌জীস] বৃহস্পতি (গ্রহ), দুগ্ধবতী উষ্ট্রী

بَرْح ج أَبْرَاح [বার্‌হ্] কষ্ট, ক্লান্তি, নির্যাতন, শাস্তি, অনিষ্ট

بَرِحَ [س] (بَرْح ، بَرَاح) [বারিহা] সরে যাওয়া, পরিত্যাগ করা, ছেড়ে দেওয়া, ক্ষান্ত হওয়া

مَا بَرِحَ [মা বারিহা] ক্ষান্ত না দেওয়া, না থামা, অব্যাহত থাকা, চলতে থাকা

بَرَّحَ (تَبْرِيح) [برح] بِـ [বার্‌রহা] ক্লান্ত করা, কষ্ট দেওয়া, নির্যাতন করা

بُرَحَاء [برح] [বুরাহা'] ক্লান্তি, কষ্ট, দুঃখ, শাস্তি, নির্যাতন, (রোগের) প্রকোপ

بَرْحَى [برح] *[বার্‌হা] হলো না! পারলে না!* (তীর লক্ষ্যভ্রষ্ট হলে বলা হয়)

بَرْد [বার্‌দ] শীতলতা, ঠাণ্ডা, শীত, প্রশমন, উপশম, শীতল

بَرَد [বারদ] শিল, শিলা, হিমশিলা, করকা

بَرَدَ [ن] (بَرْد) [বারদা] শীত লাগা, ঠাণ্ডা হওয়া, শীতল হওয়া, ঠাণ্ডা করা, রেত দিয়ে ঘষা, ডাকে পাঠানো, পোস্ট করা

بَرُدَ [ك] (بَرْد ، بُرُود) [বারুদা] শীতল হওয়া, ঠাণ্ডা হওয়া, প্রশমিত হওয়া

بَرَّدَ (تَبْرِيد) [برد] [বার্‌রদা] ঠাণ্ডা করা, হিমায়িত করা, প্রশমিত করা, উপশম করা, লাঘব করা

بُرْد ج أَبْرَاد ، بُرُود [বুর্‌দ] ডোরা-কাটা পোশাক,

ডোরা-কাটা চাদর, গাউন

بُرِدَ [বুরিদা] ঠাণ্ডা লাগা, শিলা পড়া

بُرَدَاء [برد] [বুরদা'] ঠাণ্ডাসহ জ্বর, কম্পজ্বর, পালাজ্বর, ম্যালেরিয়া, শীতকম্প, কাঁপুনি

بَرْدَاق ج بَرَادِيق [বারদাক] কলসি, জগ

بُرْدَايَة [বুরদায়াহ] পর্দা, যবনিকা

بَرَدَة [বারদাহ] শিল, শিলা, হিমশিলা, করকা

بُرْدَة ج بُرَد ، بُرْد [বুরদাহ] ডোরা-কাটা চাদর, ডোরা-কাটা পোশাক, গাউন

بَرْدَعَة ج بَرَادِع [বারদা'আহ] (উট বা ঘোড়ার) জিন, পালান, গদি

بَرْدِيّ [বারদী] প্যাপিরাসঃ মিশরীয় নলখাগড়া-বিশেষ

بُرَدِيَّة [برد] [বারদিয়্যাহ] শীতকম্প, কাঁপুনি, কম্পজ্বর, পালাজ্বর, ম্যালেরিয়া

بَرْذَعَة ج بَرَاذِع [বারযা'আহ] (উট বা ঘোড়ার) জিন, পালান, গদি

بَرَّرَ (تَبْرِير) [برر] [বাররারা] অভিযোগ থেকে অব্যাহতি দেওয়া, নির্দোষ ঘোষণা করা, সমর্থন করা

بَرَزَ [ن] (بُرُوز) [বারযা] বের হওয়া, দৃষ্টিগোচর হওয়া, প্রকাশিত হওয়া, স্পষ্ট হওয়া, বিশিষ্ট হওয়া, সংঘটিত হওয়া

بَرَّزَ (تَبْرِيز) [برز] [বাররযা] প্রকাশ করা, বাইরে বের করা, প্রদর্শন করা, মলত্যাগ করা

بَرَّزَ عَلَى [-- 'আলা] শ্রেষ্ঠতর হওয়া, (উৎকর্ষে) ছাড়িয়ে যাওয়া, অতিক্রম করা

بَرَّزَ فِي [-- ফী] সেরা হওয়া, শ্রেষ্ঠ হওয়া, উৎকৃষ্ট হওয়া, চমৎকার হওয়া, চমৎকার কিছু করা

بَرْزَخ ج بَرَازِخ [বারযাখ] যোজক, বেড়া, পর্দা, বাধ, মধ্যবর্তী স্থান, অন্তরায়, বাধা

بُرْزُقَة ج بَرَازِق [বুরযুকাহ] তিলের তৈরী এক প্রকার পাতলা পিঠা

بَرْزَوِيّ [বারযাবী] এককোষী প্রাণী-সম্বন্ধীয়, এক-কোষী প্রাণী

بِرْس ، بُرْس [বিরস, বুরস] তুলা, তুলা গাছ

بِرْسَام [বিরসাম] ফুসফুস আবরক ঝিল্লীর প্রদাহ, প্লুরিসি, pleurisy (রোগ)

بَرْسِيَّة [বারসিয়্যাহ] তৃণবিশেষ, cudweed

بِرْسِيم ج بَرَاسِيم [বিরসীম] বিরসীমঃ ত্রিপত্র পশু-খাদ্যবিশেষ

بَرَش [বারশ] (চামড়ায়) ভিন্ন রংএর ছোট ছোট দাগ, নখের সাদা দাগ

بَرِشَ [س] (بَرَش) [বারিশা] চামড়ায় ভিন্ন রংএর ছোট ছোট দাগ হওয়া

بُرْش ج أَبْرَاش [বুরশ] মাদুর, চাটাই, পাপোশ

بِرْشَام ، بُرْشَام [বিরশাম, বুরশাম] পাতলা মুচমুচে মিষ্টি বিস্কুটবিশেষ, wafer, পেরেক, রিপিট, rivet

بَرْشَلُونَه [বারশিলোনাহ] বার্সিলোনা (নগরী)

بَرْشَمَ (بَرْشَمَة) [বারশামা] রিপিট (rivet) দ্বারা আটকানো, রিপিট মারা, পেরেক মারা

بَرَشُوت [বারশূত] প্যারাশুট, ছত্র

بَرَشُوتِيّ [বারশূতী] প্যারাশুট সৈন্য, ছত্রীসেনা

بَرَص [বারছ] কুষ্ঠরোগ, কুষ্ঠ, কুঠ

بَرِصَ [س] (بَرَص) [বারিছা] কুষ্ঠরোগে আক্রান্ত হওয়া, কুঠে হওয়া

بُرْص [বুরছ] কুষ্ঠরোগগ্রস্ত, কুষ্ঠরোগী, কুঠে (أَبْرَص -এর বহুবচন)

بَرْصَاء [برص] [বারছা'] কুষ্ঠরোগগ্রস্ত, কুষ্ঠরোগী, কুঠে (أَبْرَص-এর স্ত্রীলিঙ্গ)

بُرْصَة [বুরছাহ] স্টক এক্সচেঞ্জ (stock exchange)

بُرْطَاش ج بَرَاطِيش [বুরতাশ] গোবরাট, চৌকাঠ, চৌকাঠের নিচের কাঠ

بَرْطَلَ (بَرْطَلَة) [বারতলা] ঘুষ দেওয়া, উৎকোচ দেওয়া, নষ্ট করা

بَرْطَلَة [বারতলাহ] ঘুষ প্রদান, ঘুষ আদানপ্রদান, দুর্নীতি

بَرْطَمَ (بَرْطَمَة) [বারতমা] ক্রুদ্ধ হওয়া, বিরক্ত হওয়া, রাগে ঠোঁট ফোলানো

بِرْطِيل ج بَرَاطِيل [বিরতীল] ঘুষ, উৎকোচ, লম্বা প্রস্তরখণ্ড

بَرَعَ [ن] (بَرَاعَة ، بُرُوع) [বারা'আ] দক্ষ হওয়া,

কুশলী হওয়া, সেরা হওয়া, শ্রেষ্ঠ হওয়া, শ্রেষ্ঠতর হওয়া

بَرِعَ [س] (بَرَاعَة ، بُرُوع) [বারি'আ] দক্ষ হওয়া, কুশলী হওয়া, সেরা হওয়া, শ্রেষ্ঠ হওয়া, শ্রেষ্ঠতর হওয়া

بَرُعَ [ك] (بَرَاعَة ، بُرُوع) [বারু'আ] দক্ষ হওয়া, কুশলী হওয়া, সেরা হওয়া, শ্রেষ্ঠ হওয়া, শ্রেষ্ঠতর হওয়া

بَرْعَمَ (بَرْعَمَة) [বার্'আমা] মুকুলিত হওয়া, অঙ্কুর উদ্গত করা, অঙ্কুরিত হওয়া

بُرْعُم ج بَرَاعِم [বুর্'উম] কুঁড়ি, মুকুল, কোড়ক, মঞ্জরী, বউল, অংকুর

بُرْعُوم ج بَرَاعِيم [বুর্'উম] কুঁড়ি, মুকুল, কোড়ক, মঞ্জরী, বউল, অংকুর

بَرْغَش ، بَرْغَشَة [বার্গাশ, বার্গাশাহ] ডাঁশ

بَرْغَلَ (بَرْغَلَة) [বার্গালা] গুঁড়ো করা, ক্ষুদ্র ক্ষুদ্র কণায় পরিণত করা, দানা-দানা করা

بُرْغُل [বুর্গুল] চূর্ণিত গম, গোধূমচূর্ণ

بُرْغُوث ج بَرَاغِيث [বুর্গূছ] বুর্গূছঃ পাখাবিহীন একপ্রকার ক্ষুদ্র কীট

بُرْغُوث البَحْر [বুর্গূছুল বাহ্র] গলদা চিংড়ি

بُرْغِيّ ج بَرَاغِيّ [বুর্গী] স্ক্রু (screw), স্ক্রুপ

بِرْفِير ج بَرَافِير [বির্ফীর] লাল এবং নীলের মাঝামাঝি রং, বেগুনি রং

بَرْق ج بُرُوق [বার্ক] ঔজ্জ্বল্য, বিদ্যুৎ, বিজলী, তড়িৎ, আভা, তারবার্তা, টেলিগ্রাফ, টেলিগ্রাম

بَرَقَ [ن] (بَرْق ، بُرُوق) [বারাকা] উজ্জ্বল হওয়া, আলোকিত হওয়া, চমকানো, ঝলকানো, বিকীর্ণ হওয়া, দীপ্ত হওয়া

بَرِقَ [س] (بَرَق) [বারিকা] (চোখ) ঝলসানো, ধাঁধানো, ধাঁধিয়ে যাওয়া

بَرَّقَ (تَبْرِيق) [برق] [বার্রাকা] সাজানো, সজ্জিত করা, সজ্জিত হওয়া, রূপসজ্জা করা, (চোখ) বড় করা

بَرْقَشَ (بَرْقَشَة) [বার্কাশা] রং করা, রঙ্গিন করা, চিত্র-বিচিত্র করা, বিভিন্ন রঙের ছোপ দেওয়া

بِرْقِش [বির্কিশ] একপ্রকার পাখি, bishop bird

بَرْقَشَة [বার্কাশাহ] বিভিন্ন রঙের ছোপ, রঙের বৈচিত্র্য

بَرْقَعَ (بَرْقَعَة) [বার্কা'আ] চেহারা ঢেকে দেওয়া, অবগুণ্ঠিত করা, বোরকা পরানো, হেজাব পরানো

بُرْقُع ج بَرَاقِع [বুর্কু'] বোরকা, অবগুণ্ঠন, হেজাব

بُرْقُوق ، بُرْقُوقَة [বুর্কূক, বুর্কূকাহ] বরই, কুল

بَرْقِيّ [বার্কী] টেলিগ্রাফ-বিষয়ক, টেলিগ্রাফিক, বিদ্যুৎ-সম্বন্ধীয়, বৈদ্যুতিক

بَرْقِيَّة ج بَرْقِيَّات [برق] [বার্কিয়্যাহ] তারবার্তা, টেলিগ্রাম

بَرَكَ [ن] (بُرُوك) [বারাকা] হাঁটু গেড়ে বসা, বসে পড়া

بَرَّكَ (تَبْرِيك) [برك] [বার্রাকা] বসানো, হাঁটু গেড়ে বসানো

بَرَّكَ عَلَى ، فِي [-- 'আলা, ফী] আশীর্বাদ করা, মঙ্গল কামনা করা

بُرْكَان ج بَرَاكِين [বুর্কান] আগ্নেয়গিরি

عَلَى جَنْبٍ ['আলা জাম্‌বি] দূরে, দূরে থেকে, দূরত্বে অবস্থান করে, আলাদা থেকে, একাকী

جَنْبًا إِلَى جَنْبٍ [জাম্‌বান ইলা জাম্‌বিন] পাশাপাশি

جَنْبًا بِجَنْبٍ [জাম্‌বান বি-জাম্‌বিন] পাশাপাশি

جَنْبًا لِجَنْبٍ [জাম্‌বান লি-জাম্‌বিন] পাশাপাশি

داء الجَنْب [দা'উল জাম্‌ব] ফুসফুস আচ্ছাদক ঝিল্লির স্ফীতি ও প্রদাহজনিত রোগ, প্লুরিসি (pleurisy)

ذات الجَنْب [যাতুল জাম্‌ব] ফুসফুস আচ্ছাদক ঝিল্লির স্ফীতি ও প্রদাহজনিত রোগ, প্লুরিসি (pleurisy)

غِشاء الجَنْب [গিশা'উল জাম্‌ব] ফুসফুস আচ্ছাদক ঝিল্লি, প্লুরা (pleura)

جَنَبَ [ن] (جَنْب) [জানাবা] দূরে রাখা, সরিয়ে রাখা, রক্ষা করা, সরিয়ে দেওয়া, পাঠিয়ে দেওয়া, বরখাস্ত করা

جَنَبَ إِلَى [— ইলা] উদ্বিগ্ন হওয়া, চিন্তিত হওয়া, আগ্রহী হওয়া, আকাংক্ষী হওয়া

جَنَبَ (جَنابَة) [জানাবা] শরীর অপবিত্র হওয়া

جَنِبَ [س] (جَنَب) إِلَى [জানিবা] আগ্রহী হওয়া, আকাংক্ষী হওয়া, উদ্বিগ্ন হওয়া, চিন্তিত হওয়া

جَنَّبَ (تَجْنِيب) [جنب] [জান্নাবা] দূরে রাখা, সরিয়ে রাখা, রক্ষা করা, সরিয়ে দেওয়া, পাঠিয়ে দেওয়া, বরখাস্ত করা

جُنِبَ [জুনিবা] প্লুরিসি (pleurisy) রোগে আক্রান্ত হওয়া, প্লুরিসিগ্রস্ত হওয়া

جُنُب [জুনুব] অপবিত্র শরীরবিশিষ্ট, অপবিত্র, অশুচি, ভিন্ন গোত্রীয়, বিদেশী, ভিনদেশী, দূরবর্তী

جُنْباز [জুম্বায] শরীরচর্চা, ব্যায়াম, ঘোড়ার ব্যবসাকারী, অশ্ব-ব্যবসায়ী

جَنْبَة ج جَنَبَات [জাম্বাহ] পার্শ্ব, প্রান্ত, এলাকা, অঞ্চল, দিক, প্রান্তিক অঞ্চল, ঝোপ, ঝাড়, গুল্ম

جُنْبَة [জুন্যাবাহ] এড়িয়ে থাকার বস্তু

جَنْبَرِيّ [জাম্বারী] চিংড়ি (মাছ)

جَنْبِيّ [জাম্বী] পার্শ্ববর্তী, পাশের, প্রান্তিক, পার্শ্ব-, ঝোপ-সম্বন্ধীয়

جَنَّة ج جَنَّات ، جِنَان [جنن] [জান্নাহ] বাগান, উদ্যান, বাগিচা, বেহেশ্ত, জান্নাত

عُصْفُور الجَنَّة ['উছফূরুল জান্নাহ] চাতক (পাখি)

جِنَّة [جنن] [জিন্নাহ] জিন (জাতি), উন্মত্ততা, পাগলামি

جُنَّة ج جُنَن [جنن] [জুন্নাহ] ঢাল, আশ্রয়, রক্ষা

جُنْجُر [জুন্জুর] একপ্রকার উদ্ভিদ, নল-খাগড়া

جُنْجُل [জুন্জুল] একজাতীয় লতা, শতমূলী, অঞ্জনি

جَنَحَ [ف] (جُنُوح) إِلَى ، لِ [জানাহা] ঝুঁকে পড়া, আকৃষ্ট হওয়া, ফিরে আসা, ডানা গুটানো

جَنَحَ عَنْ [-- 'আন] সরে যাওয়া, ফিরে যাওয়া, অন্যদিকে যাওয়া, প্রস্থান করা

جَنَّحَ (تَجْنِيح) [جنح] [জান্নাহা] ডানা লাগানো, পাখা লাগানো, অপরাধী করা, দোষী করা, দোষারোপ করা

جُنْح ، جِنْح [জুন্হ, জিন্হ] অন্ধকার, (রাতের) অংশ, পার্শ্ব, প্রান্ত

فِي جُنْحِ اللَّيْل [ফী জুন্হিল লাইল] রাতের অন্ধকারে

جُنْحَة ج جُنَح [জুন্হাহ] অপরাধ, অন্যায়, পাপ, গুনাহ

جَنَّدَ (تَجْنِيد) [جند] [জান্নাদা] সৈন্য সংগ্রহ করা, যুদ্ধের জন্য প্রস্তুত করা, সেনা তলব করা

جُنْد ج جُنُود ، أَجْنَاد [জুন্দ] সেনা, সেনাদল, সৈন্য, সৈন্যবাহিনী, লস্কর, সাহায্যকারী

جُنْدُب ج جَنَادِب [জুন্দুব] ফড়িং, পঙ্গপাল

جَنْدَل ج جَنَادِل [জান্দাল] প্রস্তর, পাথর, শিলা, জলপ্রপাত

جَنْدَلَ (جَنْدَلَة) [জান্দালা] ফেলে দেওয়া, ধাক্কা দিয়ে বা আঘাত করে ফেলে দেওয়া, মাটিতে ফেলে দেওয়া, নিক্ষেপ করা

جُنْدِيّ ج جُنُود [জুন্দী] সৈনিক, সৈন্য, সেনা

جُنْدِيَّة [جند] [জুন্দিয়্যাহ] সেনাবাহিনী, সশস্ত্র বাহিনী, সামরিক বাহিনী, সামরিক জীবন

جِنْرَال [জেনরাল] জেনারেল (পদ)

جَنَّزَ (تَجْنِيز) [جنز] [জান্নাযা] (মৃতের) জানাযা পড়া, অন্ত্যেষ্টিক্রিয়া সম্পন্ন করা

جِنْزَار [জিন্যার] তামা, পিতল ইত্যাদির সবুজ মরচে, তাম্রমল

جَنَّسَ (تَجْنِيس) [جنس] [জান্নাসা] শ্রেণীবিভাগ করা, বিভিন্ন শ্রেণীতে বিভক্ত করা, নাগরিকত্ব দেওয়া

جِنْس [জিন্স] স্ত্রী-পুরুষ ভেদ, যৌনকর্ম, যৌন প্রবৃত্তি, (ব্যাকরণে) লিঙ্গ

جِنْس ج أَجْنَاس [জিন্স] শ্রেণী, প্রকার, রকম, জাতি, বংশ, বর্ণ, বর্গ, গোত্র, গোষ্ঠী

اِسْم الجِنْس [ইস্মুল জিন্স] জাতিবাচক বিশেষ্য, শ্রেণীবাচক বিশেষ্য

عِلْم الجِنْس ['ইল্মুল জিন্স] যৌনবিদ্যা, যৌন-বিজ্ঞান, যৌনতত্ত্ব

جِنْسِيّ [জিন্সী] জাতীয়, জাতিগত, শ্রেণীগত, গোত্রীয়, বর্ণগত, লিঙ্গাত্মক, যৌন

مَرَض جِنْسِيّ [মারদ জিন্সী] যৌন রোগ

جِنْسِيَّة [جنس] [জিন্সিয়্যাহ] জাতীয়তা, স্ত্রী-পুরুষভেদ, যৌনতা, যৌনতত্ত্ব, নাগরিকত্ব

جَنَف [জানাফ] অন্যায়, অত্যাচার, ঝোঁক, বাঁক, বিচ্যুতি, বক্রতা, পক্ষপাত

جَنَفَ [ض] (جُنُوف) عَنْ [জানাফা] অন্যদিকে যাওয়া, বিচ্যুত হওয়া, সরে যাওয়া, ফিরে যাওয়া

جَنِفَ [س] (جَنَف) عَنْ [জানিফা] অন্যদিকে যাওয়া, বিচ্যুত হওয়া, সরে যাওয়া, ফিরে যাওয়া

جُنْف [জুন্ফ] কুঁজবিশিষ্ট, কুঁজো, অন্যায়কারী, বিপথগামী (أَجْنَف-এর বহুবচন)

[জান্ফা'] কুঁজবিশিষ্ট, কুঁজো, [جنف] جَنْفَاء
অন্যায়কারী, বিপথগামী (أَجْنَف-এর স্ত্রীলিঙ্গ)

[জুন্ফাদ, জুন্ফাইদ] শক্ত جُنْفَاش ، جُنْفَيْش
মোটা কাপড়, চট, শামিয়ানা, ত্রিপল

[জুন্কুলাহ্] জলচর পাখিবিশেষ جُنْقُلَة

[জানান] দাফনের কাপড়, কাফন, সমাধি, جَنَن
গোর, কবর

[জান্নানা] পাগল করা, [جنن] (تَجْنِين) جَنَّنَ
পাগল বানানো

[জুনুন] পাগলামি, উন্মত্ততা, বোকামি جُنُن

[জানূব] দক্ষিণ (দিক), দক্ষিণ جَنُوب ج جَنَائِب
দিক থেকে প্রবাহিত বাতাস, দক্ষিণা বাতাস

[জানূব আফ্রীক্বিয়া] দক্ষিণ جَنُوب أَفْرِيقِيَا
আফ্রিকা (দেশ)

[জানূব শার্ক আসিয়া] দক্ষিণ- جَنُوب شَرْق آسِيَا
পূর্ব এশিয়া (অঞ্চল)

[জানূব শার্ক্বী] দক্ষিণ-পূর্ব جَنُوب شَرْقِيّ

[জানূব গার্বী] দক্ষিণ-পশ্চিম جَنُوب غَرْبِيّ

[জানূবান] দক্ষিণে, দক্ষিণ দিকে جَنُوبًا

[জানূবী] দক্ষিণ, দক্ষিণা, দক্ষিণ দিকের جَنُوبِيّ

[জানূবী শার্ক্বী] দক্ষিণ-পূর্বের, جَنُوبِيّ شَرْقِيّ
দক্ষিণ-পূর্ব

[জানূবী গার্বী] দক্ষিণ-পশ্চিম, جَنُوبِيّ غَرْبِيّ
দক্ষিণ-পশ্চিমের

[জানূহ্] ঝোঁকবিশিষ্ট, অবনত, [جنح] جَنُوح
নত, নমনীয়

[জুনূহ্] ঝোঁক, প্রবণতা, অপরাধ- [جنح] جُنُوح
প্রবণতা, নমনীয়তা

[জুনূহিয়্যাহ্] ঝোঁক, প্রবণতা, [جنح] جُنُوحِيَّة
অপরাধপ্রবণতা

[জুনূন] পাগলামি, উন্মত্ততা, অন্ধ- [جنن] جُنُون
কার, বোকামি, আচ্ছাদন

[জান্ই] আহরণ, সংগ্রহ, অর্জন, লাভ جَنْي

[জানা] আহরিত ফল, সংগৃহীত جَنًى ج أَجْنَاء
ফসল

[জানা] সংগ্রহ করা, (جَنْي ، جَنًى) [ض] جَنَى
আহরণ করা, লাভ করা, অর্জন করা, তুলে আনা,
পাড়া

[জানা] অপরাধ করা, অন্যায় করা (جِنَايَة) جَنَى

[-- 'আলা] অনিষ্ট করা, ক্ষতি করা جَنَى عَلَى

[জানী] সদ্য আহরিত, টাটকা [جني] جَنِيّ
(ফল, ফসল)

[জিন্নী] একটি জিন [جنن] جِنِّيّ

[জানীব] অধীন, অনুগত, বশী- [جنب] جَنِيب
ভূত, বন্দী, প্লুরিসিগ্রস্ত (ব্যক্তি)

[জুনাইবাহ্] ঝোপ, ঝাড়, গুল্ম [جنب] جُنَيْبَة

[জানিয়্যাহ্] অপরাধ, অন্যায়, পাপ, [جني] جَنِيَّة
গুনাহ, দোষ

[জিন্নিয়্যাহ্] পরী [جنن] جِنِّيَّة ج جِنِّيَّات

[জেনেফ] জেনেভা (নগরী) جِنِيف

[জানীন] গর্ভস্থ সন্তান, ভ্রূণ [جنن] جَنِين ج أَجِنَّة

['ইল্মুল আজিন্নাহ্] ভ্রূণবিদ্যা, em- عِلْم الأَجِنَّة
bryology

[জুনাইনাতী] বাগান পরিচর্যা- [جنن] جُنَيْنَاتِيّ
কারী, বাগানওয়ালা, মালী, ফলওয়ালা

[জুনাইনাহ্] [جنن] جُنَيْنَة ج جُنَيْنَات ، جَنَائِن
ছোট বাগান, বাগিচা

[জানীনী] ভ্রূণসম্বন্ধীয়, ভ্রূণ-বিষয়ক [جنن] جَنِينِيّ

[জুনাইহ্] পাউন্ড (মুদ্রা) جُنَيْه ج جُنَيْهَات

[জুনাইহ ইস্তার্লীনী] স্টার্লিং جُنَيْه إِسْتَرْلِينِيّ
পাউণ্ড

[জুনাইহ মিছ্রী] মিশরীয় পাউণ্ড جُنَيْه مِصْرِيّ

[জাহাদ] তৃণবিহীন শক্ত [جهد] جَهَاد ج جُهُد
ভূমি, সমভূমি, মরুভূমি

[জিহাদ] জিহাদ, জেহাদ, ন্যায়ের [جهد] جِهَاد
জন্য সংগ্রাম, যুদ্ধ, প্রচেষ্টা, সাধনা

[জুহাদা] যথাসাধ্য, সর্বাধিক, [جهد] جُهَادَى
সর্বোচ্চ, চূড়ান্ত

[জাহার, জিহার] প্রকাশ, [جهر] جَهَار ، جِهَار
প্রকাশ্যতা, সশব্দতা, নিনাদ

[জাহারাহ্] প্রকাশ, প্রকাশ্যতা, [جهر] جَهَارَة
সশব্দতা, নিনাদ, সুন্দর গড়ন, সৌষ্ঠব

جَهَازٌ ج أَجْهِزَة ، أَجْهِزَات [জাহায] সরঞ্জাম, সাজ, আসবাবপত্র

جِهَازٌ ج أَجْهِزَة ، أَجْهِزَات [জিহায] সরঞ্জাম, আসবাবপত্র, যন্ত্রপাতি, ব্যবস্থাপনা, পদ্ধতি, প্রণালী, প্রক্রিয়া, সিস্টেম, সংস্থা, সংগঠন, কর্তৃপক্ষ, সেট

جِهَازِيٌّ [জিহাযী] পদ্ধতিগত, নিয়মিত, প্রণালীবদ্ধ, প্রক্রিয়াগত

جَهَّاض [جهض] [জাহ্হাদ] গর্ভপাত করানোর পেশায় নিয়োজিত ব্যক্তি, abortionist

جَهَالَة [جهل] [জাহালাহ] অজ্ঞতা, অজ্ঞানতা, মূর্খতা, নির্বুদ্ধিতা

جَهَام [جهم] [জাহাম] বৃষ্টিহীন মেঘ

جَهَامَة [جهم] [জাহামাহ] ভ্রূকুটি, গোমড়া ভাব, রূঢ়তা, বিষণ্ণতা, অপ্রসন্নতা

جَهْبَذ ، جِهْبِذ ج جَهَابِذَة [জাহ্বায, জিহ্বিয] পণ্ডিত ব্যক্তি, দক্ষ ব্যক্তি, বিচক্ষণ ব্যক্তি, দক্ষ বিচারক, যোগ্য সমালোচক

جَهْبَر [জাহ্বার] সিংহী

جَهَة ج جَهَات [وجه] [জাহাহ] দিক, পার্শ্ব, পক্ষ, স্থান, সূত্র, কর্তৃপক্ষ, এজেন্সি

جِهَة ج جِهَات [وجه] [জিহাহ] দিক, পার্শ্ব, পক্ষ, স্থান, সূত্র, কর্তৃপক্ষ, এজেন্সি

جُهَة ج جُهَات [وجه] [জুহাহ] দিক, পার্শ্ব, পক্ষ, স্থান, সূত্র, কর্তৃপক্ষ, এজেন্সি

جَهْد ج جُهُود [জাহ্দ] চেষ্টা, প্রচেষ্টা, উদ্যোগ, পরিশ্রম, কষ্ট, ক্লান্তি

جَهَدَ [ف] (جَهْد) [জাহাদা] চেষ্টা করা, পরিশ্রম করা, কষ্ট করা, কষ্ট দেওয়া, ক্লান্ত করা

جَهِدَ [س] (جَهَد) [জাহিদা] কঠিন হওয়া, কষ্টকর হওয়া

جُهْد [জুহ্দ] সাধ্য, সামর্থ্য, শক্তি, ক্ষমতা, কষ্ট, ক্লান্তি, পরিশ্রম, প্রচেষ্টা

جُهْد جَهِيد [জুহ্দ জাহীদ] প্রবল চেষ্টা, কঠোর পরিশ্রম

جُهِدَ [জুহিদা] কষ্টে পড়া, দুর্বল হওয়া, শুকিয়ে যাওয়া

جَهْدَان [جهد] [জাহ্দান] কষ্টে পতিত, ক্লান্ত, পরিশ্রান্ত

جَهْر [জাহ্র] প্রকাশ, প্রকাশ্যতা, স্পষ্টতা, সশব্দতা

جَهَرَ [ف] (جَهْر ، جِهَار) [জাহারা] প্রকাশ হওয়া, স্পষ্ট হওয়া, প্রকাশ পাওয়া, আত্মপ্রকাশ করা, প্রকাশিত হওয়া, ছড়িয়ে যাওয়া, প্রকাশ করা, প্রকাশ্যে করা, প্রকাশ্যে বলা, উচ্চ স্বরে বলা, (স্বর) উঁচু করা

جَهِر [জাহির] উচ্চ (স্বর, ধ্বনি) সশব্দ (কথা)

جَهُرَ [ك] (جَهَارَة) [জাহুরা] (স্বর) উঁচু হওয়া, স্পষ্ট হওয়া, (ব্যক্তি) বিশিষ্ট হওয়া

جُهْر [জুহ্র] সুন্দর গড়ন, সুন্দর চেহারা, আকৃতি

جَهْرًا ، جَهْرَةً [জাহ্রান, জাহ্রতান] প্রকাশ্যে, স্পষ্টত, খোলাখুলিভাবে, সাধারণের সামনে

جَهْرِيٌّ [জাহ্রী] প্রকাশ্য, খোলাখুলি, সাধারণের অধিগম্য

جَهَزَ [ف] (جَهْز) عَلَى [জাহাযা] চূড়ান্ত আঘাত হানা, শেষ করে দেওয়া, মেরে ফেলা

جَهَّزَ (تَجْهِيز) [جهز] [জাহ্হাযা] প্রস্তুত করা, তৈরী করা, প্রয়োজনীয় আসবাবপত্রে সজ্জিত করা, ঠিকঠাক করা, সাজিয়ে দেওয়া

جَهَّزَ بِ [-- বি] সরবরাহ করা, যোগান দেওয়া, ব্যবস্থা করে দেওয়া, সজ্জিত করা.

جَهَشَ [ف] (جَهْش) [জাহাশা] কান্নার উপক্রম করা, কেঁদে ফেলা

جَهْشَة [জাহ্শাহ] অশ্রু, মানুষের দল

جَهَضَ [ف] (جَهْض) [জাহাদা] গর্ভপাত করা, পরিত্যাগ করা

جِهْض [জিহ্দ] অকালে প্রসূত ভ্রূণ, অকালজাত

جَهْل ، جَهْلَة [জাহ্ল, জাহ্লাহ] অজ্ঞতা, মূর্খতা, নির্বুদ্ধিতা, বোকামি

جَهِلَ [س] (جَهْل ، جَهَالَة) [জাহিলা] জাহেল হওয়া, অজ্ঞ হওয়া, মূর্খ হওয়া, না জানা

جَهَّلَ (تَجْهِيل) [جهل] [জাহ্হালা] অজ্ঞ বলা, মূর্খ বলা, অজ্ঞতার অভিযোগ করা, বোকা বানানো

جَهْم [জাহ্ম] ভ্রূকুটিপূর্ণ, রূঢ়, বিষণ্ণ, অপ্রসন্ন, গোমড়া

جَهُمَ [ك] (جَهَامَة ، جُهُومَة) [জাহুমা] ভ্রূকুটি

করা, রূঢ় দৃষ্টিতে তাকানো, বিষণ্ন হওয়া, অপ্রসন্ন হওয়া

[জাহান্নাম] জাহান্নাম, দোযখ, নরক (مث) جَهَنَّم

[জাহান্নামী] জাহান্নামী, দোযখবাসী, দোযখের, নরকের, নারকীয় جَهَنَّمِيّ

[জাহূর] উচ্চ, উঁচু (স্বর), জোরালো (শব্দ), উচ্চ স্বরবিশিষ্ট جَهُور ج جُهُر [جهر]

[জুহূরাহ] সশব্দতা, নিনাদ, সুন্দর গড়ন, সুন্দর অবয়ব, সৌষ্ঠব جُهُورَة [جهر]

[জাহ্ওয়ারী] উচ্চ, উঁচু (স্বর), জোরালো (শব্দ), উচ্চ স্বরবিশিষ্ট جَهْوَرِيّ [جهر]

[জাহূল] অধিক অজ্ঞ, গণ্ডমূর্খ, নির্বোধ, নাদান جَهُول [جهل]

[জুহূমাহ] ভ্রূকুটি, গোমড়া ভাব, অপ্রসন্নতা, বিষণ্নতা, রূঢ়তা جُهُومَة [جهم]

[জাহীদ] কঠোর, কঠিন, কষ্টকর, কষ্টসাধ্য, প্রচণ্ড, তীব্র, প্রবল (প্রচেষ্টা) جَهِيد [جهد]

[জুহ্দ জাহীদ] প্রবল চেষ্টা, কঠোর পরিশ্রম, জোর প্রচেষ্টা جُهْد جَهِيد

[জাহীর] উচ্চ, উঁচু (স্বর), জোরালো (আওয়াজ) جَهِير [جهر]

[জাহীয] হালকা, দ্রুতগামী, ক্ষিপ্র جَهِيز [جهز]

[জাহীদ] অকালে প্রসূত ভ্রূণ, অকালজাত, ব্যর্থ, অকেজো, নিষ্ফল جَهِيض [جهض]

[জাও] আকাশ, অন্তরীক্ষ, বায়ুমণ্ডল, আবহাওয়া, পরিবেশ, পরিস্থিতি, পরি-মণ্ডল جَوّ ج أَجْوَاء [جوو]

[জিওয়া'] প্রশস্ত উপত্যকা, নিম্নভূমি, মেষ-পালকের ঝুলি, রন্ধনপাত্র রাখার তেপায়া جِوَاء

[জাওয়াব] জবাব, উত্তর, সাড়া, প্রত্যুত্তর جَوَاب ج أَجْوِبَة ، جَوَابَات

[জাওওয়াব] অধিক ভ্রমণকারী, পর্যটক, ভবঘুরে, যাযাবর جَوَّاب ، جَوَّابَة [جوب]

[জাওয়াবী] জবাবমূলক, জবাবী, পাল্টা, প্রত্যুত্তরে সম্পন্ন جَوَابِيّ

[জাওয়াদ] দাতা, দানশীল, উদার, সম্ভ্রান্ত جَوَاد ج جُود ، أَجْوَاد [جود]

[জাওয়াদ] ভাল জাতের ঘোড়া, দ্রুতগামী অশ্ব جَوَاد ج جِيَاد ، أَجْيَاد ، أَجَاوِيد

[জাওওয়াদ] দাতা, দানশীল, বদান্য جَوَّاد [جود]

[জুওয়াদ, জুওয়াদাহ] পিপাসা, তৃষ্ণা, তীব্র পিপাসা, তন্দ্রা جُوَاد ، جُوَادَة

[জাওয়ার] গভীর পানি جَوَار [جور]

[জিওয়ার] প্রতিবেশিত্ব, সান্নিধ্য, পার্শ্ববর্তিতা, নৈকট্য, আশ্রয়, নিরাপত্তা جِوَار [جور]

[বি-জিওয়ারি] নিকটে, কাছে, সান্নিধ্যে بِجِوَارِ

[জাওয়ারিহ] অঙ্গ-প্রত্যঙ্গ, হিংস্র প্রাণী جَوَارِح (جَارِحَة) [جرح]

[জাওয়ায] বৈধতা, অনুমোদন, অনুমতি, অতিক্রমণ, সম্ভাবনা, সম্ভাব্যতা جَوَاز [جوز]

[জাওয়ায] পাসপোর্ট, ট্রানজিট, লাইসেন্স, বৈধ নিয়ম, স্বীকৃত নিয়ম جَوَاز ج جَوَازَات [جوز]

[জাওয়াযুস সাফার] পাসপোর্ট جَوَاز السَّفَر

[জুওয়াফাহ] পেয়ারা (ফল) جُوَافَة

[জাওওয়াল] যে অধিক ঘোরাঘুরি করে, অধিক ভ্রমণকারী, ফেরিওয়ালা, পর্যটক, ভবঘুরে, যাযাবর, রেঞ্জার, স্কাউট, মোবাইল ফোন جَوَّال ج جَوَّالَة [جول]

[জুওয়ালিক] বস্তা, থলে جُوَالِق ج جَوَالِيق

[জাওয়ামিদ] জড়পদার্থ, কঠিন পদার্থ جَوَامِد (جَامِد)

[জাওয়ানিহ] বুকের নিম্নস্থ পাঁজরের হাড় جَوَانِح (جَانِحَة) [جنح]

[জাওয়াহির] মূল্যবান রত্নাদি, মণি-মাণিক্য, হিরা-জহরত, অলংকারাদি جَوَاهِر (جَوْهَر)

[জাওয়াহিরী] মণিকার, জহরী, জহুরী جَوَاهِرِيّ

[জাওব] কর্তন, বিদ্ধকরণ, ছিদ্রকরণ, ভ্রমণ, সফর, ঘোরাঘুরি جَوْب

[জাওব] ঢাল, অগ্নিকুণ্ড, স্টোভ, বড় বালতি, মেয়েদের একপ্রকার জামা جَوْب ج أَجْوَاب

[জাওওয়াবা] কাটা, মাঝখান থেকে কাটা, পকেট বানানো جَوَّبَ (تَجْوِيب) [جوب]

[জাওবাহ] গর্ত, ছিদ্র, ফাঁক, ফাটল جَوْبَة ج جَوْبَات ، جُوَب

[জুত] পাট, jute جُوت ، جُوتَة

[জাওহ] ধ্বংস, বিনাশ, আক্রমণ, উপদ্রব جَوْح

[জাওদ] প্রবল বর্ষণ, অঝোর বৃষ্টি جَوْد

[জাওওয়াদা] ভাল করা, [جود] (تَجْوِيد) جَوَّدَ সুন্দর করা, বিশুদ্ধভাবে (কোরআন) পাঠ করা

[জূদ] দান, দানশীলতা, বদান্যতা, উদারতা; جُود লম্বা ও সুন্দর গ্রীবাবিশিষ্ট (أَجْيَد-এর বহুবচন)

[জাওদাহ্] উৎকৃষ্টতা, শ্রেষ্ঠত্ব, উত্তম মান جَوْدَة

[জূদী] একটি পাহাড়ের নাম, জূদী পাহাড় جُودِيّ

[জাওর] অন্যায়, অত্যাচার, জুলুম, বাড়াবাড়ি جَوْر

[জাওরব] (পায়ের) মোজা جَوْرَب ج جَوَارِب

[জাওরবা] মোজা পরানো جَوْرَبَ (جَوْرَبَة)

[জাওয, জাওযাহ্] আখরোট (ফল), جَوْز ، جَوْزَة আখরোট গাছ

[জাওওয়াযা] বৈধ করা, [جوز] (تَجْوِيز) جَوَّزَ বৈধ ঘোষণা করা, বৈধতা দেওয়া, অনুমোদন করা

[আল-জাওযা'] মিথুনরাশি: রাশি- [جوز] الجَوْزَاء চক্রের তৃতীয় রাশি, কালপুরুষ, Orion (নক্ষত্র)

[জাওযাল] কবুতরের বাচ্চা جَوْزَل ج جَوَازِل

[জাওসাক] প্রাসাদ, অট্টালিকা, جَوْسَق ج جَوَاسِق সৌধ, ভিলা

[জাওশান] বক্ষ, বুক [جشن] جَوْشَن ج جَوَاشِن

[জাওওয়া'আ] ক্ষুধার্ত [جوع] (تَجْوِيع) جَوَّعَ করা, অনশনে রাখা, অনাহারে মারা

[জূ'] ক্ষুধা, অনশন, অনাহার, উপবাস, جُوع দুর্ভিক্ষ

[জাও'আন] جَوْعَان ـث جَوْعَى ج جِيَاع ، جُوَّع ক্ষুধার্ত, অনাহারী, উপবাসী

[জাও'আহ্] ক্ষুধা, অনশন, অনাহার, উপবাস, দুর্ভিক্ষ جَوْعَة

[জাওফ] পেট, উদর, অভ্যন্তর, جَوْف ج أَجْوَاف গর্ভ, গহ্বর

[জাবিফা] ভিতরে ফাঁকা (جَوَف) [س] جَوِفَ হওয়া, ফাঁপা হওয়া, শূন্যগর্ভ হওয়া

[জাওওয়াফা] ফাঁকা [جوف] (تَجْوِيف) جَوَّفَ করা, ফাঁপা করা, শূন্যগর্ভ করা, কোটরাগত করা

[জাওফা'] অভ্যন্তরে ফাঁক আছে [جوف] جَوْفَاء এমন, শূন্যগর্ভ, ফাঁকা (أَجْوَف-এর স্ত্রীলিঙ্গ)

[জাওফী] ফাঁপা, শূন্যগর্ভ, আভ্যন্তরীণ, جَوْفِيّ ভিতরের, মাটির নিচের

[জাওক] দল, গ্রুপ, পার্টি جَوْق ج أَجْوَاق

[জাওক্বাহ্] দল, গ্রুপ, পার্টি جَوْقَة ج جَوْقَات

[জাওক্বাহ মাস্‌রহিয়্যাহ্] নাট্যদল جَوْقَة مَسْرَحِيَّة

[জাওক্বাহ মূসীক্বিয়্যাহ্] বাদক- جَوْقَة مُوسِيقِيَّة দল, ব্যাণ্ড পার্টি

[জাওল] ঘূর্ণন, প্রদক্ষিণ, ভ্রমণ, সফর, চক্র, جَوْل চক্কর

[জাওওয়ালা] ঘোরাঘুরি [جول] (تَجْوَال) جَوَّلَ করা, ব্যাপক ভ্রমণ করা, পরিভ্রমণ করা

[জাওয়ালান, জাওলাহ্] [جول] جَوَلَان ، جَوْلَة প্রদক্ষিণ, ঘূর্ণন, চক্কর, চক্র, ভ্রমণ, সফর

[জুম্‌বুন্] উরুর পিছনের অংশ, দাবনা, جُومْبُون রান

[জূন] উপসাগর, খাড়ি جُون ج أَجْوَان

[জূন্‌বূন্] উরুর পিছনের অংশ, দাবনা, جُونْبُون রান

[জূনী] কাল ডানা ও পেটবিশিষ্ট তিতির- جُونِيّ জাতীয় পাখিবিশেষ

[জাওওয়াহা] মর্যাদাবান [جوه] (تَجْوِيه) جَوَّهَ করা, উচ্চ মর্যাদা দেওয়া

[জাওহার] বস্তু, পদার্থ, মূলবস্তু, جَوْهَر ج جَوَاهِر উপাদান, মণি, মাণিক্য, জহরত

[জাওহারাহ্] মণি, মাণিক্য, জহরত جَوْهَرَة

[জাওহারজী] মণিকার, জহুরী جَوْهَرْجِيّ

[জাওহারী] বস্তুগত, পদার্থগত, মৌল, جَوْهَرِيّ মুখ্য, প্রধান, মণিকার, জহুরী

[জুহানিস্‌বুর্‌গ] জোহান্সবার্গ (নগরী) جُوهَنِسْبُورْغ

[জাওয়া] উদগ্র প্রেম, প্রচণ্ড ভালবাসা, তীব্র جَوًى উত্তেজনা, গভীর প্রণয়, প্রচণ্ড আবেগ

[জাবিয়া] ভালবাসা [جوي] (جَوًى) [س] جَوِيَ কিংবা বেদনায় উত্তেজিত হওয়া, আবেগাপ্লুত হওয়া

جَوَّى (تَجْوِيَة) [جوي] [জাওওয়া] খোলা আব-হাওয়ায় ফেলে রেখে শুকানো, পরিস্থিতির সাথে খাপ খাইয়ে নেওয়া, অবস্থার সাথে মানিয়ে নেওয়া, সামলে নেওয়া

جَوِّي ست جَوِّيَّة [جو] [জাওবী] আবহাওয়া-বিষয়ক, পরিবেশগত, বায়ুমণ্ডলীয়, আকাশ-সম্বন্ধীয়, আকাশের, অন্তরীক্ষের

بَرِيد جَوِّيّ [বারীদ জাওবী] বিমান-ডাক, air-mail

جِسْر جَوِّيّ [জিস্‌র জাওবী] আকাশ-পরিবহণ, air bridge

خُطُوط جَوِّيَّة [খুতূত জাওবিয়্যাহ্] বিমানপথ, airlines

غَارَة جَوِّيَّة [গারাহ্ জাওবিয়্যাহ্] বিমান-আক্রমণ

قَاعِدَة جَوِّيَّة [ক্বা'ইদাহ্ জাওবিয়্যাহ্] বিমানঘাঁটি

مِينَاء جَوِّيّ [মীনা' জাওবী] বিমানবন্দর

نَشْرَة جَوِّيَّة [নাশ্‌রাহ্ জাওবিয়্যাহ্] আবহাওয়া সম্পর্কিত সংবাদবিজ্ঞপ্তি, আবহাওয়াবার্তা

جُوَيْدَار [জুওয়াইদার] রাইঃ একপ্রকার শস্যদানা, রাই গাছ

جَوِيط [جوط] [জাবীত] পেরেক, কীলক, গোঁজ, মাথামোটা পেরেক, গজাল

جَوِيطَة ج جَوَائِط [جوط] [জাবীতাহ্] মাথামোটা পেরেক, গজাল, পেরেক, কীলক, গোঁজ

جِيَاحَة [جوح] [জিয়াহাহ্] ধ্বংস, বিনাশ, উপদ্রব, আক্রমণ

جَيَّار [جير] [জাইয়ার] অতরলীকৃত চুন

جَيَّارَة ج جَيَّارَات [جير] [জাইয়ারাহ্] চুনের ভাটি, চুন পোড়ানোর চুল্লি

جَيَّاش [جيش] [জাইয়াশ] উত্তেজিত, উদ্বেলিত, উচ্ছ্বসিত, উদ্দীপ্ত, বিক্ষুব্ধ, ফুটন্ত, টগবগে, প্রচণ্ড, তীব্র

جِيئَة ، جَيْئَة [جيأ] [জীআহ্] আগমন, উপস্থিতি

جَيْب ج جُيُوب [জাইব] পকেট, জেব, গলাবন্ধ, (দেশের) ছিটমহল, বুক, অন্তর, গহ্বর, কোটর, (গণিত ও জ্যামিতিতে) সাইন (sine)

جَيَّبَ (تَجْيِيب) [جيب] [জাইয়াবা] পকেট লাগানো

جِيب [জীব] জীপ (গাড়ি)

جِيبُوتِي [জীবূতী] জিবুতি (দেশ)

جَيِّد ج جِيَاد [جود] [জাইয়িদ] উত্তম, উৎকৃষ্ট, ভাল, সেরা, শ্রেষ্ঠ

جَيِدَ [س] (جَيَد) [জায়িদা] ঘাড় লম্বা ও সুন্দর হওয়া, লম্বা ও সুন্দর গ্রীবাবিশিষ্ট হওয়া

جِيد ج أَجْيَاد ، جُيُود [جيد] [জীদ] ঘাড়, গ্রীবা, গলা

جَيِّدًا [জাইয়িদান] ভালভাবে, উত্তমরূপে, সুন্দর-ভাবে, সুচারুরূপে

جَيْدَاء [جيد] [জাইদা'] লম্বা ও সুন্দর গ্রীবাবিশিষ্ট (أَجْيَد-এর স্ত্রীলিঙ্গ)

جَيْرِ [জাইরি] হ্যাঁ, নিশ্চয়ই, অবশ্যই, সত্যই, ঠিকই

جَيَّرَ (تَجْيِير) [جير] [জাইয়ারা] (চেক, বিল ইত্যাদির) উল্টো পিঠে নাম সই করা, (দলিলের) উল্টো দিকে মন্তব্য ইত্যাদি লেখা, পৃষ্ঠাঙ্কিত করা, এনডোর্স (endorse) করা, (দেয়ালে) চুনকাম করা, চুনে পরিণত করা

جِير [জীর] চুন, জিপসাম

حَجَر الجِير [হাজারুল জীর] চুনাপাথর

جِير حَيّ [জীর হাই] অতরলীকৃত চুন

جِير مُطْفَأ [জীর মুত্‌ফা'] তরলীকৃত চুন

جِيرَة [جور] [জীরাহ্] প্রতিবেশিত্ব

جِيرِيّ [জীরী] চুন-সম্বন্ধীয়, চুনা, চুনের

حَجَر جِيرِيّ [হাজার জীরী] চুনাপাথর

جِيزَة ج جِيز ، جِيَز [جوز] [জীযাহ্] এক ঢোক পানি, একবারে নেওয়া পানি, প্রান্ত, দিক, উপত্যকার পার্শ্ব, অনুমতিপত্র, লাইসেন্স, সনদ

جَيْش ج جُيُوش [জাইশ] সৈন্য, সেনা, সেনাদল, সেনাবাহিনী

جَيْش الاحْتِلَال [জাইশুল ইহ্‌তিলাল] দখলদার বাহিনী

جَيْش اِحْتِيَاطِي [জাইশ ইহ্‌তিয়াতী] রিজার্ভ বাহিনী

جِيل ج أَجْيَال [জীল] প্রজন্ম, পুরুষ, জাতি, গোত্র, যুগ, শতাব্দী

جِيلَاتِي [জীলাতী] আইসক্রিম

جِيلْدَار [জীল্দার] গিল্ডারঃ নেদারল্যান্ডের মুদ্রা

جِيم ج جِيمَات [জীম] জীমঃ ج বর্ণের নাম, রেশমী বস্ত্র

جِيُورْجِيَا [জিয়োর্জিয়া] জর্জিয়া (দেশ)

جِيُولُوجِيّ [জিয়োলোজী] ভূতত্ত্ববিদ, ভূতাত্ত্বিক, ভূতত্ত্ব-বিষয়ক

جِيُولُوجِيَا [জিয়োলোজিয়া] ভূতত্ত্ববিদ্যা

جَيْش نِظَامِيّ [জাইশ নিযামী] নিয়মিত সেনা-বাহিনী

جَيَّشَ (تَجْيِيش) [جيش] [জাইয়াশা] সৈন্য সংগ্রহ করা, সৈন্য প্রস্তুত করা

جَيَشَان [جيش] [জায়াশান] উত্তেজনা, উচ্ছ্বাস, আলোড়ন, চাঞ্চল্য, উদ্বেগ, টগবগানি

جَيَّفَ (تَجْيِيف) [جيف] [জাইয়াফা] (মৃতদেহ) গলে যাওয়া, দুর্গন্ধ ছড়ানো

جِيفَة ج جِيَف ، أَجْيَاف [জীফাহ্] মৃতদেহ, মরদেহ, লাশ, শব, মড়া

# ح

[হা'] হাঃ আরবী বর্ণমালার ৬ষ্ঠ হরফ ح

[হা'] হা'ঃ ح বর্ণের নাম حَاء

[হা'ইদ] নিরপেক্ষ, পক্ষপাতমুক্ত حَائِد [حود]

[হা'ইর] হতবুদ্ধি, কিংকর্তব্যবিমূঢ়, حَائِر [حور] দিশেহারা, দ্বিধাগ্রস্ত, দ্বিধান্বিত, সিদ্ধান্তহীন, অনিশ্চিত, বিপথগামী, টলমলে

[হা'ইয] লাভকারী, অর্জনকারী, حَائِز [حوز] অধিকারী, মালিক, প্রাপ্ত

[হা'ইদ, হা'ইদাহ্] حَائِض ، حَائِضَة [حيض] ঋতুস্রাব হচ্ছে এমন স্ত্রীলোক, ঋতুবতী নারী

[হা'ইত] প্রাচীর, حَائِط ج حِيطَان ، حِيَاط [حوط] দেয়াল, বেড়া, পর্দা, বিভাজক, পরিবর্তনশীল

[হা'ইফ] حَائِف ج حَافَة ، حُيَّف ، حُيَّف [حيف] অন্যায়কারী, অত্যাচারী, অনিষ্টকারী

[হা'ইক] যে বয়ন করে حَائِك ج حَاكَة [حوك] বা বোনে, বয়নকারী, তাঁতী, রচনাকারী

[হা'ইল] حَائِل ج حُول ، حُوَّل ، حِيَال [حول] পরিবর্তনশীল, একবছর বয়সী, বাধা দানকারী, প্রতিবন্ধকতা সৃষ্টিকারী, বাধা, প্রতিবন্ধকতা, প্রতিবন্ধক, বেড়া

[হা'ইম] তৃষ্ণার্ত, পিপাসার্ত حَائِم ج حُوَّم [حوم]

[হা'ইন] নির্বোধ, বোকা, আহমক حَائِن [حين]

[হা'ইনাহ্] বিপদ حَائِنَة ج حَوَائِن [حين]

[হাব] পাপ, অপরাধ, গুনাহ حَاب [حوب]

[হাবা] حَابَ (ن) (حَوْب ، حُوب) [حوب] بِ পাপ করা, অপরাধ করা, পাপী হওয়া

[হাব্বা] ভাল حَابَّ (مُحَابَّة ، حِبَاب) [حبب] বাসা, ভালবাসা প্রকাশ করা, বন্ধুত্ব করা

[হাবাহ্] পাপ, অপরাধ, গুনাহ حَابَة [حوب]

[হাবাসা] বন্দী করা, حَابَسَ (مُحَابَسَة) [حبس] আটক করা, আটকে রাখা

[হাবাকা] বয়ন করা, حَابَكَ (مُحَابَكَة) [حبك] বোনা, পাকানো, বাঁধাই করা, শক্ত করা

[হাবিক] যে বয়ন করে বা বোনে, حَابِك [حبك] বয়নকারী, তাঁতী, বাঁধাইকারী

[হাবিল] শিকারকারী, শিকারী, حَابِل [حبل] যাদুকর, ভেলকিবাজ

[ইখ্‌তালাতাল হাবিলু বিন اِخْتَلَطَ الحَابِلُ بِالنَّابِل নাবিল] এলোমেলো হয়ে যাওয়া, বিশৃংখল হয়ে যাওয়া, তালগোল পাকিয়ে যাওয়া

[হাবিলাহ্] গর্ভবতী, গর্ভধারিণী حَابِلَة [حبل]

[হাবা] সুবিধা حَابَى (مُحَابَاة ، حِبَاء) [حبو] দেওয়া, পক্ষাবলম্বন করা, পক্ষপাতিত্ব করা

[হাত্ত] ক্ষয় করে ফেলে কিংবা حَاتّ [حتت] খেয়ে ফেলে এমন

[হাতিম] সিদ্ধান্তকারী, আরোপকারী, حَاتِم [حتم] বিচারক, কালো, অশুভ

[হাছ্ছ] প্ররোচক, উত্তেজক, আবে- حَاثّ [حثث] শক, inductive

[হাছ্ছা] একে অপরকে حَاثَّ (مُحَاثَّة) [حثث] প্ররোচিত করা, একে অন্যকে উত্তেজিত করা

[হাজ্জ] হজ্জ حَاجّ ج حُجَّاج ، حَجِيج [حجج] পালনকারী, হজ্জ আদায়কারী, হাজী

[হাজা] প্রয়োজন حَاجَ (ن) (حَوْج) [حوج] إِلَى অনুভব করা, মুখাপেক্ষী হওয়া, চাওয়া

[হাজ্জা] তর্ক حَاجَّ (مُحَاجَّة ، حِجَاج) [حجج] করা, বিতর্ক করা, বাদানুবাদ করা, ঝগড়া করা, যুক্তি প্রদর্শন করা

[হাজাত] প্রয়োজন- حَاجَات (حَاجَة) [حوج] সমূহ, চাহিদাসমূহ, প্রয়োজনীয় জিনিসপত্র

[হাজিব] দারোয়ান, حَاجِب ج حُجَّاب [حجب] গৃহরক্ষক, তত্ত্বাবধায়ক, যে ঢেকে রাখে বা আড়াল করে রাখে, আড়ালকারী

[হাজিব] (চোখের) حَاجِب ج حَوَاجِب [حجب] ভ্রূ, ভুরু, পার্শ্ব, কিনারা, প্রান্ত, রোধক

[হাজিবাহ্] রোধক حَاجِبَة ج حَوَاجِب [حجب]

যন্ত্র, (মোটরগাড়ির) ড্যাশবোর্ড, উইণ্ডস্ক্রীন, বায়ু-রোধক, বায়ুত্রাণ

حَاجَةٌ ج حَاجَات ، حَوَائِج [حوج] [হাজাহ] প্রয়োজন, অভাব, চাহিদা, দারিদ্র, উদ্দেশ্য, লক্ষ্য, বস্তু, জিনিস

الحَاجَةُ أُمُّ الاِخْتِرَاعِ [আল-হাজাতু উম্মুল ইখ্‌তিরা'] প্রয়োজনই উদ্ভাবনের উৎস

هُوَ فِي حَاجَةٍ إِلَى [হুওয়া ফী হাজাতিন ইলা] তার প্রয়োজন আছে

عِنْدَ الحَاجَةِ ['ইন্‌দাল হাজাহ] প্রয়োজনকালে, প্রয়োজন হলে, প্রয়োজনে

سَدَّ حَاجَتَهُ [সাদ্দা হাজাতাহু] প্রয়োজন পূরণ করা, চাহিদা মেটানো

قَضَى الحَاجَةَ [ক্বাদল হাজাতা] প্রকৃতির ডাকে সাড়া দেওয়া, পেশাব-পায়খানা করা, মলমূত্র ত্যাগ করা

حَاجَزَ (مُحَاجَزَة) [حجز] [হাজাযা] মানা করা, বারণ করা, বিরত থাকতে বলা

حَاجِز ، حَاجِزَة ج حَوَاجِز [حجز] [হাজিয, হাজিযাহ] বাধা, প্রতিবন্ধকতা, দেয়াল, প্রাচীর, বেড়া, পর্দা, রোধক

حَاجِم ج حُجَّام ، حَجَمَة [حجم] [হাজিম] যে শিঙা লাগায় বা শিঙা দিয়ে রক্ত টানে

حَاجَى (مُحَاجَاة) [حجو] [হাজা] ধাঁধা বলা, ধাঁধা জিজ্ঞাসা করা, হেঁয়ালি করা, হেঁয়ালিপূর্ণ কথা বলা

حَاجِيَّات [حوج] [হাজিয়্যাত] প্রয়োজনীয় জিনিসপত্র, প্রয়োজনসমূহ

حَادّ [حدد] [হাদ্দ] ধারালো, তীক্ষ্ণ, তীব্র, উগ্র, প্রচণ্ড, তেজী, কড়া, সূক্ষ্ম, সুনিপুণ, শোকগ্রস্ত

حَادّ البَصَر [হাদ্দুল বাছর] তীক্ষ্ণদৃষ্টি, তীক্ষ্ণদর্শী, সূক্ষ্মদর্শী

حَادّ الذِّهْن [হাদ্দুয যিহ্‌ন] তীক্ষ্ণবুদ্ধি, বুদ্ধিদীপ্ত

حَادّ الطَّبْع [হাদ্দুত তব'] কড়া মেজাজের, উগ্র প্রকৃতির, বদমেজাজী

حَادَ [ن] (حَوْد) [حود] عَنْ [হাদা] ফিরে আসা, বিমুখ হওয়া, বিরূপ হওয়া, অপছন্দ করা

حَادَ [ض] (حَيْد ، حُيُود) [حيد] عَنْ ، بِنْ [হাদা] বিপথে যাওয়া, বিচ্যুত হওয়া, পরিত্যাগ করা, দিক পরিবর্তন করা, পথ পরিবর্তন করা, এড়ানো

حَادَّ (مُحَادَّة) [حدد] [হাদ্দা] বিরোধিতা করা, বিরুদ্ধে যাওয়া, বিপক্ষে যাওয়া

حَادَثَ (مُحَادَثَة) [حدث] [হাদাছা] পরস্পর কথা বলা, আলাপ-আলোচনা করা

حَادِث [حدث] [হাদিছ] সঙ্ঘটিত, ঘটমান, নতুন

حَادِث ، حَادِثَة ج حَوَادِث [حدث] [হাদিছ, হাদিছাহ] ঘটনা, কাহিনী, দুর্ঘটনা, বিপদ

حَادِر [حدر] [হাদির] মোটা, পুরু, উঁচু, শক্ত

حَادِي ، حَادٍ ج حُدَاة [حدو] [হাদী, হাদিন] উটওয়ালা, উটচালক, কাফেলার নেতা

حَادِي عَشَر مث حَادِيَة عَشْرَة [হাদী 'আশার] এগারোতম, একাদশ

حَاذَرَ (مُحَاذَرَة ، حِذَار) [حذر] [হাযারা] সতর্ক থাকা, সাবধান থাকা

حَاذِق [حذق] [হাযিক] তীক্ষ্ণ, তীব্র, ঝাঁঝালো, উগ্র, অত্যধিক টক

حَاذِق ج حُذَّاق [হাযিক] দক্ষ, নিপুণ, বিচক্ষণ, বুদ্ধিমান

حَاذَى (مُحَاذَاة ، حِذَاء) [حذو] [হাযা] সমান্ত-রাল হওয়া, সমকক্ষ হওয়া, সম্মুখীন হওয়া, সামনা-সামনি হওয়া, পার্শ্ববর্তী হওয়া

حَارّ [حرر] [হার্‌র] গরম, উষ্ণ, তপ্ত, উত্তপ্ত, তীব্র, প্রচণ্ড, উগ্র, তেজী, উৎসাহব্যঞ্জক, উদ্দীপনাময়, আন্তরিক, অন্তরঙ্গ, হৃদ্যতাপূর্ণ, গভীর (সম্পর্ক)

حَارَ [ن] (حَوْر) [حور ، حير] [হারা] হতবুদ্ধি হওয়া, কমে যাওয়া, হ্রাসপ্রাপ্ত হওয়া, প্রত্যাবর্তন করা

حَارَ [س] (حَيْر ، حَيْرَة) [حير] [হারা] হতবুদ্ধি হওয়া, দিশেহারা হওয়া, দ্বিধাগ্রস্ত হওয়া

حَارَبَ (مُحَارَبَة) [حرب] [হারবা] যুদ্ধ করা, লড়াই করা, প্রতিদ্বন্দ্বিতা করা

حَارَة ج حَارَات [حور] [হারাহ] মহল্লা, পাড়া, গলি, লেন, এলাকা, অঞ্চল, অংশ

حَارِث ج حُرَّاث [حرث] [হারিছ] চাষী, কৃষক, কৃষিকর্মী

حَارِزَة [হারিযাহ] (বৈদ্যুতিক) ফিউজ

حَارِس ج حُرَّاس ، حَرَسَة [حرس] [হারিস] রক্ষী, প্রহরী, পাহারাদার, রক্ষক, তত্ত্বাবধায়ক, অভিভাবক, জিম্মাদার, দ্বাররক্ষক, দারোয়ান

حَارِس لَيْلِيّ [হারিস লাইলী] নৈশ প্রহরী

حَارِس الْمَرْمَى [হারিসুল মার্‌মা] গোলকিপার, গোলরক্ষক

حَارَفَ (مُحَارَفَة ، حِرَاف) [حرف] [হারফা] ব্যবহার করা, আচরণ করা, পুরস্কার দেওয়া, প্রতিদান দেওয়া, শাস্তি দেওয়া, শলাকা দিয়ে (ক্ষত) পরীক্ষা করা

حَارِق [حرق] [হারিক] প্রজ্বালনকারী, প্ররোচনাদায়ক, অগ্নিসংযোগকারী, অগ্নিময়, জ্বালাময়ী

قُنْبُلَة حَارِقَة [কুন্‌বুলাহ্ হারিকাহ্] অগ্নিবোমা, আগুন-ছড়ানো বোমা

حَارِك [হারিক] স্কন্ধ, স্কন্ধের উপরিভাগ

حَازَ [ن] (حَوْز) [حوز] [হাযা] অর্জন করা, লাভ করা, সংগ্রহ করা, একত্রিত করা

حَازَبَ (مُحَازَبَة) [حزب] [হাযাবা] সপক্ষীয় হওয়া, দলভুক্ত হওয়া, পক্ষ সমর্থন করা

حَازِب ج حَوَازِب [حزب] [হাযিব] বিপদ, কষ্ট, দুর্যোগ, দুর্বিপাক

حَازِم ج حَزَمَة [حزم] [হাযিম] দৃঢ়সঙ্কল্প, স্থিরসঙ্কল্প, প্রত্যয়ী, বিচক্ষণ

حَازُوقَة [حزق] [হাযুক্বাহ্] হিক্কা, হেঁচকি

حَازِي ، حَازٍ [حزو] [হাযী, হাযিন] আন্দাজকারী, অনুমানকারী, চেহারা ও অঙ্গ-প্রত্যঙ্গ দেখে যে ভবিষ্যদ্বাণী করে বা পূর্বাভাস দেয়

حَاسَ [ن] (حَوْس) [حوس] [হাসা] মধ্যে ঢুকে পড়া, আকস্মিক হানা দিয়ে ছত্রভঙ্গ করে দেওয়া, (শিকারের) সন্ধানে ঘোরাঘুরি করা, পদদলিত করা, (পশুর চামড়া) খুলে নেওয়া, (শাড়ীর আঁচল) পায়ের নিচে ফেলা

حَاسَبَ (مُحَاسَبَة) [حسب] [হাসাবা] হিসাব করা, হিসাবনিকাশ করা, হিসাব চাওয়া, হিসাব নেওয়া, ভেবে দেখা

حَاسِب ج حَسَبَة [حسب] [হাসিব] হিসাবকারী, গণনাকারী, হিসাব গ্রহণকারী, পাটিগণিতবিশারদ

حَاسِب ، حَاسِبَة ج حَاسِبَات [حسب] [হাসিব, হাসিবাহ্] হিসাব করার যন্ত্র, গণনাযন্ত্র, ক্যালকুলেটর, কম্পিউটার

حَاسَّة ج حَوَاسّ [حسس] [হাস্‌সাহ্] অনুভূতি, অনুভব, অনুভব-শক্তি, ইন্দ্রিয়, জ্ঞানেন্দ্রিয়

الْحَوَاسّ الْخَمْسَة [আল-হাওয়াস্‌সুল খাম্‌সাহ্] পঞ্চেন্দ্রিয়ঃ চক্ষু, কর্ণ, নাসিকা, জিহ্বা ও ত্বক

حَاسِد ج حُسَّاد [حسد] [হাসিদ] হিংসাকারী, ঈর্ষাকারী, হিংসুক, পরশ্রীকাতর

حَاسِر [حسر] [হাসির] শূন্য, খালি, অনাবৃত, নগ্ন, বর্মবিহীন

حَاسِر الرَّأْس [হাসিরুর রা'স] খালিমাথা, অনাবৃতমস্তক

حَاسِم [حسم] [হাসিম] চূড়ান্ত, চরম, নিশ্চিত, গুরুতর, সংকটময়

حَاسَنَ (مُحَاسَنَة) [حسن] [হাসানা] সৌন্দর্যের প্রতিযোগিতা করা, উত্তম আচরণ করা, সদয় আচরণ করা, ভাল ব্যবহার করা

حَاشّ [حشش] [হাশ্‌শ] ঘাস কর্তনকারী, ঘাস সংগ্রহকারী

حَاشَ [ن] (حَوْش) [حوش] [হাশা] তাড়িয়ে নেওয়া, তাড়িয়ে নিয়ে ফাঁদে আটকানো

حَاشَ ، حَاشَا ، حَاشَى [হাশা, হাশা] ব্যতীত, ছাড়া, বাদে, বিনা

حَاشَ لِلّٰه ، حَاشَا لِلّٰه ، حَاشَى لِلّٰه [হাশা লিল্লাহ্, হাশা লিল্লাহ্] আল্লাহ্ না করুন! মহিমা আল্লাহর!

حَاشِد [حشد] [হাশিদ] গাদাগাদি করে আছে এমন, জড়ো, সমবেত, একত্রিত, বহুসংখ্যক, প্রচুর, ব্যাটারি

حَاشِدَة [حشد] [হাশিদাহ্] তড়িৎ-সঞ্চায়কযন্ত্র, accumulator, ব্যাটারি,

حَاشِك [حشك] [হাশিক] পূর্ণ, ভরা, ফলে ভরা, ক্রমাগত, অবিরত, বাধাহীন

حَاشِكَة ج حَوَاشِك [حشك] [হাশিকাহ্] বিভিন্ন দিক থেকে প্রবাহিত বাতাস

حَاشِيَة ج حَوَاشِي [حشي] [হাশিয়াহ্] মার্জিন, পার্শ্ব, প্রান্ত, পাড়, পার্শ্বটীকা, হাশিয়া, পাদটীকা, নোট, অনুচরবর্গ, সাঙ্গপাঙ্গ

حَاصَ [ض] (حَيْص ، مَحِيص) عَنْ [হাছা] সরে

যাওয়া, কেটে পড়া, পালিয়ে যাওয়া, এড়িয়ে যাওয়া

[হাঁছিব, হাঁছিবাহ] حَاصِب ، حَاصِبَة ج حَوَاصِب প্রবল বাতাস, ঝড়, ঘূর্ণিঝড়, শিলাবর্ষণকারী মেঘ

[হাঁছ্ছাহ] চুল-পড়া রোগ حَاصَّة [حصص]

[হাঁছিদ] শস্য حَاصِد ج حُصَّاد ، حَصَدَة [حصد] সংগ্রহকারী, ফসল কর্তনকারী

[হাঁছরা] حَاصَرَ (مُحَاصَرَة ، حِصَار) [حصر] অবরোধ করা, অবরুদ্ধ করা, বেষ্টন করা, ঘিরে রাখা

[হাঁছিল] অর্জিত, প্রাপ্ত, হাসিল, حَاصِل [حصل] লব্ধ

[-- 'আলা] অর্জনকারী, লাভকারী, حَاصِل عَلَى হাসিলকারী

[হাঁছিল] ফল, ফসল, অর্জিত حَاصِل ج حَوَاصِل বস্তু, হাসিলকৃত বস্তু, ফলকথা, মোট, মোট সংখ্যা, যোগফল, গুদাম, অবশিষ্ট

[আল-হাঁছিল] ফলকথা, সারসংক্ষেপ, الحَاصِل সংক্ষিপ্তসার, সংক্ষেপে

[হাঁছিলুল কালাঁম] মোটকথা, ফল- حَاصِل الكَلَام কথা

[হাঁছিন, হাঁছিনাহ] حَاصِن ، حَاصِنَة ج حَوَاصِن [حصن] সতী নারী, সুরক্ষিতা রমণী, চরিত্রবতী

[হাঁদ্দা] পরস্পর حَاضَّ (مُحَاضَّة) [حضض] পরস্পরকে প্ররোচিত করা, একে অপরকে উত্তেজিত করা

[হাঁদত] (নারী) حَاضَتْ [ض] (حَيْض) [حيض] ঋতুবতী হওয়া

[হাঁদরা] বক্তৃতা করা, حَاضَرَ (مُحَاضَرَة) [حضر] বক্তৃতা দেওয়া, ভাষণ দেওয়া

[হাঁদির] উপস্থিত, হাজির, বর্ত- حَاضِر [حضر] মান, চলমান, প্রস্তুত, (ব্যাকরণে) মধ্যম পুরুষ

[হাঁদির] উপস্থিত حَاضِر ج حُضَّر ، حَاضِرُون ব্যক্তি, শহরবাসী, স্থায়ী বাসিন্দা

[আল-হাঁদির] বর্তমান, বর্তমান কাল, الحَاضِر এই মুহূর্ত, আজকের দিন

[হাঁদিরাহ] প্রধান حَاضِرَة ج حَوَاضِر [حضر] নগর, রাজধানী, নগরী

[হাঁদিন] ডিমে তা দেয় এমন حَاضِن [حضن] (প্রাণী), শিশু পালনকারিনী, নার্স, আয়া

[হাঁদিনাহ] حَاضِنَة ج حَاضِنَات ، حَوَاضِن [حضن] ডিমে তা দেয় এমন (প্রাণী), তা দিয়ে ডিম ফুটানোর যন্ত্র, নার্স, আয়া, পরিচারিকা

[হাঁতা] বেষ্টন حَاطَ [ن] (حَوْط ، حِيَاطَة) [حوط] করা, ঘেরাও করা, রক্ষা করা, দেখাশুনা করা

[হাঁতিব] জ্বালানিকাঠ সংগ্রহ- حَاطِب [حطب] কারী, কাঠুরিয়া, লাকড়িওয়ালা

[কা-হাঁতিবি লাইল] অন্ধের ন্যায়, كَحَاطِب لَيْل আন্দাজে, মনোযোগ না দিয়ে, চিন্তা-ভাবনা না করে

[হাঁতুম] খারাপ বছর, হজমসহায়ক খাদ্য حَاطُوم বা ঔষধ, হজমী

[হাঁফ] বেষ্টনকারী, ঘেরাওকারী, حَافّ [حفف] চারপাশে বিরাজমান, কুদৃষ্টিসম্পন্ন

[হাঁফা] প্রান্তে রাখা, حَافَ [ن] (حَوْف) [حوف] কিনারায় রাখা, পাশে রাখা

[হাঁফা] জুলুম حَافَ [ض] (حَيْف) [حيف] عَلَى করা, অত্যাচার করা, অন্যায় আচরণ করা

[হাঁফাহ] প্রান্ত, কিনার, حَافَة ج حَافَات [حوف] কিনারা, ধার, পার্শ্বদেশ

[হাঁফ্ফাহ] حَافَّة ج حَافَّات ، حَوَافّ [حفف] প্রান্ত, পার্শ্ব, কিনার, কিনারা, তীর

[হাঁফিদ] চাকর, حَافِد ج حَفَد ، حَفَدَة [حفد] সেবক, পরিচারক

[হাঁফির] খননকারী حَافِر [حفر]

[হাঁফির] (পশুর পায়ের) খুর, ক্ষুর حَافِر ج حَوَافِر

['আলাল হাঁফির] তাৎক্ষণিকভাবে, عَلَى الحَافِر সঙ্গে সঙ্গে, অবিলম্বে

[হাঁফিরাহ] পূর্বের অবস্থা, সূচনা, حَافِرَة [حفر] প্রাথমিক অবস্থা

[হাঁফিয] কারণ, কার্য- حَافِز ج حَوَافِز [حفز] কারণ, তাড়না, উদ্দীপনা, প্রেরণা, চালিকাশক্তি

[হাঁফাযা] حَافَظَ (مُحَافَظَة ، حِفَاظ) [حفظ] عَلَى সংরক্ষণ করা, তত্ত্বাবধান করা, যত্ন নেওয়া, রক্ষা করা, অব্যাহত রাখা, যথারীতি পালন করা

[হাঁফিয] حَافِظ ج حُفَّاظ ، حَفَظَة ، حَافِظُون

রক্ষক, তত্ত্বাবধায়ক, সংরক্ষণকারী, হেফাজতকারী, মুখস্থকারী, কোরআন মুখস্থকারী, হাফেজ

حَافِظَة ج حَوَافِظ ، حَافِظَات [حفظ] [হাফিযাহ] স্মরণশক্তি, স্মৃতিশক্তি, মানিব্যাগ, কৃপন, রশিদ

حَافِظَة ج حَافِظَات [حفظ] [হাফিযাহ] সংরক্ষণকারিণী, তত্ত্বাবধানকারিণী, মুখস্থকারিণী, (কোরআন) মুখস্থকারিণী, হাফেজা

حَافِل ج حَوَافِل ، حُفَّل [حفل] [হাফিল] প্রচুর, পর্যাপ্ত, বহুসংখ্যক, পূর্ণ, পরিপূর্ণ

حَافِلَة ج حَافِلَات ، حَوَافِل [حفل] [হাফিলাহ] বাস, যাত্রীবাহী বাস, অটোবাস, (রেলাগাড়ির) বগি, কোচ, ওয়াগন

حَافِي ، حَافٍ ج حُفَاة [حفو] [হাফী, হাফিন] পাদুকাবিহীন, নগ্নপদ, খালিপা, নালবিহীন (অশ্ব)

حَاقّ [حقق] [হাক] মধ্য, কেন্দ্র, মধ্যস্থল, কেন্দ্রস্থল

حَاقَ [ن] [ض] (حَوْق ، حَيْق) [حيق] بِ [হাকা] বেষ্টন করা, ঘিরে রাখা, আপতিত হওয়া, ঘটে যাওয়া

حَاقَ فِي [-- ফী] বিদ্ধ হওয়া, প্রভাব বিস্তার করা, প্রভাবিত করা

حَاقَّ (مُحَاقَّة) [حقق] [হাক্কা] অধিকার প্রতিষ্ঠার জন্য প্রতিযোগিতা করা, মকদ্দমা করা, আইনী লড়াই করা, মামলা লড়া

حَاقَّة ج حَاقَّات [حقق] [হাক্কাহ] নিশ্চিত বিষয়, অবশ্যম্ভাবী ব্যাপার, দুর্যোগ, প্রলয়, কেয়ামত

الْحَاقَّة [আল-হাক্কাহ] মহাপ্রলয়, কেয়ামত, শেষ বিচারের দিন, কেয়ামতের দিন, সূরা আল-হাক্কাহঃ পবিত্র কোরআনের ৬৯তম সূরা

حَاقِد ج حَقَدَة [حقد] [হাক্বিদ] বিদ্বেষী,হিংসুক, ঈর্ষাপরায়ণ

حَاقَلَ (مُحَاقَلَة) [حقل] [হাকালা] পূর্ণতাপ্রাপ্তির আগে ফসল বিক্রি করা

حَاقِل [حقل] [হাক্বিল] ক্ষেতমজুর, চাষী, কৃষক

حَاقِن [حقن] [হাক্বিন] পেশাব বন্ধ হয়ে আছে এমন, মূত্রবদ্ধতায় আক্রান্ত

حَاقِنَة ج حَوَاقِن [حقن] [হাক্বিনাহ] পাকস্থলি

حَاكَ [ن] (حَوْك ، حِيَاكَة) [حوك] [হাকা] বয়ন করা, বোনা, রচনা করা, তৈরী করা, চিন্তা করা, পরিকল্পনা করা

حَاكَ [ض] (حَيْك ، حَيَكَان) [حيك] [হাকা] গর্বভরে হাঁটা, অহঙ্কার নিয়ে চলা, প্রভাব বিস্তার করা, কার্যকর হওয়া

حَاكَّة ج حَوَاكّ [حكك] [হাক্কাহ] দাঁত, দন্ত

حَاكَمَ (مُحَاكَمَة) [حكم] [হাকামা] মামলা করা, মকদ্দমা করা, বিচার চাওয়া, আইনগত ব্যবস্থা নেওয়া

حَاكِم [حكم] [হাকিম] নির্দেশদানকারী, আদেশকারী, হুকুমদাতা

حَاكِم ج حُكَّام [হাকিম] *শাসক, শাসনকর্তা, প্রশাসক*, গভর্নর, বিচারক, হাকিম

حَاكِمِيَّة [حكم] [হাকিমিয়্যাহ] শাসন, শাসনক্ষমতা, কর্তৃত্ব

حَاكَى (مُحَاكَاة) [حكي] [হাকা] অনুকরণ করা, নকল করা, অনুরূপ হওয়া, একরকম হওয়া

حَاكِي ، حَاكٍ [حكي] [হাকী, হাকিন] বর্ণনাকারী, বর্ণনকারী, কথক, গ্রামোফোন

حَال (مث) ج أَحْوَال [حول] [হাল] অবস্থা, হাল, পরিস্থিতি, অবস্থান, বিষয়, ক্ষেত্র, সময়, বর্তমান

الْحَال [আল-হাল] বর্তমান কাল, আজকের দিন, এই মুহূর্ত, হালঃ (বাক্যে) অবস্থাবোধক শব্দ বা শব্দসমষ্টি (ব্যা)

حَالَ [হালা] তখনই, সঙ্গে সঙ্গে, সেই মুহূর্তেই

حَالاً، فِي الْحَال [হালান, ফিল-হাল] বর্তমানে, এখনই, তৎক্ষণাৎ, সঙ্গে সঙ্গে, অবিলম্বে

عَلَى كُلِّ حَال ['আলা কুল্লি হাল] যা হোক, যা-ই হোক না কেন, সর্বাবস্থায়, যে কোন অবস্থায়

حَالَمَا [হালামা] যখনই, যে মুহূর্তে, সঙ্গে সঙ্গে, তখনই, পরক্ষণেই

حَالّ [حلل] [হাল] সমাধানকারী, দ্রবীভূতকারী, অবতরণকারী, আগমনকারী, অবস্থানকারী, আগত, আপতিত

حَالَ [ن] (حَوْل، حُؤُول) [حول ، حيل] [হালা] পরিবর্তিত হওয়া, বদলে যাওয়া, রূপান্তরিত হওয়া, সমাপ্ত হওয়া, শেষ হয়ে যাওয়া, চলে যাওয়া, অতিবাহিত হওয়া

حَالَ (حَيْلُولَة) [حول] [হালা] বাধা সৃষ্টি করা, বাধা হওয়া, প্রতিবন্ধক হওয়া

حَالَ (حِيلَة) [حول ، حيل] [হাঁলা] প্রতারণা করা, প্রবঞ্চনা করা, কৌশল করা, চাতুরি করা

حَالِب ج حَلَبَة [حلب] [হাঁলিব] দুধ দোহনকারী

حَالِب ، حَالِبَة ج حَوَالِب [حلب] [হাঁলিব, হাঁলিবাহ] বৃক্ক থেকে মূত্রথলিতে মূত্রবহনকারী নালি, বৃক্কনালি, মূত্রনালি, ureter

حَالَة ج حَالَات [حول] [হাঁলাহ] অবস্থা, হালত, দশা, পরিস্থিতি, ক্ষেত্র, (ব্যাকরণে) কারক

حَالَة الطَّوَارِئ [হাঁলাতুত তওয়ারি'] জরুরী অবস্থা

حَالَفَ (مُحَالَفَة) [حلف] [হাঁলাফা] মৈত্রীচুক্তিতে আবদ্ধ হওয়া, মৈত্রীবন্ধ হওয়া, জোটবদ্ধ হওয়া, সঙ্গে সঙ্গে থাকা

حَالِق ج حُلَّق ، حَوَالِق [حلق] [হাঁলিক] উঁচু, উচ্চ, সুউচ্চ, উঁচু পাহাড়, সুউচ্চ পর্বত

حَالِقَة ج حَوَالِق [حلق] [হাঁলিক্বাহ] খারাপ কথা, খারাপ বছর, কঠিন বছর, মৃত্যু

حَالِك [حلك] [হাঁলিক] গাঢ় কালো, কয়লার মত কালো, কুচকুচে কালো

حَالِم [حلم] [হাঁলিম] স্বপ্নদ্রষ্টা, স্বাপ্নিক, স্বপ্নিল, স্বপ্নপ্রবণ, কাব্যিক

حَالُوق [حلق] [হাঁলূক] মৃত্যু, মরণ

حَالِي ج حَوَالِي [حلي] [হাঁলী] গয়না-পরিহিতা, অলঙ্কার-পরিহিতা

حَالِيّ [حول] [হাঁলী] বর্তমান, চলতি, বিদ্যমান, তাৎক্ষণিক, ক্ষণস্থায়ী, সাময়িক, অবস্থাসূচক

حَالِيًّا [হালিয়্যান] এখনই, তাৎক্ষণিকভাবে, সঙ্গে সঙ্গে, বর্তমানে, বর্তমান সময়ে

حَالِيَة ج حَوَالِي [حلي] [হাঁলিয়াহ] অলঙ্কার পরিহিতা, গয়না পরিহিতা

حَام [হাঁম] হামঃ নূহ (আ)-এর এক পুত্রের নাম

حَامَ [ن] (حَوْم) [حوم] [হাঁমা] বৃত্তাকারে ঘোরা, চক্কর দেওয়া, উড়তে থাকা, কামনা করা, তৃষ্ণার্ত হওয়া

حَامِد [حمد] [হাঁমিদ] প্রশংসাকারী, গুণগানকারী, শোকরকারী

حَامِض [حمض] [হাঁমিদ] টক, অম্ল, অম্লস্বাদ, চুকা, চুকো

حَامِل ج حَمَلَة [حمل] [হাঁমিল] বহনকারী, বাহী, বাহক, ধারক, ধারী, অধিকারী, মালিক, ওয়ালা

حَامِل ج حَوَامِل [حمل] [হাঁমিল] গর্ভবতী, গর্ভ-ধারিণী, স্ট্যান্ড, হ্যাংগার, হোল্ডার, র‍্যাক, খুঁটি, আড়া, ঠেকনা

حَامِل السَّوْط [হাঁমিলুস সাওত] (পার্লামেন্টে) হুইপ (whip)

حَامِلَة ج حَامِلَات ، حَوَامِل [حمل] [হাঁমিলাহ] বহনকারিণী, গর্ভধারিণী, গর্ভবতী

حَامِلَة الطَّائِرَات [হাঁমিলাতুত তা'ইরাত] বিমান বহনকারী জাহাজ, বিমানবাহী জাহাজ

حَامِلَة القَنَابِل [হাঁমিলাতুল ক্বানাবিল] বোমারু বিমান

حَامُولَة ج حَوَامِيل [হাঁমূলাহ] ঢল, প্রবাহ, স্রোত

حَامَى (مُحَامَاة) [حمي] عَنْ [হাঁমা] রক্ষা করা, পক্ষ সমর্থন করা, সাহায্য করা, ওকালতি করা

حَامَى عَلَى [-- 'আলা] অভ্যর্থনা জানানো

حَامِي ، حَام مث حَامِيَة [حمي] [হাঁমী, হাঁমিন] গরম, উষ্ণ, উত্তপ্ত, তীব্র, প্রচণ্ড, কঠোর

حَامِي ، حَام ج حُمَاة [حمي] [হাঁমী, হাঁমিন] রক্ষাকারী, রক্ষক, পৃষ্ঠপোষক, সহায়ক, প্রজননের জন্য ব্যবহৃত উট

حَامِيَة ج حَامِيَات ، حَوَامِي [حمي] [হাঁমিয়াহ] রক্ষিকা, পৃষ্ঠপোষিকা, দুর্গ, ব্যূহ, গ্যারিসন

حَان [حين] [হাঁন] মদের দোকান, মদ্যশালা

حَانَ [ض] (حَيْن) [حين] [হাঁনা] কাছে আসা, নিকটবর্তী হওয়া, ঘনিয়ে আসা, উপস্থিত হওয়া

حَانَاة [حنو] [হাঁনাত] দোকান, মদের দোকান

حَانَة [حين] [হাঁনাহ] মদের দোকান, মদ্যশালা

حَانِث [حنث] [হাঁনিছ] শপথভঙ্গকারী

حَانِق [حنق] [হাঁনিক] ক্রুদ্ধ, বিরক্ত, বিদ্বেষী

حَانُوت ج حَوَانِيت [হাঁনূত] দোকান, পণ্যশালা, আপণ, বিপণী, মদের দোকান

حَانُوتِيّ ج حَانُوتِيَّة [হাঁনূতী] দোকানের মালিক, দোকানদার, দোকানী, পণ্যবিক্রেতা, মদের দোকানদার

حَانَوِيّ ، حَانِيّ [হাঁনাবী, হাঁনী] দোকানসম্বন্ধীয়, দোকানী, দোকানের মালিক, দোকানদার

حَانِيَة ج حَوَانِي [হাঁনিয়াহ] দোকান, পণ্যশালা

حَانِيَّة [حنو] [হাঁনিয়্যাহ] মদ, মদবিক্রেতাগণ

حَاوَرَ (مُحَاوَرَة ، حِوَار) [حور] [হাঁওয়ারা] কথা-বার্তা বলা, কথোপকথন করা, আলোচনা করা, বিতর্ক করা

حَاوَشَ (مُحَاوَشَة) [حوش] عَلَى [হাঁওয়াশা] প্রণোদিত করা, প্ররোচিত করা, উৎসাহ দেওয়া

حَاوَصَ (مُحَاوَصَة) [حوص] [হাঁওয়াছা] আড়-চোখে দেখা, বক্রদৃষ্টি দেওয়া, লুকিয়ে দেখা

حَاوَطَ (مُحَاوَطَة) [حوط] [হাঁওয়াতা] কৌশলে পরাজিত করা, বোকা বানানোর চেষ্টা করা, প্রতারিত করা, বিপথগামী করা

حَاوَلَ (مُحَاوَلَة) [حول] [হাঁওয়ালা] চেষ্টা করা, প্রচেষ্টা চালানো, প্রয়াস চালানো, উদ্যোগ নেওয়া

حَاوِي ، حَاوٍ ج حُوَاة [حوي] [হাঁবী, হাঁবিন] সাপুড়িয়া, সাপুড়ে, ঐন্দ্রজালিক, ভেলকিবাজ, শামিলকারী, অন্তর্ভুক্তকারী

حَاوِيَة [حوي] [হাঁবিয়াহ] পণ্য পরিবহণের বড় বাক্স বা আধার, কন্টেইনার

حَايَدَ (مُحَايَدَة ، حِيَاد) [حيد] عَنْ [হাঁয়াদা] দূরে থাকা, এড়িয়ে যাওয়া, নিরপেক্ষ থাকা, নিরপেক্ষ করা

حَوْوَل [حول] [হা'উল] দুই বছর পর পর আসে এমন, দুই বছর স্থায়ী, দ্বিবার্ষিক

حُؤُول [حول] [হু'উল] পরিবর্তন, বাধাদান, বাধা, প্রতিবন্ধকতা

حَبّ ج حُبُوب [হাব্] দানা, কণা, বীজ, বীজ-কণা, শস্যদানা, গুটি, বড়ি

حَبّ الشَّبَاب [হাব্বুশ শাবাব] (মুখমণ্ডলের) ব্রণ

حَبّ العَرُوس [হাব্বুল 'আরূস] কাবাবচিনি

حَبّ العَزِيز [হাব্বুল 'আযীয] চীনাবাদাম

حَبّ الغَمَام ، حَبّ المُزْن [হাব্বুল গামাম, হাব্বুল মুয্ন] শিল, শিলা, করকা

حَبّ المِسْك [হাব্বুল মিস্ক] বেগুনী-লাল রঙের ফুলবিশেষ, সুগন্ধ গুল্মবিশেষ, musk mallow

حَبّ الهَال [হাব্বুল হাল] এলাচির দানা, এলাচি, এলাচ

حَبَّ [ض] (حِبّ ، حُبّ) [হাব্বা] ভালবাসা, পছন্দ করা, চাওয়া, ইচ্ছা করা

حِبّ ج أَحْبَاب ، حِبَّان [হিব্] প্রিয়জন, বান্ধব, বন্ধু, দোস্ত, প্রেমিক

حُبّ [হুব্] প্রেম, প্রীতি, ভালবাসা, প্রণয়, বন্ধুত্ব, হৃদ্যতা, পছন্দ, আসক্তি, ঝোঁক, প্রবণতা, ইচ্ছা, আগ্রহ

حُبّ الاسْتِطْلَاع [হুব্বুল ইস্তিত্লা'] কৌতূহল, ঔৎসুক্য, জানার আগ্রহ, জানার ইচ্ছা

حُبّ الذَّات [হুব্বুয যাত] আত্মপ্রীতি, স্বার্থপরতা

حُبّ الغَيْر [হুব্বুল গাইর] পরার্থপরতা, নিঃস্বার্থতা

حُبّ الوَطَن [হুব্বুল ওয়াতন] দেশপ্রেম, স্বদেশ-প্রেম

حَبَا [ن] (حَبْو) [حبو] [হাবা] নিকটবর্তী হওয়া, কাছাকাছি হওয়া, হামাগুড়ি দিয়ে চলা, চার হাত-পায়ে ভর দিয়ে চলা, উপুড় হয়ে হাঁটা, ক্রলিং করা

حَبَا بِ [-- বি] দান করা, উপহার দেওয়া, অনুদান দেওয়া

حِبَاء ج أَحْبِيَة [حبو] [হিবা'] পক্ষপাত, পক্ষ-পাতিত্ব, আনুকূল্য, মোহরানা, দান, উপহার

حَبَاب [حبب] [হাবাব] বুদ্বুদ, ফেনা, উদ্দেশ্য, লক্ষ্য

حُبَاب [حبب] [হুবাব] প্রেম, ভালবাসা, প্রিয়, প্রিয়জন, সাপ

حُبَاحِب [حبحب] [হুবাহিব] জোনাকি, স্ফুলিঙ্গ

حَبَار ج حَبَارَات [হাবার] চিহ্ন, দাগ

حَبَّار [حبر] [হাব্বার] কালিবিক্রেতা, একপ্রকার মাছ, cuttlefish

حُبَارَى ج حُبَارَيَات [হুবারা] দ্রুত দৌড়াতে পারে এমন বৃহদাকার পাখিবিশেষ, bustard

حَبَّاك [حبك] [হাব্বাক] বয়নকারী, বয়নশিল্পী, তাঁতী, বাবুইপাখি

حِبَاك ج حُبُك [হিবাক] কটিবন্ধ, রাস্তা, পথ, বেড়া, (আকাশে) তারকাদের পথ

حِبَاكَةٌ [حبك] [হিবাকাহ] বয়ন, বুনন

حَبَّال [حبل] [হাব্বাল] দড়ি প্রস্তুতকারী, দড়ি বিক্রেতা, দড়িওয়ালা

حِبَالَةٌ ج حَبَائِل [حبل] [হিবালাহ] জাল, ফাঁদ, ফাঁস, রশি, দড়ি

حَبَب [হাবাব] ফুসকুড়ি, ফোসকা, বুদ্বুদ, ফেনা

حَبُبَ [ن] (حُبّ ، حِبّ) [হাবুবা] প্রিয় হওয়া, পছন্দনীয় হওয়া

حَبَّبَ (تَحْبِيب) [حبب] [হাব্বাবা] প্রিয় করা, পছন্দনীয় করা, (শস্যে) দানা হওয়া, বীচি হওয়া

حَبَّةٌ ج حَبَّات [حبب] [হাব্বাহ] দানা, শস্যদানা, কণা, বীজকণা, বীচি, গুটি, বড়ি, টা, একটা, ফুসকুড়ি, ফোসকা, ফোড়া

حُبَّةٌ ج حُبَب [حبب] [হুব্বাহ] প্রিয়, প্রিয়জন, প্রেম, ভালবাসা, আঙ্গুর আপেল ইত্যাদির বীচি

حَبْحَاب ج حَبَاحِب [হাব্হাব] ক্ষীণকায়, দুর্বল, খাট, কুৎসিত, কুস্বভাব

حَبْحَب [হাবহাব] অল্প প্রবাহ, দুর্বল, ক্ষীণকায়

حَبْحَب ، حَبْحَبَة [হাব্হাব, হাব্হাবাহ] তরমুজ, খরবুজা

حَبْحَبَ (حَبْحَبَة) [হাব্হাবা] (পানি) অল্প অল্প করে প্রবাহিত হওয়া, একটি একটি করে সংগ্রহ করা, (আগুন) জ্বলা, (উট) তাড়িয়ে নেওয়া, দুর্বল হওয়া

حَبَّذَ (تَحْبِيذ) [حبذ] [হাব্বাযা] বাহবা দেওয়া, শাবাশ দেওয়া, প্রশংসা করা, সমর্থন করা, অনুমোদন করা, পক্ষাবলম্বন করা, পক্ষে মত দেওয়া

حَبَّذَا [হাব্বাযা] বাঃ, শাবাশ! সুন্দর! চমৎকার!

حَبَّذَا لَوْ [হাব্বাযা লাও] হলে কত ভাল হত!

حَبْر ج حُبُور [হাব্র] (খ্রীষ্টান) যাজক, বিশপ, শিক্ষিত লোক, জ্ঞানী লোক, পণ্ডিত

الحَبْر الأَعْظَم [আল-হাব্রুল আ'যম] প্রধান যাজক, পোপ

حَبَر [হাবার] আনন্দ, খুশি, প্রফুল্লতা, উৎফুল্লতা

حَبَرَ [ن] (حَبْر) [হাবারা] উৎফুল্ল করা, আনন্দিত করা, খুশী করা, সুখী করা, সম্মানিত করা, সুন্দর করা

حَبِرَ [س] (حَبَر ، حُبُور) [হাবিরা] আনন্দিত হওয়া, উৎফুল্ল হওয়া, খুশী হওয়া

حَبَّرَ (تَحْبِير) [حبر] [হাব্বারা] সুসজ্জিত করা, সুন্দর করা, অলংকৃত করা, লেখা, রচনা করা, কালি দেওয়া, কালি ভরা

حِبْر ج حُبُور [হিব্র] (লেখার) কালি, মসি, দাগ, কলঙ্ক

حِبْر ج أَحْبَار [হিব্র] শিক্ষিত লোক, জ্ঞানী লোক, পণ্ডিত, (খ্রীষ্টান) বিশপ, যাজক

الحِبْر الأَعْظَم [আল-হিব্রুল আ'যম] প্রধান যাজক, পোপ

حَبْرَة [হাব্রাহ] আনন্দ, সুখ, সমৃদ্ধি

حَبَرَة ، حِبَرَة [হাবারাহ, হিবারাহ] মহিলাদের চাদরবিশেষ, বোরকা, নেকাব

حَبْس [হাব্স] বন্দীকরণ, আটককরণ, বন্দিত্ব, বন্দীদশা, আটকাবস্থা, গ্রেফতারি, বদ্ধতা, রুদ্ধতা

حَبْس ج حُبُوس [হাব্স] কারাগার, বন্দীশালা, জেলখানা

حَبَسَ [ض] (حَبْس ، مَحْبَس) [হাবাসা] বন্দী করা, আটক করা, গ্রেফতার করা, জেলে রাখা, আটকে রাখা, ধরে রাখা, ওয়াক্‌ফ করে দেওয়া

حَبَسَ عَنْ [-- 'আন] বিরত রাখা, বাধা দেওয়া

حَبَّسَ (تَحْبِيس) [حبس] [হাব্বাসা] ধরে রাখা, আটকে রাখা, ওয়াক্‌ফ করে দেওয়া

حُبْس ، حُبُس [হুব্বাস, হুবুস ] ওয়াক্‌ফ সম্পত্তি

حُبْسَة [হুব্সাহ] বাকরুদ্ধতা

حَبَش [হাবাশ] আবিসিনীয় জাতি, ইথিওপীয় জাতি, তুর্কী মোরগ, টার্কি

حَبَشَ [ن] (حَبْش ، حُبَاشَة) [হাবাশা] সঞ্চয় করা, জমা করা, উপার্জন করা

حَبَّشَ (تَحْبِيش) [حبش] [হাব্বাশা] জমা করা, সঞ্চয় করা

حَبَشَة [হাবাশাহ] আবিসিনীয় জাতি, ইথিওপীয় জাতি

الحَبَشَة [আল-হাবাশাহ] আবিসিনিয়া, ইথিওপিয়া (দেশ)

حَبَشِيّ ج حُبْشَان [হাবাশী] আবিসিনীয়, ইথিও-

পীয়

[আল-হাবাশিয়্যাহ] ইথিওপিয়ান ভাষা الحَبَشِيَّة

[হাবাতা] নষ্ট হওয়া, حَبَطَ [ض] (حَبْط ، حُبُوط) নিস্ফল হওয়া, বিফল হওয়া, ব্যর্থ হওয়া

[হাবিতা] নিস্ফল হওয়া, ব্যর্থ حَبِطَ [س] (حَبَط) হওয়া, বিফল হওয়া, নষ্ট হওয়া

[হাবাক] তুলসী গাছ, basil حَبَق

[হাবক] বয়ন, বুনন, পাক, বাঁধাই حَبْك

[হাবাকা] বোনা, বয়ন حَبَكَ [ن] [ض] (حَبْك) করা, সুন্দরভাবে তৈরী করা, পাকানো, বেণী করা, শক্ত করা, বাঁধাই করা

[হাব্বাকা] পাকানো, حَبَّكَ (تَحْبِيك) [حبك] শক্ত করা, দৃঢ় করা, শক্ত করে বাঁধা

[হাব্‌কাহ] বুনন, গঠন, কাঠামো, নকশা, حَبْكَة দৃঢ়তা, (নাটক ইত্যাদির) মূল কাহিনীসূত্র, প্লট

[হুব্‌কাহ] বেল্ট, বন্ধনী, বেষ্টনী حُبْكَة ج حُبَك

[হাব্‌ল] দড়ি, কাছি, রশি, حَبْل ج حِبَال ، حُبُول রজ্জু, সুতা, তন্তু

[হাবলুল ওয়ারীদ] শাহরগ, ঘাড়ের حَبْل الوَرِيد রগ

[আলক্বাল হাবলা أَلْقَى الحَبْلَ عَلَى الغَارِب 'আলাল গারিব] রশি কাঁধে রেখে দেওয়াঃ লাগাম ছেড়ে দেওয়া, স্বাধীনতা দেওয়া, মুক্তি দেওয়া

[হাবাল] গর্ভ, পেটের বাচ্চা, ভ্রূণ حَبَل

[হাবালা] রশি দিয়ে বাঁধা, জালে حَبَلَ [ن] (حَبْل) ফেলা

[হাবিলাত] গর্ভধারণ করা, حَبِلَتْ [س] (حَبَل) গর্ভবতী হওয়া

[হাব্বালা] গর্ভবতী করা حَبَّلَ (تَحْبِيل) [حبل]

[হাব্‌লান] পরিপূর্ণ, রাগান্বিত حَبْلَان [حبل]

[হাব্‌লানাহ] গর্ভবতী, গর্ভধারিণী حَبْلَانَة [حبل]

[হুব্‌লা] গর্ভবতী, গর্ভ- حُبْلَى ج حَبَالَى [حبل] ধারিণী

[হাব্‌ন] করবীজাতীয় একপ্রকার চিরহরিৎ حَبْن গাছ, oleander

[হাবান] শোথ (রোগ) حَبَن

[হিব্‌ন] ফোড়া, পুঁজযুক্ত ক্ষত, حِبْن ج حُبُون বানর

[হাব্বাহান] এলাচ, এলাচি, এলাচ-দানা, حَبَّهَان এলাচির দানা

[হাব্‌ও] হামাগুড়ি, crawling حَبْو

[হাব্‌ওয়াহ, হিব্‌ওয়াহ, حَبْوَة ، حِبْوَة ، حُبْوَة হুব্‌ওয়াহ] দান, উপহার

[হুবূর] আনন্দ, খুশি, প্রফুল্লতা, حُبُور [حبر] উৎফুল্লতা

[হুবূরাহ] নেতৃত্ব, যাজকের কাজ حُبُورَة [حبر]

[হাবূস] ওয়াক্‌ফ সম্পত্তি حَبُوس [حبس]

[হুবূত] ব্যর্থতা, নিরাশা, বিফলতা, حُبُوط [حبط] নিস্ফলতা

[হাবী] ভূমির কাছাকাছি ঘন মেঘ حَبِيّ [حبو]

[হুব্বী] প্রেম-বিষয়ক, ভালবাসা-সম্বন্ধীয়, حُبِّي প্রণয়মূলক, বন্ধুত্বপূর্ণ, হৃদ্যতাপূর্ণ, আন্তরিক

[হুব্বিয়্যান] বন্ধুত্বপূর্ণভাবে, হৃদ্যতাপূর্ণভাবে, حُبِّيًّا আন্তরিকভাবে

[হাবীব] বন্ধু, حَبِيب ج أَحِبَّاء ، أَحِبَّة [حبب] সুহৃদ, প্রিয়জন, প্রিয়তম, প্রেমিক

[হাবীবাহ] حَبِيبَة ج حَبِيبَات ، حَبَائِب [حبب] প্রিয়া, প্রিয়তমা, প্রেমিকা, বান্ধবী

[হুবাইবাহ] ছোট حُبَيْبَة ج حُبَيْبَات [حبب] দানা, কণা, ছোট ফোড়া, ব্রণ

[হাবীর] নকশী বস্ত্র, নতুন حَبِير ج حُبُر [حبر] (কাপড়), নরম (বিছানা), রঙ্গীন মেঘ

[হাবীস] আটককৃত, বাধাপ্রাপ্ত, حَبِيس [حبس] রুদ্ধ, ওয়াকফ্‌কৃত

[হাবীস] কয়েদী, বন্দী, حَبِيس ج حُبَسَاء [حبس] সন্ন্যাসী

[হাবীসাহ] ওয়াকফ حَبِيسَة ج حَبَائِس [حبس] সম্পত্তি, গলার চেইন

[হাবীক] বয়নকৃত, পাকানো, শক্ত حَبِيك [حبك] করে বাঁধা, সুদৃঢ়

[হাবীকাহ] حَبِيكَة ج حَبَائِك ، حُبُك [حبك] চুলের গুচ্ছ, কেশগুচ্ছ, (আকাশে) তারাদের পথ

[হাবীন] করবীজাতীয় একপ্রকার চিরহরিৎ حَبِين

গাছ, oleander

حَتَّ [ن] (حَتّ) [হাত্তা] ঘষে উঠানো, ছাল তোলা, চাঁছা, খেয়ে ফেলা, ক্ষয় করে ফেলা

حُتَات [হুতাত] ছড়িয়ে যাওয়া অংশ, ভাঙ্গা খণ্ড, টুকরা, খাদ্যের টুকরা

حِتَار ج حُتُر [হিতার] পার্শ্ব, প্রান্ত, কিনারা, বেড়, পরিধি, কাঠামো

حَتَّامَ؟ (حَتَّى) [হাত্তামা] কোন্ পর্যন্ত? কতক্ষণ পর্যন্ত?

حَتِد [হাতিদ] খাঁটি, উৎকৃষ্ট বংশোদ্ভূত, সদ্বংশীয়

حَتِدَ [س] (حَتَد) [হাতিদা] খাঁটি হওয়া, উৎকৃষ্ট বংশোদ্ভূত হওয়া, সদ্বংশীয় হওয়া

حَتْف ج حُتُوف [হাত্ফ] মৃত্যু, মরণ

لَقِيَ حَتْفَهُ [লাক্বিয়া হাত্ফাহু] মৃত্যুমুখে পতিত হওয়া, মরে যাওয়া, মারা যাওয়া, ইন্তেকাল করা

مَاتَ حَتْفَ أَنْفِهِ [মাতা হাত্ফা আন্ফিহী] স্বাভাবিকভাবে মারা যাওয়া, স্বাভাবিক মৃত্যু হওয়া

حَتْم [হাত্ম] বাধ্যতামূলককরণ, আরোপকরণ

حَتْم ج حُتُوم [হাত্ম] সিদ্ধান্ত, রায়, সঙ্কল্প

حَتَمَ [ض] (حَتْم) [হাতামা] বাধ্যতামূলক করা, আরোপ করা, চাপিয়ে দেওয়া, সিদ্ধান্ত করা

حَتَّمَ (تَحْتِيم) [حتم] [হাত্তামা] বাধ্যতামূলক করা, আরোপ করা, চাপিয়ে দেওয়া, সিদ্ধান্ত করা

حَتْمًا [হাত্মান] আবশ্যিকভাবে, অপরিহার্যভাবে, নিশ্চিতরূপে

حُتْمَة [হুত্মাহ] কালো রং

حَتْمِيّ [হাত্মী] অপরিহার্য, আবশ্যিক, নিশ্চিত, চূড়ান্ত

حَتْمِيَّة [حتم] [হাত্মিয়্যাহ] আবশ্যিকতা, অপরিহার্যতা, প্রয়োজনীয়তা, নিশ্চিত অবস্থা, নিশ্চয়তা

حَتَّى [হাত্তা] পর্যন্ত, যতক্ষণ না, যাহাতে, যাতে, এমনকি, সঙ্গে, সমেত, সহ

حَتَّى لَوْ [হাত্তা লাও] যদিও, সত্ত্বেও

حَتَّامَ؟ [হাত্তামা] কোন্ পর্যন্ত? কতক্ষণ পর্যন্ত?

حَثّ [হাছ্ছ] প্ররোচনা, অনুপ্রেরণা, উৎসাহপ্রদান, অনুপ্রেরণাদান, উৎসাহ, উত্তেজনা

حَثَّ [ن] (حَثّ) [হাছ্ছা] প্ররোচিত করা, উত্তেজিত করা, উৎসাহিত করা, অনুপ্রাণিত করা

حَثَا [ن] (حَثْو) [حثو] [হাছা] ছড়িয়ে দেওয়া, নিক্ষেপ করা, সামান্য দেওয়া, কার্পণ্য করা

حَثَا فِي وَجْهِهِ التُّرَابَ [হাছা ফী ওয়াজ্হিহিত তুরাবা] মুখে ধুলো নিক্ষেপ করা, আগে যাওয়া, পিছনে ফেলা

حَثَا فِي وَجْهِهِ الرَّمَادَ [হাছা ফী ওয়াজহিহির রমাদা] মুখে ছাই নিক্ষেপ করা, লজ্জিত করা, লজ্জা দেওয়া, লজ্জায় ফেলা

حَثَاث ، حِثَاث [حثث] [হাছাছ, হিছাছ] ত্বরা, দ্রুততা, হালকা নিদ্রা

حُثَالَة [حثل] [হুছালাহ] বর্জিতাংশ, আবর্জনা, তলানি, গাদ

حَثَّثَ (تَحْثِيث) [حثث] [হাছ্ছাছা] উৎসাহিত করা, অনুপ্রাণিত করা, প্ররোচিত করা

حَثِر [হাছির] ফুলে উঠেছে এমন, গুটি উঠেছে এমন, দানাযুক্ত

حَثِرَ [س] (حَثَر) [হাছিরা] (চামড়া) ফুলে ওঠা, গুটি ওঠা, দানা ওঠা

حَثَل [হাছল] পুষ্টির অভাব, অপুষ্টি

حَثُوث [হাছূছ] ত্বরিৎ, দ্রুত, ক্ষিপ্র, ত্বরাপ্রবণ

حَثَى ج حَثَوَات ، حَثَيَات [হাছা] নিক্ষিপ্ত বস্তু, খড়কুটা

حَثَى [ض] (حَثْي) [حثي] [হাছা] নিক্ষেপ করা, ছড়িয়ে দেওয়া

حَثِيث [حثث] [হাছীছ] দ্রুত, ক্ষিপ্র, ত্বরিত, লোভী, কামনাকারী

حَثِيثًا [হাছীছান] তাড়াতাড়ি, দ্রুত, ত্বরিত, জলদি

حَجّ ، حِجّ [হাজ্জ, হিজ্জ] হজ্জঃ পুণ্যভূমি মক্কায় সমাবেশভিত্তিক মুসলমানদের অন্যতম প্রধান ইবাদত

الْحَجّ [আল-হাজ্জ] সূরা আল-হাজ্জঃ পবিত্র কোরআনের ২২তম সূরা

حَجَّ [ن] (حَجّ) [হাজ্জা] হজ্জ করা, উদ্দেশ্য করা, ইচ্ছা করা, গমন করা, বিতর্কে পরাজিত করা, যুক্তিতর্কে জয়ী হওয়া

حَجَا [ن] (حَجْو) [حجو] بِ [হাজা] ভাল চিন্তা

করা, ভাল ধারণা পোষণ করা

[হিজা] বুদ্ধিমত্তা, প্রজ্ঞা, حِجًا ج أَحْجَاء [حجو] বিচক্ষণতা

[হিজাব] আবরণ, حِجَاب ج حُجُب [حجب] আচ্ছাদন, পর্দা, ঘোমটা, বোরকা, হেজাব, তাবিজ

[হিজাবাহ] দারোয়ানের কাজ, حِجَابَة [حجب] গৃহরক্ষকের পেশা

[হাজাজ] (চোখের) حَجَاج ج حِجَاج ، أَحِجَّة কোটর, গর্ত, অক্ষিকোটর, ভ্রূর হাড়

[হিজাজ] তর্কাতর্কি, বাদানুবাদ, حِجَاج [حجج] তর্ক, বিতর্ক, ঝগড়াঝাঁটি

[হাজ্জার] প্রস্তরশিল্পী, ভাস্কর, حَجَّار [حجر] পাথরওয়ালা

[হাজ্জারাহ] পাথর কাটার যন্ত্র حَجَّارَة [حجر]

[হিজায] রশি, দড়ি, কটিবন্ধ حِجَاز [حجز]

[আল-হিজায] হেজাযঃ লোহিত সাগরের الحِجَاز পূর্ব উপকূলবর্তী আরব অঞ্চল

[হাজ্জাম] হাজ্জামঃ যে শিঙা দিয়ে حَجَّام [حجم] রক্ত টানে বা শিঙা লাগায়

[হিজাম] পশু যাতে কামড়াতে না حِجَام [حجم] পারে সে জন্য তার মুখে লাগানো জালতি, মুখচ্ছদ

[হিজামাহ] শিঙা লাগানোর কাজ, حِجَامَة [حجم] পশু যাতে কামড়াতে না পারে সে জন্য তার মুখে লাগানো জালতি, মুখচ্ছদ

[হাজাবা] ঢেকে حَجَبَ [ن] (حَجْب ، حِجَاب) রাখা, আবৃত করা, আড়ালে রাখা, লুকিয়ে রাখা

[হাজাবা বাইনা] দূরে রাখা, আলাদা حَجَبَ بَيْنَ করা, পৃথক করা

[হাজ্জাবা] ঢেকে حَجَّبَ (تَحْجِيب) [حجب] রাখা, আবৃত করা, আড়ালে রাখা, লুকিয়ে রাখা

[হাজ্জাহ] কানের লতি, কানের حَجَّة [حجج] দুল, হজ্জ

[হিজ্জাহ] حِجَّة ج حِجَج ، حِجَّات [حجج] হজ্জ, বছর, বৎসর, বর্ষ

[হুজ্জাহ] حُجَّة ج حُجَج ، حُجَّات [حجج] যুক্তি, প্রমাণ, দলিল, সনদ, নথি, প্রতিবাদ, হুজ্জত, কৈফিয়ত, নির্ভরযোগ্য সূত্র, কর্তৃত্ব, অভিজ্ঞ ব্যক্তি, বিশেষজ্ঞ

[হাজ্‌র] নিষেধ, নিষিদ্ধ, (মানুষের) কোল حَجْر

[হাজার] حَجَر ج أَحْجَار ، حِجَار ، حِجَارَة পাথর, প্রস্তর, পাষাণ, শিলা

[হাজার আসাসী] ভিত্তিপ্রস্তর حَجَر أَسَاسِيّ

[হাজারুল জীর, حَجَر الجِير ، حَجَر جِيرِيّ হাজার জীরী] চুনাপাথর

[আল-হাজারুল আস্‌ওয়াদ] হজরে الحَجَر الأَسْوَد আসওয়াদঃ পবিত্র কাবাঘরের দেয়ালের কোণায় স্থাপিত কালো পাথর

[হাজারুল ফালাসিফাহ] পরশ- حَجَر الفَلَاسِفَة পাথর, পরশমণি

[হাজারুল কাদ্দাহাহ] চকমকি حَجَر القَدَّاحَة পাথর

[হাজারুল কামার] চন্দ্রশিলা, চন্দ্র- حَجَر القَمَر কান্তমণি

[হাজার কারীম] মূল্যবান পাথর, রত্ন, حَجَر كَرِيم মণি

[হাজারুন নার] চকমকি পাথর حَجَر النَّار

[হাজারা] বাধা حَجَرَ [ن] (حَجْر ، حِجْر) عَلَى দেওয়া, নিষেধ করা, নিষিদ্ধ করা, বিধিনিষেধ আরোপ করা

[হাজ্জারা] পাথরে পরি- حَجَّرَ (تَحْجِير) [حجر] ণত করা, পাথরের মত শক্ত করা, ফসিলে (fossil) পরিণত করা

[হাজির] পাথরের মত শক্ত, প্রস্তরীভূত, حَجِر নুড়িবহুল, প্রস্তরময় (স্থান), প্রাচীন

[হিজ্‌র] নিষিদ্ধ, অবৈধ حِجْر

[হিজ্‌র] বক্ষ, কোল, حِجْر ج أَحْجَار ، حُجُور ক্রোড়, (সাপের) গর্ত, মন, বুঝ, বুদ্ধি, বাধা

[আল-হিজ্‌র] সূরা আল-হিজরঃ পবিত্র الحِجْر কোরআনের ১৫শ সূরা

[হুজ্‌র] নিষিদ্ধ, অবৈধ, (মানুষের) কোল حُجْر

[আল-হুজুরাত] সূরা আল-হুজুরাতঃ الحُجُرَات পবিত্র কোরআনের ৪৯তম সূরা

[হুজরাহ] প্রকোষ্ঠ, حُجْرَة ج حُجَر ، حُجُرَات কক্ষ, কামরা, হুজরা, মহল, কেবিন

[হাজারী] পাথর-বিষয়ক, পাথরের তৈরী, حَجَرِيّ

পাথরের, প্রস্তর-

الْعَصْر الْحَجَرِيّ [আল-'আছ্‌রুল হাজারী] প্রস্তর-যুগ

حَجْز [হাজ্‌য] বিরতকরণ, বাধাদান, বন্দীকরণ, আটককরণ, আটক, গ্রেফতার, হাজত, (আসন) সংরক্ষণ, বুকিং

حَجَزَ [ن] [ض] (حَجْز) [হাজাযা] বাধা দেওয়া, বিরত রাখা, আটকানো, বন্ধ করা, আটক করা, ক্রোক করা, বন্দী করা, (আসন) সংরক্ষণ করা, বুক করা

حَجَزَ بَيْنَ [-- বাইনা] পৃথক করা, আলাদা করা, দূরে রাখা

حَجَزَ عَلَى [-- 'আলা] আটক করা, স্থগিত রাখা

حَجْل ج حُجُول ، أَحْجَال [হাজ্‌ল] (পায়ের) মল, পাঁইজোর, গুল্‌ফবন্ধনী, নূপুর, ঘোড়ার পায়ের সাদা রং

حَجَل ج حِجَال ، حِجْلَان ، حَجْلَى [হাজাল] লাল রঙের ঠোঁট ও পা-বিশিষ্ট একজাতীয় পাখি যা পাহাড়ী অঞ্চলে ঝাঁক বেঁধে থাকে

حَجَلَ [ن] [ض] (حَجْل ، حَجَلَان) [হাজালা] লাফ দেওয়া, লম্ফ দেওয়া, লাফ মারা, লাফালাফি করা

حَجَّلَ (تَحْجِيل) [حجل] [হাজ্জালা] বাসরঘরে দেওয়া, কনের আসন বানানো, কনেকে তার আসনে বসানো

حِجْل ج حُجُول ، أَحْجَال [হিজ্‌ল] (পায়ের) মল, পাঁইজোর, গুল্‌ফবন্ধনী, নূপুর, ঘোড়ার পায়ের সাদা রং

حَجَلَة ج حِجَال [হাজালাহ্‌] কনের আসন, বাসর

رَبَّات الحِجَال [রব্বাতুল হিজাল] স্ত্রীলোক, নারী, মহিলা, রমণী

حَجْم ج حُجُوم ، أَحْجَام [হাজ্‌ম] আকার, সাইজ, আয়তন, পরিমাণ

حَجَمَ [ن] (حَجْم) [হাজামা] শিঙা লাগানো

حَجَنَ [ض] (حَجْن) [হাজানা] বাঁকানো, বাঁকা করা, নোয়ানো

حَجَّنَ (تَحْجِين) [حجن] [হাজ্জানা] নোয়ানো, বাঁকানো, বাঁকা করা

حُجْن [হুজ্‌ন] বক্র, বাঁকা, নত (أَحْجَن-এর বহু-বচন)

قَضِيَّة ج قَضَايَا [قضي] [ক্বাদিয়্যাহ্] বিচার, রায়, মকদ্দমা, বিষয়, ব্যাপার, সমস্যা

قَضِيض [قضض] [ক্বাদীদ] নুড়ি, কঙ্কর, কাঁকর, কঙ্করযুক্ত, সকল, সব

قَضِيضُهُمْ ، قَضِيضَهُمْ [ক্বাদীদুহুম, ক্বাদীদহুম] তারা সকলে

بِقَضِيضِهِمْ [বি-ক্বাদীদিহিম] তারা সকলে

قَطْ [ক্বাত] কেবলমাত্র, শুধুমাত্র, আর নয়

قَطَّ [ن] (قَطّ) ক্বাত্তা] কাটা, ছেঁটে দেওয়া, ধারালো করা, তীক্ষ্ণাগ্র করা, চোখা করা

قَطُّ [ক্বাত্তু] আদৌ, মোটেও, কখনো, কিছুতেই

قِطّ ج قِطَاط ، قِطَطَة [ক্বিত্] বিড়াল, মার্জার

قِطّ ج قُطُوط [ক্বিত্] অংশ, ভাগ, প্রাপ্য, পাওনা

قِطَار ج قِطَارَات ، قُطُر [ক্বিতার] রেলগাড়ি, ট্রেন, কাফেলা, কনভয় (convoy), মিছিল

قِطَار سَرِيع [ক্বিতার সারী'] দ্রুতগামী ট্রেন, এক্স-প্রেস ট্রেন

قَطَّارَة [قطر] [ক্বাত্তারাহ্] ফোঁটা ফোঁটা করে ফেলার যন্ত্রবিশেষ, ড্রপার (dropper)

قُطَارَة [قطر] [কুতারাহ্] ফোঁটায় ফোঁটায় পড়ে এমন তরল পদার্থ, সামান্য পানি

قَطَاس ، قُطَاس [ক্বাতাস, কুতাস] তিব্বতীয় চমরী ষাড়, yak

قَطَّاط [قطط] [ক্বাত্তাত] কুন্দকার, turner, lather

قَطَّاع [قطع] [ক্বাত্তা'] অধিক কর্তনকারী, নির্মাণ-কাজের পাথর কর্তনকারী

قِطَاع ج قِطَاعَات [قطع] [ক্বিতা'] ক্ষেত্র, সেক্টর, খাত, এলাকা

القِطَاع الخَاصّ [আল-ক্বিতা'উল খাছ্] বেসরকারী

খাত, private sector

[আল-ক্বিত্তা'উল 'আম্] সরকারী القِطَاع العَامّ খাত, public sector

قَطَّاعَة ج قَطَّاعَات [قطع] [ক্বাত্তা'আহ্] কাটার যন্ত্র, cutter, গাঁতি

قُطَاعَة [قطع] [কুতা'আহ্] কর্তিত অংশ, কাট, ছাঁট, অর্ধেক খেয়ে বাকি অর্ধেক প্রত্যাখ্যান করা হয় এমন খাদ্যগ্রাস

قَطَّاعِيّ [قطع] [ক্বাত্তা'ঈ] খুচরা (দর, মূল্য)

بِالقَطَّاعِيّ [বিল-ক্বাত্তা'ঈ] খুচরা মূল্যে

قَطَّاف [قطف] [ক্বাত্তাফ] (ফল, ফসল) সংগ্রহ-কারী

قِطَاف [قطف] [ক্বিতাফ] (ফল, ফসল) সংগ্রহ, সংগ্রহের মওসুম

قُطَافَة [قطف] [কুতাফাহ্] সংগ্রহকালে পড়ে থাকা ফল বা ফসল

قَطَّان [قطن] [ক্বাত্তান] তুলা বা সুতী বস্ত্র বিক্রয়-কারী তুলা-ব্যবসায়ী, তুলা উৎপাদনকারী

قَطْب ج أَقْطَاب [ক্বাত্ব] জাঁতাকলের চাকার অক্ষ

قَطَبَ [ض] (قَطْب) [ক্বাতবা] জমা করা, একত্র করা, (ভ্রূ) কুঞ্চিত করা, কোঁচকানো, সেলাই করা

قَطَّبَ (تَقْطِيب) [قطب] [ক্বাত্তবা] ভ্রূকুটি করা, ভ্রূ কুঞ্চিত করা, কপাল কোঁচকানো

قَطِب [ক্বাতিব] ভ্রূকুটিকারী

قِطْب ج أَقْطَاب [ক্বিত্ব] জাঁতাকলের চাকার অক্ষ

قُطْب ج أَقْطَاب [কুত্ব] জাঁতাকলের চাকার অক্ষ, অক্ষদণ্ড, মেরু, নেতা, মূল শক্তি, কেন্দ্রবিন্দু, বৈদ্যুতিক তার

القُطْب الجَنُوبِيّ [আল-কুত্বুল জানূবী] দক্ষিণ মেরু, কুমেরু

قُطْب سَالِب [কুত্ব সালিব] ঋণাত্মক বৈদ্যুতিক তার, cathode

القُطْب الشَّمَالِيّ [আল-কুত্বুশ শিমালী] উত্তর মেরু, সুমেরু

قُطْب مُوجِب [কুত্ব মূজিব] ধনাত্মক বৈদ্যুতিক তার, anode

قُطُب ج أَقْطَاب [কুতুব] জাঁতাকলের চাকার অক্ষ

قُطْبَة ج قُطَب [কুত্বাহ্] জাঁতাকলের চাকার অক্ষ, সেলাই, সেলাইয়ের ফোঁড়, লক্ষ্যভেদী তীর

قُطْبِيّ [কুত্বী] (পৃথিবীর) মেরু-সম্বন্ধীয়, polar

قُطْبِيَّة [কুত্বিয়্যাহ্] মেরু-প্রবণতা, polarity

قِطَّة ج قِطَاط [قطط] [ক্বিত্তাহ্] বিড়ালী, মার্জারী

قَطْر ج قِطَار [ক্বাত্র] ফোঁটা, বিন্দু, বৃষ্টি

قَطَر [ক্বাতর] কাতার (দেশ)

قَطَرَ [ن] (قَطْر ، قُطُور ، قَطَرَان) [ক্বাতরা] ফোঁটায় ফোঁটায় পড়া, ফোঁটায় ফোঁটায় ঝরানো, একটিকে আরেকটির কাছে টানা, আলকাতরার প্রলেপ দেওয়া

قَطَّرَ (تَقْطِير) [قطر] [ক্বাত্তরা] ফোঁটায় ফোঁটায় ফেলা, ফোঁটায় ফোঁটায় ঝরানো, ছাঁকা, চোলাই করা, পাতিত করা, একটিকে আরেকটির কাছে টানা

قِطْر [ক্বিত্র] তামা, পিতল

قُطْر ج أَقْطَار [কুত্র] ভূখণ্ড, অঞ্চল, দেশ, দিক, প্রান্ত, (বৃত্তের) ব্যাস, সুগন্ধি উদ কাঠ

قُطُر [কুতুর] সুগন্ধি উদ কাঠ, aloeswood

قَطْرَان ، قِطْرَان ، قَطِرَان [ক্বাত্রান, ক্বিত্রান, ক্বাতিরান] আলকাতরা

قُطْرُب ج قَطَارِب [কুত্রুব] ভূত, প্রেত, দাম্ভিক লোক, একপ্রকার কাঁটাওয়ালা উদ্ভিদ যা স্পর্শ করলে তার ছোট ছোট ফল গায়ে লেগে থাকে, শরীরে লোম নেই এমন নেকড়ে, ছোট কুকুর, বোকা, চোর, মূর্খ, কাপুরুষ

قَطْرَة ج قَطَرَات [قطر] [ক্বাত্রাহ্] ফোঁটা, বিন্দু

قَطْرَس [ক্বাত্রাস] সামুদ্রিক পাখিবিশেষ, albatross

قَطْرَنَ (قَطْرَنَة) [ক্বাত্রানা] আলকাতরা লাগানো, আলকাতরার প্রলেপ দেওয়া

قُطْرِيّ [কুত্রী] আঞ্চলিক, ব্যাসীয়

قَطَّطَ (تَقْطِيط) [قطط] [ক্বাত্তাতা] কুঁদযন্ত্রে কেটে গড়া, লেদমেশিনে কাটা, ছেঁটে পরিপাটি করা

قَطْع [ক্বাত্'] কর্তন, ছিন্নকরণ, অতিক্রমণ, হ্রাস-করণ, হ্রাস, বন্ধকরণ, নিশ্চিত ব্যাপার

قَطَعَ [ف] (قَطْع) [ক্বাত'আ] কাটা, কর্তন করা,

ছিন্ন করা, সম্পর্ক ছিন্ন করা, কেটে দেওয়া, বাদ দেওয়া, বাতিল করা, বন্ধ করে দেওয়া, কাটানো, অতিক্রম করা, পাড়ি দেওয়া

[-- 'আন] বাধা দেওয়া, বিরত করা, قَطَعَ عَنْ
বন্ধ করে দেওয়া, বঞ্চিত করা

[ক্বাত'আল আমালা, قَطَعَ الأَمَلَ ، قَطَعَ الرَّجَاءَ
ক্বাত'আর রজাআ] আশা ছেড়ে দেওয়া, নিরাশ হয়ে পড়া

[ক্বাত'আ তাজকিরতান] টিকিট কাটা, قَطَعَ تَذْكِرَةً
টিকিট ক্রয় করা

[ক্বাত'আল হাবলা] বন্ধন ছিন্ন করা قَطَعَ الحَبْلَ

[ক্বাত'আদ দাবিরা] শিকড় কেটে قَطَعَ الدَّابِرَ
দেওয়া, মূলোৎপাটন করা, নির্মূল করা

[ক্বাত'আর রহিমা] আত্মীয়তার বন্ধন قَطَعَ الرَّحِمَ
ছিন্ন করা, সম্পর্ক নষ্ট করা

[ক্বাত'আত তরীক্বা] রাহাজানি করা قَطَعَ الطَّرِيقَ

[ক্বাত'আল 'আলাক্বাত] সম্পর্ক قَطَعَ العَلاَقَاتِ
ছিন্ন করা

[ক্বাত'আল 'আহদা, قَطَعَ العَهْدَ ، قَطَعَ الوَعْدَ
ক্বাত'আল ওয়া'দা] প্রতিজ্ঞা করা

[ক্বাত'আল মাসাফাতা] দূরত্ব قَطَعَ المَسَافَةَ
অতিক্রম করা

[ক্বাত'আল ওয়াক্বতা] সময় কাটানো, قَطَعَ الوَقْتَ
সময় ব্যয় করা

[কুতি'আ] কর্তিত হওয়া, বিচ্ছিন্ন হওয়া, বন্ধ قُطِعَ
হয়ে যাওয়া, নিরাশ হওয়া, অপারগ হওয়া

[ক্বাত্ত'আ] কেটে টুকরা قَطَّعَ (تَقْطِيع) [قطع]
টুকরা করা, ছন্দ বিশ্লেষণ করা, তাকতী' করা (ছন্দ)

[ক্বাত্'আন] নিশ্চিতরূপে, অবশ্যই, আদৌ, قَطْعًا
কিছুতেই

[ক্বিত্'] খণ্ড, অংশ, قِطْع ج أَقْطَاع ، أَقْطُع ، قِطَاع
কর্তিত অংশ, রাতের অংশ

[ক্বাত'আহ] قَطَعَة ج قَطَع ، قَطَعَات [قطع]
কাটার স্থান, কাটা হাতের অবশিষ্টাংশ

[ক্বিত্'আহ] খণ্ড, قِطْعَة ج قِطَع ، قِطْعَات [قطع]
টুকরা, অংশ, ভাগ, একক

[ক্বিত্'আতুদ দা'ইরাহ] বৃত্তের অংশ, قِطْعَة الدَّائِرَة
বৃত্তাংশ

[ক্বিত্'আহ দা'ইরিয়্যাহ] বৃত্তাংশ قِطْعَة دَائِرِيَّة

[ক্বিত্'আহ ফান্নিয়্যাহ] শিল্পকর্ম قِطْعَة فَنِّيَّة

[ক্বিত্'আহ মালিয়্যাহ] মুদ্রা قِطْعَة مَالِيَّة

[ক্বিত্'আহ নাক্বদিয়্যাহ] মুদ্রা قِطْعَة نَقْدِيَّة

[ক্বিতা'উল গিয়ার] খুচরা যন্ত্রাংশ قِطَع الغِيَار

[কুত্'আহ] কর্তিত قُطْعَة ج قُطَع ، قُطْعَات [قطع]
অংশ, বিচ্ছিন্ন ভূখণ্ড, কাটা হাতের অবশিষ্টাংশ, কাটার স্থান, (বইয়ের) অধ্যায়

[ক্বাত্'ঈ] নিশ্চিত, সুনির্দিষ্ট, নিঃসন্দেহ, قَطْعِيّ
সন্দেহাতীত, চূড়ান্ত, সুস্পষ্ট

[ক্বাত্'ইয়্যাহ] নিশ্চয়তা, নিশ্চিত قَطْعِيَّة [قطع]
অবস্থা, সুনির্দিষ্টতা, চূড়ান্ত অবস্থা

[ক্বাত্ফ] চয়ন, সংগ্রহকরণ قَطْف

[ক্বাত্ফ] সংগৃহীত ফল, (ফলের) قَطْف ج قُطُوف
থোকা, গুচ্ছ, কাঁদি, খামচি, আঁচড়

[ক্বাতফা] (ফল) চয়ন করা, قَطَفَ [ض] (قَطْف)
সংগ্রহ করা, ছিঁড়ে আনা, পাড়া

[ক্বাত্তফা] (ফল) চয়ন قَطَّفَ (تَقْطِيف) [قطف]
করা, সংগ্রহ করা, ছিঁড়ে আনা, পাড়া, দ্রুত নিয়ে নেওয়া

[ক্বিত্ফ] চয়নকৃত ফল, قِطْف ج قِطَاف ، قُطُوف
(ফলের) থোকা, গুচ্ছ, কাঁদি

[ক্বাত্ক্বাত] একপ্রকার পাখি, টিট্টিভ قَطْقَاط

[ক্বিত্ক্বিত] শিলা-বৃষ্টি, করকাপাত قِطْقِط

[ক্বাতলা] কেটে ফেলা, قَطَلَ [ن] [ض] (قَطْل)
কর্তন করা

[ক্বাত্তলা] কর্তন করা, কেটে قَطَّلَ (تَقْطِيل) [قطل]
ফেলা

[ক্বাত্লাব] স্ট্রবেরি গাছ (strawberry) قَطْلَب

[ক্বাতমা] কেটে ফেলা, কামড় قَطَمَ [ض] (قَطْم)
দেওয়া, চেখে দেখা, স্বাদ লওয়া, খেতে চাওয়া

[ক্বাতিম] মাংসলোভী, রাগান্বিত قَطِم

[ক্বাতিমা] (মাংস) খেতে চাওয়া قَطِمَ [س] (قَطَم)

[ক্বিত্মার] পাতলা চামড়া, বীচির قِطْمَار [قطمر]
আবরণ, সামান্য বস্তু

قَطْمَة [ক্বাত্‌মাহ্] টুকরা, খণ্ড, কামড়, গ্রাস

قِطْمِير [قطمر] [ক্বিত্‌মীর] পাতলা চামড়া, বীচির আবরণ, সামান্য বস্তু, "আস্‌হাবুল কাহ্‌ফ"-এর সঙ্গী কুকুরটির নাম

قَطَن ج أَقْطَان [ক্বাতন] বাসস্থান, বসবাস, বসতি, পিঠের নিচের অংশ, পাখির লেজের গোড়া

قَطَنَ [ن] (قُطُون) بِ ، فِي [ক্বাতনা] বাস করা, বাসিন্দা হওয়া, অধিবাসী হওয়া

قَطَّنَ (تَقْطِين) [قطن] بِ [ক্বাত্তনা] বাস করতে দেওয়া, বাসিন্দা করা, অধিবাসী করা

قُطْن ، قُطُن ج أَقْطَان [কুত্‌ন, কুতুন] তুলা, সুতা

قُطْنِيّ [কুত্‌নী] তুলার ন্যায়, তুলার তৈরী, সুতী

قُطْنِيَّة [কুত্‌নিয়্যাহ্] সুতার কাপড়, সুতীবস্ত্র

قُطْنِيَّة ج قَطَانِيّ [কুত্‌নিয়্যাহ্] শিমজাতীয় শস্যের বীচি, ডাল

قَطُوب [قطب] [ক্বাতূব] ভ্রূকুটিকারী, মুখভারী, গোমড়ামুখো, অপ্রসন্ন

قُطَيْرَة ج قُطَيْرَات [قطر] [কুতইরাহ্] ক্ষুদ্র বিন্দু, ছোট ফোটা

قَطِيع ج قِطَاع ، أَقْطَاع [قطع] [ক্বাতী'] দল, পাল, ঝাঁক

قَطِيعَة [قطع] [ক্বাতী'আহ্] (সম্পর্ক) ছেদ, ত্যাগ, বিচ্ছেদ, বর্জন

قَطِيف [قطف] [ক্বাতীফ] ছিঁড়ে আনা হয়েছে এমন, চয়নকৃত, সংগৃহীত (ফল)

قَطِيفَة ج قَطَائِف [قطف] [ক্বাতীফাহ্] মখমল, পশমী বস্ত্র, একপ্রকার ফুল, amaranth, গাঁদাফুল

قَطِيلَة [قطل] [ক্বাতীলাহ্] তোয়ালে, ঘর মোছার নেকড়া

قَطِين [قطن] [ক্বাতীন] বসবাসকারী, অধিবাসী, বাসিন্দা, অনুচরবর্গ, চাকরবাকর

قَطِينَة [قطن] [ক্বাতীনাহ্] (বাড়ির) বাসিন্দাগণ

قَعْب ج أَقْعُب ، قِعَاب ، قِعَبَة [ক্বা'ব] কাঠের তৈরী বড় পাত্রবিশেষ

قَعَدَ [ن] (قُعُود ، مَقْعَد) [ক্বা'আদা] উপবেশন করা, বসা, আসন গ্রহণ করা

قَعَدَ بِ [-- বি] বসানো, বসিয়ে দেওয়া, বসতে বলা

قَعَدَ عَنْ [-- 'আন] বিরত থাকা, বিলম্ব করা, ব্যর্থ হওয়া, উপেক্ষা করা

قَعْدَة [ক্বা'দাহ্] উপবেশন, বৈঠক, আসন

ذُو الْقَعْدَة [যুল ক্বা'দাহ্] যুল-কা'দাঃ আরবী ১১শ মাস

قِعْدَة [ক্বি'দাহ্] বসার ধরন, উপবেশন-পদ্ধতি, বসার জায়গা, আসন

قُعْدَة ج قُعُدَات [কু'দাহ্] যার উপর বসে, বসার বস্তু, আসন, গাধা, আরোহণের পশু

قُعَدَة [কু'আদাহ্] সারাক্ষণ বসে থাকে এমন, অলস, কুঁড়ে, অকর্মণ্য

قَعْر ج قُعُور [ক্বা'র] গভীরতা, তলদেশ, কোটর, গর্ত, গামলা, বাটি, গহ্বর, অভ্যন্তর, মেধা

قَعَرَ [ف] (قَعْر) [ক্বা'আরা] (গাছ) উপড়ে ফেলা, (পাত্রের) সবটুকু পান করা, (কূপের) গভীরে নামা, গভীর করা, গর্ত করা

قَعُرَ [ن] (قَعَارَة) [ক্বা'উরা] গভীর হওয়া, খোঁড়ল হওয়া, গর্ত হওয়া

قَعَّرَ (تَقْعِير) [قعر] [ক্বা''আরা] গভীর করা, গর্ত করা, খোঁড়ল করা, অবতল করা, খিলানের মত বাঁকা করা, চিৎকার করা

قَعِس ج قُعْسَان [ক্বা'ইস] বুক উঁচু ও পিঠ নিচু এমন, কবুতরবক্ষী

قَعِسَ [س] (قَعَس) [ক্বা'ইসা] বুক উঁচু ও পিঠ নিচু হওয়া, কবুতরবক্ষী হওয়া

قَعْسَاء [قعس] [ক্বা'সা'] কবুতরের মত সরু ও উঁচু বুকবিশিষ্ট, কবুতরবক্ষী (أَقْعَس-এর স্ত্রীলিঙ্গ)

قَعْقَعَ (قَعْقَعَة) [ক্বা'ক্বা'আ] খটখট ঠকঠক চড়-চড় ঝনঝন ইত্যাদি শব্দ করা

قُعْقُع [কু'কু'] কিচিরমিচির শব্দকারী পাখিবিশেষ, magpie

قَعْقَعَة [قعقع] [ক্বা'ক্বা'আহ্] খটখট ঠকঠক চড়-চড় ঝনঝন ইত্যাদি শব্দ

قَعُود ج أَقْعِدَة ، قُعُد ، قِعْدَان ، قَعَائِد [ক্বা'উদ] সচরাচর আরোহণযোগ্য ছোট উট

قُعُود [قعد] [কু'উদ] উপবেশন, বৈঠক, আসন-গ্রহণ, উপেক্ষা, ব্যর্থতা

قَعِيد [قعد] [ক্বা'ঈদ] বসার সঙ্গী, সাথী, রক্ষক, অভিভাবক, অক্ষম, দুর্বল, আবদ্ধ

قَعِيدَة ج قَعَائِد [قعد] [ক্বা'ঈদাহ্] সঙ্গিনী, সহ-ধর্মিণী, স্ত্রী

قَفَّ [ن] (قُفُوف) [ক্বাফ্‌ফা] শুকিয়ে যাওয়া, শুষ্ক হওয়া, সঙ্কুচিত হওয়া

قُفّ ج قِفَاف ، أَقْفَاف [কুফ্] খর্বকায়, খাটো, বাইরের দিক, প্রস্তরময় স্থান, উচ্চভূমি, টিলা, কুঠারের ছিদ্র, কুঠারের মত বস্তু, পাহাড়ের মত কালো মেঘ, ইতর লোক

قَفَا ج أَقْفِيَة ، أَقْفَاء [قفو] [ক্বাফা] পিঠ, ঘাড়ের পশ্চাৎ দিক, (কাপড়ের) উল্টা দিক, ভিতরের দিক

قَفَا [ن] (قَفْو ، قُفُوّ) [ক্বাফা] ঘাড়ে আঘাত করা, পদাঙ্ক অনুসরণ করা, পিছনে চলা, মুছে দেওয়া, অপবাদ দেওয়া

قَفَاء ج أَقْفِيَة ، أَقْفَاء [قفو] [ক্বাফা'] পিছন, ঘাড় বা মস্তকের পিছনের দিক

قَفَار [ক্বাফার] খালি, শুকনো (খাবার)

قِفَار [ক্বিফার] খালি, শূন্য, বাসিন্দাশূন্য (ভূমি)

قَفَّاز [قفز] [ক্বাফ্‌ফায] যে লাফ দেয়, লাফ দেয় এমন, লম্ফমান

قُفَّاز ج قَفَافِيز ، قُفَّازَات [قفز] [কুফ্‌ফায] মোজা, হাতমোজা, gloves

قَفَّال [قفل] [ক্বাফ্‌ফাল] তালা তৈরী বা মেরা-মতকারী, তালা বিক্রেতা, তালাওয়ালা

قَفَّة [قفف] [ক্বাফ্‌ফাহ্] খর্বকায় ও দুর্বল মানুষ, জ্বরের কাঁপুনি

قُفَّة ج قُفَف [قفف] [কুফ্‌ফাহ্] শুষ্ক গাছ, ঝুড়ি, গাছের পাতার তৈরী ঝুড়ি

قَفْر ج قِفَار [ক্বাফ্‌র] জনশূন্য, নির্জন, শূন্য প্রান্তর, নির্জন মরুভূমি

قَفَرَ [ن] (قَفْر) [ক্বাফারা] পদাঙ্ক অনুসরণ করা, পদচিহ্ন ধরে চলা, পিছনে পিছনে চলা, পিছু লওয়া

قَفِرَ [س] (قَفَر) [ক্বাফিরা] কমে যাওয়া, (খাদ্য) ব্যঞ্জনশূন্য হওয়া, সালনশূন্য হওয়া

قَفْرَة [ক্বাফ্‌রাহ্] শূন্য প্রান্তর, নির্জন মরুভূমি

قَفْز [ক্বাফ্‌য] লাফ, লম্ফ, জাম্প (jump)

القَفْز الطَّوِيل [আল-ক্বাফ্‌যুত তবীল] লম্বা লাফ, লং জাম্প (long jump)

القَفْز العَالِي [আল-ক্বাফ্‌যুল 'আলী] উচ্চ লাফ, হাই জাম্প (high jump)

قَفَزَ [ض] (قَفْز) [ক্বাফাযা] লাফানো, লাফিয়ে ওঠা, লাফ দেওয়া

قَفَّزَ (تَقْفِيز) [قفز] [ক্বাফ্‌ফাযা] লাফ দেওয়ানো, লাফাতে দেওয়া

قَفْزَة ج قَفَزَات [ক্বাফ্‌যাহ্] লাফ, লম্ফ, হঠাৎ বৃদ্ধি

قَفَص ج أَقْفَاص [ক্বাফাছ] খাঁচা, পিঞ্জর, ঝুড়ি, জাফরি

قُفْطَان ج قَفَاطِين [কুফ্‌তান] লম্বা হাতাযুক্ত ঢিলা জুব্বা, চোগা, গাউন

قَفْقَفَ (قَفْقَفَة) [ক্বাফ্‌ক্বাফা] কাঁপা, (গাছ) শুকিয়ে যাওয়া

قَفَلَ [ن] [ض] (قُفُول) [ক্বাফালা] ফিরে আসা, প্রত্যাবর্তন করা, ফিরিয়ে দেওয়া, (পাহাড়ে) আরোহণ করা

قَفَلَ [ض] (قَفْل) [ক্বাফালা] তালা দেওয়া, বন্ধ করা, সংরক্ষণ করা

قَفَّلَ (تَقْفِيل) [قفل] [ক্বাফ্‌ফালা] তালা দেওয়া, বন্ধ করা, (গাছের) মাথা কেটে দেওয়া

قُفْل ج أَقْفَال ، أَقْفُل ، قُفُول [কুফ্‌ল] খিল, তালা, অর্গল, কুলুপ

قَفَّى (تَقْفِيَة) [قفو] [ক্বাফ্‌ফা] পিছনে পাঠানো, পরে পাঠানো, অনুসরণ করানো, অনুগামী করা, অন্ত্যমিলযুক্ত করা

قَفِير ج قُفْرَان [قفر] [ক্বাফীর] মৌচাক, মধুচক্র, মৌমাছির বাসা, সালনবিহীন রুটি, গাছের পাতার তৈরী ঝুড়ি

قَلَّ [ض] (قِلّ ، قُلّ ، قِلَّة) [ক্বাল্লা] কম হওয়া, অল্প হওয়া, কমে যাওয়া, হ্রাস পাওয়া

قِلّ [ক্বিল্ল] স্বল্পতা, কমতি, ঘাটতি, অপ্রতুলতা, অভাব, সামান্য পরিমাণ

قَلَا [ن] (قَلْو) [قلو] [ক্বালা] ভাজা, ভুনা করা,

ফ্রাই করা, (উট) তাড়িয়ে নেওয়া

قَلَا [ن] (قَلِّي ، قَلَاء) [قلو] [ক্বালা] ঘৃণা করা, অপছন্দ করা

قَلَّاء [قلي] [ক্বাল্লা'] যে মাংস ভুনা করে, কড়াই প্রস্তুতকারী

قَلَّاب [قلب] [ক্বাল্লাব] উল্টে যেতে পারে এমন, নড়বড়ে, টলমলে, পরিবর্তনযোগ্য

قُلَاب [قلب] [কুলাব] হৃদরোগ

قُلَاح [কুলাহ] দাঁতের উপরে অথবা দুই দাঁতের মাঝে জমা হলুদ বা সবুজ রঙের শক্ত ময়লা, দাঁতের পাথরি

قِلَادَة ج قَلَائِد [قلد] [ক্বিলাদাহ] (গলার) হার, কণ্ঠহার, মালা

قِلَاع ج قِلْع [قلع] [ক্বিলা'] (নৌকার) পাল, বাদাম

قُلَافَة [قلف] [কুলাফাহ] গাছের ছাল, বাকল, বল্কল, বাকলা

قُلَامَة [قلم] [কুলামাহ] কর্তিত বস্তুর ছাঁট

قَلَاوُوز ، قَلَاوُوظ [ক্বালাবুয] স্ক্রুপ, screw, বোল্ট (bolt), জাহাজের চালক

قَلَّايَة [قلي] [ক্বাল্লায়াহ] কড়াই, কড়ই, কড়া, বিশপের বাসস্থান, সন্ন্যাসীর আশ্রম

قِلَّايَة [ক্বিল্লায়াহ] বিশপের বাসস্থান, সন্ন্যাসীর আশ্রম

قَلْب [ক্বাল্‌ব] ওলট, ওলট-পালট, পরিবর্তন, উল্টা দিক, নিক্ষেপ

قَلْب ج قُلُوب [ক্বাল্‌ব] অন্তর, হৃদয়, মন, আত্মা, হৃৎপিণ্ড, অভ্যন্তর, কেন্দ্র, শাঁস, খেজুর গাছের শাঁস

صَمِيم الْقَلْب [ছমীমুল ক্বাল্‌ব] অন্তরের অন্তস্তল, মনের গভীর

ضَعِيف الْقَلْب [দ'ঈফুল ক্বাল্‌ব] দুর্বলমনা, ভীরু

ظَهْر الْقَلْب [যহরুল ক্বাল্‌ব] স্মৃতি, স্মরণ

قَاسِي الْقَلْب [ক্বাসীল ক্বাল্‌ব] কঠোরহৃদয়, নিষ্ঠুর, নির্দয়

قَوِيّ الْقَلْب [ক্বাবীয়্যুল ক্বাল্‌ব] সবলহৃদয়, দৃঢ়-চিত্ত, সাহসী

مَرَض الْقَلْب [মারদুল ক্বাল্‌ব] হৃদরোগ

مَكْسُور الْقَلْب [মাক্‌সূরুল ক্বাল্‌ব] ভগ্নহৃদয়, মন-ভাঙ্গা

قَلْبًا وَقَالِبًا [ক্বাল্‌বান ওয়া ক্বালিবান] মনেপ্রাণে, ভিতরে-বাহিরে, সর্বান্তকরণে

قَلَبَ [ض] (قَلْب) [ক্বালাবা] উল্টানো, ফিরানো, ঘুরানো, উল্টে দেওয়া, পরিবর্তন করা

قَلَّبَ (تَقْلِيب) [قلب] [ক্বাল্লাবা] উল্টে দেওয়া, ঘুরিয়ে দেওয়া, পরিবর্তন করা, ফিরানো, ওলট-পালট করা

قِلْب ج أَقْلَاب [ক্বিল্‌ব] খেজুর গাছের শাঁস

قُلْب ج قُلْب ، أَقْلَاب [কুল্‌ব] বালা, চুরি, খেজুর গাছের শাঁস

قُلَّب [কুল্লাব] অস্থির, চঞ্চল, পরিবর্তনীয়, বহুরূপী

قَلْبَق [ক্বাল্‌বাক] এক ধরনের টুপি, calpac

قَلْبِيّ [ক্বাল্‌বী] হৃৎপিণ্ডসংক্রান্ত, হৃদযন্ত্র-বিষয়ক, অন্তর-সম্পর্কিত, আন্তরিক, অন্তরঙ্গ

قَلْبِيًّا [ক্বাল্‌বিয়্যান] আন্তরিকভাবে, আন্তরিকতার সাথে, মনে মনে

قَلَّة [قلل] [ক্বাল্লাহ] (অবস্থার) উন্নতি

قِلَّة [قلل] [ক্বিল্লাহ] স্বল্পতা, কমতি, ঘাটতি, অ-প্রতুলতা, অভাব, সামান্য পরিমাণ

قِلَّة الحَيَاء [ক্বিল্লাতুল হায়া'] নির্লজ্জতা, লজ্জা-হীনতা

قُلَّة ج قُلَل ، قِلَال [قلل] [কুল্লাহ] সর্বোচ্চ চূড়া, শীর্ষদেশ, বৃহৎ কলসী, মটকা

قَلَح [ক্বালাহ] দাঁতের উপরে অথবা দুই দাঁতের মাঝে জমা হলুদ বা সবুজ রঙের শক্ত ময়লা, দাঁতের পাথরি

قَلَّدَ (تَقْلِيد) [قلد] [ক্বাল্লাদা] হার পরানো, গলায় পরানো, গলায় ঝুলানো, (দায়িত্ব) অর্পণ করা, প্রদান করা, ভূষিত করা, অনুকরণ করা, নকল করা, (পশুকে চালানোর জন্য) গলায় দড়ি বাঁধা

قَلْس ج قُلُوس ، أَقْلَاس [ক্বাল্‌স] (জাহাজের) মোটা দড়ি, কাছি, বমি, থুথু

قَلَصَ [ض] (قُلُوص) [ক্বালাছা] কুঞ্চিত হওয়া, কুঁচকে যাওয়া, সংকুচিত হওয়া, ক্রমে কমে যাওয়া, হ্রাস পাওয়া, লাফ দেওয়া, (ছেলে) বড় হওয়া, (পানি) উঁচু হওয়া, উপরে ওঠা, যাত্রা করা

قَلَّصَ (تَقْلِيص) [قلص] [ক্বাল্লাছা] কুঞ্চিত করা,

কুঁচকানো, গুটানো, সঙ্কুচিত করা, কমানো, হ্রাস করা, দ্রুত চলা

قَلَعَ [ف] (قَلْع) [ক্বালা'আ] মূলোৎপাটন করা, উপড়ে ফেলা, উৎপাটিত করা, নির্মূল করা, খুলে ফেলা, জায়গা থেকে সরিয়ে দেওয়া, অপসারণ করা, বরখাস্ত করা

قَلِعَ [س] (قَلَع ، قَلْعَة) [ক্বালি'আ] (অশ্বারোহী) জিনের উপর স্থির থাকতে না পারা, (কুস্তিগীর) পা স্থির রাখতে না পারা

قَلَّعَ (تَقْلِيع) [قلع] [ক্বাল্লা'আ] উপড়ে ফেলা, মূলোৎপাটন করা, অপসারণ করা

قَلِع [ক্বালি'] ঘোড়ার পিঠে অথবা লড়াইকালে স্থির থাকতে পারে না এমন, স্থিরভাবে দাঁড়াতে পারে না এমন (বৃদ্ধ), বোকাটে লোক

قِلْع ج قُلُوع ، قِلَاع ، قِلَعَة [ক্বিল্'] (নৌকার) পাল, বাদাম, পুরুষের বুক ঢাকার পোশাক, ওয়েস্টকোট, জ্বর সারার দিন, ঘোড়ার পিঠে স্থির থাকতে পারে না এমন আরোহী

قَلْعَة ج قِلَاع ، قُلُوع [ক্বাল্'আহ] কেল্লা, দুর্গ, গড়, মুল গাছের গোড়া থেকে উৎপাটিত অঙ্কুর, (দাবাখেলার) নৌকা, কিশতি

قَلَفَ [ن] [ض] (قَلْف) [ক্বালাফা] (গাছের) ছাল ছাড়ানো, (বালকের) খাৎনা করানো, (নখ) গোড়া থেকে উঠিয়ে ফেলা, উল্টে দেওয়া

قِلْف [ক্বিল্ফ] ছাল, ত্বক, বল্কল, বাকল, অমসৃণ জায়গা

قُلْف [কুল্ফ] খাৎনা করানো হয়নি এমন (أَقْلَف -এর বহুবচন)

قَلْفَاء [قلف] [ক্বাল্ফা'] খাৎনা করানো হয়নি এমন (أَقْلَف-এর স্ত্রীলিঙ্গ)

قُلْفَة ج قُلَف [কুল্ফাহ] লিঙ্গাগ্রের ত্বক

قَلَق [ক্বালাক্ব] উদ্বেগ, উৎকণ্ঠা, দুশ্চিন্তা, অস্থিরতা, মনঃকষ্ট

قَلِق [ক্বালিক্ব] অস্থির, উদ্বিগ্ন, উৎকণ্ঠিত, দুশ্চিন্তা-গ্রস্ত

قَلِقَ [س] (قَلَق) [ক্বালিক্বা] অস্থির হওয়া, উদ্বিগ্ন হওয়া, উৎকণ্ঠিত হওয়া, দুশ্চিন্তাগ্রস্ত হওয়া

قُلْقَاس ، قُلْقَاسَة [কুলক্বাস, কুল্ক্বাসাহ] সবজি-বিশেষ. ওল, elephant's ear

قَلْقَلَ (قَلْقَلَة) [ক্বাল্ক্বালা] শব্দ করা, অস্থির করা, অশান্ত করা, নাড়া দেওয়া, বিরক্ত করা, (অশ্রু) প্রবাহিত করা, গমন করা

قَلْقَلَة ج قَلَاقِل [قلقل] [ক্বাল্ক্বালাহ] অস্থিরতা, উত্তেজনা, গণ্ডগোল, অশান্তি, অসন্তোষ, শব্দ

حُرُوف القَلْقَلَة [হুরূফুল ক্বাল্ক্বালাহ] ক্বাল্ক্বালার বর্ণসমূহঃ ق د ط ج ب

قَلَّلَ (تَقْلِيل) [قلل] [ক্বাল্লালা] কমানো, কমিয়ে দেওয়া, হ্রাস করা, কম করা, ছোট করা

قَلَم ج أَقْلَام ، قِلَام [ক্বালাম] কলম, লেখনী, লিপি, রেখা, দফতর, বিভাগ

القَلَم [আল-ক্বালাম] সূরা আল-ক্বালামঃ পবিত্র কোরআনের ৬৮তম সূরা

قَلَم الحِبْر [ক্বালামুল হিব্‌র] ফাউন্টেনপেন

قَلَم حِبْرٍ جَافّ [ক্বালাম হিব্‌রিন জাফ্] বলপেন

قَلَم الرَّصَاص [ক্বালামুর রছাছ] পেন্সিল

بِقَلَم [বি-ক্বালামি] কলমে, রচনায়, প্রণয়নে, রচিত, প্রণীত

قَلَمَ [ض] (قَلْم) [ক্বালামা] কর্তন করা, কাটা, ছাঁটা, কাটছাঁট করা

قَلَّمَ (تَقْلِيم) [قلم] [ক্বাল্লামা] কর্তন করা, কাটা, ছাঁটা, কেটে দেওয়া, ছেঁটে দেওয়া, কাটছাঁট করা

قَلَّمَا [قلل] [ক্বাল্লামা] কদাচিৎ, কমই, সামান্যই

قَلْنَسَ (قَلْنَسَة) [ক্বাল্নাসা] টুপি পরিয়ে দেওয়া, আবৃত করা, ঢেকে দেওয়া, বুকের উপর দুই হাত রেখে বিনীতভাবে দাঁড়ানো

قَلَنْسُوَة ج قَلَانِس ، قَلَاسِي [ক্বালান্সুওয়াহ] টুপি

قُلَنْسِيَة ج قَلَانِس ، قَلَاسِي [কুলান্সিয়াহ] টুপি

قَلْو [ক্বাল্ও] ভুনাকরণ

قِلْو [ক্বিল্ও] ক্ষার, পটাশ, চঞ্চল গাধা, ক্ষিপ্র পশু

قَلُوص ج قَلَائِص ، قِلَاص ، قُلْصَان [ক্বালূছ] লম্বা লম্বা পা-বিশিষ্ট, শক্তিশালী (উট)

قَلُوع ج قُلُع [ক্বালূ'] বিরাটকায় উষ্ট্রী

قِلْوِيّ [ক্বিল্ভী] ক্ষারীয়, ক্ষারধর্মী

قَلْي [ক্বাল্ই] ভুনাকরণ

قَلَى [ض] (قَلْي) [ক্বালা] ভাজা, ভুনা করা, ফ্রাই করা, কড়াইতে ভাজা, মাথায় আঘাত করা

قَلَى (قِلًى ، قَلَاء ، مَقْلِيَة) [ক্বালা] অপছন্দ করা, ঘৃণা করা

قَلِيَ [س] (قِلًى ، قَلَاء ، مَقْلِيَة) [ক্বালিয়া] ঘৃণা করা, অপছন্দ করা

قِلْي [ক্বিল্‌ই] ক্ষার, পটাশ

قِلًى [ক্বিলা] ক্ষার, পটাশ, ঘৃণা, বিদ্বেষ, অপছন্দ

قَلِيب ج قُلُب ، قُلُب ، أَقْلِبَة [قلب] [ক্বালীব] কূপ, পুরাতন কূপ

قَلِيَّة ج قَلَايَا [قلي] [ক্বালিয়্যাহ] কালিয়া, ভুনা খাবার

قَلِيل ج أَقِلَّاء ، قَلِيلُونَ [قلل] [ক্বালীল] মুষ্টিমেয়, কম, অল্প, স্বল্প, সামান্য, অপ্রতুল

قَلِيل الأَدَب [ক্বালীলুল আদাব] অভদ্র, অশিষ্ট

قَلِيل الحَيَاء [ক্বালীলুল হায়া'] নির্লজ্জ, বেহায়া, বেশরম, লজ্জাহীন

قَلِيل الصَّبْر [ক্বালীলুছ ছব্‌র] অধৈর্য, বেসবুর

بَعْدَ قَلِيل [বা'দা ক্বালীল] একটু পরে, অল্পক্ষণ পরে

قَلِيلاً [ক্বালীলান] কম, অল্প, সামান্য, একটু, কিছুটা

قَلِيلاً قَلِيلاً [ক্বালীলান ক্বালীলান] একটু একটু করে, অল্প অল্প করে, কিছু কিছু

قَلِيلاً مَّا [ক্বালীলাম মা] অল্পই, কমই, সামান্যই

قَلِيلَة ج قَلَائِل ، قَلِيلَات [قلل] [ক্বালীলাহ] কম, মুষ্টিমেয়, অল্প, স্বল্প, সামান্য, অপ্রতুল (স্ত্রী)

قُلَيْنِسَة [قلنس] [কুলাইনিসাহ] ছোট টুপি

قَمَّ [ن] (قَمّ) [ক্বাম্মা] ময়লা পরিষ্কার করা, ঝাড়ু দেওয়া, সব খেয়ে ফেলা, সাবাড় করা, গোগ্রাসে গেলা, শুকিয়ে যাওয়া

قُمّ [কুম] কোম (নগরী)

قَمَاءَة [قمأ] [ক্বামাআহ] ক্ষুদ্রত্ব, নীচতা, গুরুত্বহীনতা

قَمَّاح [قمح] [ক্বাম্মাহ] গম বিক্রেতা, গমওয়ালা

قِمَار [قمر] [ক্বিমার] জুয়াখেলা, বাজি

قَمَّاش [قمش] [ক্বাম্মাশ] পোশাক বিক্রেতা, বস্ত্রব্যবসায়ী, আসবাবপত্র বিক্রেতা

قِمَاش ، قُمَاش ج أَقْمِشَة [قمش] [ক্বিমাশ, কুমাশ] পোশাক, পরিচ্ছদ, বস্ত্র, আসবাবপত্র

قِمَاط ج قُمُط ، أَقْمِطَة [قمط] [ক্বিমাত] নবজাতক শিশুর আচ্ছাদন-বস্ত্র, কাঁথা-কাপড়

قَمَّام [قمم] [ক্বাম্মাম] ঝাড়ুদার, সুইপার

قُمَامَة ج قُمَام [قمم] [কুমামাহ] আবর্জনা, ময়লা

قِمَّة ج قِمَّات ، قِمَم [قمم] [ক্বিম্মাহ] শীর্ষ, চূড়া, শিখর, শৃঙ্গ, মানুষের দল, শরীর, দেহ

قُمَّة [قمم] [কুম্মাহ] ময়লার ঢিবি, আবর্জনার স্তূপ, আবর্জনা রাখার পাত্র

قَمْح [ক্বাম্‌হ] গম, গোধূম (খাদ্যশস্য)

قَمْحَة ج قَمَحَات [ক্বাম্‌হাহ] গমের দানা, গ্রেন (ওজনের একক)

قَمْحِيّ [ক্বাম্‌হী] গম-বিষয়ক, গমের মত

قَمْحِيّ اللَّوْن [ক্বাম্‌হিয়্যুল লাওন] গোধূমবর্ণ

قَمَر ج أَقْمَار [ক্বামার] চন্দ্র, চাঁদ, উপগ্রহ

قَمَر صِنَاعِيّ ، قَمَر اِصْطِنَاعِيّ [ক্বামার ছিনা'ঈ, ক্বামার ইছতিনা'ঈ] কৃত্রিম উপগ্রহ

القَمَر [আল-ক্বামার] সূরা আল-ক্বামারঃ পবিত্র কোরআনের ৫৪তম সূরা

قَمَرَ [ض] (قَمْر) [ক্বামারা] জুয়া খেলা, বাজি ধরা

قَمِر [ক্বামির] চন্দ্রালোকিত, জ্যোৎস্নাময়, চাঁদনী (রাত), উজ্জ্বল, শুভ্র, প্রচুর (পানি)

قَمِرَ [س] (قَمَر) [ক্বামিরা] চন্দ্রালোকিত হওয়া, জ্যোৎস্নাময় হওয়া, উজ্জ্বল হওয়া, শুভ্র হওয়া

قَمَّرَ (تَقْمِير) [قمر] [ক্বাম্মারা] (রুটি) সেঁকা

قَمْرَاء [قمر] [ক্বাম্‌রা'] চাঁদের আলো, জ্যোৎস্না, জ্যোৎস্নালোকিত, জ্যোৎস্নাময়, চাঁদনী (রাত), উজ্জ্বল, শুভ্র (أَقْمَر-এর স্ত্রীলিঙ্গ)

قَمَرَة [ক্বামারাহ] জ্যোৎস্না, চন্দ্রালোক, চাঁদের আলো, (জাহাজের) কেবিন

قَمَرِيّ [ক্বামারী] চন্দ্রসম্বন্ধীয়, চন্দ্রের ন্যায়, চান্দ্র

حَرْف قَمَرِيّ [হার্‌ফ ক্বামারী] চন্দ্রবর্ণঃ যে বর্ণের

পূর্বে নির্দিষ্টবাচক উপসর্গ الْ (আল) যুক্ত হলে ل (ল)-এর ধ্বনি উচ্চারিত হয়, যেমন اَلْقَمَر (আল-ক্বামার)

[ক্বুম্‌রী] ঘুঘু, কপোত قُمْرِيّ ج قُمْر ، قَمَارِيّ

[ক্বামারিয়্যাহ্] ছাদের জানালা, ক্ষুদ্র জানালা قَمَرِيَّة ج قَمَرِيَّات [قمر]

[ক্বাম্‌শ] খারাপ জিনিস, রদ্দি মাল قَمْش ج قُمَاش

[ক্বামাশা] এখান ওখান থেকে সংগ্রহ করা, জমা করা, একত্র করা قَمَشَ [ن] [ض] (قَمْش)

[ক্বাম্মাশা] এখান ওখান থেকে সংগ্রহ করা, জমা করা, একত্র করা قَمَّشَ (تَقْمِيش) [قمش]

[ক্বামাত্বা] (নবজাতককে) বস্ত্রখণ্ডে জড়ানো, জামাকাপড় পরানো, দড়ি দিয়ে হাত-পা বাঁধা, শক্ত করে বাঁধা قَمَطَ [ن] [ض] (قَمْط)

[ক্বাম্মাত্বা] (নবজাতককে) বস্ত্রখণ্ডে জড়ানো, জামাকাপড় পরানো, দড়ি দিয়ে হাত-পা বাঁধা, শক্ত করে বাঁধা قَمَّطَ (تَقْمِيط) [قمط]

[ক্বিম্‌ত্ব] দড়ি, রশি, শৃঙ্খল, নিগড় قِمْط ج أَقْمَاط

[ক্বাম্‌ত্বারীর] অশুভ, দুঃখপূর্ণ, বিপদময় قَمْطَرِير

[ক্বাম্'] দমন, নিয়ন্ত্রণ, বশীভূতকরণ, নিবৃত্ত-করণ, প্রশমন, নির্বাপণ قَمْع

[ক্বাম্'] ছোট চোঙ, চুঙ্গী قَمْع ج أَقْمَاع

[ক্বিম্'] ছোট চোঙ, চুঙ্গী قِمْع ج أَقْمَاع

[ক্বামা'আ] দমন করা, নিয়ন্ত্রণে আনা, বশীভূত করা, নিবৃত্ত করা, প্রশমিত করা, নির্বাপিত করা قَمَعَ [ف] (قَمْع)

[ক্বামা'আহ্] উট ইত্যাদির গায়ে বসে এমন একপ্রকার বড় মাছি, ডাঁশ, উটের কুঁজের উপরিভাগ, চোখের ক্ষত, পার্শ্ব, কণ্ঠনালীর পার্শ্ব قَمَعَة ج قَمَع ، مَقَامِع

[কুম্‌কুম, কুম্‌কুমাহ্] লম্বা গলাবিশিষ্ট বড় বোতলবিশেষ قُمْقُم ، قُمْقُمَة ج قَمَاقِم

[ক্বাম্‌ল, ক্বাম্‌লাহ্] উকুন (কীট) قَمْل ، قَمْلَة

[ক্বামিল] উকুনে পরিপূর্ণ, উকুনভরা, উকুন-কবলিত قَمِل

[ক্বামিলা] উকুনে ভরে যাওয়া, উকুনবহুল হওয়া, উকুন-কবলিত হওয়া قَمِلَ [س] (قَمَل)

[কুম্মাল, কুম্মালাহ্] পিঁপড়াজাতীয় ক্ষুদ্র কীট, আঁটুলি, উকুন قُمَّل ، قُمَّلَة

[ক্বামিন] যোগ্য, উপযুক্ত, যথাযথ قَمِن

[ক্বামী'] ছোট, তুচ্ছ, নীচ قَمِيء ج قِمَاء [قمأ]

[ক্বামীর] জুয়ার অংশীদার, জুয়া খেলোয়াড়, জুয়াড়ী قَمِير ج أَقْمَار [قمر]

[ক্বামীছ] জামা, শার্ট, কামিজ, গাউন, হৃৎপিণ্ডের আবরক قَمِيص ج قُمُص ، قُمْصَان ، أَقْمِصَة

[ক্বামীন] যোগ্য, উপযুক্ত, যথাযথ قَمِين [قمن]

[ক্বিন্] দাস, ক্রীতদাস, দায়-বদ্ধ কৃষক, ভূমিদাস قِنّ ج أَقْنَان ، أَقِنَّة

[কুন্] মুরগীর খাঁচা, মুরগী রাখার ঘর, ছোট পাহাড়, জামার আস্তিন, আস্তিনের কপ قُنّ ج قِنَان

[ক্বানা] বর্শা, বল্লম, লেজা قَنَا (قَنَاة) [قنو]

[ক্বানা] খেজুরের থোকা قَنَا ج قِنَاء [قنو]

[ক্বানা] লাভ করা, অর্জন করা, মালিক হওয়া, (রং) গাঢ় লাল হওয়া قَنَا [ن] (قَنْو ، قُنْوَان ، قُنُوّ) [قنو]

[কুন্নাব] (শস্যের) মঞ্জরী, শিষ قُنَّاب [قنب]

[ক্বিন্নাব] (শস্যের) মঞ্জরী, শিষ, সিংহের নখর বা থাবা قِنَاب [قنب]

[কুন্নাবাহ্] (শস্যের) মঞ্জরী, শিষ قُنَّابَة [قنب]

[ক্বানাত] চ্যানেল, পথ, খাল, নালা, নালী قَنَاة ج قَنَوَات ، أَقْنِيَة [قنو]

[ক্বানাত] বর্শা, বল্লম, লেজা, তীর, পাইপ, নল قَنَاة ج قَنَوَات، قَنَيَات، قَنًى ، قَنَا

[ক্বানাতুস সুওয়েস] সুয়েজখাল قَنَاة السُّوَيْس

[ক্বান্নাছ] শিকারী قَنَّاص [قنص]

[ক্বিনা'] অবগুণ্ঠন, মুখোশ, ঘোমটা, বোরকা قِنَاع ج أَقْنِعَة ، أَقْنِعَة [قنع]

[ক্বানা'আহ্] তুষ্টি, সন্তুষ্টি, পরিতুষ্টি, তৃপ্তি, পরিতৃপ্তি, প্রত্যয় قَنَاعَة [قنع]

[ক্বানানাহ, ক্বিনানাহ্] দাসত্ব, ভূমিদাসত্ব قَنَانَة ، قِنَانَة [قنن]

[ক্বিন্নাব, কুন্নাব] শন, পাট قِنَّب ، قُنَّب

[কুন্‌ব] পুষ্পাবরণ, বৃতি, (শস্যের) মঞ্জরী-কোষ, বড় পাল, সিংহের নখর বা থাবা قُنْب ج قُنُوب

قُنْبَاز ج قَنَابِيز [কুম্বায] পুরুষের লম্বা গাউন-বিশেষ

قَنْبَر [কাম্বার] একপ্রকার মাছ, bluefish

قُنْبَرَة ، قُنْبُرَة ج قَنَابِر [কুম্বারাহ, কুম্বুরাহ] একপ্রকার গায়কপাখি, ভরতপাখি, ঝুঁটি

قُنْبُع [কুম্বু'] পুষ্পাবরণ, বৃতি, (শস্যের) মঞ্জরী-কোষ

قَنْبَلَ (قَنْبَلَة) [কাম্বালা] বোমাবর্ষণ করা, গোলা-বর্ষণ করা

قَنْبَلَة [قنبل] [কাম্বালাহ] বোমাবর্ষণ, গোলাবর্ষণ

قُنْبُلَة ج قَنَابِل [قنبل] [কুম্বুলাহ] বোমা, বোম, গোলা

قُنْبُلَة ذَرِّيَّة [-- যার্‌রিয়্যাহ] আণবিক বোমা

قُنْبُلَة زَمَنِيَّة [-- যামানিয়্যাহ] কালবোমা, টাইম-বোম

قُنْبُلَة عُنْقُودِيَّة [-- 'উন্‌কুদিয়্যাহ] গুচ্ছবোমা

قُنْبُلَة مَوْقُوتَة [-- মাওকূতাহ] কালবোমা, টাইম-বোম

قُنْبُلَة نَوَوِيَّة [-- নাওয়াবিয়্যাহ] পারমাণবিক বোমা

قُنْبُلَة هِيدْرُوجِينِيَّة [-- হীদ্‌রোজীনিয়্যাহ] হাই-ড্রোজেন বোমা

قُنْبُلَة يَدَوِيَّة [-- ইয়াদাবিয়্যাহ] হাতবোমা, গ্রেনেড

قُنْبُور [قنبر] [কুম্বূর] কুঁজ, কুব্জ

قُنَّبِيط [কুন্নাবীত] ফুলকপি (সবজি)

قَنَتَ [ن] (قُنُوت) [কানাতা] অনুগত থাকা, অনুগত হওয়া, আনুগত্য করা, আল্লাহর অনুগত থাকা, এবাদত করা, নামাযরত থাকা, ধার্মিক হওয়া

قِنَّة ج قِنَن [قنن] [ক্বিন্নাহ] দড়ির শক্তি, রজ্জুর গুণ, একপ্রকার উদ্ভিদ, galbanum, একপ্রকার ঔষধ

قُنَّة ج قُنَن ، قِنَان ، قُنُون [قنن] [কুন্নাহ] চূড়া, শীর্ষ, শৃঙ্গ, ছোট পাহাড়, টিলা

قَنْد ج قُنُود [কান্দ] মিছরী, মিছরি

قُنْدُر [কুন্দুর] বীবর (জন্তু)

قُنْدُس [কুন্দুস] বীবর (জন্তু)

قَنْدَلَفْت [কান্দালাফ্‌ত] গির্জার ভারপ্রাপ্ত কর্মচারী, sexton

قِنْدِيل ج قَنَادِيل [قندل] [কিন্দীল] মোমবাতি, প্রদীপ

قِنْدِيل الْبَحْر [কিন্দীলুল বাহ্‌র] জেলি মাছ

قُنْزُع ، قُنْزُعَة ج قَنَازِع [কুন্‌যু', কুন্‌যু'আহ] কেশগুচ্ছ, ঝুঁটি

قَنَص [কানাছ] যা শিকার করা হয়, শিকার

قَنَصَ [ض] (قَنْص) [কানাছা] (পাখি বা প্রাণী) শিকার করা, শিকার ধরা

قُنْصُل ج قَنَاصِل [কুন্‌ছুল] রাষ্ট্রদূত, কনসাল (consul)

قُنْصُلِيّ [কুন্‌ছুলী] রাষ্ট্রদূত-সম্পর্কীয়, দূতাবাস-সম্বন্ধীয়

قُنْصُلِيَّة [কুন্‌ছুলিয়্যাহ] রাষ্ট্রদূতের কর্মস্থল, কন-স্যুলেট (consulate), দূতাবাস

قَنَط [কানাত] নিরাশা, হতাশা, নৈরাশ্য

قَنَطَ [ن] [ض] (قُنُوط) [কানাতা] নিরাশ হওয়া, হতাশ হওয়া, বাধা দেওয়া, বিরত করা

قَنِط [কানিত] নিরাশ, হতাশ, নিরাশাগ্রস্ত, হতাশা-গ্রস্ত

قَنِطَ [س] (قَنَط) [কানিতা] নিরাশ হওয়া, হতাশ হওয়া

قَنُطَ [ك] (قَنَاطَة) [কানুতা] নিরাশ হওয়া, হতাশ হওয়া

قَنَّطَ (تَقْنِيط) [قنط] [কান্নাতা] নিরাশ করা, হতাশ করা, আশাহত করা, হতোদ্যম করা

قِنْطَار ج قَنَاطِير [قنطر] [কিন্‌তার] কিন্‌তারঃ ওজনের এককবিশেষ, কুইন্টাল, অঢেল সম্পদ, কোটি

قِنْطَارِيّ [কিন্‌তারী] অঢেল সম্পদের মালিক, কোটিপতি

قَنْطَرَ (قَنْطَرَة) [কান্‌তরা] খিলান করা, খিলানাকার করা, বাঁকা করা, কোটিপতি হওয়া

قَنْطَرَة ج قَنَاطِر [قنطر] [কান্‌তরাহ] সেতু, পুল, সাঁকো, খিলান

قَنَى [ض] (قَنْي) [ক্বানা] অর্জন করা, লাভ করা, মালিক হওয়া

قِنًى ج أَقْنَاء ، قِنْيَان [قنو] [ক্বিনা] খেজুরের থোকা

قِنْيَة ، قُنْيَة [قنو] [ক্বিন্‌ইয়াহ্, কুন্‌ইয়াহ্] সম্পদ, সম্পত্তি, উপার্জন

قُنَيَّة ج قُنَيَّات [قنو] [কুনাইয়াহ্] ছোট খাল, সুঁই

قَنِيص [قنص] [ক্বানীছ] যা শিকার করা হয়েছে, শিকার, শিকারী

قَنِيع ج قُنَعَاء [قنع] [ক্বানী'] তুষ্ট, তৃপ্ত, পরিতুষ্ট, পরিতৃপ্ত

قِنِّينَة ج قَنَانِي [قنن] [ক্বিন্নীনাহ্] বোতল, শিশি

قَهَّار [قهر] [ক্বাহ্হার] প্রতাপশালী, পরাক্রান্ত

الْقَهَّار [قهر] [আল-ক্বাহ্হার] পরম প্রতাপশালী, মহাপরাক্রমশালী, প্রবল পরাক্রান্তঃ আল্লাহ

قَهَرَ [ف] (قَهْر) [ক্বাহারা] পরাভূত করা, দমন করা, জোর করা, বাধ্য করা, বশীভূত করা

قَهْرًا [ক্বাহ্‌রন] জোরপূর্বক, বলপূর্বক, জোর করে

قَهْرَمَان ج قَهَارِمَة [ক্বাহ্‌রমান] গৃহ-পরিচারক, তত্ত্বাবধায়ক, নায়েব, খানসামা

قَهْرَمَة [ক্বাহ্‌রমাহ্] গৃহ-পরিচারকের কাজ, খানসামার কাজ

قَهْرِيّ [ক্বাহ্‌রী] জবরদস্তিমূলক, বাধ্যতামূলক

قَهْقَرَ (قَهْقَرَة) [ক্বাহ্‌ক্বারা] পশ্চাৎগামী হওয়া, পশ্চাৎমুখী হওয়া, পিছনে পড়া, অধোগামী হওয়া

قَهْقَهَ (قَهْقَهَة) [ক্বাহ্‌ক্বাহা] অট্টহাসি হাসা, শব্দ করে হাসা

قَهْقَهَة [قهقه] [ক্বাহ্‌ক্বাহাহ্] অট্টহাসি, সশব্দ হাসি

قَهَم [ক্বাহাম] খাদ্যগ্রহণে অনীহা, ক্ষুধামন্দা

قَهِمَ [س] (قَهَم) [ক্বাহিমা] ক্ষুধা না লাগা, ক্ষুধামন্দা হওয়া

قَهْوَاتِيّ ج قَهْوَاتِيَّة [ক্বাহ্‌ওয়াতী] কফিবিক্রেতা, কফিওয়ালা, কফিখানার মালিক

قَهْوَة [ক্বাহ্‌ওয়াহ্] কফি (coffee)

قَهْوَة ج قَهْوَات ، قَهَاوِي [ক্বাহ্‌ওয়াহ্] কফিখানা, কফিঘর, কফির দোকান

قَنَعَ [ف] (قُنُوع) [ক্বানা'আ] ভিক্ষা চাওয়া, মিনতি করা, অধীন হওয়া, বশীভূত হওয়া

قَنِع [ক্বানি'] তুষ্ট, তৃপ্ত, পরিতুষ্ট, পরিতৃপ্ত

قَنِعَ [س] (قَنَع ، قَنَاعَة) [ক্বানি'আ] তৃপ্ত হওয়া, তুষ্ট হওয়া, পরিতৃপ্ত হওয়া, পরিতুষ্ট হওয়া, সন্দেহমুক্ত হওয়া

قَنَّعَ (تَقْنِيع) [قنع] [ক্বান্না'আ] তৃপ্ত করা, সন্তুষ্ট করা, রাজি করানো, মুখোশ দিয়ে ঢাকা, অবগুণ্ঠিত করা

قِنْع ج أَقْنَاع ، قِنَعَة [ক্বিন্'] অভ্র, বালির টিলা

قَنْعَان [قنع] [ক্বান্'আন] অল্পে তুষ্ট

قَنَعَة [قنع] [ক্বানা'আহ্] উচ্চতম স্থান, শীর্ষ, শৃঙ্গ

قَنْغَر [ক্বান্‌গার] ক্যাঙ্গারু (প্রাণী)

قُنْفُذ ج قَنَافِذ [কুন্‌ফুয] শজারু, শল্লকী (জন্তু)

قُنْفُذ الْبَحْر [কুন্‌ফুযুল বাহ্‌র] শজারু মাছঃ কাঁটা-বিশিষ্ট সামুদ্রিক প্রাণিবিশেষ, sea-urchin

قَنْقَر [ক্বান্‌ক্বার] ক্যাঙ্গারু (প্রাণী)

قِنْقِشَة [ক্বিন্‌ক্বিশাহ্] একপ্রকার মাছি, gallfly

قَنَّنَ (تَقْنِين) [قنن] [ক্বান্নানা] আইন তৈরী করা, নির্দিষ্ট করা, ন্যায়ভাবে বন্টন করা

قِنْو ، قُنْو ج أَقْنَاء ، قِنْوَان [ক্বিন্‌ও, কুন্‌ও] খেজুরের গুচ্ছ, কাঁদি, থোকা

قَنْوَاء [قنو] [ক্বান্‌ওয়া'] বক্র, বাঁকা, নোয়ানো, নত (أَقْنَى-এর স্ত্রীলিঙ্গ)

قَنُوت [قنت] [ক্বানূত] অনুগত, ধর্মপরায়ণ, স্বামীর অনুগত (স্ত্রী)

قُنُوت [قنت] [কুনূত] আনুগত্য, ধার্মিকতা, ধর্মপরায়ণতা

قِنْوَة، قُنْوَة [قنو] [ক্বিন্‌ওয়াহ্, কুন্‌ওয়াহ্] সম্পদ, সম্পত্তি, উপার্জন

قَنُوط [قنط] [ক্বানূত] নিরাশ, হতাশ, ব্যর্থমনোরথ

قُنُوط [قنط] [কুনূত] নিরাশা, হতাশা, নৈরাশ্য

قَنُوع ج قُنُع [قنع] [ক্বানূ'] তুষ্ট, তৃপ্ত, পরিতুষ্ট, পরিতৃপ্ত

قُنُوع [قنع] [কুনূ'] তুষ্টি, লোভ, ঝোঁক, মিনতি

قَوَاء [قوي] [ক্বাওয়া'] ক্ষুধা, অনাহার, মরুভূমি, নির্জন ভূমি

قِوَاء [قوي] [ক্বিওয়া'] নির্জন ভূমি, মরুভূমি

قُوَات [কুওয়াত] প্রয়োজন-পরিমাণ জীবিকা, খাদ্য, খোরাক

قُوَّات (قُوَّة) [কুওওয়াত] বাহিনী, সেনাবাহিনী

قُوَّات الأَمْن [কুওওয়াতুল আম্ন] নিরাপত্তা বাহিনী

قُوَّات بَحْرِيَّة [কুওওয়াত বাহ্‌রিয়্যাহ] নৌবাহিনী

قُوَّات بَرِّيَّة [কুওওয়াত বার্‌রিয়্যাহ] স্থলবাহিনী

قُوَّات جَوِّيَّة [কুওওয়াত জাওবিয়্যাহ] বিমান-বাহিনী

قُوَّات عَسْكَرِيَّة [কুওওয়াত 'আস্‌কারিয়্যাহ] সামরিক বাহিনী

قُوَّات مُسَلَّحَة [কুওওয়াত মুসাল্লাহাহ] সশস্ত্রবাহিনী

قَوَّاد [قود] [ক্বাওওয়াদ] শক্তিশালী চালক, ব্যভি-চারের দূত, কোটনা, বেশ্যার দালাল

قَوَادِم (قَادِم) [قدم] [ক্বাওয়াদিম] পাখির বড় বড় পালক

قَوَارِب [قَارِب] [ক্বাওয়ারিব] পানির অন্বেষণে চালক যে উষ্ট্রপাল নিয়ে রাতে পথ চলে

قَوَارِت (قَارِت) [قرت] [ক্বাওয়ারিত] যে সব প্রাণী সবকিছু খায়, সর্বভুক প্রাণী

قَوَارِض (قَارِض) [قرض] [ক্বাওয়ারিদ] যে সব প্রাণী দাঁত দিয়ে কাটে, তীক্ষ্ণদন্ত প্রাণী

قَوَازِب (قَازِب) [قزب] [ক্বাওয়াযিব] উভচর প্রাণী বা যানবাহন

قَوَّاس [قوس] [ক্বাওওয়াস] ধনুকচালক, ধনুক প্রস্তুতকারী, তীরন্দাজ

قَوَاضِم (قَاضِم) [قضم] [ক্বাওয়াদিম] যে সব প্রাণী দাঁত দিয়ে কাটে, তীক্ষ্ণদন্ত প্রাণী (ইঁদুর ইত্যাদি)

قَوَاطِع (قَاطِع) [قطع] [ক্বাওয়াতি'] যে সব পাখি ঋতু পরিবর্তনের কারণে দেশ থেকে দেশান্তরে পাড়ি জমায়, ভবঘুরে পাখি

قُوَاع [কুওয়া'] পুরুষ খরগোশ

قَوَاعِد (قَاعِدَة) [قعد] [ক্বাওয়া'ইদ] নীতিমালা, রীতিনীতি, নিয়মাবলী, মূলনীতিসমূহ, ব্যাকরণ

قَوَاعِد الإِجْرَاءَات [ক্বাওয়া'ইদুল ইজ্‌রাআত] কার্যপ্রণালীবিধি, rules of procedure

قَوَاعِد السُّلُوك [ক্বাওয়া'ইদুস সুলূক] আচরণবিধি, rules of conduct

قَوَاعِد اللُّغَة [ক্বাওয়া'ইদুল লুগাহ] ভাষার নিয়মা-বলী, ব্যাকরণ

قَوَاف ، قَوَّاف [ক্বাওয়াফ, ক্বাওওয়াফ] পায়ের ছাপ দেখে চিনতে পারে এমন, পদচিহ্নবিশারদ

قَوَّال ج قُول ، قُوُل ، قَوَّالُونَ [ক্বাওওয়াল] বেশী কথা বলে এমন, বাচাল, অনর্গল কথা বলে এমন, কথা বলায় পারদর্শী, বাগ্মী, বাকপটু, স্বচ্ছন্দভাষী, গায়ক, কাওয়াল

قَوَّالَة ج قُول ، قُوُل [ক্বাওওয়ালাহ] কথা বলায় পারদর্শী, বাকপটু, বেশী কথা বলে এমন, বাচাল, অনর্গল কথা বলে এমন, বাকপটু, বাগ্মী

قَوَام [ক্বাওয়াম] কাঠামো, আকৃতি, দেহ, মধ্যম পরিমাণ, স্থিরতা, অটলতা, ন্যায্যতা

قَوَّام [قوم] (عَلَى) [ক্বাওওয়াম] ব্যবস্থাপক, তত্ত্বা-বধায়ক, অভিভাবক, পরিচালক

قِوَام [ক্বিওয়াম] বিরোধিতা, বাধা, প্রতিরোধ, ভর, ঠেকনা, ভরসা, অবলম্বন, ভিত্তি, প্রধান উপাদান, প্রয়োজন-পরিমাণ খাদ্য, তত্ত্বাবধায়ক

قِوَامَة [ক্বিওয়ামাহ] অভিভাবকত্ব, রক্ষণাবেক্ষণ, তত্ত্বাবধান

قُوبَاء ، قُوَبَاء [কূবা', কুওয়াবা'] দাদ, বিখাউজ (চর্মরোগ)

قُوت ج أَقْوَات [কূত] খাদ্য, খোরাক, পুষ্টি

قُوَّة ج قُوَّات ، قُوَى [قوي] [কুওওয়াহ] শক্তি, ক্ষমতা, বল, সামর্থ্য, প্রবলতা, প্রচণ্ডতা, বাহিনী

قُوَّة حِصَانِيَّة [কুওওয়াহ হিছানিয়্যাহ] (যন্ত্রের) অশ্বশক্তি, horsepower

قُوَّة دَافِعَة [কুওওয়াহ দাফি'আহ] চালিকা-শক্তি

القُوَّة العُظْمَى [আল-কুওওয়াতুল 'উযমা] বৃহৎ শক্তি

بِالقُوَّة [বিল-কুওওয়াহ] জোরপূর্বক, বলপূর্বক, শক্তিপ্রয়োগে, ফলত, কার্যত

قُوتَاش [কূতাশ] একপ্রকার গরু, চমরী গাভী, yak

[ক্বাওদ] চালনা, পরিচালনা, নেতৃত্ব প্রদান قَوْد

[ক্বাওর] নতুন তুলা, সুতার রশি قَوْر

[ক্বাওওয়ারা] গোলাকার গর্ত করা, খোড়ল করা, গোল করে পেঁচানো قَوَّرَ (تقْوِير) [قور]

[ক্বাওস] ধনুক, খিলান, বেহালার ছড়, পাঁজরের হাড় قَوْس ج أَقْوَاس ، قِسِيّ ، قُسِيّ

[আল-ক্বাওস] ধনুরাশি: রাশিচক্রের নবম রাশি القَوْس

[ক্বাওস কুযাহ] রঙধনু, রংধনু, রামধনু قَوْس قُزَح

[ক্বাওস ওয়া নুশশাব] আড় ধনুক, cross-bow قَوْس وَنُشَّاب

[ক্বাবিসা] বাঁকা হওয়া, নোয়া, ধনুকাকৃতি হওয়া قَوِسَ [س] (قَوَس)

[ক্বাওওয়াসা] বাঁকা করা, নোয়ানো, ধনুকাকৃতি করা, বাঁকা হওয়া قَوَّسَ (تَقْوِيس) [قوس]

[কূস] সন্ন্যাসীর আশ্রম, শিকারীর কুটীর قُوس

[ক্বাওসান, ক্বাওসাইন] বন্ধনী, bracket قَوْسَان ، قَوْسَيْن

[ক্বাওওয়াদা] ভেঙ্গে ফেলা, ভেঙ্গে দেওয়া, চূর্ণ করা, ধ্বংস করা قَوَّضَ (تَقْوِيض) [قوض]

[ক্বাওতাহ] ফলের ঝুড়ি, খেজুরের ঝুড়ি قَوْطَة

[কূতাহ] টমেটো (সবজি) قُوطَة

[কূক] লম্বা গলাবিশিষ্ট একপ্রকার জলচর পাখি, দেখতে খারাপ লাগে এমন দীর্ঘকায় قُوق

[আল-ক্বাওক্বায] ককেশাস পর্বত القَوْقَاز

[আল-ক্বাওক্বাস] ককেশাস পর্বত القَوْقَاس

[ক্বাওক্বাআ] (মুরগী) কক্কক্ ডাকা قَوْقَأَ (قَوْقَأَة)

[ক্বাওক্বাআহ] (মুরগীর) কক্কক্ ডাক قَوْقَأَة

[ক্বাওক্বায] একপ্রকার হরিণ, springbok قَوْقَز

[ক্বাওক্বা'] শামুক, শঙ্খ, একপ্রকার তৃণ قَوْقَع

[ক্বাওক্বা'আ] ভিতরে রাখা, বন্ধ রাখা, আটকে রাখা, আলাদা রাখা قَوْقَعَ (قَوْقَعَة)

[ক্বাওক্বা'আহ] ঝিনুক, শুক্তি, শামুক, শঙ্খ قَوْقَعَة

[ক্বাওল] কথা, উক্তি, বাণী, বচন, বাক্য, ওয়াদা, প্রতিশ্রুতি, প্রতিজ্ঞা, বক্তব্য, মন্তব্য, বর্ণনা, মত قَوْل ج أَقْوَال جج أَقَاوِيل

[ক্বাওলান ওয়া 'আমালান] কথায় ও কাজে قَوْلاً وَعَمَلاً

[ক্বাওওয়ালা] কথা বলানো, মিথ্যা বলানো, মিথ্যা কথন আরোপ করা قَوَّلَ (تَقْوِيل) [قول]

[ক্বাওলাবা] ছাঁচে ঢালা, আকার দেওয়া, গঠন করা قَوْلَبَ (قَوْلَبَة)

[ক্বাওলাহ] কথা, উক্তি, বাণী, উচ্চারণ, মন্তব্য قَوْلَة

[কুওয়ালাহ] বাকপটু, বাচাল قُوَلَة ج قُول ، قُوُل

[ক্বাওলাহাহ] শস্যের শীষ, শস্যমঞ্জরি قَوْلَحَة ج قَوَالِح [قلح]

[ক্বোলোন] (প্রাণীর) মলাশয়, colon قُولُون

[ক্বাওলী] কথাসম্বন্ধীয়, কথাজাতীয়, উক্তি-মূলক, বাচনিক قَوْلِيّ

[আল-হাদীছুল ক্বাওলী] বাচনিক হাদীস, উক্তিমূলক হাদীস الحَدِيث القَوْلِيّ

[ক্বাওম] দল, মানুষের দল, জনগণ, লোকজন, জাতি, বংশ, গোত্র قَوْم ج أَقْوَام

[ক্বাওওয়ামা] সোজা করা, ঠিক করা, গঠন করা, সুগঠিত করা, গড়া, মূল্য নির্ধারণ করা, মূল্যায়ন করা قَوَّمَ (تَقْوِيم) [قوم]

[ক্বাওমাহ] দণ্ডায়মানতা, উত্থান, জাগরণ, দৈহিক কাঠামো قَوْمَة

[ক্বাওমী] জাতীয়, জাতীয়তাবাদী, গোত্রীয়, বংশীয় قَوْمِيّ

[ক্বাওমিয়্যাহ] জাতীয়তা, জাতীয়তাবাদ قَوْمِيَّة

[ক্বাবূদ] বশীভূত, অনুগত (ঘোড়া) قَوُود

[ক্বাবূল] বাকপটু, বাচাল قَوُول ج قُول ، قُوُل

[ক্বাওয়া] ক্ষুধা, অনাহার, নির্জন মরুভূমি قَوًى

[ক্বাবী] শক্তিশালী, শক্ত, শক্তিধর, শক্তিমান, ক্ষমতাবান, বলবান, সবল, প্রবল قَوِيّ ج أَقْوِيَاء [قوي]

[আল-ক্বাবী] মহাশক্তিধর, সর্বশক্তিমান: আল্লাহ القَوِيّ

[ক্বাবিয়া] শক্তিশালী হওয়া, সবল হওয়া, প্রবল হওয়া, শক্ত হওয়া, সুদৃঢ় হওয়া قَوِيَ [س] (قُوَّة) [قوي]

[-- 'আলা] সক্ষম হওয়া, প্রভাব বিস্তার قَوِيَ عَلَى করা, পরাস্ত করা

[ক্বাবিয়া] জনশূন্য [قوي] (قَيٌّ ، قَوَايَة) قَوِيَ হওয়া, নির্জন হওয়া, পরিত্যক্ত হওয়া

[ক্বাবিয়া] অত্যন্ত ক্ষুধার্ত [قوي] (قَوًى) قَوِيَ হওয়া

[ক্বাওওয়া] শক্তিশালী করা, [قوي] (تَقْوِيَة) قَوَّى শক্ত করা, সবল করা, জোরদার করা, সুদৃঢ় করা

[কুওয়াইসাহ] ছোট [قوس] قُوَيْسَة ج قُوَيْسَات ধনুক, একপ্রকার উদ্ভিদ, sage

[ক্বাবীম] সঠিক, সত্য, যথার্থ, [قوم] قَوِيم ج قِيَام সোজা, সুদৃঢ়, মজবুত

[কুইয়া'] বমি, বমন, বমনকৃত খাদ্য [قيأ] قُيَاء

[ক্বিয়াদ] নেতৃত্ব, চালনা, পরিচালনা, [قود] قِيَاد লাগাম, রাস, বল্গা

[সাহ্লুল ক্বিয়াদ] সহজে চালানো سَهْلُ الْقِيَاد কিংবা বশ মানানো যায় এমন, বাধ্য

[ছা'বুল ক্বিয়াদ] চালানো কিংবা বশ صَعْبُ الْقِيَاد মানানো কঠিন এমন, অবাধ্য

[ক্বিয়াদাহ] চালনা, নেতৃত্ব, কর্তৃত্ব, [قود] قِيَادَة পরিচালনা, কমান্ড (command)

[ক্বিয়াদাহ 'আলিয়াহ] হাইকমান্ড قِيَادَة عَالِيَة (high command)

[আল-ক্বিয়াদাতুল 'উল্ইয়া] সুপ্রিম الْقِيَادَة الْعُلْيَا কমান্ড (supreme command)

[ক্বিয়াদী] নেতৃস্থানীয়, প্রধান, মূল, নেতা قِيَادِيّ

[ক্বাইয়াস] যে ধনুক তৈরী করে, [قوس] قَيَّاس ধনুক প্রস্তুতকারী

[ক্বাইয়াস] জমি-পরিমাপক, আমিন [قيس] قَيَّاس

[ক্বিয়াস] মাপ, পরিমাপ, জরিপ, [قيس] قِيَاس অনুমান, তুলনা, অনুপাত, যুক্তি, কেয়াস

[ক্বিয়াসান] নিয়মানুসারে, যুক্তিসঙ্গতভাবে, قِيَاسًا যৌক্তিকভাবে

[ক্বিয়াসী] অনুমানভিত্তিক, যুক্তিভিত্তিক, قِيَاسِيّ যৌক্তিক, নিয়মসিদ্ধ

[রক্ম ক্বিয়াসী] রেকর্ড (record) رَقْم قِيَاسِيّ

[ক্বিয়াফাহ] চিহ্ন ধরে অনুসরণ, [قيف] قِيَافَة হাবভাব

[ক্বিয়াম] দণ্ডায়মানতা, দাঁড়ানো [قوم] قِيَام অবস্থা, রওয়ানা, যাত্রা, বিদ্যমানতা, অবস্থান

[-- বি] সম্পাদন, সম্পন্নকরণ, করণ قِيَام بِ

[ক্বিয়ামাহ] পুনরুত্থান, মহাপ্রলয়, [قوم] قِيَامَة কেয়ামত

[আল-ক্বিয়ামাহ] সূরা আল-ক্বিয়ামাহঃ الْقِيَامَة পবিত্র কোরআনের ৭৫তম সূরা

[ইয়াওমুল ক্বিয়ামাহ] প্রলয়-দিবস, يَوْم الْقِيَامَة পুনরুত্থান-দিবস, কেয়ামতের দিন

[ক্বাই'] বমি, বমন, বমনকৃত খাদ্য قَيْء

[ক্বাইয়াআ] বমির উদ্রেক করা, [قيأ] (تَقْيِئَة) قَيَّأَ বমি করানো, বমন করানো

[ক্বীত, ক্বীতাহ] খোরাক, [قوت] قِيت ، قِيتَة খাদ্য, পুষ্টি

[ক্বীছার] গিটার (বাদ্যযন্ত্র) قِيثَار ج قَيَاثِير

[ক্বীছারাহ] গিটার (বাদ্যযন্ত্র) قِيثَارَة

[ক্বাইহ] ফোড়া বা ক্ষতের দূষিত قَيْح ج قُيُوح রস, পুঁজ

[ক্বাইয়াহা] (ফোড়া বা ক্ষত- [قيح] (تَقْيِيح) قَيَّحَ স্থানে) পুঁজ হওয়া, পুঁজ বের হওয়া

[ক্বাইদ] বন্দীকরণ, বন্ধন, কয়েদ, বন্দিত্ব, قَيْد লিপিবদ্ধকরণ, সীমাবদ্ধকরণ

[ক্বাইদ] বন্ধন, দড়ি, রশি, হাতকড়া, قَيْد ج قُيُود বিধিনিষেধ, শর্ত, পরিমাণ, পরিমাপ, পর্যায়

[ক্বাইদা] অধীন, প্রক্রিয়াধীন, বিবেচনাধীন, قَيْدَ পর্যায়ে

['আলা ক্বাইদিল হায়াত] জীবিত عَلَى قَيْدِ الْحَيَاة অবস্থায়, জীবিত থাকাকালীন, জীবদ্দশায়

[ক্বাইয়াদা] কয়েদ করা, বন্দী [قيد] (تَقْيِيد) قَيَّدَ করা, লিপিবদ্ধ করা, সীমাবদ্ধ করা, শর্তযুক্ত করা, তালিকাভুক্ত করা

[ক্বীদ] পরিমাণ, পরিমাপ, দূরত্ব قِيد

[ক্বাইয়িদ] সহজে বশ মানানো যায় [قود] قَيِّد এমন, বাধ্য, আজ্ঞাবহ

[ক্বাইয়ারা] আলকাতরার [قير] (تَقْيِير) قَيَّرَ

প্রলেপ দেওয়া, আলকাতরা লাগানো, পিচ ঢালা

[ক্বীর] আলকাতরা, পিচ قِير

[ক্বীরাত্ব] কীরাতঃ ওজন ও মাপের قِيرَاط ج قَرَارِيط
এককবিশেষ, ইঞ্চি

[ক্বাইরাওয়ান] অশ্বারোহীদের قَيْرَوَان ج قَيْرَوَانَات
দল, বড় সেনাদল, অভিযাত্রীদল, কাফেলা

[ক্বাইস] আন্দাজ, অনুমান, কষ্ট, ক্ষুধা قَيْس

[ক্বাইয়াসা] মাপা, পরি- قَيَّسَ (تَقْيِيس) [قيس]
মাপ করা

[ক্বীস] মাপ, পরিমাপ, পরিমাণ قِيس

[ক্বীশানী] নকশী ও চকচকে মৃৎপাত্র, قِيشَانِيّ
চীনামাটির পাত্র, মসৃণ টালি

[ক্বাইছান, ক্বাইছানাহ] এক قَيْصَان ، قَيْصَانَة
প্রকার মাছ, চাঁদামাছ, moonfish

[ক্বাইছর] কায়সার, قَيْصَر ج قَيَاصِر، قَيَاصِرَة
সীজারঃ প্রাচীন রোমক সম্রাটের উপাধি, সম্রাট

[ক্বাইছরী] সীজারসম্বন্ধীয়, সম্রাটসম্বন্ধীয়, قَيْصَرِيّ
সাম্রাজ্যবাদী

[ক্বাইছরিয়্যাহ] সীজারের শাসন, সম্রাটের قَيْصَرِيَّة
মর্যাদা, সাম্রাজ্যবাদ, সীজারঃ পেটের বাচ্চা বের
করার অপারেশন

[ক্বাইছুম] সোনালী রংএর ফুলবিশিষ্ট এক- قَيْصُوم
প্রকার সুগন্ধ ঔষধি গুল্ম

[ক্বাইদ] ডিমের খোসা, সমান, একরকম قَيْض

*[ক্বাইয়াদা] নির্দিষ্ট করে [قيض] (تَقْيِيض) قَيَّضَ*
দেওয়া, আবশ্যিক করে দেওয়া, নিয়োজিত করা,
লাগিয়ে দেওয়া, দাগ বসিয়ে দেওয়া

*[ক্বীত্বান] ফিতা, রশি, কৈতন قِيطَان ج قَيَاطِين*

[ক্বাইয] প্রচণ্ড তাপ, তীব্র قَيْظ ج أَقْيَاظ ، قُيُوظ
উত্তাপ, (গ্রীষ্মের) দাবদাহ, শুষ্কতা, তৃষ্ণা

[ক্বাইয়াযা] গ্রীষ্মে বাস করা, [قيظ] (تَقْيِيظ) قَيَّظَ
গ্রীষ্মের বৃষ্টি পাওয়া, গ্রীষ্মকালের জন্য যথেষ্ট হওয়া

[ক্বাইয়িয] অত্যন্ত উষ্ণ, অতিশয় উত্তপ্ত قَيِّظ

[ক্বাইযী] গ্রীষ্মকালীন, গ্রীষ্মকালে উৎপন্ন, قَيْظِيّ
*গ্রীষ্মজাত, গ্রীষ্মকালে জন্মগ্রহণকারী (সন্তান)*

[ক্বাইয়াফা] (চিহ্ন ধরে) [قيف] (تَقْيِيف) قَيَّفَ
অনুসরণ করা, পিছু লওয়া

[ক্বাইক্বাব] একপ্রকার গাছ, maple قَيْقَب

[ক্বাইল] রাজা, দলপতি, قَيْل ج أَقْيَال ، قُيُول
সর্দার, নেতা

[ক্বীল] কথা, বাণী, উক্তি, বক্তব্য, قِيل [قول]
মন্তব্য, মত, জবাব

*[ক্বীল ওয়া ক্বাল] কথাবার্তা, قِيل وَقَال [قول]*
বলাবলি, অসার কথা, বিতর্ক

[ক্বীলা] বলা হয়েছে, কথিত আছে قِيلَ [قول]

[ক্বীলাহ] অণ্ডকোষবৃদ্ধি (রোগ) قِيلَة [قيل]

[-- মা'ইয়্যাহ] অণ্ডকোষবৃদ্ধি (রোগ) قِيلَة مَائِيَّة

[ক্বাইলূলাহ] মধ্যাহ্নভোজের পর- قَيْلُولَة [قيل]
বর্তী হালকা নিদ্রা, দিবানিদ্রা, দ্বিপ্রাহরিক বিশ্রাম

[ক্বাইয়ামা] মূল্য নির্ধারণ করা, [قيم] (تَقْيِيم) قَيَّمَ
মূল্য নিরূপণ করা, মূল্যায়ন করা

[ক্বাইয়িম] মূল্যবান, দামী, সোজা, قَيِّم [قوم ، قيم]
সঠিক, দায়িত্বে নিয়োজিত, তত্ত্বাবধায়ক

[ক্বিয়াম] সঠিক, খাঁটি, বিশুদ্ধ قِيَم [قوم]

[ক্বীমাহ] মূল্য, দাম, মূল্যবোধ, قِيمَة ج قِيَم [قوم]
মর্যাদা, গুরুত্ব, পরিমাণ

[যু ক্বীমাহ] মূল্যবান, দামী, গুরুত্বপূর্ণ ذُو قِيمَة

[লা ক্বীমাতা লাহূ] মূল্যহীন, গুরুত্বহীন لَا قِيمَةَ لَهُ

[ক্বাইন] কামার, কর্মকার قَيْن ج قُيُون ، أَقْيَان

[ক্বাইন] দাস, ক্রীতদাস قَيْن ج قِيَان

[ক্বাইনাহ] দাসী, গায়িকা, قَيْنَة ج قَيْنَات ، قِيَان
সম্ভ্রান্ত মহিলার পরিচারিকা বা সখী

[ক্বায়ু, ক্বায়্'] বেশী বমি করে قَيُوّ ، قَيُوء [قيأ]
এমন

[ক্বাইয়ূম] শাশ্বত, নিত্য, অবিনশ্বর, قَيُّوم [قوم]
চিরন্তন

[আল-ক্বাইয়ূম] অবিনশ্বর সত্তাঃ আল্লাহ القَيُّوم

# ك

[কাফ] কাফঃ আরবী বর্ণমালার ২২তম হরফ ك

[কা] ন্যায়, মত, তোমাকে, আপনাকে, তোমার, আপনার (পুং) كَ

[কি] তোমাকে, আপনাকে, তোমার, আপনার (স্ত্রী) كِ

[কা'ইদ] প্রতারণাকারী, চক্রান্তকারী, ষড়যন্ত্রকারী, কৌশলকারী كَائِد [كيد]

[কা'ইন] বিদ্যমান, অস্তিত্বময়, সৃষ্ট, অবস্থিত كَائِن [كون]

[কা'ইন] বস্তু, সত্তা, সৃষ্টি, সৃষ্টিজগৎ كَائِن ج كَائِنَات [كون]

[আল-কা'ইনাত] বস্তুজগৎ, সৃষ্টি-জগৎ, নিখিল সৃষ্টি الكَائِنَات [كون]

[কা'ইনাহ] সৃষ্ট, বিদ্যমান, অস্তিত্বময়, অবস্থিত (স্ত্রী), ঘটনা, সৃষ্টি-জগৎ كَائِنَة ج كَائِنَات ، كَوَائِن [كون]

[কাবাহা] একে অপরকে মন্দ বলা, পরস্পর গালি দেওয়া كَابَحَ (مُكَابَحَة) [كبح]

[কাবিহ] দমনকারী, বাধাদানকারী, সংযতকারী كَابِح [كبح]

[কাবিহাহ] নিয়ন্ত্রণ, বাধা, বন্ধন, রোধক, ব্রেক كَابِحَة ج كَوَابِح [كبح]

[কাবাদা] (কষ্ট) সহ্য করা, ভোগ করা, সংগ্রাম করা كَابَدَ (مُكَابَدَة) [كبد]

[কাবারা] বড়ত্বের প্রতি-যোগিতা করা, অহঙ্কার করা, জিদ ধরা كَابَرَ (مُكَابَرَة) [كبر]

[কাবির] বড়, মহান, নেতা, গুরু, পূর্বপুরুষ كَابِر [كبر]

[কাবিস] চাপ প্রয়োগকারী, হঠাৎ আক্রমণকারী, বহির্গত كَابِس [كبس]

[কাবালা] দেরি করানো, অপেক্ষা করানো, বিলম্বিত করা كَابَلَ (مُكَابَلَة) [كبل]

[কাবূস] স্বপ্নের মধ্যে কষ্ট, নিদ্রাকালে বুকে চাপ, দুঃস্বপ্ন, ভয়ঙ্কর দৃশ্য كَابُوس ج كَوَابِيس [كبس]

[কাবূল] কাবুল (নগরী)ঃ আফগানিস্তানের রাজধানী كَابُول

[কাবী, কাবিন] নির্বাপিত, নিষ্প্রভ, আগুন নিভে গিয়েছে এমন, অথর্ব, ব্যর্থ, উঁচু, বিরাট, ব্যাপক كَابِي ، كَابٍ [كبو]

[কাবীর রমাদ] অধিক ছাইওয়ালাঃ অনেক রান্না-খাওয়ার ব্যবস্থাকারী, উদার অতিথি-আপ্যায়নকারী كَابِي الرَّمَاد

[কাবিয়া'] বড় ইঁদুরের মত দেখতে লেজ-হীন জন্তুবিশেষ, গিনিপিগ كَابِيَاء

[কাতাবা] লেখালেখি করা, পত্র-বিনিময় করা كَاتَبَ (مُكَاتَبَة) [كتب]

[কাতিব] লেখক, গ্রন্থকার, রচয়িতা, লিপিকার, কাতেব, কেরানি كَاتِب ج كُتَّاب ، كَتَبَة [كتب]

[কাতিব 'আদ্‌ল, আল-কাতিবুল 'আদ্‌ল] নোটারি পাবলিক كَاتِب عَدْل ، الكَاتِب العَدْل

[কাতামা] লুকানো, গোপন করা, লুকিয়ে রাখা, গোপনে করা كَاتَمَ (مُكَاتَمَة) [كتم]

[কাতিম] যে গোপন করে বা লুকিয়ে রাখে, গোপনকারী كَاتِم [كتم]

[আল-কাছোলীক] (খ্রীষ্টান) ক্যাথলিক সম্প্রদায় الكَاثُولِيك

[কাছোলীকী] ক্যাথলিক (catholic) كَاثُولِيكِيّ

[কাহিল] পায়ের গোছ, গোছা, গুল্‌ফ كَاحِل ج كَوَاحِل

[বিল-কাদ] প্রায়, কেবল, অতিকষ্টে, কোনক্রমে كَاد: بِالكَاد

[কাদ] পরিশ্রমকারী, কঠোর পরিশ্রমী, কষ্ট-সহিষ্ণু, মেহনতকারী, মেহনতী كَادّ

[কাদা] কৌশল করা, প্রতারণা করা, ধোঁকা দেওয়া, ষড়যন্ত্র করা كَادَ [ض] (كَيْد)

[কাদা] উপক্রম হওয়া, নিকটবর্তী হওয়া, কাছে যাওয়া, ইচ্ছুক হওয়া كَادَ [س] (كَوْد ، مَكَاد) [كود]

كَادِح [كدح] [কাদিহ্] পরিশ্রমকারী, মেহনতকারী, পরিশ্রমী, কষ্টসহিষ্ণু

كَاذِب [كذب] [কাযিব] মিথ্যা, মিথ্যে, অসত্য

كَاذِب ج كُذَّاب، كَذَبَة، كَاذِبُون [كذب] [কাযিব] মিথ্যা বলে এমন, মিথ্যাবাদী, মিথ্যুক

كَاذِبَة ج كَوَاذِب ، كَاذِبَات [كذب] [কাযিবাহ্] মিথ্যা বলে এমন, মিথ্যাবাদী, মিথ্যুক (স্ত্রী)

كَارَ (ن) (كَوْر) [كور] [কারা] (পাগড়ি) ঘুরিয়ে বাঁধা, পেঁচানো, মোড়ানো, (বোঝা) বহন করা, (মাটি) খনন করা

كَارَ فِي مَشْيِهِ [-- ফী মাশ্‌য়িহী] ছুটে চলা, দ্রুত চলা

كَارَاكَاس [কারাকাস] কারাকাস (নগরী)ঃ ভেনেজুয়েলার রাজধানী

كَارَة ج كَارَات [كور] [কারাহ্] বাণ্ডিল, বোঁচকা

كَارِث [كرث] [কারিছ] কষ্টদায়ক, দুঃখজনক, বিপর্যয়কর, দুর্ভাগ্যজনক

كَارِثَة ج كَوَارِث [كرث] [কারিছাহ্] দুর্বিপাক, দুর্যোগ, বিপর্যয়, দুর্ঘটনা

كَارِع ج كَوَارِع [كرع] [কারি'] পা, খুরা, গুল্‌ফ, পায়া

كَارَمَ (مُكَارَمَة) [كرم] [কারমা] বদান্যতার গর্ব বা প্রতিযোগিতা করা

كَارِه [كره] [কারিহ্] অপছন্দকারী, ঘৃণাকারী, অনিচ্ছুক, বিতৃষ্ণ

كَارَى (مُكَارَاة) [كري] [কারা] ভাড়ায় দেওয়া, ইজারা দেওয়া

كَاز [কায] কেরোসিন (তেল), পেট্রল

كَازُور [কাযূর] কোমল পানীয়, soft drink, শরবত, সোডা-ওয়াটার (soda water)

كَاسَ (ض) (كَيْس ، كِيَاسَة) [كيس] [কাসা] চতুর হওয়া, বিচক্ষণ হওয়া, চমৎকার হওয়া, সুন্দর হওয়া, ভদ্র হওয়া

كَاسِب [كسب] [কাসিব] উপার্জনকারী, কামাইকারী, অর্জনকারী, লাভবান, বিজয়ী

كَاسِبَة ج كَوَاسِب [كسب] [কাসিবাহ্] কামাইকারী, উপার্জনকারী, অর্জনকারী, বিজয়ী (স্ত্রী)

كَاسِح [كسح] [কাসিহ্] বিপর্যস্তকারী, তছনছকারী, চরম, চূড়ান্ত, সম্পূর্ণ, একেবারে

كَاسِحَة [كسح] [কাসিহাহ্] পরিষ্কার করার যন্ত্র, নদীর তলদেশ থেকে কর্দমাদি তোলার যন্ত্র, dredge, আঁচড়া, মই

كَاسِحَة الأَلْغَام [কাসিহাতুল আল্‌গাম] মাইন পরিষ্কার করার যন্ত্র, minesweeper

كَاسِد [كسد] [কাসিদ] অবিক্রয়যোগ্য, অবিক্রিত, চাহিদাহীন, অচল পণ্য, মন্দা (বাজার)

كَاسِر [كسر] [কাসির] যে ভেঙ্গে ফেলে, ভাংচুরকারী, চূর্ণকারী, ধ্বংসকারী

كَاسِر ج كَوَاسِر [كسر] [কাসির] হিংস্র, শিকারী

كَاسِف [كسف] [কাসিফ] অবসাদগ্রস্ত, বিষণ্ন, মন-মরা

كَاسِيت [কাসেত] ক্যাসেট

كَاشَحَ: كَاشَحَهُ بِالْعَدَاوَة [كشح] [কাশাহাহু বিল-'আদাওয়াহ্] শত্রুতা করা, বিদ্বেষ পোষণ করা

كَاشِط [كشط] [কাশিত] খুলে ফেলে বা ঘষে তুলে ফেলে এমন

كَاشِطَة [كشط] [কাশিতাহ্] (লেখা ইত্যাদি) ঘষে তুলে ফেলার বস্তু বা যন্ত্র, scraper

كَاشَفَ (مُكَاشَفَة) [كشف] بِ [কাশাফা] প্রকাশ করা, ব্যক্ত করা, বলে দেওয়া, জানিয়ে দেওয়া

كَاشِف ، كَاشِفَة [كشف] [কাশিফ] বিকারক, অন্য পদার্থের অস্তিত্ব জানার জন্য ব্যবহৃত বস্তু

كَاشِف ج كَشَفَة ، كَاشِفُون [كشف] [কাশিফ] উন্মুক্তকারী, উন্মোচনকারী, আবিষ্কারকারী, প্রকাশকারী, বিদূরণকারী

كَاشْمِير [কাশ্‌মীর] কাশ্মীর (ভূখণ্ড)

كَاظِم ج كُظَّم ، كَاظِمُونَ [كظم] [কাযিম] (ক্রোধ) সংবরণকারী, নিয়ন্ত্রণকারী, নিবারণকারী, নীরব, নিশ্চুপ, তৃষ্ণার্ত (উট)

كَاع ج أَكْوَاع ، كِيعَان [كوع] [কা'] কব্জির হাড়, কনুই

كَاعِب [كعب] [কা'ইব] স্ফীত, উন্নত, গোলাকার (স্তন, বক্ষ)

كَاعِب ج كَوَاعِب [كعب] [কা'ইব] স্ফীত স্তন-

বিশিষ্টা, উন্নতবক্ষা (তরুণী)

كَاعِي ، كَاعٍ [كعو] [কাঈ] সাহসহীন, কাপুরুষ, পরাস্ত, পরাভূত, পরাজিত

كَاف [কাফ] কাফঃ ك বর্ণের নাম

كَافّ ج كَفَفَة [كفف] [কাফ্‌ফ] যে বিরত রাখে, নিজেকে বিরতকারী, নিবৃত্ত

كَافَأَ (مُكَافَأَة) [كفأ] [কাফাআ] প্রতিদান দেওয়া, ক্ষতিপূরণ দেওয়া, পুরস্কার দেওয়া, একরকম হওয়া, সমান সমান হওয়া

كَافَّة [كفف] [কাফ্‌ফাহ্‌] সামগ্রিকতা, সার্বিকতা, সাকুল্য, সমষ্টি, সকল, সব

الكَافَّة [আল-কাফ্‌ফাহ্‌] সকল মানুষ, সাধারণ মানুষ

كَافَّةً [كفف] [কাফ্‌ফাতান] পুরাপুরি, সকলেই, সবাই, সবকিছুই

كَافَّةُ النَّاس [কাফ্‌ফাতুন নাস] সকল মানুষ, সাধারণ মানুষ

كَافَحَ (مُكَافَحَة ، كِفَاح) [كفح] [কাফাহা] সংগ্রাম করা, যুদ্ধ করা, জেহাদ করা

كَافِر ج كُفَّار ، كَفَرَة ، كَافِرُون [كفر] [কাফির] কাফের, অবিশ্বাসকারী, অবিশ্বাসী, অস্বীকারকারী, অকৃতজ্ঞ, কৃষক

كَافِرَة ج كَوَافِر ، كَافِرَات [كفر] [কাফিরাহ্‌] কাফের নারী, অবিশ্বাসী মহিলা, অকৃতজ্ঞ রমণী, কিষাণী

الكَافِرُون [আল-কাফিরূন] সূরা আল-কাফিরূনঃ পবিত্র কোরআনের ১০৯তম সূরা

كَافَلَ (مُكَافَلَة) [كفل] [কাফালা] চুক্তিবদ্ধ হওয়া, চুক্তি করা

كَافِل ج كُفَّل [كفل] [কাফিল] জামিন, প্রতিভূ, অভিভাবক, ভরণপোষণকারী

كَافُور [কাফূর] কর্পূরঃ শ্বেতবর্ণ গন্ধদ্রব্যবিশেষ

كَافَى (مُكَافَاة ، كِفَاء) [كفي] [কাফা] যথেষ্ট হওয়া, প্রতিদান দেওয়া, পুরস্কার দেওয়া

كَافِي ، كَافٍ مث كَافِيَة [كفي] [কাফী] যথেষ্ট, পর্যাপ্ত, প্রচুর

كَافِي ، كَافٍ ج كُفَاة [كفي] [কাফী] উপযোগী, দক্ষ, যোগ্য, প্রয়োজনমুক্ত, অমুখাপেক্ষী

كَالّ [كلل] [কাল্ল] ক্লান্ত, অবসাদগ্রস্ত, নিষ্প্রভ, জড়তাগ্রস্ত, ভোঁতা, নিস্তেজ

كَالَ [ض] (كَيْل ، مَكِيل ، مَكَال) [কালা] মাপা, ওজন করা, পরিমাপ করা

كَالَبَ (مُكَالَبَة ، كِلَاب) [كلب] [কালাবা] শত্রুতা প্রকাশ করা (কুকুরের মত) কামড়াকামড়ি করা, (উট) গাছের কাঁটা খাওয়া

كَالَحَ (مُكَالَحَة) [كلح] [কালাহা] শত্রুতা করা, বিরোধ করা, (চাঁদ) মেঘের আড়ালে লুকানো

كَالِح [كلح] [কালিহ্‌] বীভৎস চেহারাবিশিষ্ট, রূঢ়, কঠোর, ফ্যাকাশে, তীব্র, প্রচণ্ড (শীত)

كَالْسِيُوم [কাল্‌সিয়োম] ক্যালসিয়াম

كَالَمَ (مُكَالَمَة) [كلم] [কালামা] কথা বলা, আলাপ করা, কথাবার্তা বলা, আলাপ-আলোচনা করা

كَالُورِي [কালোরী] ক্যালরি (calorie)ঃ তাপের একক

كَامْبَالَا [কাম্‌বালা] কাম্পালা (নগরী)ঃ উগান্ডার রাজধানী

كَامِحَة ج كَوَامِح [كمح] [কামিহাহ্‌] রোধক, ব্রেক

كَامَخ ج كَوَامِخ [কামাখ] আচার, চাটনি

كَامِد [كمد] [কামিদ] বিষণ্ন, বিমর্ষ, ম্লান, বিবর্ণ, অনুজ্জ্বল, ফ্যাকাশে, কালো

كَامَلَ (مُكَامَلَة) [كمل] [কামালা] পূর্ণাঙ্গ করা, (পাটীগণিতে) পূর্ণসংখ্যা নির্ণয় করা

كَامِل [كمل] [কামিল] পূর্ণ, সম্পূর্ণ, পরিপূর্ণ, পূর্ণাঙ্গ, খাঁটি, শ্রেষ্ঠ

الكَامِل [আল-কামিল] আরবী কবিতার একটি ছন্দের নাম

كَامِن [كمن] [কামিন] লুক্কায়িত, গোপন, গুপ্ত, সুপ্ত

كَامِيرَا [কামেরা] ক্যামেরা

كَامِيرُون [কামীরূন] ক্যামেরুনঃ আফ্রিকার একটি দেশ

كَامِيلِيَا ، كَامِيلِيَة [কামীলিয়া, কামীলিয়াহ্‌] ক্যামেলিয়াঃ চিরহরিৎ গুল্মবিশেষ

كَانَ [ن] (كَوْن ، كِيَان ، كَيْنُونَة) [كون] [কানা] হওয়া, থাকা, ঘটা, হয়, আছে, ছিল

[কানাত ত'আমু লাযীযান] كَانَ الطَّعَامُ لَذِيذًا খাবারটি সুস্বাদু ছিল

[কানা লাহূ ছদীকুন] كَانَ لَهُ صَدِيقٌ তার একজন বন্ধু ছিল

[কানা ইয়াল্'আবু] كَانَ يَلْعَبُ সে খেলছিল

[কানবেরা] كَانْبِرَا ক্যানবেরা (নগরী): অস্ট্রেলিয়ার রাজধানী

[কানতোন] كَانْتُون ক্যান্টন (নগরী), অঞ্চল, বিভাগ, রাজ্য, প্রদেশ, canton

[কানিস] كَانِس ث كَانِسَة [كنس] পরিষ্কারকারী, ঝাড়ুদার

[কানিস] كَانِس ج كُنَّس [كنس] আশ্রয় গ্রহণকারী, আস্তানায় প্রবেশকারী, আত্মগোপনকারী, লুক্কায়িত তারকা

[কানিসাতুল আলগাম] كَانِسَةُ الأَلْغَام মাইন সাফ করার যন্ত্র, মাইনসুইপার (minesweeper)

[কানাফা] كَانَفَ (مُكَانَفَة) [كنف] সাহায্য করা, সমর্থন করা

[কানুন] كَانُون ج كَوَانِين [كنن] স্টোভ, অগ্নিকুণ্ড

[কানুনুল আউওয়াল] كَانُون الأَوَّل ডিসেম্বর (মাস)

[কানুনুছ ছানী] كَانُون الثَّانِي জানুয়ারি (মাস)

[কাহিল] كَاهِل ج كَوَاهِل [كهل] স্কন্ধমূল, গ্রীবা-সন্ধি, ঠেক, ভর, সহায়ক শক্তি

[কাহিন] كَاهِن ج كُهَّان ، كَهَنَة [كهن] গণক, ভবিষ্যদ্বক্তা, পুরোহিত, পাদরী

[কাবী, কাবিন] كَاوِي ، كَاوٍ ث كَاوِيَة [كوي] দগ্ধকারক, দাহজনক, তীব্র

*[কায়াদা] كَايَدَ (مُكَايَدَة) [كيد] ধোঁকা দেওয়া,* প্রতারণা করা, ছলনা করা, ফাঁদে ফেলা

[কা'ব, কা'বাহ, কাআবাহ] كَأْب، كَأْبَة، كَآبَة বিষণ্ণতা, হতাশা, নিরাশা, দুঃখ, অবসাদ

[কা'ইব] كَئِب বিষণ্ন, নিরাশ, নিরুৎসাহ, অবসাদ-গ্রস্ত, দুঃখপূর্ণ

[কা'ইবা] كَئِبَ [س] (كَأْب ، كَأْبَة ، كَآبَة) বিষণ্ন হওয়া, নিরাশ হওয়া, নিরুৎসাহিত হওয়া, অবসাদগ্রস্ত হওয়া

[কা'দা'] كَأْدَاء [كأد] কষ্ট, ক্লেশ, দুঃখ, বিষণ্ণতা, ভয়

لَفْظ ج أَلْفَاظ [লাফ্‌য] শব্দ, পদ, কথা, উক্তি

لَفْظًا [লাফ্‌যান] শাব্দিকভাবে, আক্ষরিকভাবে

لَفْظًا وَ مَعْنًى [লাফ্‌যান ওয়া মা'নান] শব্দ ও অর্থ উভয় দিক থেকে, শব্দগত ও অর্থগতভাবে

لَفَظَ [ض] (لَفْظ) [লাফাযা] নিক্ষেপ করা, ছুঁড়ে মারা, নির্গত করা, উচ্চারণ করা, বলা

لَفْظَة ج لَفَظَات [লাফ্‌যাহ্] শব্দ, কথা, উচ্চারণ, বাচন, কথন, উক্তি

لَفْظِيّ [লাফ্‌যী] উচ্চারণভিত্তিক, শাব্দিক, শব্দগত, আক্ষরিক

لَفْظِيًّا [লাফ্‌যিয়্যান] শাব্দিকভাবে, আক্ষরিকভাবে

لَفَعَ [ف] (لَفْع) [লাফা'আ] ছেয়ে যাওয়া, আবৃত করা, আচ্ছাদিত করা, পেঁচিয়ে ধরা, (অগ্নিশিখা) গায়ে লাগা

لَفَّعَ (تَلْفِيع) [لفع] [লাফ্‌ফা'আ] ছেয়ে যাওয়া, আচ্ছাদিত করা, পেঁচিয়ে ধরা, জড়িয়ে ধরা, বেণী পাওয়া, (অগ্নিশিখা) গায়ে লাগা

لَفَّفَ (تَلْفِيف) [لفف] [লাফ্‌ফাফা] পেঁচানো, জড়ানো, মোড়া, গুটানো, ভাঁজ করা

لَفَقَ [ض] (لَفْق) [লাফাক্বা] সেলাই করা, ফোঁড় দেওয়া

لَفَّقَ (تَلْفِيق) [لفق] [লাফ্‌ফাক্বা] সাজানো, সাজিয়ে বলা, বানিয়ে বলা, উদ্ভাবন করা, তালি দেওয়া, জোড়া দেওয়া

لَفْقَة [লাফ্‌ক্বাহ্] সেলাই, সেলাইয়ের ফোঁড়

لَفْلَفَ (لَفْلَفَة) [লাফ্‌লাফা] ঢেকে রাখা, লুকিয়ে

রাখা, আচ্ছাদিত করা, কথা বলতে অপারগ হওয়া, ধীরে কথা বলা, (কাপড়ে) আবৃত্ত হওয়া

[লাফুহ্] দহনকারী, দাহক, দগ্ধকর [لفح] لَفُوح

[লাফীয] নিক্ষিপ্ত, নির্গত, উচ্চারিত [لفظ] لَفِيظ

[লাফীফ] দল, জোট, গোষ্ঠী, সমষ্টি, বিরাট لَفِيف
জনগোষ্ঠী, দলবদ্ধ, জোটবদ্ধ, একত্রিত, বন্ধু

[লাফীফ মাফরূক] যে আরবী শব্দের لَفِيف مَفْرُوق
মূল তিন অক্ষরের প্রথম ও তৃতীয় অক্ষর و বা ي

[লাফীফ মাক্রূন] যে আরবী শব্দের لَفِيف مَقْرُون
মূল তিন অক্ষরের দ্বিতীয় ও তৃতীয় অক্ষর و বা ي

[লাফীফাহ্] গুচ্ছ, বাণ্ডিল, মোড়ক, لَفِيفَة ج لَفَائِف
প্যাকেট, কাঠিম, নাটাই, ফেটি, ক্ষুদ্রান্ত্র, সিগারেট

[লাফীফী] ক্ষুদ্রান্ত্রসম্বন্ধীয়, ক্ষুদ্রান্ত্রের, لَفِيفِيّ، لَفَائِفِيّ
ileal

[লিক্বা'] সাক্ষাৎ, মোলাকাত, দেখা, [لقي] لِقَاء
মিলন, সাক্ষাৎকার

[ইলাল লিক্বা'] আবার দেখা হবে, إِلَى اللِّقَاء
good-bye (বিদায়-সম্ভাষণ)

[লাক্বাহ, লিক্বাহ্] পরাগ, পুষ্পরেণু, لَقَاح ، لِقَاح
শুক্র, ডিম, টিকা

[লুক্বাত] টোকানো বস্তু, কুড়িয়ে পাওয়া দ্রব্য, لُقَاط
আহরিত বস্তু

[লাক্কাত] জিনিসপত্র টোকায় এমন, [لقط] لَقَّاط
টোকাই, কুড়িয়ে কুড়িয়ে খায় এমন

[লুক্বাতাহ্] টোকানো বস্তু, আহরিত [لقط] لُقَاطَة
দ্রব্য, কুড়িয়ে পাওয়া জিনিস

[লাক্কাম] অতিভোজী, পেটুক [لقم] لَقَّام

[লাক্বানাহ, লাক্বানিয়াহ্] ধীশক্তি, لَقَانَة ، لَقَانِيَة
প্রজ্ঞা, বিচক্ষণতা

[লাক্বাব] উপাধি, উপনাম, লকব, لَقَب ج أَلْقَاب
গোত্রনাম, ডাকনাম

[লাক্কাবা] উপাধি দেওয়া, [لقب] لَقَّبَ (تَلْقِيب)
উপনাম দেওয়া, উপনামে ডাকা

[লাক্হ্] গর্ভোৎপাদন, পরাগায়ন, টিকাদান لَقْح

[লাক্বাহ্] পরাগ, পুষ্পরেণু, শুক্র لَقَح

[লাক্বাহা] গর্ভবতী করা, পরাগা- لَقَحَ [ف] (لَقْح)
য়িত করা, (গাছে) কলম কাটা, টিকা দেওয়া

[লাক্বিহা] গর্ভবতী হওয়া, لَقِحَ [س] (لَقْح ، لَقَاح)
পরাগায়িত হওয়া, ফলবতী হওয়া

[লাক্কাহা] পরাগায়িত করা, [لقح] لَقَّحَ (تَلْقِيح)
গর্ভবতী করা, (গাছে) কলম কাটা, টিকা দেওয়া

[লাক্বাত] কুড়িয়ে পাওয়া বস্তু, টোকানো বস্তু, لَقَط
সংগৃহীত দ্রব্য

[লাক্বাতা] টোকানো, সংগ্রহ করা, لَقَطَ [ن] (لَقْط)
কুড়িয়ে পাওয়া, আহরণ করা, তালি দেওয়া

[লাক্তাহ্] পড়ে পাওয়া জিনিস, لَقْطَة ج لَقَطَات
ছবি, ফটো, চিত্র

[লুক্তাহ্] কুড়িয়ে পাওয়া জিনিস, لُقْطَة ج لُقَط
কুড়ানো বস্তু, টোকানো বস্তু, আহরিত দ্রব্য

[লাক্বিফা] গিলে ফেলা, لَقِفَ [س] (لَقْف ، لَقَفَان)
লুফে নেওয়া, ধরে ফেলা, ছিনিয়ে নেওয়া

[লাক্বিফা] ভেঙ্গে পড়া, পড়ে যাওয়া لَقِفَ (لَقَف)

[লাক্কাফা] লুফে নেওয়ার [لقف] لَقَّفَ (تَلْقِيف)
জন্য ছুঁড়ে মারা, গিলিয়ে দেওয়া, গিলে ফেলা

[লাক্লাক] সারস (পাখি) لَقْلَاق ج لَقَالِق

[লাক্লাক] সারস (পাখি), জিহ্বা لَقْلَق ج لَقَالِق

[লাক্লাক্বা] ঠকঠক ইত্যাদি শব্দ لَقْلَقَ (لَقْلَقَة)
করা, (সারস) ডাকা, জিহ্বা বের করা, নাড়ানো

[লাক্বাম] স্পষ্ট রাস্তা, মাঝ রাস্তা لَقَم

[লাক্বামা] বন্ধ করে দেওয়া, বাধা لَقَمَ [ن] (لَقْم)
দেওয়া, দ্রুত খেয়ে ফেলা, গিলে ফেলা

[লাক্বিমা] মুখে নেওয়া, গ্রাস করা, لَقِمَ [س] (لَقْم)
গিলে ফেলা

[লাক্কামা] খাদ্য দেওয়া, একটু [لقم] لَقَّمَ (تَلْقِيم)
একটু করে খাওয়ানো, (তেল, গুলি ইত্যাদি) ভরা

[লুক্মান] লোকমান হাকীম, সূরা লোক- لُقْمَان
মানঃ পবিত্র কোরআনের ৩১তম সূরা

[লুক্মাহ্] গ্রাস, লোকমা, কামড়, এক لُقْمَة ج لُقَم
গ্রাস খাবার, অল্প পরিমাণ

[লাক্বিন] দ্রুত বুঝে নেয় এমন, মেধাবী لَقِن

[লাক্বিনা] জেনে لَقِنَ [س] (لَقْن ، لَقَن ، لَقَانَة)
নেওয়া, শিখে নেওয়া, বুঝে নেওয়া, লাভ করা

لَقُنَ [ك] (لَقَانَة) [লাকুনা] জ্ঞানী হওয়া, মেধাবী হওয়া, বুদ্ধিমান হওয়া

لَقَّنَ (تَلْقِين) [لقن] [লাক্কানা] শিখিয়ে দেওয়া, বুঝিয়ে দেওয়া, জ্ঞানদান করা, আদেশ করা

لَقُوح [لقح] [লাকূহ] গর্ভবতী, ভারবাহী, গর্ভবতী উষ্ট্রী

لَقًى ج أَلْقَاء [লাকা] নিক্ষিপ্ত বস্তু, আবর্জনা, জঞ্জাল

لَقِيَ [س] (لِقَاء، لِقَايَة، لُقًى، لُقِيّ) [লাকিয়া] মিলিত হওয়া, সাক্ষাৎ করা, পাওয়া, সাক্ষাৎ পাওয়া, দেখা হওয়া

لَقَّى (تَلْقِيَة) [لقي] [লাক্কা] দেওয়া, দান করা, জোগাড় করে দেওয়া, নিক্ষেপ করা

لُقًى ، لُقْيَا [লুক্বা] সাক্ষাৎ, মোলাকাত, দেখা

لَقِيَّة [لقي] [লাকিয়্যাহ] পাওয়া জিনিস, প্রাপ্ত বস্তু

لَقِيط [لقط] [লাকীত] কুড়ানো, টোকানো, চয়ন-কৃত, আহরিত, সংগৃহীত, কুড়িয়ে পাওয়া শিশু

لَقِيطَة ج لَقَائِط [لقط] [লাকীতাহ] কুড়ানো, চয়ন-কৃত, আহরিত, সংগৃহীত, টোকানো (স্ত্রী), কুড়িয়ে পাওয়া শিশু, পতিত পুরুষ বা নারী

لَقِيف [لقف] [লাকীফ] ক্ষিপ্র, দক্ষ

لَقِيم [لقم] [লাকীম] যা গিলে ফেলা হয়, গ্রাস

لَكّ ج لُكُوك ، أَلْكَاك [লাক] লক্ষ, দশ মিলিয়ন, একশ হাজার, lac, মাংস, লাল রং, একপ্রকার উদ্ভিদ যা থেকে আঠা পাওয়া যায়

لَكَّ [ن] (لَكّ) [লাক্কা] (পিঠে) ঘুষি মারা, আঘাত করা, কিল মারা

لِكَاز [لكز] [লিকায] গোঁজ, পেরেক, পিন

لَكَأَ [ف] (لَكْأ) [লাকাআ] আঘাত করা

لَكِئَ [س] (لَكَأ) بِ [লাকিআ] অবস্থান করা, বাস করা, লেগে থাকা, সঙ্গে থাকা

لَكَزَ [ن] (لَكْز) [লাকাযা] ঘুষি মারা, কিল মারা, গুঁতা মারা, খোঁচা মারা, আঘাত করা

لَكِز [লাকিয] কৃপণ, ব্যয়কুণ্ঠ, লোভী

لَكْزَة ج لَكَزَات [লাক্যাহ] ঘুষি, কিল, গুঁতা, খোঁচা, ধাক্কা, আঘাত

لَكَمَ [ن] (لَكْم) [লাকামা] ঘুষি মারা, কিল মারা, ঘুষি দেওয়া, মুষ্ট্যাঘাত করা

لَكْمَة ج لَكَمَات [লাক্মাহ] ঘুষি, কিল, মুষ্ট্যাঘাত

لَكَن ج أَلْكَان [লাকান] (তামার) গামলা

لَكِنَ [س] (لَكَن، لُكْنَة) [লাকিনা] তোতলানো, অস্পষ্ট কথা বলা, অশুদ্ধ কথা বলা

لٰكِنْ ، لٰكِنَّ ، وَلٰكِنْ ، وَلٰكِنَّ [লাকিন, লাকিন্না, ওয়ালাকিন, ওয়ালাকিন্না] কিন্তু, তবে, বরং

لُكْن [লুক্ন] তোতলা (أَلْكَن-এর বহুবচন)

لَكْنَاء [لكن] [লাক্না'] তোতলা (أَلْكَن-এর স্ত্রীলিঙ্গ)

لُكْنَة [লুক্নাহ] তোতলামি, অস্পষ্ট উচ্চারণ, অশুদ্ধ উচ্চারণ

لِكَيْ [লিকাই] যাতে, যাহাতে, যেন

لِكَيْ لَا [লিকাই লা] যাতে না, যাহাতে না, যেন না

لَكِيع ج لُكَعَاء [لكع] [লাকী'] নীচ, হীন, ইতর, নিকৃষ্ট, অখ্যাত, দুষ্ট

لِكَيْلَا [লিকাইলা] যাতে না, যাহাতে না, যেন না

لِكَيْمَا [লিকাইমা] যাতে, যাহাতে, যেন

لَمْ [লাম] নাই, নি, না

لَمْ يَأْكُلْ [লাম ইয়া'কুল] সে খায়নি

أَلَمْ أَقُلْ لَكَ ؟ [আলাম আকুল লাকা] আমি কি তোমাকে বলিনি?

لَمْ يَفْعَلْ [লাম ইয়াফ্'আল] করে নাই, করেনি

إِنْ لَمْ [ইন লাম] যদি না

مَا لَمْ [মা লাম] যতক্ষণ না

لَمّ ج لُمُوم [লাম্] বড় সমাবেশ, বিপুল জনসমষ্টি

لَمَّ [ن] (لَمّ) [লাম্মা] জমা করা, একত্রিত করা, জড়ো করা, আগমন করা

لِمَ ؟ [লিমা] কেন? কি কারণে? কিজন্য? কিসের জন্য? কি উদ্দেশ্যে?

لُمَّ [লুম্মা] খানিকটা বিকৃতমস্তিষ্ক হওয়া

لَمَّا [লাম্মা] যখন, যেহেতু, তবে, ব্যতীত, ছাড়া, নাই, নি

لَمَّا يَفْعَلْ [লাম্মা ইয়াফ্'আল] করে নাই, করেনি

لِمَا ؟ لِمَاذَا ؟ [লিমা, লিমাযা] কেন? কি কারণে?

কিজন্য? কিসের জন্য? কি উদ্দেশ্যে?

لَمَّاح [لمح] [লাম্মাহ্] উজ্জ্বল (তারকা)

لَمَّاز [لمز] [লাম্মায] নিন্দুক, ছিদ্রান্বেষী

لَمَّاع [لمع] [লম্মা'] অধিক উজ্জ্বল, দীপ্তিমান, চকচকে, ঝকঝকে

لَمَّاعَة [لمع] [লম্মা'আহ্] উজ্জ্বল মরীচিকাবিশিষ্ট মরুভূমি, শ্যেন, ঈগল (পাখি)

لَمْبَة ج لَمْبَات [লাম্বাহ্] প্রদীপ, বাতি (lamp), বাল্ব (bulb)

لَمَّة [لمم] [লাম্মাহ্] সংগ্রহ, সমাবেশ, দুর্ভাগ্য, দুর্দৈব, বিপদ, কষ্ট, সামান্য মস্তিষ্কবিকৃতি, যুগ

لِمَّة ج لِمَم [لمم] [লিম্মাহ্] কোকড়ানো কেশগুচ্ছ, অলক, পরচুলা

لُمَة ج لُمَات [لمو] [লুমাহ্] দল, তিন থেকে দশ জনের দল, বন্ধু, সমকক্ষ, উদাহরণ, আদর্শ

لُمَّة [لمم] [লুম্মাহ্] দল, সঙ্ঘ, যাত্রীদল, সহযাত্রী

لَمْح [লাম্হ্] পলক, দৃষ্টি, ত্বরিৎ দৃষ্টি, দৃষ্টিপাত

لَمَحَ [ف] (لَمْح) [লামাহা] তাকানো, দৃষ্টিপাত করা, দৃষ্টি দেওয়া

لَمَّحَ (تَلْمِيح) [لمح] [ল্যাম্মাহা] পরোক্ষে উল্লেখ করা, ইঙ্গিত দেওয়া

لَمْحَة ج لَمَحَات [লাম্হাহ্] ক্ষণিকের দৃষ্টি, ত্বরিৎ দৃষ্টি, চোখের পলক, নিমেষ

لَمَزَ [ن] [ض] (لَمْز) [লামাযা] চোখ টেপা, কটাক্ষ করা, নিন্দা করা, দোষারোপ করা, দুর্নাম করা

لُمَزَة [লুমাযাহ্] নিন্দুক, ছিদ্রান্বেষী

لَمْس [লাম্স] স্পর্শ, পরশ, ছোঁয়া, সংস্পর্শ

لَمَسَ [ن] [ض] (لَمْس) [লামাসা] ছোঁয়া, স্পর্শ করা, অনুভব করা

لَمْسَة ج لَمَسَات [লাম্সাহ্] স্পর্শ, ছোঁয়া, পরশ

لَمَظَ [ن] (لَمْظ) [লামাযা] (নিজের) ঠোঁট চাটা, ওষ্ঠ লেহন করা

لَمْع [লাম্'] ঔজ্জ্বল্য, চাকচিক্য, চমক, ঝলক, দীপ্তি

لَمَعَ [ف] (لَمْع ، لَمَعَان) [লামা'আ] চকচক করা, উজ্জ্বল হওয়া, চকচকে হওয়া, জ্বলজ্বল করা

لَمَّعَ (تَلْمِيع) [لمع] [ল্যাম্মা'আ] চকচকে করা, ঝকঝকে করা, উজ্জ্বল করা

لَمَعَان [লামা'আন] ঔজ্জ্বল্য, চাকচিক্য, ঝলক, চমক, দীপ্তি

لُمْعَة [লুম্'আহ্] চমক, ঝলক, দীপ্তি, চাকচিক্য, ঔজ্জ্বল্য

لَمْلَم [লাম্লাম] সমবেত বিরাট সেনাদল

لَمْلَمَ (لَمْلَمَة) [লাম্লামা] জমা করা, একত্রিত করা, গোলাকার করা

لَمَم [লামাম] একটু একটু পাগলামি, পাগলের লক্ষণ, পাগলামির আলামত

لِمَنْ ؟ [লিমান] কার জন্য? কাদের জন্য? কার? কাদের?

لَمُوح [لمح] [লামূহ্] উজ্জ্বল (তারকা)

لَمِيس [لمس] [লামীস] কোমল, মসৃণ, কোমল নারী

لَنْ [লান] না, কিছুতেই না (না-সূচক ভবিষ্যৎ ক্রিয়ার জন্য)

لَنْ يَفْعَلَ [লান ইয়াফ্'আলা] (সে) করবে না, করবেই না

لَنْدَن [লান্দান] লন্ডন (নগরী)

لَنْش ج لَنْشَات [লান্শ] লঞ্চ, মোটরলঞ্চ

لَهَا [ن] (لَهْو) بِ [লাহা] খেলা করা, বিনোদন করা, মজা, আকৃষ্ট হওয়া, আসক্ত হওয়া

لَهَا عَنْ [-- 'আন] অমনোযোগী হওয়া, অবহেলা করা, উপেক্ষা করা

لُهَاب [لهب] [লুহাব] তীব্র পিপাসা, প্রচণ্ড তৃষ্ণা

لَهَاة ج لَهَوَات ، لَهَيَات ، لُهِيّ [لهو] [লাহাত] আলজিভ, আলজিহ্বা

لُهَاث [لهث] [লুহাছ] শ্বাসকষ্ট, হাঁপানি, যন্ত্রণা, মৃত্যু-যন্ত্রণা, তৃষ্ণাকাতরতা, প্রচণ্ড তৃষ্ণা

لُهَاد [لهد] [লুহাদ] হিক্কা, হেঁচকি, দীর্ঘনিঃশ্বাস, ফোঁপানি

لُهَاس ، لُهَاسَة [লুহাস, লুহাসাহ্] অল্প খাদ্য

لُهَام [লুহাম] বিরাট সেনাদল

لُهَايَة ج لُهَايَات [لهي] [লাহায়াহ্] (বাচ্চাদের)

لَهْف [লাহ্ফ] আফসোস, আক্ষেপ, দুঃখ

يَا لَهْفَ ، يَا لَهْفَا ، يَا لَهْفَاه ، يَا لَهْفِي [ইয়া লাহ্ফা/লাহ্ফান/লাহ্ফাহ্/লাহ্ফী] হায়! হায়রে! আফসোস! হায় আফসোস!

لَهِف [লাহিফ] দুঃখিত, দুঃখজনক

لَهِفَ [س] (لَهَف) [লাহিফা] আফসোস করা, দুঃখ করা, আক্ষেপ করা, পরিতাপ করা

لَهْفَان ست لَهْفَى [লাহ্ফান] দুঃখিত, দুঃখজনক

لَهْفَة [লাহ্ফাহ্] আফসোস, আক্ষেপ, দুঃখ

لَهِم [লাহিম] অতিভোজী, পেটুক, লোভী

لَهِمَ [س] (لَهْم ، لَهَم) [লাহিমা] গলাধঃকরণ করা, গিলে ফেলা

لُهَم [লুহাম] অতিভোজী, পেটুক, লোভী

لَهْو [লাহ্ও] প্রমোদ, বিনোদন, আনন্দ, ক্রীড়া, খেলা

لَهْو الحَدِيث [লাহ্উল হাদীছ] আজেবাজে কথা, অসার কথা, অবান্তর কথা, বাজে কথা

لَهْوَة [লাহ্ওয়াহ্] খেলা, আনন্দ, বিনোদন, প্রমোদ, বিনোদনসঙ্গিনী, প্রমোদবালা, ভাঙ্গার জন্য কলের মুখে নিক্ষিপ্ত শস্যদানা, সেরা দান

لُهْوَة ج لُهًى [লুহ্ওয়াহ্] সেরা দান, ভাঙ্গার জন্য কলের মুখে নিক্ষিপ্ত শস্যদানা

لَهُوف [لهف] [লাহূফ] আফসোসকারী, আক্ষেপ-কারী, দুঃখকারী, দুঃখিত, বিরাট, দীর্ঘ

لَهُوم [لهم] [লাহূম] অতিভোজী, পেটুক, লোভী

لَهَوِيّ [لهو] [লাহাবী] আলজিভ-সম্বন্ধীয়, আল-জিভ থেকে উচ্চারিত (বর্ণ)

لَهِيَ [س] (لَهًى) [لهو] بِ [লাহিয়া] মজে থাকা, মত্ত থাকা, আসক্ত হওয়া, ভালবাসা, ভোগ করা

لَهِيَ عَنْ [— 'আন] অমনোযোগী হওয়া, উপেক্ষা করা, অবহেলা করা, ভুলে থাকা, ফিরে থাকা

لَهَّى (تَلْهِيَة) [لهو] بِ [লাহ্হা বি] আকৃষ্ট করা, আসক্ত করা, মজানো

لَهَّى عَنْ [— 'আন] ভুলিয়ে রাখা, ফিরিয়ে রাখা, বিরত রাখা

لَهِيب [لهب] [লাহীব] অগ্নিশিখা, আগুনের শিষ

لَهِيف ج لِهَاف [لهف] [লাহীফ] আফসোসকারী,

চুষনি

لَهَب [লাহাব] অগ্নিশিখা, আগুনের শিষ, ধোঁয়া, ধুলো

اللَّهَب [আল-লাহাব] সূরা আল-লাহাবঃ পবিত্র কোরআনের ১১১তম সূরা

لَهِبَ [س] (لَهْب ، لَهَب) [লাহিবা] জ্বলে ওঠা, প্রজ্বলিত হওয়া, পিপাসার্ত হওয়া

لَهَّبَ (تَلْهِيب) [لهب] [লাহ্হাবা] প্রজ্বলিত করা, শিখায়িত করা, জ্বালানো

لَهْبَان ست لَهْبَى ج لِهَاب [لهب] [লাহ্বান] পিপাসার্ত, তৃষ্ণাকাতর

لَهَبَان [لهب] [লাহাবান] প্রচণ্ড তাপ, গরম দিন, প্রচণ্ড তৃষ্ণা, তীব্র পিপাসা

لُهْبَة [لهب] [লুহ্বাহ্] প্রচণ্ড তৃষ্ণা, তীব্র পিপাসা, অগ্নিশিখা, আগুনের শিষ

لَهَثَ [ف] (لَهْث ، لُهَاث) [লাহাছা] জিহ্বা বের করে শ্বাস করা, হাঁপানো

لَهِثَ [س] (لَهْث ، لَهَث ، لُهَاث) [লাহিছা] জিহ্বা বের করে শ্বাস করা, হাঁপানো, তৃষ্ণা লাগা, তৃষ্ণার্ত হওয়া, পিপাসার্ত হওয়া

لَهْثَان ست لَهْثَاء [لهث] [লাহ্ছান] কষ্টে অথবা পিপাসায় হাঁপাচ্ছে এমন, শ্বাসকষ্ট হচ্ছে এমন, তৃষ্ণার্ত, পিপাসার্ত, তৃষ্ণাকাতর

لُهْثَة [لهث] [লুহ্ছাহ্] তৃষ্ণা, পিপাসা, কষ্ট, ক্লান্তি

لَهِج [লাহিজ] নিবেদিত, আকৃষ্ট, আগ্রহী, অটল

لَهِجَ [س] (لَهَج) بِ [লাহিজা] নিবেদিত হওয়া, আকৃষ্ট হওয়া, আগ্রহী হওয়া, অটল থাকা, করতে থাকা

لَهْجَة ج لَهَجَات [লাহ্জাহ্] উপভাষা, আঞ্চলিক ভাষা, ভাষা, উচ্চারণ-পদ্ধতি, জিহ্বার পার্শ্ব

لَهْجِيّ [লাহ্জী] উপভাষা-সম্বন্ধীয়

لَهَدَ [ف] (لَهْد) [লাহাদা] বোঝা চাপানো, ভার-ক্লিষ্ট করা, ক্লান্ত করা

لِهٰذَا [লিহাযা] এইজন্য, এই কারণে, অতএব, তাই

لَهْذَم ج لَهَاذِم [লাহ্যাম] ধারালো, তীক্ষ্ণ

لَهَسَ [ف] (لَهْس) [লাহাসা] লেহন করা, চাটা

আক্ষেপকারী, দুঃখকারী, দুঃখিত, অস্থির

لَوْ ، لَوْ أَنَّ [লাও, লাও আন্না] যদি

وَلَوْ [ওয়ালাও] যদিও, যদিচ

لَوْلاَ ، لَوْ لَمْ [লাও লা, লাও লাম] যদি না

لَوْلاَهُ [লাওলাহু] যদি সে না হত, যদি সে না থাকত

لَوْمَا [লাওমা] যদি না, কেন নয়? কেন না?

فِيمَا لَوْ [ফীমা লাও] যদি এমন হয় যে,

لِوَاء ج أَلْوِيَة ، أَلْوِيَات [لوو] [লিওয়া'] পতাকা, নিশান, ঝাণ্ডা, কেতন, ব্রিগেড, মেজর জেনারেল, জেলা, প্রদেশ

لِوَاء بَحْرِيّ [লিওয়া' বাহ্‌রী] ভাইস এডমিরাল

أَمِير لِوَاء [আমীর লিওয়া'] ব্রিগেডিয়ার জেনারেল

قَائِد لِوَاء [কা'ইদ লিওয়া'] ব্রিগেডিয়ার জেনারেল

لَوَّاحَة [لوح] [লাওওয়াহাহ] দগ্ধকারী, আত্ম-প্রকাশকারী

لَوَاحِم (لاَحِم) [لحم] [লাওয়াহিম] মাংসভোজী প্রাণী

لِوَاذ [লিওয়ায] আশ্রয়গ্রহণ, পারস্পরিক আশ্রয়

لَوَّاز [لوز] [লাওওয়ায] বাদামবিক্রেতা, বাদাম-ওয়ালা

لَوَازِم (لاَزِم) [لزم] [লাওয়াযিম] প্রয়োজনীয় জিনিসপত্র

لَوَّاط [لوط] [লাওওয়াত] সমকামী

لِوَاط، لِوَاطَة [লিওয়াত, লিওয়াতাহ্] সমকামিতা

لَوَاعِج (لاَعِج) [لعج] [লাওয়া'ইজ] জ্বলন্ত প্রেম, প্রেমের দহন

لَوَاقِح [لقح] [লাওয়াক্বিহ্] ফলবতী গাছ, গর্ভবতী নারী, বৃষ্টিবাহী বাতাস

لَوَّام [لوم] [লাওওয়াম] বেশী নিন্দা করে এমন, বড় নিন্দাকারী, নিন্দুক, নিন্দক, ভর্ৎসনাকারী

لُوَانْدَا [লুওয়ান্‌দা] লুয়ান্ডা (নগরী)ঃ এঙ্গোলার রাজধানী

لُوبَاء ، لُوبِيَا ، لُوبِيَاء [লূবা', লূবিয়া, লূবিয়া'] একজাতীয় বরবটি

لَوْث ج أَلْوَاث [লাওছ] ময়লা, আবর্জনা, শক্তি, বিপদ, ক্ষত, জখম, ঘা, দুর্বল প্রমাণ

لَوِثَ [س] (لَوَث) [লাবিছা] মন্থর হওয়া, দেরি করা, বিলম্ব করা, ইতস্তত করা, গড়িমসি করা

لَوَّثَ (تَلْوِيث) [لوث] [লাওওয়াছা] দূষিত করা, ময়লা করা, নোংরা করা, কলুষিত করা, কলঙ্কিত করা

لَوْثَة [লাওছাহ্] ময়লা, দাগ, কালিমা, নির্বুদ্ধিতা

لُوثَة [লুছাহ্] দুর্বলতা, অবসন্নতা, মন্থরতা, বিলম্ব, মাংসলতা, নির্বুদ্ধিতা, মানসিক ভারসাম্যহীনতা, কিছুটা মস্তিষ্কবিকৃতি

لَوْح ج أَلْوَاح [লাওহ্] ফলক, বোর্ড, তক্তা, পাত, সাইনবোর্ড, স্লেট, ট্যাবলেট, চেপটা খণ্ড

لَوْح مَحْفُوظ [লাওহ্ মাহ্‌ফূয] লাওহে মাহ্‌ফূয, সংরক্ষিত ফলক

لَوَّحَ (تَلْوِيح) [لوح] [লাওওয়াহা] ইঙ্গিত করা, ইশারা করা, ইশারা দেওয়া, সঙ্কেত দেওয়া, পোড়ানো, দগ্ধ করা, ঝলসানো, চুল পাকানো

لَوَّحَ بِ [-- বি] আন্দোলিত করা, ঘুরানো

لَوْحَة ج لَوْحَات [লাওহাহ্] ফলক, বোর্ড, স্লেট, ব্লাকবোর্ড, পাত, কপাট, পোস্টার, প্লাকার্ড, ট্যাবলেট

لَوْذَع ، لَوْذَعِيّ [لذع] [লাওযা', লাওযা'ঈ] বুদ্ধিমান, বিচক্ষণ, মেধাবী, চতুর, ধীমান, উপস্থিত বুদ্ধিসম্পন্ন

لُورْد ج لُورْدَات [লোর্‌দ] লর্ড (উপাধি)

لُورِي [লোরী] লরি, ট্রাক (গাড়ি)

لَوْز [লাওয] বাদাম (খাদ্য), (তুলার) বীজকোষ

لَوَّزَ (تَلْوِيز) [لوز] [লাওওয়াযা] বাদাম দেওয়া, বাদাম ভরা, (তুলা) কোষ বাঁধা

لَوْزَة [লাওযাহ্] বাদাম (খাদ্য), (তুলার) বীজকোষ

لَوْزِيّ [লাওযী] বাদাম-সম্বন্ধীয়, বাদামের মত, বাদামী

لُوسَاكَا [লুসাকা] লুসাকা (নগরী)ঃ জাম্বিয়ার রাজধানী

لُوس إِنْجِلِس [লোস এন্‌জেলেস] লস এঞ্জেলস (নগরী)

لَوَّطَ (تَلْوِيط) [لوط] بِ [লাওওয়াতা] (সুগন্ধি)

মাখানো, মাখিয়ে দেওয়া

لُوط [লূত] হযরত লূত (আ)

لُوطِيّ [লূতী] সমকামিতা-বিষয়ক, সমকামী

لَوَّعَ (تَلْوِيع) [لوع] [লাওওয়া'আ] নির্যাতন করা, কষ্ট দেওয়া, অসুস্থ করে ফেলা

لَوْعَة ج لَوْعَات [লাও'আহ্] আসক্তি, ব্যথা, কষ্ট, দহন, জ্বালা, যন্ত্রণা

لُوف [লূফ] শুকনো ঝিঙ্গা ধুন্দল ইত্যাদির স্পঞ্জ, luffa

لَوَق [লাওয়াক] নির্বুদ্ধিতা, বোকামি

لُوكْسِمْبُورْغ [লুক্‌সেম্‌বুর্গ] লুক্সেমবার্গ (দেশ)

لَوْلَب ج لَوَالِب [লাওলাব] স্ক্রুপ, স্ক্রু, পেঁচকল, স্প্রিং

لَوْلَبِيّ [লাওলাবী] পেঁচওয়ালা, পেঁচযুক্ত

لَوْم [লাওম] তিরস্কার, ভর্ৎসনা, নিন্দা

لَوَّمَ (تَلْوِيم) [لوم] [লাওওয়ামা] তিরস্কার করা, ভর্ৎসনা করা, নিন্দা করা

لَوْمَة [লাওমাহ্] তিরস্কার, ভর্ৎসনা, নিন্দা

لُومَة [লূমাহ্] নিন্দিত, তিরস্কৃত, দেরি, গড়িমসি

لُوَمَة [লূওয়ামাহ্] নিন্দুক, সমালোচক

لَوْن ج أَلْوَان [লাওন] রং, রঙ, বর্ণ, ধরন, রকম, প্রকার, শ্রেণী

لَوَّنَ (تَلْوِين) [لون] [লাওওয়ানা] রঞ্জিত করা, রঙ্গিন করা, রং করা, রং দেওয়া

لَوْنِيّ [লাওনী] রঙ-বিষয়ক, বর্ণ-সম্বন্ধীয়

لَوْنِيَّات [লাওনিয়্যাত] বর্ণবিজ্ঞান

لَوًى ج أَلْوَاء [লাওয়া] বক্রতা, মেরুদণ্ডের বক্রতা, পেটব্যথা, শূলবেদনা

لَوَى [ض] (لَيّ ، لُوِيّ ، لِيَان) [লাওয়া] বাঁকা করা, পেঁচানো, পাকানো, মোচড়ানো, ফিরানো

لَوِيَ [س] (لَوًى) [লাবিয়া] বাঁকা হওয়া, পাক খাওয়া, মোচড় খাওয়া, পেঁচানো

لَوَّى (تَلْوِيَة) [لوي] [লাওওয়া] পাঁকানো, পেঁচ দেওয়া, বাঁকা করা, মোচড়ানো, জটিল করা

لَيّ [لوي] [লাই] বাঁক, বক্রতা, পাক, মোচড়, পেঁচ

لِيَاط [لوط] [লিয়াত] চুনা, চুনবালি, সিমেন্ট, প্লাস্টার

لِيَاقَة [لیق] [লিয়াক্বাহ্] যোগ্যতা, দক্ষতা, উপযুক্ততা, যথাযথতা, উপযোগিতা

لَيَان [لين] [লায়ান] কোমলতা, নম্রতা, সচ্ছলতা

لَيَانَة [لين] [লায়ানাহ্] কোমলতা, নম্রতা

لِيبْرَا [লাইব্‌রা] পাউন্ড (ওজন)

لِيبِرَالِيّ [লীবিরালী] উদার, উদারপন্থী, liberal

لِيبِرَالِيَّة [লীবিরালিয়্যাহ্] উদারতা, উদারনীতি, উদারপন্থী মতবাদ, liberalism

لِيبْرَة ، لِيبْرَة [লাইব্‌রাহ্, লীব্‌রাহ্] পাউন্ড (ওজন)

لِيبْزِغ [লাইব্‌যিগ] লাইপজিগ (নগরী)

لِيبِيّ [লীবী] লিবীয়, লিবিয়ান

لِيبْيَا ، لِيبِيَا [লীব্‌ইয়া, লীবিয়া] লিবিয়া (দেশ)

لِيبِيرِيَا [লীবীরিয়া] লাইবেরিয়া (দেশ)

لَيْتَ [লাইতা] যদি হত!

لَيْتَ الشَّبَابَ يَعُودُ [লাইতাশ শাবাবা ইয়া'উদু] যৌবন যদি ফিরে আসত!

لَيْتَ شِعْرِي [লাইতা শি'রী] আমি যদি জানতাম!

لَيَّة ج لِوًى [لوي] [লাইয়াহ্] পেঁচ, পাক, বাঁক

لِيتْر ج لِيتْرَات [লীতার] লিটার (মাপ)

لَيْث ج لُيُوث [লাইছ] সিংহ, মৃগেন্দ্র, কেশরী, পশুরাজ

لَيْثَة ج لَيْثَات [লাইছাহ্] সিংহী

لَيْدِن [লাইদেন] লাইডেন (নগরী)

لِيرَة [লীরাহ্] লীরাঃ ইটালির মুদ্রা

لَيْسَ ت لَيْسَتْ [লাইসা] না, নয়, নহে, নাই, নেই

أَلَيْسَ كَذٰلِكَ ؟ [আলাইসা কাযালিকা] তাই নয় কি? তাই না?

لِيسَانْس [লীসানস্] লেসান্স (ডিগ্রী)

لَيَّطَ (تَلْيِيط) [ليط] [লাইয়াতা] লাগিয়ে দেওয়া

لَيَّفَ (تَلْيِيف) [ليف] [লাইয়াফা] আঁশ দ্বারা

ঘষে পরিষ্কার করা, আঁশবহুল হওয়া

[লাইয়িফ] শুকনো ঘাস لَيِّف [لوف]

[লীফ, লীফাহ্] তন্তু, আঁশ لِيف ، لِيفَة

[লীফানী] আঁশযুক্ত, আঁশওয়ালা, তন্তুবিশিষ্ট لِيفَانِيّ

[লীফী] আঁশযুক্ত, আঁশওয়ালা, তন্তুবিশিষ্ট لِيفِيّ

[লীক্বাহ্] কালি মোছার জন্য সুতী বা لِيقَة ج لِيَق রেশমী বস্ত্রখণ্ড, পুটিন, putty

[লাইল] রাত, রাত্র, রাত্রি, لَيْل ج لَيَالِي ، لَيَال নিশি, রজনী, রাত্রিকাল

[আল-লাইল] সূরা আল-লাইলঃ পবিত্র اللَّيْل কোরআনের ৯২তম সূরা

[লাইলান] রাত্রে, রাতে, রাত্রিকালে لَيْلاً

[লাইলা'] দীর্ঘ ও অন্ধকারাচ্ছন্ন (রাত) لَيْلَاء [ليل]

[লাইলাহ্] রাত, রাত্র, রাত্রি, নিশি, لَيْلَة ج لَيْلَات রজনী, রাতের অনুষ্ঠান, নৈশ অনুষ্ঠান

[আল-লাইলাতা] আজ রাতে, এই রাতে اَللَّيْلَةَ

[লাইলাতা'ইযিন] সেই রাতে لَيْلَتَئِذٍ [ليل]

[লাইলাতা আমস্] গতকাল রাতে, গত لَيْلَةَ أَمْس রাতে

[লাইলাতুয যিফাফ] বাসর রাত لَيْلَة الزِّفَاف

[লাইলাতুল ক্বাদর] শবে কদর, ভাগ্য- لَيْلَة الْقَدْر রজনী

[লাইলাতুল মি'রাজ] শবে মেরাজ, لَيْلَة الْمِعْرَاج মেরাজের রাত, মেরাজ-রজনী

[লাইলী] রাত-সম্বন্ধীয়, রাত্রিকালীন, নৈশ لَيْلِيّ

[লীমা] লিমা (নগরী)ঃ পেরুর রাজধানী لِيمَا

[লীমান] অপরাধীদের সংশো- لِيمَان ج لِيمَانَات ধনকেন্দ্র, বন্দর, পোতাশ্রয়

[লীমূর] বানরজাতীয় একপ্রকার প্রাণী لِيمُور

[লাইমূন, লীমূন] লেবু, lemon لَيْمُون ، لِيمُون

[লাইয়ানা] নরম করা, কোমল لَيَّنَ (تَلْيِين) [لين] করা, নমনীয় করা, শিথিল করা, সহজ করা

[লাইয়িন] নরম, কোমল, নম্র, নমনীয়, সহজ, لَيِّن শিথিল

[লীন] নম্রতা, কোমলতা, নমনীয়তা, শিথিলতা لِين

[হারফ লীন] কোমল বর্ণ, দুর্বল বর্ণ, حَرْف لِين স্বরবর্ণ

[লীনাহ্] নম্রতা, কোমলতা, নমনীয়তা, শিথি- لِينَة লতা, তাজা খেজুর গাছ

[লীনীনগ্রাদ] লেনিনগ্রাড (নগরী) لِينِينْغْرَاد

[লুয়ূনাহ্] কোমলতা, নমনীয়তা, لُيُونَة [لين] স্পর্শকাতরতা

[লুয়ূনাতুল জানিব] নমনশীলতা, لُيُونَة الْجَانِب সহজে মিশতে পারার যোগ্যতা, বন্ধুভাবাপন্নতা

[লুইয়াইফ, লুইয়াইফাহ্] لُيَيْف ، لُيَيْفَة [ليف] ক্ষুদ্র তন্তু, সরু আঁশ

[মীম] মীমঃ আরবী বর্ণমালার ২৪তম হরফ م

[মা] কি? কি জিনিস? যা, যাহা, না, নাই, নি, নয়, নহে, নেই, কত! কোন مَا

[মা আজ্‌মালাহু] সে কত সুন্দর! উহা কত সুন্দর! তা কতই সুন্দর! مَا أَجْمَلَهُ !

[মা আদ্‌রাকা] তুমি কি জান? তুমি কী জান? مَا أَدْرَاكَ

[মাস্‌মুকা] তোমার নাম কি? مَا اسْمُكَ ؟

[মা বারিহা] অব্যাহত থাকা, চলতে থাকা, ক্ষান্ত না হওয়া مَا بَرِحَ [س]

[মা বাইনা] মাঝে, মধ্যে مَا بَيْنَ

[মা দামা] যতক্ষণ, যতদূর, যতক্ষণ থাকে مَا دَامَ

[মা যা] কি? কি জিনিস? কোন্ বস্তু? مَا ذَا ؟

[মা যালা] অব্যাহত থাকা, চলতে থাকা مَا زَالَ

[মা 'আদা] ব্যতীত, ছাড়া, বিনা, বিনে, বাদে, বিহনে مَا عَدَا

[মা লাকা] তোমার কী হয়েছে? مَا لَكَ ؟

[মা লাম] যতক্ষণ না, যদি না مَا لَمْ

[বিমা ফীহি] সহ, সমেত, including بِمَا فِيهِ

[মা'] পানি, জল, রস, নির্যাস, সজীবতা مَاء ج مِيَاه [موه]

[মা' মা'দিনী] খনিজ পানি, mineral water مَاء مَعْدِنِيّ ، مِيَاه مَعْدِنِيَّة

[মা'উল ওয়াজ্‌হ] সম্মান, মর্যাদা, আত্মমর্যাদা مَاءُ الْوَجْهِ

[মা'উল ওয়ারদ] গোলাপজল, গোলাপ-পানি مَاءُ الْوَرْدِ

[মাআ] (বিড়াল) মিউমিউ করা مَاءَ [ن] (مُوَاء) [موأ]

[মিআহ] শত, শ, শতজন, একশজন, একশটি مِائَة ج مِئَات [مأي]

[বিল-মিআহ, ফিল-মিআহ] শতকরা, percent (%) بِالمِائَة ، فِي المِائَة

[মা'ইত] মরণশীল, মরণোন্মুখ, মৃতপ্রায়, মরণাপন্ন, মুমূর্ষু مَائِت [موت]

[মা'ইজ] তরঙ্গায়িত, উত্তাল, উত্তেজিত, অস্থির مَائِج [موج]

[মা'ইদ] নুয়ে আছে এমন, মাথাঘোরায় আক্রান্ত, সমুদ্রপীড়াগ্রস্ত مَائِد ج مَيْدَى [ميد]

[মা'ইদাহ] টেবিল, খাবার টেবিল, দস্তরখান, খাদ্য مَائِدَة ج مَائِدَات ، مَوَائِد [ميد]

[আল-মা'ইদাহ] সূরা আল-মা'ইদাঃ পবিত্র কোরআনের ৫ম সূরা المَائِدَة

[মা'ই'] তরল, দ্রবীভূত, দ্রবণীয়, জলীয়, পাতলা, নির্বোধ مَائِع [ميع]

[মা'ইল] নত, কাত, ঢালু, আকৃষ্ট, আগ্রহী, প্রবণ مَائِل ج مُيَّل ، مَالَة [ميل]

[মা'ইন] রসদ যোগানদাতা, মিথ্যাবাদী, মিথ্যুক مَائِن [مون ، مين]

[মা'ঈ] পানি-বিষয়ক, পানিসংক্রান্ত, জলীয়, তরল, জলচর, জলজ مَائِيّ سـ مَائِيَّة [موه]

[রস্‌ম মা'ঈ] জলছবি رَسْم مَائِيّ

[সা'আহ মা'ইয়্যাহ] জলঘড়ি سَاعَة مَائِيَّة

[তা'ইরাহ মা'ইয়্যাহ] জলচর পাখি طَائِرَة مَائِيَّة

[মাওয়ারিদ মা'ইয়্যাহ] পানি-সম্পদ مَوَارِد مَائِيَّة

[মা'ইয়্যাত] পানিবিজ্ঞান, জলবিজ্ঞান, hydrology مَائِيَّات

[মা'ইয়্যাহ] সিক্ততা, আর্দ্রতা, রস, রসালতা مَائِيَّة [موه]

[মাতা] মারা যাওয়া, মরে যাওয়া, নির্জীব হওয়া, নিষ্প্রাণ হওয়া, ধ্বংস হওয়া مَاتَ [ن] (مَوْت) [موت]

[মাতিন] মূল বইয়ের লেখক, মূল গ্রন্থকার مَاتِن [متن]

[মাছালা] অনুরূপ হওয়া, مَاثَلَ (مُمَاثَلَة) [مثل]

সদৃশ হওয়া, সাদৃশ্যপূর্ণ হওয়া, একরকম হওয়া

[-- বি] উপমা দেওয়া, তুলনা করা مَاثَلَ بِ

[মাছিল] বিদ্যমান, সমুপস্থিত, দৃশ্যমান, مَاثِل স্পষ্ট, আবির্ভূত, বিলুপ্ত

[মাজা] দোল مَاجَ [ن] (مَوْج ، مَوَجَان) [موج] খাওয়া, ঢেউ খেলা, তরঙ্গায়িত হওয়া, উত্তাল হওয়া, উত্তেজিত হওয়া

[মাজাদা] مَاجَدَ (مُمَاجَدَة ، مِجَاد) [مجد] গৌরব-প্রতিযোগিতা করা, মর্যাদার লড়াই করা

[মাজিদ] গৌরবময়, মহান, মর্যাদাবান, مَاجِد মহিমান্বিত, গৌরবান্বিত

[মাজিদাহ্] গৌরবময়ী, মহিয়সী, مَاجِدَة ج مَوَاجِد মর্যাদাবান, মহিমান্বিত, গৌরবান্বিত (স্ত্রী)

[মা জারয়াত] যা কিছু ঘটে, مَا جَرَيَات [جري] ঘটনাবলী

[মাজিস্‌তীর] মাস্টার (ডিগ্রী) مَاجِسْتِير

[মাজিন] নির্লজ্জ, প্রগল্‌ভ, বেহায়া, مَاجِن ج مُجَّان কৌতুককারী, ভাঁড়

[মাহা] হেলে দুলে চলা, مَاحَ [ض] (مَيْح) [ميح] হংসগতিতে চলা, সদর্পে হাঁটা, অঞ্জলি ভরে পানি নেওয়া, উপকার করা, সুপারিশ করা, নোয়ানো

[মাহিক] বিনাশকারী, বিনাশী, নাশক مَاحِق

[মাহাকা] ঝগড়া مَاحَكَ (مُمَاحَكَة) [محك] বাধানো, বিবাদ করা, বিতর্ক করা

[মাহিক] ঝগড়াকারী, বিবাদকারী, বিতর্ক- مَاحِك কারী

[মাহিল] অনুর্বর, ফসলহীন, বন্ধ্যা, ঝগড়াটে مَاحِل

[মাখির] পানি চিরে مَاخِر مث مَاخِرَة ج مَوَاخِر এগিয়ে যায় এমন (জাহাজ)

[মাখিরাহ্] জাহাজ مَاخِرَة ج مَوَاخِر

[মাখিদ] আসন্নপ্রসবা مَاخِض ج مَوَاخِض [مخض]

[মাখূর] বেশ্যালয়, পান্থ- مَاخُور ج مَوَاخِير [مخر] শালা, সরাই

[মাদা] নুয়ে পড়া, مَادَ [ض] (مَيْد ، مَيَدَان) [ميد] ঝুঁকে পড়া, হেলে পড়া, নড়া, সদর্পে চলা, মাথা ঘোরা

[মাদ্দা] বিলম্বিত করা, مَادَّ (مُمَادَّة ، مِدَاد) [مدد] ফেলে রাখা

[মাদ্দাহ্] বিষয়, দ্রব্য, পদার্থ, مَادَّة ج مَوَادّ [مدد] বস্তু, দফা, ধারা, (শব্দের) ধাতু, মাদ্দাহ্, শব্দমূল, শব্দ

[মাদাহা] প্রশংসা করা مَادَحَ (مُمَادَحَة) [مدح]

[মাদিহ্] প্রশংসাকারী, গুণগানকারী, স্তাবক مَادِح

[মাদা] অবকাশ দেওয়া, مَادَى (مُمَادَاة) [مدي] সময় দেওয়া

[মাদ্দী] বস্তুগত, জড়, বস্তুবাদী, জড়- مَادِّيّ [مدد] বাদী

[মাদ্দিয়্যাহ্] জড়বাদ, বস্তুবাদ مَادِّيَّة [مدد]

[মাযা] কি? কি জিনিস? কোন্ বস্তু? مَاذَا ؟

[মাযাক্বা] আন্তরিকতাহীন مَاذَقَ (مُمَاذَقَة) [مذق] হওয়া, কপটাচার করা, কৃত্রিমতা করা

[মার] (খ্রীষ্টান) ঋষি, সাধু, সাধক مَار

[মার] অতিক্রমকারী, গমনকারী, অতিক্রান্ত, مَارّ বিগত

[মারা] দোলা, আন্দোলিত مَارَ [ن] (مَوْر) [مور] হওয়া, তরঙ্গায়িত হওয়া, হেলে দুলে চলা, ঘোরা

[মারা] খাদ্যশস্য আনা, مَارَ [ض] (مَيْر) [مير] খাদ্যের সংস্থান করা, রসদ আনা

[মারিজ] ধূম্রবিহীন অগ্নি, আগুনের শিখ, مَارِج অগ্নিশিখা

[মারিদ] বিদ্রোহী, مَارِد ج مَرَدَة ، مُرَّاد [مرد] অবাধ্য, উদ্ধত, দৈত্য

[মারসা] চর্চা مَارَسَ (مُمَارَسَة ، مِرَاس) [مرس] করা, অনুশীলন করা, অভ্যাস করা

[মারিস] মার্চ (মাস) مَارِس

[মারিস্‌তান] হাসপাতাল, মানসিক مَارِسْتَان হাসপাতাল, পাগলা-গারদ

[মার্‌শাল] মার্শাল, ফিল্ডমার্শাল (পদ) مَارْشَال

[মার্‌শাল জাওবী] এয়ার মার্শাল مَارْشَال جَوِّيّ

[মারগা] ধোঁকা مَارَغَ (مُمَارَغَة ، مِرَاغ) [مرغ] দেওয়া, প্রতারণা করা, (মাটি) লাগিয়ে দেওয়া

[মারিগ] বোকা, নির্বোধ مَارِغ [مرغ]

করা, সংস্পর্শে থাকা, যোগাযোগ রক্ষা করা

مَاسَحَ (مُمَاسَحَة) [مسح] [মাসাহা] তোষামোদ করা, নরম নরম কথা বলা, করমর্দন করা, মোসাফাহা করা, হাত মিলানো, ওয়াদা করা

مَاسِح [মাসিহ] যে মোছে বা সাফ করে, (জুতা) পালিশকারী, (ভূমি) জরিপকারী, মিথ্যাবাদী

مَاسِحَة ج مَوَاسِح [মাছিহাহ] যে মোছে বা সাফ করে (স্ত্রী), যদ্বারা মোছা বা সাফ করা হয়, মোছার যন্ত্র, নেকড়া

مَاسِك [মাসিক] ধারণকারী, ধারক, গ্রহণকারী, গ্রাহক, রক্ষাকারী, রক্ষক

مَاسِك الحِسَابَات [মাসিকুল হিসাবাত] হিসাব-রক্ষক

مَاسِكَة ج مَاسِكَات [মাসিকাহ] আঁকড়া, (দরজার) হাঁসকল, হুড়কা, খিল

مَاسُورَة ج مَوَاسِير [মাসূরাহ] পাইপ, নল

مَاسُوشِيّ [মাসূশী] যৌন নিপীড়নমূলক, যৌন নিপীড়নকারী

مَاسُوشِيَّة [মাসুশিয়্যাহ] যৌন নিপীড়ন

مَاسُون ، مَاسُونِيّ [মাসূন, মাসূনী] ফ্রীম্যাসনঃ ইহুদীদের একটি গুপ্তসঙ্ঘ

مَاسُونِيَّة [মাসূনিয়্যাহ] ফ্রীম্যাসন গুপ্তসঙ্ঘের নীতি

مَاسِيّ [মাসী] হীরকসম্বন্ধীয়, হীরকের, হীরার

يُوبِيل مَاسِيّ [ইয়ুবীল মাসী] হীরক জয়ন্তী

مَاشِط [مشط] [মাশিত] কেশবিন্যাসক, নরসুন্দর

مَاشِطَة ج مَاشِطَات [মাশিতাহ] সম্ভ্রান্ত মহিলার পরিচারিকা, কেশ বিন্যাসকারিণী

مَاشَى (مُمَاشَاة) [مشي] [মাশা] একত্রে হাঁটা, একসাথে চলা

مَاشِي ، مَاشٍ ج مُشَاة [مشي] [মাশী] পদব্রজে গমনকারী, পদাতিক সৈন্য

مَاشِيَة ج مَوَاشِي ، مَوَاشٍ [مشي] [মাশিয়াহ] পদব্রজে গমনকারিণী, গবাদিপশু, গৃহপালিত পশু

مَاصّ [مصص] [মাছ্ছ] চোষণকারী, শোষণকারী, চোষক, শোষক

مَاصَّة ج مَاصَّات [মাছ্ছাহ] চোষণযন্ত্র, বায়ুর

مَارِق ج مُرَّاق ، مَرَقَة [মারিক] বিপথগামী, বিচ্যুত, ধর্মত্যাগী

مَارْك ج مَارْكَات [মার্ক] মার্কঃ জার্মান মুদ্রা

مَارْكَة ج مَارْكَات [মার্কাহ] মার্কা, প্রতীক

مَارْكَة تِجَارِيَّة [মার্কাহ তিজারিয়্যাহ] ট্রেডমার্ক

مَارْكْسِيّ [মার্কসী] মার্কসবাদী

مَارْكْسِيَّة [মার্কসিয়্যাহ] মার্কসবাদ

مَارِن ج مَوَارِن [মারিন] নাকের পার্শ্ব, নাকের পাশের নরম জায়গা, নাকের নরম হাড়, নাকের কোমলাস্থি

مَارُونِيّ [মারূনী] ম্যারোনাইট খ্রীস্টান

مَارَى (مُمَارَاة ، مِرَاء) [مري] [মারা] তর্ক করা, ঝগড়া করা, বিরোধিতা করা, কথা কাটাকাটি করা

مَارِيَة [মারিয়াহ] একজাতীয় বড় হরিণ, addax

مَازّ [মায] শুষে নিতে পারে এমন, শোষক

مَازَ [ض] (مَيْز) [ميز] [মাযা] পৃথক করা, পৃথক রাখা, পার্থক্য করা, বৈশিষ্ট্যমণ্ডিত করা

مَازَجَ (مُمَازَجَة ، مِزَاج) [مزج] [মাযাজা] মিশে যাওয়া, মিশ্রিত হওয়া, মেলামেশা করা

مَازَحَ (مُمَازَحَة ، مِزَاح) [مزح] [মাযাহা] ঠাট্টা করা, রসিকতা করা, কৌতুক করা, মজা করা

مَازِح ج مَازِحُون [মাযিহ] মজাকারী, ঠাট্টাকারী, রসিকতাকারী, কৌতুককারী

مَازِن ، بَنُو مَازِن [মাযিন] বনু মাযিনঃ একটি প্রাচীন আরব গোত্র

مَازُوت ، مَازُوط [মাযূত] জ্বালানি তেল, ভারী তেল, ডিজেল

مَازُور [মাযূর] মাছরাঙ্গা (পাখি)

مَاس ، مَاسَة [মাস, মাছাহ] হীরা, হিরে, হীরক

مَاسّ مث مَاسَّة [মাস] স্পর্শকারী, জরুরী, তীব্র

حَاجَة مَاسَّة [হাজাহ মাস্‌সাহ] তীব্র প্রয়োজন, জরুরী প্রয়োজন

مَاسَ [ض] (مَيْس ، مَيَسَان) [ميس] [মাসা] দোলা, হেলে দুলে চলা, ভঙ্গি করে চলা

مَاسَّ (مُمَاسَّة ، مِسَاس) [مسس] [মাস্‌সা] স্পর্শ

চাপের সাহায্যে পাইপের মাধ্যমে পানি তোলার যন্ত্রবিশেষ, suction pump

[মাছ্‌ছিয়্যাহ্] শোষণ-ক্ষমতা مَاصِّيَّة [مصص]

[মাদির] টক, চুকা, অম্ল مَاضِر [مضر]

[মাদিগ] চর্বণকারী, চোয়াল مَاضِغ [مضغ]

[মাদী] অতীত, বিগত, مَاضِي ، مَاضٍ [مضي] গত, ধারালো, কার্যকর, তরবারি, অতীত কাল

[আল-ফি'লুল মাদী] অতীতকাল- اَلْفِعْلُ الْمَاضِي সূচক ক্রিয়া (ব্যা)

[মাতা] সরানো, مَاطَ [ض] (مَيْط ، مَيَطَان) [ميط] অপসারিত করা, দূর করা, তাড়িয়ে দেওয়া, জুলুম করা, সরে যাওয়া, দূরে যাওয়া, চলে যাওয়া

[মাতির] বৃষ্টি পড়ে এমন, বৃষ্টিবহুল, مَاطِر [مطر] বাদলা (দিন)

[মাতলা] ফেলে مَاطَلَ (مُمَاطَلَة ، مِطَال) [مطل] রাখা, ঝুলিয়ে রাখা, বিলম্বিত করা, স্থগিত রাখা

[মা'আ] তরল হওয়া, مَاعَ [ض] (مَيْع) [ميع] দ্রবীভূত হওয়া, গলা, গড়িয়ে যাওয়া, দৌড়ানো

[মা'ইয] ছাগ, ছাগল مَاعِز ج مَوَاعِز ، مَعِيز

[মা'ইযাহ্] ছাগী, বকরী مَاعِزَة ج مَاعِزَات

[মা'উন] প্রয়োজনীয় مَاعُون ج مَوَاعِين [معن] গৃহসামগ্রী, জিনিসপত্র, (কাগজের) রীম, এক-প্রকার মালবাহী নৌকা

[আল-মা'উন] সূরা আল-মা'উনঃ পবিত্র اَلْمَاعُون কোরআনের ১০৭তম সূরা

[মা'উনাহ্] একপ্রকার মালবাহী مَاعُونَة [معن] নৌকা

[মাক্বা] সস্তা হওয়া, مَاقَ [ن] (مَوْق ، مُوق) [موق] মন্দা হওয়া, বোকা হওয়া, নির্বোধ হওয়া, মরে যাওয়া, ধ্বংস হওয়া

[মাক্বাতা] একে অপরকে مَاقَتَ (مُمَاقَتَة) [مقت] ঘৃণা করা, পরস্পর বিদ্বেষ পোষণ করা

[মাক্বিত] ঘৃণাকারী, বিদ্বেষী, বিরক্ত مَاقِت

[মাকিছ] অবস্থানকারী, অপেক্ষাকারী مَاكِث

[মাকারা] ধোঁকা দেওয়া, مَاكَرَ (مُمَاكَرَة) [مكر] প্রতারণা করা, ধোঁকাবাজি করা, ফেরেববাজি করা, প্রতারণার চেষ্টা করা

[মাকির] প্রতারণাকারী, প্রতারক, مَاكِر ج مَكَرَة প্রবঞ্চক, ধোঁকাবাজ, ফেরেববাজ

[মাকাসা] দরকষাকষি مَاكَسَ (مُمَاكَسَة) [مكس] করা, দরাদরি করা

[মাকিস] শুল্ক আদায়কারী, কর উসুলকারী مَاكِس

[মাকিন] শক্ত, সুদৃঢ়, মজবুত, টেকসই مَاكِن

[মাকীনাহ্] মেশিন, مَاكِينَة ج مَاكِينَات ، مَكَائِن যন্ত্র, হাতিয়ার, কল, সরঞ্জাম

[মাল] ধন, মাল, অর্থ, পণ্য, مَال ج أَمْوَال [مول] সম্পদ, তহবিল

[যু মাল] ধনী, ধনবান, ধনাঢ্য, মালদার, ذُو مَال সম্পদশালী

[মালা] সম্পদের মালিক مَالَ [ن] (مَوْل) [مول] হওয়া, সম্পদশালী হওয়া, মালদার হওয়া, সম্পদ দান করা

[মালা] নোয়া, مَالَ [ض] (مَيْل ، مَيَلَان) [ميل] নত হওয়া, ঝুঁকে পড়া, ঢালু হওয়া, নিচে নামা, শেষের দিকে যাওয়া

[মালা ইলা] ঝোঁকা, ঝুঁকে পড়া, আকৃষ্ট مَالَ إِلَى হওয়া, ফিরে আসা, পছন্দ করা, সমর্থন করা, পক্ষ নেওয়া

[-- 'আলা] ঝাপিয়ে পড়া, হামলা করা, مَالَ عَلَى আক্রমণ করা

[-- 'আন] অপছন্দ করা, বিরূপ হওয়া, مَالَ عَنْ ফিরে যাওয়া, এড়িয়ে যাওয়া

[মালাআ] সমর্থন করা, পক্ষ مَالَأَ (مُمَالَأَة) [ملأ] নেওয়া, পক্ষপাতিত্ব করা, সাহায্য করা

[মালি'] পূর্ণকারী, পরিপূর্ণকারী, مَالِئ [ملأ] বোঝাইকারী

[মালাজ] কর্ণিক (রাজমিস্ত্রির যন্ত্র) مَالَج ج مَوَالِج

[মালাহা] সঙ্গে খাওয়া مَالَحَ (مُمَالَحَة) [ملح]

[মালিহ্] লবণাক্ত, নোনা مَالِح [ملح]

[মালদীফ] মালদ্বীপঃ ভারত মহাসাগরীয় مَالْدِيف ক্ষুদ্র দ্বীপরাষ্ট্র

[মালতাহ্] মাল্টাঃ ভূমধ্যসাগরীয় দ্বীপরাষ্ট্র مَالْطَة

[মালাক] সমান করার যন্ত্র, রোলার, ডলনা, مَالَق মই, কর্ণিক

مَالَقَ (مُمَالَقَة) [ملق] [মালাক্বা] তোষামোদ করা, মোসাহেবি করা

مَالِك ج مُلَّك ، مُلَّاك [ملك] [মালিক] অধিকারী, কর্তা, মালিক, অধিপতি, শাসনকর্তা

المَالِك [আল-মালিক] প্রকৃত মালিক, একচ্ছত্র অধিপতি, সর্বাধিকারীঃ আল্লাহ

مَالِكُ الحَزِين [মালিকুল হাযীন] বক (পাখি)

مَالِكُ المُلْك [মালিকুল মুলক] সর্বময় কর্তৃত্বের অধিকারী, মহাবিশ্বের মালিকঃ আল্লাহ

مَالِكِيّ [মালিকী] ইমাম মালেক (র) সম্পর্কিত, মালিকী মাযহাবের অনুসারী

المَالِكِيَّة [আল-মালিকিয়্যাহ] ইমাম মালেকের (র) মতবাদ, মালিকী মাযহাব

مَالِي [মালী] মালী (দেশ)

مَالِيّ [مول] [মালী] অর্থসংক্রান্ত, সম্পদ-বিষয়ক, আর্থিক

مَالِيَّة [مول] [মালিয়্যাহ] অর্থ, সম্পদ, আর্থিক অবস্থা, আর্থিক বিষয়

وَزِير المَالِيَّة [ওয়াযীরুল মালিয়্যাহ] অর্থমন্ত্রী

مَالِيزِيَا [মালাইযিয়া] মালয়েশিয়া (দেশ)

مَانَ [ن] (مَوْن) [مون] [মানা] যোগান দেওয়া, সরবরাহ করা, রসদ সরবরাহ করা

مَانَ [ض] (مَيْن) [مين] [মানা] মিথ্যা বলা, ভূমি চাষ করা

مَانْجَا ، مَانْجَه ، مَانْجُو [মানজা, মানজাহ, মানজো] আম, আম্র, mango

مَانَحَ (مُمَانَحَة ، مِنَاح) [منح] [মানাহা] অনুগ্রহ করতে থাকা, অবিরাম উপকার করা

مَانِح [منح] [মানিহ] দানকারী, দাতা

مَانَعَ (مُمَانَعَة) [منع] [মানা'আ] বিরোধিতা করা, প্রতিরোধ করা, নিষেধ করা, বাধা দেওয়া

مَانِع ج مَنَعَة ، مَانِعُونَ [منع] [মানি'] নিষেধকারী, বারণকারী, বাধাদানকারী, প্রতিরোধকারী, বিরোধী, রক্ষাকারী

مَانِع ج مَوَانِع [منع] [মানি'] বাধা, প্রতিবন্ধকতা, অন্তরায়, আপত্তি

مَانِيلَا [মানীলা] ম্যানিলা (নগরী)ঃ ফিলিপাইনের রাজধানী

مَاهَ [ن] (مَوْه ، مَاهَة) [موه] [মাহা] মিশ্রিত করা, প্রচুর পানি থাকা, পানিবহুল হওয়া

مَاهَ [ض] (مَيْه ، مَيْهَة) [ميه] [মাহা] (কূপের) পানি বেশী হওয়া, পানি দেওয়া, পানি মেশানো, স্বর্ণজলের প্রলেপ দেওয়া

مَاهِد [মাহিদ] যে বিছিয়ে দেয়, বিস্তারকারী, প্রস্তুতকারী, সমানকারী

مَاهَرَ (مُمَاهَرَة) [مهر] [মাহারা] দক্ষতার প্রতিযোগিতা করা

مَاهِر ج مَهَرَة [মাহির] দক্ষ, সুদক্ষ, পটু, অভিজ্ঞ, বিচক্ষণ, বিশেষজ্ঞ

مَاهَنَ (مُمَاهَنَة) [مهن] [মাহানা] অনুশীলন করা, চর্চা করা

مَاهِن ج مُهَّان ، مَهَنَة [মাহিন] চাকর, ভৃত্য, দাস

مَاهِيّ [موه] [মাহী] পানিসম্বন্ধীয়, জলীয়, পানির মত, তরল

مَاهِيَّة ج مَاهِيَّات [موه] [মাহিয়্যাহ] সারবস্তু, সত্তা, প্রকৃতি, বাস্তবতা, বেতন, মাহিনা

مَا وَرَاءَ الأُرْدُنّ [মাওয়ারাআল উর্দুন] ট্রান্সজর্ডান (Transjordan)

مَا وَرَاءَ البَحْر [মাওয়ারাআল বাহর] সমুদ্রের অপর পারের, overseas

مَا وَرَاءَ الطَّبِيعَة [মাওয়ারাআত তবী'আহ] অতিপ্রাকৃত, অলৌকিক, অধিবিদ্যা

مَا وَرَاءَ النَّهْر [মাওয়ারাআন নাহর] ট্রান্স অক্সিয়ানা (Transoxiana)

مَا وَرَائِيّ [মাওয়ারাঈ] অধিবিদ্যা-সম্বন্ধীয়, metaphysical

مَا وَرَائِيَّة [মাওয়ারাইয়্যাহ] অধিবিদ্যা, metaphysics

مَاوِيّ [موه] [মাবী] পানিসম্বন্ধীয়, জলীয়, পানির মত, তরল, জলজ, জলচর

مَاوِيَّة [موه] [মাবিয়্যাহ] সিক্ততা, আর্দ্রতা, রস, রসালতা, আয়না

مَايَحَ (مُمَايَحَة) [ميح] [মায়াহা] মেলামেশা করা

[মায়ানমার] মায়ানমার (দেশ) مَايْنْمَار

[মায়ু] মে (মাস) مَايُو

[মায়ুহ] সাঁতারের পোশাক مَايُوه

[মুআতী] অনুকূল, উপযোগী [أتي] مُؤَاتِي ، مُؤَاتٍ

[গাইর মুআতিন] অনুপযোগী, প্রতিকূল غَيْر مُؤَاتٍ

[মুআখাত] ভ্রাতৃত্ব, বন্ধুত্ব [أخو] مُؤَاخَاة

[মুআখায] দায়ী, অভিযুক্ত, নিন্দিত, তিরস্কৃত, নিন্দনীয়, তিরস্কারযোগ্য [أخذ] مُؤَاخَذ

[মুআখাযাহ] দায়ীকরণ, অপরাধী-করণ, অভিযুক্তকরণ, নিন্দা, তিরস্কার [أخذ] مُؤَاخَذَة

[মুআযারাহ] সমর্থন, সাহায্য, পৃষ্ঠ-পোষকতা [أزر] مُؤَازَرَة

[মুআসাত] সান্ত্বনা, সমবেদনা, সহমর্মিতা [أسو] مُؤَاسَاة

[মুআসী] সান্ত্বনাদাতা, সমব্যথী, সান্ত্বনামূলক, সমবেদনামূলক [أسو] مُؤَاسِي ، مُؤَاسٍ

[মুআমারাহ] কুমন্ত্রণা, ষড়যন্ত্র, চক্রান্ত, পরামর্শ [أمر] مُؤَامَرَة ج مُؤَامَرَات

[মুআনিস] অন্তরঙ্গ, বন্ধুভাবাপন্ন, বন্ধুসুলভ, মিশুক, বিনোদনমূলক, আনন্দদায়ক [أنس] مُؤَانِس

[মুআনাসাহ] অন্তরঙ্গতা, আন্ত-রিকতা, বন্ধুভাবাপন্নতা, বন্ধুত্ব, বিনোদন [أنس] مُؤَانَسَة

[মাআব] প্রত্যাবর্তনস্থল, প্রত্যাবর্তনকাল, প্রত্যাবর্তন, আশ্রয়স্থল, আশ্রয় [أوب] مَآب ج مَآوِب

[মুআব্বাদ] চির, চিরস্থায়ী, চিরন্তন, অনন্ত, সারাজীবনের জন্য, যাবজ্জীবন (কারাবাস) [أبد] مُؤَبَّد

[মি'বার] বড় সুঁই, সুঁই-বাক্স, needlecase, পরাগধানী, anther [أبر] مِئْبَر ج مَآبِر

[মা'বিদ] হাঁটুর পিছনের দিকের গর্ত [أبض] مَأْبِض ج مَآبِض

[মুআব্বিন] (মৃত ব্যক্তির) প্রশংসা-কারী, গুণকীর্তনকারী [أبن] مُؤَبِّن

[মিআহ] শত, শ, শতজন, একশজন, একশটি [ماي] مِئَة ج مِئَات

[বিল-মিআহ, ফিল-মিআহ] শতকরা, percent (%) بِالْمِئَة ، فِي الْمِئَة

[মু'তাফিক] উল্টে গিয়েছে এমন, উল্টিয়ে দেওয়া হয়েছে এমন [أفك] مُؤْتَفِك

[মু'তালিফ] মিলপূর্ণ, ঐক্যবদ্ধ, জোটবদ্ধ [ألف] مُؤْتَلِف

[মা'তাম] শোক, আহাজারি, মাতম, শেষকৃত্য অনুষ্ঠান, শোক-সমাবেশ [أتم] مَأْتَم ج مَآتِم

[মু'তামার] সম্মেলন, কনফারেন্স (conference) [أمر] مُؤْتَمَر ج مُؤْتَمَرَات

[মু'তামার ছহাফী] সাংবাদিক সম্মেলন مُؤْتَمَر صَحَفِيّ

[মু'তামারুল কিম্মাহ] শীর্ষ সম্মেলন مُؤْتَمَر الْقِمَّة

[মু'তামির] সম্মেলনে যোগদানকারী, সম্মেলনকারী [أمر] مُؤْتَمِر

[মু'তামান] বিশ্বস্ত, বিশ্বাসযোগ্য, নির্ভরযোগ্য [أمن] مُؤْتَمَن

[মা'তা] আগমন-স্থল, সূচনাস্থল, সমাপ্তিস্থল, লক্ষ্যস্থল, উৎস, মূল, সূত্র, দিক [أتي] مَأْتَى ج مَآتِي ، مَآتٍ

[মা'তী] সম্মুখভাগ, বিপরীত দিক, আগমনস্থল, আগত, আগমনকারী [أتي] مَأْتِيّ

[মুআছ্ছাছ] আসবাবপত্রে সজ্জিত [أثث] مُؤَثَّث

[মুআছ্ছার] প্রভাবিত, প্রভাবান্বিত [أثر] مُؤَثَّر

[মুআছ্ছার] কার্যকারণ, factor [أثر] مُؤَثِّر ج مُؤَثِّرَات

[মুআছ্ছির] প্রভাবশালী, কার্যকর, ফলপ্রসূ, মর্মস্পর্শী [أثر] مُؤَثِّر

[মা'ছারাহ] কীর্তি, কৃতিত্ব-পূর্ণ কাজ, কৃতিত্ব [أثر] مَأْثَرَة ج مَآثِر

[মুআছ্ছাল] দৃঢ়ভাবে স্থাপিত, সু-প্রতিষ্ঠিত, মজবুত, সুদৃঢ়, সদ্বংশীয় [أثل] مُؤَثَّل

[মা'ছাম] অপরাধ, পাপ, গুনাহ [أثم] مَأْثَم ، مَأْثَمَة ج مَآثِم

[মা'ছুর] পরম্পরাগত, ঐতিহ্যসূত্রে প্রাপ্ত [أثر] مَأْثُور

[মুআজ্জার] ভাড়ায় নেওয়া কিংবা দেওয়া হয়েছে এমন, ভাড়াকৃত, ভাড়ায় প্রদত্ত, ইজারা নেওয়া কিংবা দেওয়া হয়েছে এমন [أجر] مُؤَجَّر

مُؤَجِّر [أجر] [মুআজ্জির] যে ভাড়ায় দেয়, যে ইজারা দেয়, বাড়িওয়ালা, জমিদার

مُؤَجَّل [أجل] [মুআজ্জাল] বিলম্বিত, স্থগিত, বিলম্বে পরিশোধযোগ্য, সময়-নির্ধারিত

مَأْجُوج [أجج] [মা'জূজ] মাজূজঃ একটি শক্তিশালী জাতি, Magog

مَأْجُور [أجر] [মা'জূর] মজুরির বিনিময়ে নিয়োজিত, মজুর, শ্রমিক, ভাড়াকৃত

مَأْخَذ ج مَآخِذ [أخذ] [মা'খায] গ্রহণ করার স্থান বা সময়, উৎস, সূত্র, পদ্ধতি, ত্রুটি, অভিযোগ, (বৈদ্যুতিক) সকেট, প্লাগ

مُؤَخَّر [أخر] [মুআখ্খার] বিলম্বিত, পরে উল্লিখিত, পশ্চাৎ, পশ্চাদ্ভাগ, শেষাংশ, অবশিষ্টাংশ

مُؤَخَّرًا [أخر] [মুআখ্খারন] দেরিতে, সম্প্রতি, ইদানীং

مُؤَخَّرَة ج مُؤَخَّرَات [أخر] [মুআখ্খারাহ] পিছনের অংশ, পশ্চাদ্ভাগ

مَأْخُوذ [أخذ] [মা'খূয] গৃহীত, ধৃত, পাকড়াওকৃত, প্রাপ্ত, লব্ধ

مُؤَدَّب [أدب] [মুআদ্দাব] শিক্ষাপ্রাপ্ত, ভদ্র, শিষ্ট, শালীন

مُؤَدِّب [أدب] [মুআদ্দিব] শিষ্টাচার শিক্ষাদাতা, শিক্ষাদাতা, শিক্ষক

مَأْدُبَة ج مَآدِب [أدب] [মা'দুবাহ] ভোজসভা, ভোজ

مُؤَدًّى [أدي] [মুআদ্দা] কাজ, দায়িত্ব, গুরুত্ব, তাৎপর্য, বরাদ্দ

مُؤَدِّي ، مُؤَدٍّ [أدي] [মুআদ্দী] যে পৌঁছে দেয়, নিয়ে যায় বা এনে দেয় এমন

مُؤَذِّن [أذن] [মুআয্যিন] যে আযান দেয়, নামাযের আহ্বানকারী, মুয়ায্যিন

مِئْذَنَة ، مَأْذَنَة ج مَآذِن [أذن] [মি'যানাহ] আযান দেওয়ার জায়গা, মিনার

مَأْذُون [أذن] [মা'যূন] আদেশপ্রাপ্ত, অনুমতিপ্রাপ্ত, অনুমতিযোগ্য

مَأْذُونِيَّة [أذن] [মা'যূনিয়্যাহ] অনুমতি, লাইসেন্স, ছুটি

مُؤْذِي ، مُؤْذٍ [أذي] [মু'যী] কষ্টদায়ক, ক্ষতিকারক, ক্ষতিকর, অনিষ্টকর

مَأْرَب ج مَآرِب [أرب] [মা'রব] লক্ষ্য, উদ্দেশ্য, কাম্যবস্তু, প্রয়োজন

مَأْرَبَة ج مَآرِب [أرب] [মা'রবাহ] লক্ষ্য, উদ্দেশ্য, কাম্যবস্তু, প্রয়োজন

مُؤَرَّخ [أرخ] [মুআর্রখ] তারিখ দেওয়া হয়েছে এমন, তারিখযুক্ত, তারিখসম্বলিত

مُؤَرِّخ [أرخ] [মুআর্রিখ] ইতিহাসবিদ, ইতিহাসলেখক, ঐতিহাসিক

مُؤَرِّق [أرق] [মুআর্রিক] ঘুম আসে না এমন, বিনিদ্র, নিদ্রাহীন, জাগ্রত, সজাগ

مُؤْرَنَبَة ج مُؤْرَنَبَات [أرنب] [মুআর্নাবাহ] বেশী খরগোশ আছে এমন (স্থান), খরগোশ পালনের জায়গা, খরগোশের খামার

مِئْزَاب ج مَآزِيب [أزب] [মি'যাব] নালা, নর্দমা, (কাবাগৃহের) মীযাব

مِئْزَر، مِئْزَرَة ج مَآزِر [أزر] [মি'যার, মি'যারাহ] ইযার, লুঙ্গি, এপ্রন, আলোয়ান, শাল, মোড়ক

مَأْزِق ج مَآزِق [أزق] [মা'যিক] সঙ্কটপূর্ণ জায়গা, সঙ্কীর্ণ জায়গা, যুদ্ধক্ষেত্র

مَأْزِم ج مَآزِم [أزم] [মা'যিম] সঙ্কটস্থল, যুদ্ধক্ষেত্র

مَأْسَاة ج مَآسِي [أسي] [মা'সাত] করুণ ব্যাপার, দুঃখজনক ঘটনা, বিয়োগান্ত নাটক, ট্রাজেডি

مَأْسَاوِيّ [أسي] [মা'সাবী] করুণ, বেদনাদায়ক, হৃদয়বিদারক, বিয়োগান্ত

مَأْسَدَة ج مَآسِد [أسد] [মা'সাদাহ] অনেক সিংহ আছে এমন জায়গা, সিংহের খামার

مُؤَسَّس [أسس] [মুআস্সাস] স্থাপিত, প্রতিষ্ঠিত

مُؤَسِّس [أسس] [মুআস্সিস] ভিত্তি স্থাপনকারী, প্রতিষ্ঠাতা

مُؤَسَّسَة ج مُؤَسَّسَات [أسس] [মুআস্সাসাহ] সংগঠন, প্রতিষ্ঠান, ফাউন্ডেশন

مُؤْسِف [أسف] [মু'সিফ] দুঃখজনক, দুঃখদায়ক

مُؤَسَّل [أسل] [মুআস্সাল] ধারালো, ছুঁচালো

مَأْسُوّ [أسو] [মা'সূ] সান্ত্বনা দেওয়া হয়েছে এমন, সান্ত্বনাপ্রাপ্ত (ব্যক্তি), চিকিৎসা করা হয়েছে এমন (ক্ষত)

[মা'সূর] বন্দী, আটককৃত, কারারুদ্ধ, مَأْسُور [أسر] কারাবন্দী, মুগ্ধ, আকৃষ্ট

[মা'সাবী] করুণ, বেদনাদায়ক, مَأْسَوِيّ [أسي] হৃদয়বিদারক, বিয়োগান্ত

[মু'সী] দুঃখজনক, দুঃখ- مُؤْسِي ، مُؤْسٍ [أسي] দায়ক

[মি'শার] চেরার مِئْشَار ج مَآشِير ، مَوَاشِير [أشر] যন্ত্র, করাত

[মুআশ্শার] খাঁজযুক্ত, খাঁজ-কাটা, مُؤَشَّر [أشر] চিহ্নিত, নির্দেশিত, ছাপযুক্ত, ভিসা-লাগানো

[মুআশ্শির] নির্দেশক, مُؤَشِّر ج مُؤَشِّرَات [أشر] (মাপযন্ত্রের) কাঁটা, নিদর্শন, তীর-চিহ্ন, মানদণ্ড, তালিকা

[মু'ছদ] যা বন্ধ করে রাখা হয়েছে, مُؤْصَد [أصد] বন্ধ করে রাখা হয়েছে এমন, বন্ধকৃত, বন্ধ

[মি'ফাক] পেরিস্কোপ مِئْفَاق ج مَآفِيق [أفق] (periscope)

[মা'ফূন] দুর্বল বুদ্ধিসম্পন্ন, বোকা, مَأْفُون [أفن] নির্বোধ, হাবলা, হাবা

[মা'ক, মু'ক] চোখের কোণ, مَأْق، مُؤْق ج آمَاق অক্ষিকোণ

[মা'ইক্বা] ফোঁপানো, ফুঁপিয়ে مَئِقَ [س] (مَأْق) ফুঁপিয়ে কাঁদা

[মা'ক্বাহ] ফোঁপানি, কান্না مَأْقَة

[মুআক্কাদ] জোরালো, প্রত্যায়নকৃত, مُؤَكَّد [أكد] জোরদার, নিশ্চিত, প্রতিপন্ন, প্রমাণিত, জরুরী

[মুআক্কিদ] জোরদারকারী, প্রতিপন্ন- مُؤَكِّد [أكد] কারী, প্রত্যায়নকারী, প্রমাণকারী

[মুআক্সাজ] অক্সিজেন দেওয়া হয়েছে مُؤَكْسَج এমন, অক্সিজেনপ্রাপ্ত

[মুআক্সিজ] অক্সিজেন দেয় এমন مُؤَكْسِج

[মুআক্সাদ] অক্সাইডযুক্ত مُؤَكْسَد

[মুআক্সিদ] অক্সাইড যোগকারী مُؤَكْسِد

[মা'কাল] খাবার জিনিস, مَأْكَل ج مَآكِل [أكل] খাদ্যদ্রব্য, খাবার

[মা'কূল] যা খাওয়া যায়, খাওয়ার مَأْكُول [أكل] যোগ্য, ভক্ষণযোগ্য, ভোজ্য, ভক্ষিত, খাদ্য

[মা'কূল] খাদ্যদ্রব্য, مَأْكُول ج مَأْكُولَات [أكل] খাবার জিনিস, খাবার

[মাআল] ফল, পরিণাম, পরিণতি, مَآل [أول] শেষ, প্রত্যাবর্তন, প্রত্যাবর্তনস্থল

[মুআল্লাফ] রচিত, প্রণীত, লিখিত, مُؤَلَّف [ألف] সঙ্কলিত, সৃষ্ট, গঠিত, প্রতিষ্ঠিত, সংযুক্ত, সমন্বিত, মিলকৃত, আপনকৃত

[মুআল্লাফ] রচনা, গ্রন্থ, مُؤَلَّف ج مُؤَلَّفَات [ألف] সাহিত্যকর্ম, প্রকাশনা

[মুআল্লিফ] রচনাকারী, রচয়িতা, مُؤَلِّف [ألف] প্রণেতা, গ্রন্থকার, লেখক, সঙ্কলক

[আল-মুআল্লাফাতু কুলূবুহুম] মন الْمُؤَلَّفَةُ قُلُوبُهُمْ সন্তুষ্ট করা হয়েছে এমন লোকজন

[মুআল্লাল] যন্ত্রচালিত, ইঞ্জিনযুক্ত, مُؤَلَّل [ألل] স্বয়ংক্রিয়, যান্ত্রিক

[মু'লিম] যন্ত্রণাদায়ক, বেদনাদায়ক, مُؤْلِم [ألم] কষ্টদায়ক, দুঃখজনক, করুণ

[মা'লূফ] পরিচিত, প্রচলিত, প্রিয়, مَأْلُوف [ألف] পছন্দনীয়

[মা'মাআ] (ভেড়া, ছাগল) ভ্যা ভ্যা مَأْمَأَ (مَأْمَأَة) করে ডাকা

[মা'মাল] আশা, প্রত্যাশা مَأْمَل ج مَآمِل [أمل]

[মুআম্মিল] প্রত্যাশা জাগ্রতকারী, مُؤَمِّل [أمل] আশা প্রদানকারী, আশাপ্রদ

[মুআম্মাম] জাতীয়করণকৃত, مُؤَمَّم [أمم]

[মুআম্মিম] জাতীয়করণকারী مُؤَمِّم [أمم]

[মা'মান] বিপদমুক্ত স্থান, مَأْمَن ج مَآمِن [أمن] নিরাপদ স্থান, আশ্রয়স্থল

[মু'মিন] বিশ্বাসী, মুমিন, مُؤْمِن ج مُؤْمِنُون [أمن] ঈমানদার, আস্থাশীল, আস্থাবান, মুসলিম

[আল-মু'মিন] নিরাপত্তা-বিধায়ক: الْمُؤْمِن [أمن] আল্লাহ; সূরা আল-মু'মিন: পবিত্র কোরআনের ৪০তম সূরা

[আল-মু'মিনূন] সূরা আল-মু'মিনূন: الْمُؤْمِنُون পবিত্র কোরআনের ২৩তম সূরা

[আমীরুল মু'মিনীন] আমীরুল أَمِير الْمُؤْمِنِين মুমিনীন (মুমিনদের নেতা): মুসলিম খলীফাদের উপাধি

مُؤَمَّن [أمن] [মুআম্মান] নিশ্চিত, নিরাপদ, বীমা-কৃত, অর্জিত, প্রাপ্ত

مُؤَمِّن [أمن] [মুআম্মিন] নিশ্চয়তা প্রদানকারী, নিরাপত্তা প্রদানকারী, বীমাকারী

مَأْمُور [أمر] [মা'মূর] আদিষ্ট, নির্দেশপ্রাপ্ত, আজ্ঞা-বহ, চাকর, কর্মকর্তা, কমিশনার

مَأْمُورِيَّة ج مَأْمُورِيَّات [أمر] [মা'মূরিয়্যাহ] কাজ, কর্ম, কর্তব্য, মিশন, নির্দেশ, আদেশ

مَأْمُول [أمل] [মা'মূল] প্রত্যাশিত, কাঙ্ক্ষিত

مَأْمُول ج مَأْمُولَات [أمل] [মা'মূল] আশা, প্রত্যাশা, আকাংক্ষা

مَأْمُون [أمن] [মা'মূন] নিরাপদ, বিপদমুক্ত, বিশ্বস্ত, বিশ্বাসযোগ্য

مَأَنَ [ف] (مَأْن) [মাআনা] সরবরাহ করা, যোগান দেওয়া, রসদ সরবরাহ করা

مَأْنَة ج مَأْنَات ، مُؤُون [মা'নাহ] নাভি ও তার চারপাশ

مُؤْنَة ج مُؤَن [مأن] [মু'নাহ] সরবরাহ, যোগান, রসদ, সামগ্রী, সংগ্রহ, খাদ্যদ্রব্য

مُؤَنَّث [أنث] [মুআন্নাছ] স্ত্রীবাচক, স্ত্রীলিঙ্গ (ব্যা)

مُؤْنِس [أنس] [মু'নিস] বিনোদনকারী, বিনোদী, আনন্দদায়ক, বন্ধুসুলভ

مَأْنُوس [أنس] [মা'নূস] পরিচিত, অন্তরঙ্গ, প্রিয়, পোষা

مُؤَهَّل [أهل] [মুআহ্হাল] যোগ্যতাসম্পন্ন, যোগ্য, উপযুক্ত

مُؤَهِّل ج مُؤَهِّلَات [أهل] [মুআহ্হিল] যোগ্যতা, সনদ, ডিগ্রী

مُؤَهِّلَات دِرَاسِيَّة [أهل] [মুআহ্হিলাত দিরা-সিয়্যাহ] শিক্ষাগত যোগ্যতা

مَأْهُول [أهل] [মা'হূল] বসবাসপূর্ণ, বসতিসম্পন্ন, বিবাহিত

مَؤُونَة ج مَؤُونَات ، مُؤَن [مأن] [মা'উনাহ] রসদ, সরবরাহ, যোগান, সামগ্রী, সংগ্রহ, খাদ্যদ্রব্য

مَأْوًى ج مَآوِي ، مَآوٍ [أوي] [মা'ওয়া] আশ্রয়-স্থল, আশ্রয়, আশ্রম, বাসস্থান, নিবাস, ঠিকানা, বসবাস

مَأْوَاة [أوي] [মা'ওয়াত] আশ্রয়, আশ্রয়স্থল

مِئَوِيّ [مأي] [মিআবী] শত-সম্বন্ধীয়, শতাংশ-বিষয়ক, সেন্টিগ্রেড, শতকরা, শতবার্ষিক

ذِكْرَى مِئَوِيَّة [যিকরা মিআবিয়্যাহ] শতবার্ষিকী

عِيد مِئَوِيّ ['ঈদ মিআবী] শতবার্ষিক উৎসব

نِسْبَة مِئَوِيَّة [নিস্বাহ মিআবিয়্যাহ] শতকরা হার, percentage

مُؤَيَّد [أيد] [মুআইয়্যাদ] সমর্থিত, সমর্থনপুষ্ট, সাহায্যপ্রাপ্ত, অনুমোদিত, পন্থী

مُؤَيِّد [أيد] [মুআইয়িদ] সাহায্যকারী, সমর্থক, পৃষ্ঠপোষক, পক্ষীয়

مَبَاءَة [بوأ] [মাবাআহ] বাসস্থান, নিবাস, বসতি

مُبَاح [بوح] [মুবাহ] বৈধ, অনুমোদিত, আইনানুগ, সাধারণ, সকলের জন্য উন্মুক্ত

مُبَاحَثَة ج مُبَاحَثَات [بحث] [মুবাহাছাহ] আলোচনা, আলাপ-আলোচনা, বিতর্ক

مَبَادِئ (مَبْدَأ) [بدأ] [মাবাদি'] মূলনীতিসমূহ, নীতিমালা

مُبَادَأَة [بدأ] [মুবাদাআহ] প্রথম পদক্ষেপ, সূচনা, উদ্যোগ

مُبَادَرَة [بدر] [মুবাদারাহ] দ্রুত সম্পন্নকরণ, উদ্যোগগ্রহণ

مُبَادَرَة ج مُبَادَرَات [بدر] [মুবাদারাহ] উদ্যোগ, স্বভাবজাত প্রজ্ঞা, আকস্মিক কাজ

مُبَادَلَة [بدل] [মুবাদালাহ] বিনিময়, বদল, বদলি, বদলা-বদলি

مُبَارَاة ج مُبَارَيَات [بري] [মুবারাত] টুর্নামেন্ট, খেলা, প্রতিযোগিতা, পাল্লা, পরীক্ষা

مُبَارَأَة [برأ] [মুবারআহ] স্বামী-স্ত্রীর পারস্পরিক সম্মতিতে তালাক

مُبَارَحَة [برح] [মুবারহাহ] রওয়ানা, প্রস্থান

مُبَارِز [برز] [মুবারিয] প্রতিদ্বন্দ্বী, প্রতিযোগী, দ্বন্দ্বযোদ্ধা

مُبَارَزَة [برز] [মুবারযাহ] প্রতিদ্বন্দ্বিতা, দ্বন্দ্বযুদ্ধ, প্রতিযোগিতা

مُبَارَك [برك] [মুবারক] বরকতময়, কল্যাণময়, শুভ, শুভেচ্ছা, অভিনন্দন

مُبَارِك [برك] [মুবারিক] বরকতদাতা, কল্যাণ

দানকারী, আশীর্বাদকারী, শুভেচ্ছা বা অভিনন্দন জ্ঞাপনকারী

مُبَارَكَةٌ [برك] [মুবারকাহ] বরকত, কল্যাণ, মঙ্গল, আশীর্বাদ, শুভেচ্ছা, অভিনন্দন, অনুমোদন

مُبَاشِر [بشر] [মুবাশির] সরাসরি, প্রত্যক্ষ, তাৎক্ষণিক

مُبَاشِر ج مُبَاشِرُون [بشر] [মুবাশির] নিয়োজিত, প্রবৃত্ত, মনোযোগ প্রদানকারী, দায়িত্ব গ্রহণকারী, আরম্ভকারী, অনুশীলনকারী, সংস্পর্শে অবস্থানকারী, সহবাসকারী

مُبَاشَرَة [بشر] [মুবাশারাহ] আরম্ভ, সূচনা, গ্রহণ, সম্পাদন, অনুশীলন, তাৎক্ষণিকতা

مُبَاشَرَةً [بشر] [মুবাশারতান] প্রত্যক্ষভাবে, সরাসরি, তাৎক্ষণিকভাবে

مُبَاضَعَة [بضع] [মুবাদ'আহ] যৌনকর্ম, সহবাস, সঙ্গম

مُبَاع [بيع] [মুবা'] বিক্রয় করা হয়েছে এমন, বিক্রীত

مُبَاعَدَة [بعد] [মুবা'আদাহ] দূরে অবস্থান, দূরত্ব, বিচ্ছেদ

مُبَاغِت [بغت] [মুবাগিত] আকস্মিক, অপ্রত্যাশিত

مُبَاغَتَة [بغت] [মুবাগাতাহ] আকস্মিকতা, বিস্ময়, অপ্রত্যাশিত বিষয়, আকস্মিক আক্রমণ

مُبَالَاة [بلي] [মুবালাত] খেয়াল, চিন্তা, ভাবনা, মনোযোগ, পরোয়া

مُبَالَغ فِيه [بلغ] [মুবালাগ ফীহ] বাড়াবাড়ি করা হয়েছে এমন, অতিরঞ্জিত, চরম

مُبَالِغ [بلغ] [মুবালিগ] অতিরঞ্জনকারী, বাড়াবাড়িকারী

مُبَالَغَة [بلغ] [মুবালাগাহ] অতিরঞ্জন, আতিশয্য, বাড়াবাড়ি, অতিশয়োক্তি, জোরদান

مُبَالِي ، مُبَالٍ ج مُبَالُون [بلي] [মুবালী] যত্নবান, খেয়ালকারী, মনোযোগী, আগ্রহী, পরোয়াকারী

مُبَاهَاة [بهو] [মুবাহাত] গৌরব-প্রতিযোগিতা, গর্ব, অহঙ্কার

مُبَاهَلَة [بهل] [মুবাহালাহ] পারস্পরিক অভিশাপ

مُبَايَعَة [بيع] [মুবায়া'আহ] চুক্তি সম্পাদন, আনুগত্য, আনুগত্য স্বীকার, লেনদেন, অভিষেক

مُبْتَدَأ [بدأ] [মুব্তাদা'] সূচনা, শুরু, প্রারম্ভ, (ব্যাকরণে) উদ্দেশ্য, subject

مُبْتَدِئ [بدأ] [মুব্তাদি'] আরম্ভকারী, সূচনাকারী, প্রবর্তনকারী, প্রথম সৃষ্টিকারী, আবিষ্কারক, নতুন, নবীন, অদক্ষ, অনভিজ্ঞ

مُبْتَدَع [بدع] [মুব্তাদা'] আবিষ্কৃত, নতুনভাবে সৃষ্ট, নবপ্রবর্তিত, নতুন, অভিনব

مُبْتَدَع ج مُبْتَدَعَات [بدع] [মুব্তাদা'] নতুন সৃষ্টি, আবিষ্কার, মৌলিক রচনা, অভিনব বস্তু

مُبْتَدِع [بدع] [মুব্তাদি'] আবিষ্কারক, নতুনভাবে সৃষ্টিকারী, প্রবর্তনকারী, রচয়িতা

مُبْتَذَل [بذل] [মুব্তাযাল] গতানুগতিক, সাধারণ, অতি প্রচলিত, তুচ্ছ, অতি ব্যবহৃত, ব্যবহারজীর্ণ

مُبْتَذِل [بذل] [মুব্তাযিল] গতানুগতিক, সাধারণ, মামুলি, মর্যাদাহীন, সহজপ্রাপ্য

مُبْتَسِم [بسم] [মুব্তাসিম] হাস্যোজ্জ্বল, প্রফুল্ল

مُبْتَعِد [بعد] [মুব্তা'ইদ] দূরে অবস্থিত, দূরবর্তী

مُبْتَغًى [بغي] [মুব্তাগা] কাম্য, কাংক্ষিত, লক্ষ্য, কামনা, আশা

مُبْتَغِي ، مُبْتَغٍ [بغي] [মুব্তাগী] কামনাকারী, আকাংক্ষী

مُبْتَكَر [بكر] [মুব্তাকার] নতুন আবিষ্কৃত, নতুনভাবে সৃষ্ট, নতুন, অভিনব, মৌলিক

مُبْتَكَر ج مُبْتَكَرَات [بكر] [মুব্তাকার] নতুন আবিষ্কার, নতুন সৃষ্টি, মৌলিক রচনা, অভিনব বস্তু

مُبْتَكِر [بكر] [মুব্তাকির] উদ্ভাবক, আবিষ্কারক, আবিষ্কর্তা, সৃষ্টিকারী

مُبْتَلّ [بلل] [মুব্তাল্] সজল, সিক্ত, আর্দ্র, ভিজা

مُبْتَلًى مث مُبْتَلَاة [بلي] [মুব্তালা] পরীক্ষিত, কষ্টে নিপতিত, গ্রস্ত, আক্রান্ত, ক্লিষ্ট, বিপন্ন

مُبْتَلِي ، مُبْتَلٍ ج مُبْتَلُون [بلي] [মুব্তালী] পরখকারী, পরীক্ষাকারী, যাচাইকারী, বিপদে নিক্ষেপকারী

مُبْتَهِج [بهج] [মুব্তাহিজ] আনন্দিত, উৎফুল্ল, প্রফুল্ল, প্রসন্ন

مُبْتَهِل [بهل] [মুব্তাহিল] অনুনয়কারী, মিনতিকারী, অভিশাপদাতা

مَبْتُوت [بتت] [মাব্‌তূত] বিচ্ছিন্ন, মীমাংসিত, স্থিরীকৃত

مَبْتُور [بتر] [মাব্‌তূর] বিচ্ছিন্ন, সম্পর্কহীন, লেজ-কাটা

مَبْثُوث [بثث] [মাব্‌ছূছ] ছড়ানো, বিক্ষিপ্ত, সম্প্রচারিত

مُبَجَّل [بجل] [মুবাজ্জাল] সম্মানিত, মর্যাদাবান, গৌরবান্বিত, শ্রদ্ধেয়

مَبْحَث ج مَبَاحِث [بحث] [মাব্‌হাছ] আলোচনা বা গবেষণার বিষয়, গবেষণা, সমীক্ষা, অনুসন্ধান

مَبْحَث القَلْب [মাব্‌হাছুল ক্বাল্‌ব] হৃদবিজ্ঞান, কার্ডিওলজি (cardiology)

مِبْخَار ج مَبَاخِير [بخر] [মিব্‌খার] বাষ্প পরিমাপের যন্ত্র, বাষ্পে পরিণত করার যন্ত্র

مِبْخَرَة ج مَبَاخِر [بخر] [মিব্‌খারাহ] ধূপ দেওয়ার পাত্র, ধূপাধার, ধোঁয়া দেওয়ার যন্ত্র

مَبْخُوت [بخت] [মাব্‌খূত] ভাগ্যবান, সৌভাগ্যবান

مِبْدَان [بدن] [মিব্‌দান] দ্রুত মোটা হয় এমন, স্থূলকায়

مَبْدَأ ج مَبَادِئ [بدأ] [মাব্‌দা'] সূচনা, আরম্ভ, নীতি, মূলনীতি, ভিত্তি, আদর্শ, বিশ্বাস, কারণ

المُبْدِئ [بدأ] [আল-মুব্‌দি'] মহান উদ্ভাবক, মহাস্রষ্টাঃ আল্লাহ

مَبْدَئِيّ [بدأ] [মাব্‌দা'ঈ] প্রারম্ভিক, প্রাথমিক, মৌলিক, নীতিগত

مَبْدَئِيًّا [بدأ] [মাব্‌দা'ইয়্যান] পরীক্ষামূলকভাবে, প্রাথমিকভাবে, নীতিগতভাবে

مُبَدَّد [بدد] [মুবাদ্দাদ] বিক্ষিপ্ত, বিচ্ছিন্ন, বিতাড়িত, অপসারিত, অপচয়কৃত

مُبَدِّد [بدد] [মুবাদ্দিদ] বিক্ষিপ্তকারী, বিতাড়নকারী, অপসারণকারী, অপচয়কারী

مُبْدَع [بدع] [মুব্‌দা'] নতুন আবিষ্কৃত, নতুনভাবে সৃষ্ট, প্রবর্তিত, নতুন, অভিনব

مُبْدِع [بدع] [মুব্‌দি'] নতুনভাবে সৃষ্টিকারী, নতুন আবিষ্কারক, সূত্রপাতকারী, প্রবর্তনকারী, সৃষ্টিকারী, প্রবর্তক, স্রষ্টা

مُبْدَل ، مُبَدَّل [بدل] [মুব্‌দাল, মুবাদ্দাল] পরিবর্তিত, বদলকৃত

مُبَدِّل [بدل] [মুবাদ্দিল] বদলকারী, পরিবর্তনকারী

مُبْدِي ، مُبْدٍ [بدو] [মুব্‌দী] প্রকাশকারী, ব্যক্তকারী, প্রদর্শনকারী

مِبْذَال [بذل] [মিব্‌যাল] অধিক ব্যয়কারী, অধিক দানকারী, দাতা, দানশীল

مُبَذَّر [بذر] [মুবায্‌যার] অপচয়কৃত, অপব্যয়িত

مُبَذِّر [بذر] [মুবায্‌যির] অপচয়কারী, অপব্যয়কারী, অপব্যয়ী, অমিতব্যয়ী

مِبْذَل ج مَبَاذِل [بذل] [মিব্‌যাল] ঘরে পরিধানের পোশাক, সাধারণ পোশাক, চটিজুতা

مَبْذُور [بذر] [মাব্‌যূর] ছড়ানো-ছিটানো, বিক্ষিপ্ত, বপনকৃত

مَبْذُول [بذل] [মাব্‌যূল] ব্যয়িত, খরচকৃত, প্রদত্ত, সম্পাদিত, ত্যাগকৃত, পেশকৃত, নিয়োজিত

مِبْرَاة [بري] [মিব্‌রাত] কাটার যন্ত্র, ছুরি, চাকু

مُبَرَّأ ج مُبَرَّؤُون [برأ] [মুবার্‌রা'] অব্যাহতিপ্রাপ্ত, নিষ্কৃতিপ্রাপ্ত, মুক্ত, দায়মুক্ত

مَبَرَّة ج مَبَرَّات ، مَبَارّ [برر] [মাবার্‌রাহ] ভাল কাজ, সৎকর্ম, পুণ্য, দান, দাতব্য প্রতিষ্ঠান

مُبَرِّح [برح] [মুবার্‌রিহ] তীব্র, কঠিন, কষ্টদায়ক

مِبْرَد ج مَبَارِد [برد] [মিব্‌রাদ] ঘষে মসৃণ করার যন্ত্র, রেত, উখা

مُبَرَّد [برد] [মুবার্‌রাদ] ঠাণ্ডাকৃত, হিমায়িত, প্রশমিত, শীতাতপনিয়ন্ত্রিত, airconditioned

مُبَرِّد [برد] [মুবার্‌রিদ] শীতলকারী, হিমায়ক, প্রশমক, শীতাতপনিয়ন্ত্রণ-যন্ত্র, airconditioner

مَبْرَدَة ج مَبَارِد [برد] [মাব্‌রাদাহ] ঠাণ্ডার কারণ

مُبَرَّر [برر] [মুবার্‌রার] সমর্থনযোগ্য, যৌক্তিক, যুক্তিসম্মত, নির্দোষ বলে প্রত্যায়িত, অভিযোগ থেকে নিষ্কৃত

مُبَرِّر [برر] [মুবার্‌রির] সমর্থনকারী, নির্দোষ বলে প্রত্যায়নকারী, অভিযোগ থেকে নিষ্কৃতি প্রদানকারী

مُبَرِّر ج مُبَرِّرَات [برر] [মুবার্‌রির] যৌক্তিকতা, যুক্তিসঙ্গত কারণ, কৈফিয়ত, ওজর

لَا مُبَرِّرَ لَهُ [লা মুবার্‌রিরা লাহু] যার কোন যৌক্তিকতা নেই, অযৌক্তিক, অসমর্থনযোগ্য

مَبْرَز ج مَبَارِز [برز] [মাব্‌রয] মলত্যাগের জায়গা

مُبْرَز [برز] [মুব্‌রয] প্রকাশিত, পেশকৃত, প্রদর্শিত

مُبْرَز ، مُبْرَزَة ج مُبْرَزَات [মুব্‌রয, মুব্‌রযাহ্] প্রদর্শিত বস্তু

مُبَرِّز [برز] [মুবার্‌রিয] অগ্রগামী, শ্রেষ্ঠ, সেরা, বিশিষ্ট

مُبَرْطَل [برطل] [মুবার্‌তাল] উৎকোচ গ্রহণকারী, ঘুষ গ্রহণকারী, ঘুষখোর

مُبَرْطِل [برطل] [মুবার্‌তিল] উৎকোচদাতা, ঘুষ প্রদানকারী

مُبَرْغَل [برغل] [মুবার্‌গাল] দানায় পরিণত, দানার ন্যায়, দানা-দানা

مَبْرَق [برق] [মাব্‌রক] ঔজ্জ্বল্য, প্রভাত, উদয়

مُبْرِق ، مُبْرِقَة [برق] [মুব্‌রিক, মুব্‌রিক্বাহ্] টেলিগ্রাফ

مُبْرِقَة كَاتِبَة [মুব্‌রিক্বাহ কাতিবাহ্] টেলিপ্রিন্টার

مُبْرِقَة مُبَاشِرَة [মুব্‌রিক্বাহ মুবাশিরাহ্] টেলেক্স

مُبَرْقَش [برقش] [মুবার্‌ক্বাশ] বহুবর্ণ, বহু রঙে রঞ্জিত, বিচিত্র

[মুসাহ্‌হার] সম্মোহিত, যাদুকৃত, مُسَحَّر [سحر]
যাদুগ্রস্ত

[মিস্‌হাক] চূর্ণনযন্ত্র, مِسْحَق ج مَسَاحِق [سحق]
গুঁড়া করার যন্ত্র

[মিস্‌হাল] ঘষে মসৃণ مِسْحَل ج مَسَاحِل [سحل]
করার যন্ত্র, কেটে সাইজ করার যন্ত্র, রেঁদা, রেত, চালুনি, বন্য গাধা, জিহবা, গাল, সাহসী, লাগাম, প্রবল বৃষ্টি

[মিস্‌হানাহ] পাথর مِسْحَنَة ج مَسَاحِن [سحن]
ভাঙ্গার যন্ত্র, চূর্ণনযন্ত্র, জাঁতাকল, মুষল, পুতা, নোড়া, হামানদিস্তা

[মাস্‌হূব] উঠিয়ে আনা হয়েছে مَسْحُوب [سحب]
এমন, টেনে বের করা হয়েছে এমন, প্রত্যাহার করা হয়েছে এমন, প্রত্যাহৃত

[মাস্‌হূর] সম্মোহিত, যাদুকৃত, مَسْحُور [سحر]
যাদুগ্রস্ত

[মাস্‌হূক] চূর্ণিত, চূর্ণীকৃত, চূর্ণ, مَسْحُوق [سحق]
গুঁড়াকৃত

[মাস্‌হূক] চূর্ণিত مَسْحُوق ج مَسَاحِيق [سحق]
দ্রব্য, চূর্ণ, গুঁড়া, পাউডার

[মাস্‌হূন] চূর্ণিত, চূর্ণ, গুঁড়াকৃত, مَسْحُون [سحن]
মসৃণকৃত

[মাস্‌খ] রূপবিকৃতি, জন্তুতে রূপান্তর مَسْخ

[মাস্‌খ] জন্তুতে রূপান্তরিত, বিকৃত, مَسْخ ج مُسُوخ
কুৎসিত, অস্বাভাবিক আকৃতির মানুষ বা জন্তু

[মাসাখা] আকৃতি নষ্ট করা, مَسَخَ [ف] (مَسْخ)
বিকৃত করা, নষ্ট করা, (বাহনকে) দুর্বল করা

[মিস্‌খ] জন্তুতে রূপান্তরিত, বিকৃত, مِسْخ ج مُسُوخ
কুৎসিত, অস্বাভাবিক আকৃতির মানুষ বা জন্তু

[মুসাখ্‌খার] অধীন, নির্দেশাধীন, مُسَخَّر [سخر]
হুকুমের অধীন, অনুগত

[মাস্‌খারাহ] উপহাস, مَسْخَرَة ج مَسَاخِر [سخر]
তামাশা, ঠাট্টা, বিদ্রূপ, মস্করা

[মাস্‌খাত] ক্রোধের مَسْخَط ج مَسَاخِط [سخط]
কারণ, অসন্তুষ্টির কারণ

[মুস্‌খাত] ক্রুদ্ধ, বিরক্ত, অসন্তুষ্ট مُسْخَط [سخط]

[মুস্‌খিত] ক্রোধ উদ্রেককারী, مُسْخِط [سخط]
বিরক্তিজনক, অপ্রীতিকর

[মাস্‌খাতাহ] রাগের مَسْخَطَة ج مَسَاخِط [سخط]
কারণ, অসন্তোষের কারণ

[মুসাখ্‌খান] উত্তপ্ত, উষ্ণ مُسَخَّن [سخن]

[মুসাখ্‌খিন] গরম করে এমন, مُسَخِّن [سخن]

উত্তপ্তকারী

مِسْخَنَة ج مَسَاخِن [سخن] [মিস্‌খানাহ্] রান্নার পাত্র, খাদ্য গরম করার পাত্র

مَسَد ج مِسَاد ، أَمْسَاد [মাসাদ] খেজুর গাছের আঁশ, আঁশের দড়ি, শক্ত করে পাকানো দড়ি

المَسَد [আল-মাসাদ] সূরা আল-মাসাদঃ পবিত্র কোরআনের ১১১তম সূরা

مَسَدّ [মাসাদ্] বাঁধ দেওয়ার জায়গা, পূরণ করার জায়গা

سَدَّ مَسَدَّهُ [সাদ্দা মাসাদ্দাহু] জায়গা পূরণ করা, স্থলাভিষিক্ত হওয়া

مَسَدَ [ن] (مَسْد) [মাসাদা] (রশি) পাকানো, ভাল করে পাকানো

مَسَّدَ (تَمْسِيد) [مسد] [মাস্‌সাদা] অঙ্গমর্দন করা, ম্যাসেজ করা, মালিশ করা

مُسَدَّد [سدد] [মুসাদ্দাদ] মীমাংসিত, পরিশোধ-কৃত, নিক্ষিপ্ত, তাককৃত

مُسَدَّس ج مُسَدَّسَات [سدس] [মুসাদ্দাস] পিস্তল, রিভলবার, ছয় অংশবিশিষ্ট, ছয় বাহুবিশিষ্ট

مَسْدُود [سدد] [মাস্‌দূদ] বন্ধ, রুদ্ধ, বাধ দেওয়া হয়েছে এমন, বদ্ধ, বাধাগ্রস্ত, সমাপ্ত

مِسْرَاع [سرع] [মিস্‌রা'] গতিমাপক যন্ত্র

مَسْرَب ج مَسَارِب [سرب] [মাস্‌রব] পথ, গতি-পথ, প্রবাহ-পথ, যাওয়ার পথ, নালা, নর্দমা

مَسَرَّة ج مَسَرَّات [سرر] [মাসার্‌রাহ্] প্রফুল্লতা, আনন্দ, খুশি, সুখ

مَسْرَجَة ج مَسَارِج [سرج] [মাস্‌রজাহ্] দীপাধার, প্রদীপ রাখার পাত্র

مِسْرَجَة ج مَسَارِج [سرج] [মিস্‌রজাহ্] প্রদীপ, প্রদীপ রাখার পাত্র, দীপাধার

مَسْرَح ج مَسَارِح [سرح] [মাস্‌রাহ্] চারণক্ষেত্র, বিচরণক্ষেত্র, নাটকের মঞ্চ, নাট্যশালা

مَسْرَحِيّ [سرح] [মাস্‌রহী] নাটক-বিষয়ক, নাটকসম্বন্ধীয়, নাটকীয়, নাটকলেখক, নাট্যকার

مَسْرَحِيَّة ج مَسْرَحِيَّات [سرح] [মাস্‌রহিয়্যাহ্] নাটক, নাট্য, নাট্যাভিনয়

مَسْرَد ج مَسَارِد [سرد] [মাস্‌রদ] সূচি, তালিকা, বিষয়-সূচি

مِسْرَد ج مَسَارِد [سرد] [মিস্‌রদ] ছিদ্র করার যন্ত্র, তুরপুন, চালুনি

مُسَرَّد [سرد] [মুসার্‌রদ] সেলাইকৃত, ছিদ্রযুক্ত, ছিদ্রিত, বর্ম

مُسْرِع [سرع] [মুস্‌রি'] দ্রুত, ত্বরিত, দ্রুতগামী, ধাবমান, তাড়াহুড়াকারী, ত্বরাকারী

مُسْرِف [سرف] [মুস্‌রিফ] অপচয়কারী, অমিত-ব্যয়ী, অপব্যয়ী, বাড়াবাড়িকারী, সীমালঙ্ঘনকারী

مَسْرُود [سرد] [মাস্‌রূদ] সেলাইকৃত, ছিদ্রযুক্ত, তালিকাকৃত, বর্ণিত, উদ্ধৃত, উপস্থাপিত, বর্ম

مَسْرُور [سرر] [মাস্‌রূর] খুশী, আনন্দিত, প্রফুল্ল, সুখী

مَسْرُوق [سرق] [মাস্‌রূক] চুরি করা হয়েছে এমন, অপহৃত, চোরাই

مِسْطَار [سطر] [মিস্‌তার] নতুন মদ, উড়ন্ত ধূলি, (রাজমিস্ত্রির) কর্নিক

مُسَطَّح [سطح] [মুসাত্তাহ্] সমতল, সমান, শায়িত, সমতলক্ষেত্র

مُسَطَّر [سطر] [মুসাত্তর] লিখিত, সারিবদ্ধ, রুল-করা, রেখাযুক্ত

مِسْطَرَة ج مَسَاطِر [سطر] [মিস্‌তরাহ্] যা দিয়ে রেখা টানা হয়, রুলার (ruler), নমুনা, কার্য-প্রণালী, প্রক্রিয়া

مَسْطَرِين [মাস্‌তরীন] (রাজমিস্ত্রির) কর্নিক

مَسْطُور [سطر] [মাস্‌তূর] লাইনবদ্ধ, সারিবদ্ধ, লিপিবদ্ধ, লিখিত

مِسْعَار ج مَسَاعِير [سعر] [মিস্‌'আর] আগুন উস্কানোর লৌহ শলাকা

مِسْعَر ج مَسَاعِر [سعر] [মিস্‌'আর] আগুন উস্কা-নোর লৌহ শলাকা, অগ্নি-প্রজ্বালক, (তরল পদার্থের) উষ্ণতা-পরিমাপক যন্ত্র, শক্তিশালী, জলাতঙ্কগ্রস্ত, উন্মাদ (কুকুর)

مِسْعَط [سعط] [মিস্‌'আত] নস্যের ডিবা

مُسْعِف [سعف] [মুস্‌'ইফ] ত্রাণকারী, উদ্ধার-কারী, সাহায্যকারী, রক্ষাকারী, ত্রাণকর্মী

مَسْعُود [سعد] [মাস্‌'উদ] সুখী, সৌভাগ্যবান, সৌভাগ্যশালী

مَسْكَ الدَّفَاتِرِ [মাসাকাদ দাফাতির] হিসাব রাখা

مَسَّكَ (تَمْسِيكٌ) [مسك] [মাস্সাকা] দৃঢ়ভাবে ধারণ করা, আঁকড়ে ধরা, কস্তুরী দ্বারা সুবাসিত করা

مِسْك [মিস্ক] মেশ্ক, কস্তুরী, মৃগনাভি

مُسْك [মুস্ক] উপজীবিকা, খোরাক, পর্যাপ্ত বুদ্ধি

مُسُك [মুসুক] কৃপণ, কিপটে, ব্যয়কুণ্ঠ, বখিল

مُسْكَان ج مَسَاكِين [মুস্কান] বায়না, দাদন

مَسْكَبَة ج مَسَاكِب [سكب] [মাস্কাবাহ] ঢালার জায়গা, বীজতলা, (ফুলের) কেয়ারি

مَسْكَة ج مَسَكَات [মাস্কাহ] মুঠো, মুষ্টি, আয়ত্ত, দখল, নিয়ন্ত্রণ, হাতল

مِسْكَة ج مِسَك [মিস্কাহ] কস্তুরীর টুকরা, সামান্য, একটুখানি, অল্প পরিমাণ

مُسْكَة ج مُسَك [মুস্কাহ] বাঁট, হাতল, আয়ত্ত, দখল, কৃপণতা, কার্পণ্য, অর্থলিপ্সা, মুষ্টি, মুঠো

مُسَكَة ج مُسَك [মুসাকাহ] কৃপণ, ব্যয়কুণ্ঠ, লোভী, অর্থলিপ্সু

مُسَكَّر [سكر] [মুসাক্কার] চিনিমিশ্রিত, মিষ্ট করা হয়েছে এমন

مُسْكِر [سكر] [মুসকির] যা নেশার উদ্রেক করে, নেশাদায়ক, মাদক

مَسْكَن ج مَسَاكِن [سكن] [মাস্কান] বাসস্থান, আবাসস্থল, অবস্থানস্থল

مُسَكِّن [سكن] [মুসাক্কিন] শান্তকারী, উপশমকারী, প্রশমিতকারী, যন্ত্রণানাশক, আরামদায়ক

مَسْكَنَة [سكن] [মাস্কানাহ] নিঃস্বতা, দীনতা, দারিদ্র, বশ্যতা

مَسْكُوب [سكب] [মাস্কূব] ঢেলে দেওয়া হয়েছে এমন, প্রবাহিত, প্রবহমান, বর্ষিত (পানি)

مَسْكُوك [سكك] [মাস্কূক] *(টাকশালে)* তৈরীকৃত (মুদ্রা)

مَسْكُون ث مَسْكُونَة [سكن] [মাস্কূন] বসতি-পূর্ণ, অধিবাসীতে পরিপূর্ণ (ভূমি)

الْمَسْكُونَة [سكن] [আল-মাস্কূনাহ] পৃথিবী, বিশ্ব

مِسْكِير ج مَسَاكِير [سكر] [মিস্কীর] মাদকাসক্ত,

مَسْعُور ث مَسْعُورَة [سعر] [মাস্'উর] উন্মত্ত, ক্ষিপ্ত, বন্য, হিংস্র

مَسْعًى ج مَسَاعِي ، مَسَاعٍ [سعي] [মাস্'আ] চেষ্টা, প্রচেষ্টা, প্রয়াস, উদ্যোগ

مَسْغَبَة ج مَسَاغِب [سغب] [মাস্গাবাহ] ক্ষুধা, অনাহার, উপবাস, উপোস

مُسْفِر [سفر] [মুস্ফির] উজ্জ্বল, আলোকোজ্জ্বল, *হাস্যোজ্জ্বল, হর্ষোজ্জ্বল*

مَسْفَلَة ج مَسَافِل [سفل] [মাস্ফালাহ] নিম্নভূমি, শহরের নিচু স্থান

الْمَسْفَلَة [আল-মাস্ফালাহ] পবিত্র মক্কা নগরীতে হারাম শরীফের নিকটস্থ একটি এলাকার নাম

مَسْفَن ج مَسَافِن [سفن] [মাস্ফান] জাহাজ নির্মাণ বা মেরামতের স্থান, শিপইয়ার্ড, ডকইয়ার্ড

مَسْفُوح [سفح] [মাস্ফূহ] প্রবাহিত, প্রবহমান, *গড়ানো, ঝরানো* (রক্ত)

مَسْفُوع [سفع] [মাস্ফূ'] গাঢ় তামাটে (বর্ণের)

مَسْقَط [سقط] [মাস্কাত] মাসকাট (নগরী)ঃ ওমা-নের রাজধানী

مَسْقَاة ج مَسَاقِي ، مَسَاقٍ [سقي] [মাস্কাত] পান করানোর জায়গা

مَسْقَط ج مَسَاقِط [سقط] [মাস্কাত] পতিত হওয়ার জায়গা, পতনস্থল

مَسْقَط الرَّأْس [মাস্কাতুর রা'স] *জন্মস্থান, জন্ম-ভূমি*

مَسْقُوف [سقف] [মাস্কূফ] ছাদ দেওয়া হয়েছে বা ছাদ আছে এমন, ছাদযুক্ত

مَسْقًى [سقي] [মাস্কা] পান করানোর সময়

مَسْقِيّ [سقي] [মাস্কী] পানি বা সেচ দেওয়া হয়েছে এমন, পানিসিক্ত

مَسْك [মাস্ক] ধারণ, আকড়ে ধরণ, রক্ষণ

مَسْك ج مُسُك ، مُسُوك [মাস্ক] চামড়া, খাল, সদ্য ছাড়ানো চামড়া, ত্বক

مَسَكَ [ن] [ض] (مَسْك) بِ [মাসাকা] ধরে রাখা, আঁকড়ে ধরা, কবজা করা

مَسَكَ الحِسَابَات [মাসাকাল হিসাবাত] হিসাব রাখা

নেশাখোর, নেশাগ্রস্ত

[মিস্‌কীন] মিসকীন, مِسْكِين ج مَسَاكِين [سكن]
নিঃস্ব, অসহায়, দীন, বেচারা, সর্বহারা

[মিস্‌লাখ] সাপের খোলস مِسْلَاخ [سلخ]

[মিস্‌লাত] চাবির মুখ বা দাঁত مِسْلَاط [سلط]
(যে অংশ দিয়ে তালা খোলা হয়)

[মিসাল্লাহ্] বড় مِسَلَّة ج مِسَلَّات ، مَسَالّ [سلل]
সুঁই, সূক্ষ্মাগ্র স্তম্ভবিশেষ, obelisk

[মুসাল্লাহ্] অস্ত্রসজ্জিত, অস্ত্রধারী, مُسَلَّح [سلح]
সশস্ত্র

[মাস্‌লাহাহ্] অস্ত্রাগার, مَسْلَحَة ج مَسَالِح [سلح]
অস্ত্রভাণ্ডার, প্রহরাস্থল, সশস্ত্র লোকজন

[মাস্‌লাখ] জবাইখানা, مَسْلَخ ج مَسَالِخ [سلخ]
কসাইখানা

[মুসাল্‌সাল] ক্রমিক, ধারা- مُسَلْسَل [سلسل]
বাহিক, পরম্পরাযুক্ত

[মুসাল্‌সাল] ধারাবাহিক مُسَلْسَل ج مُسَلْسَلَات
গল্প, ধারাবাহিক অনুষ্ঠান

[মুসাল্‌সালাহ্] ধারাবাহিক مُسَلْسَلَة ج مُسَلْسَلَات
গল্প, ধারাবাহিক অনুষ্ঠান

[মুসাল্লাফ] ধার দেওয়া হয়েছে مُسَلَّف [سلف]
এমন, অগ্রিম প্রদত্ত

[মুসাল্লিফ] যে ধার দেয়, অগ্রিম مُسَلِّف [سلف]
প্রদানকারী

[মিস্‌লাফাহ্] (কৃষিজমি مِسْلَفَة ج مَسَالِف [سلف]
সমান করার) বিদে, মই

[মাস্‌লাক] পথ, রাস্তা, مَسْلَك ج مَسَالِك [سلك]
কর্মপন্থা, কর্মপদ্ধতি, আচরণ

[মুসাল্লাম] অনুমোদিত, হস্তান্তরিত, مُسَلَّم [سلم]
অর্পিত, স্বীকৃত, ত্রুটিমুক্ত, নিখুঁত

[মুস্‌লিম] মুসলমান, مُسْلِم ج مُسْلِمُون [سلم]
মুসলিম, আত্মসমর্পণকারী, নিবেদিত

[মুস্‌লিমাহ্] মুসলিম مُسْلِمَة ج مُسْلِمَات [سلم]
মহিলা, আত্মসমর্পণকারিণী

[মাস্‌লূব] লুণ্ঠিত, ছিনতাইকৃত, مَسْلُوب [سلب]
অপহৃত

[মাস্‌লূখ] ছোলা হয়েছে এমন, مَسْلُوخ [سلخ]
(ছাল, চামড়া), ছাল বা চামড়া ছাড়ানো হয়েছে
এমন

[মাস্‌লূক] সিদ্ধ করা হয়েছে مَسْلُوق [سلق]
এমন, সিদ্ধ

[মাস্‌লূক] লোক চলাচল করে مَسْلُوك [سلك]
এমন (রাস্তা)

[মাস্‌লূল] কোষমুক্ত (তরবারি), مَسْلُول [سلل]
যক্ষ্মায় আক্রান্ত

[মুসাল্লী] যে সান্ত্বনা দেয়, مُسَلِّي ، مُسَلٍّ [سلو]
সান্ত্বনাদায়ক, প্রবোধ দেয় এমন, ভুলিয়ে রাখে
এমন, (ঘোড়দৌড় প্রতিযোগিতায়) তৃতীয় ঘোড়া

[মিস্‌মার] পেরেক, مِسْمَار ج مَسَامِير [سمر]
কীলক, গোঁজ, পিন

[মিস্‌মা'] শ্রবণশক্তি مِسْمَاع ج مَسَامِيع [سمع]
পরিমাপের যন্ত্র, শ্রবণযন্ত্র

[মুসাম্মিদ] (জমি) উর্বর করে مُسَمِّد [سمد]
এমন (সার)

[মুসাম্মিদ] (জমিতে مُسَمِّد ج مُسَمِّدَات [سمد]
দেওয়ার) সার

[মুস্‌মার] তামাটে, তাম্রবর্ণ, পিঙ্গল- مُسْمَرّ [سمر]
বর্ণ

[মুসাম্মার] পেরেক দিয়ে আট- مُسَمَّر [سمر]
কানো হয়েছে এমন, তামাটে রং করা হয়েছে
এমন

[মাস্‌মা'] যে দূরত্ব পর্যন্ত শোনা مَسْمَع [سمع]
যায়, শ্রবণ-সীমা

[মিস্‌মা'] শ্রবণেন্দ্রিয়, مِسْمَع ج مَسَامِع [سمع]
কান, কর্ণ, শ্রবণযন্ত্র

[মিস্‌মা'আহ্] শ্রবণযন্ত্র, مِسْمَعَة ج مَسَامِع [سمع]
শ্রবণেন্দ্রিয়, কান, কর্ণ

[মুস্‌মা'] শোনানো হয়েছে এমন مُسْمَع [سمع]

[মুস্‌মি'] যে শোনায় مُسْمِع [سمع]

[মাস্‌মাকাহ্] মাছের مَسْمَكَة ج مَسَامِك [سمك]
দোকান, মাছ বিক্রয়কেন্দ্র

[মুসাম্মাম] বিষ মেশানো হয়েছে مُسَمَّم [سمم]
এমন, বিষমিশ্রিত, বিষযুক্ত, বিষাক্ত

[মুসাম্মান] চর্বিযুক্ত, মোটা مُسَمَّن [سمن]

[মাস্‌মূহ্] অনুমতি দেওয়া হয়েছে مَسْمُوح [سمح]

এমন, অনুমোদিত, বৈধ, আইনসম্মত

مَسْمُوع [سمع] [মাস্‌মূ'] শ্রুত, যা শোনা যায়, শ্রবণযোগ্য, জনশ্রুতি

مَسْمُوعِيَّة [سمع] [মাস্‌মূ'ইয়্যাহ] শ্রবণযোগ্যতা

مَسْمُوم [سمم] [মাস্‌মূম] বিষাক্ত, বিষযুক্ত, বিষ-মিশ্রিত, সাইমুম বয়ে যায় এমন (দিন)

مُسَمًّى مث مُسَمَّاة [سمي] [মুসাম্মা] নাম দেওয়া হয়েছে এমন, নামযুক্ত, নামীয়, অভিহিত, আখ্যায়িত, নির্দিষ্ট, নির্ধারিত

مِسَنّ ج مِسَنَّات ، مَسَانّ [سنن] [মিসান্] ধার বা শান দেওয়ার পাথর, শানপাথর

مُسِنّ [سنن] [মুসিন্] বয়স বেড়েছে এমন, বয়স্ক, প্রাপ্তবয়স্ক, বৃদ্ধ

مُسَنَّاة ج مُسَنَّوَات ، مُسَنَّيَات [سنو] [মুসান্নাত] বাঁধ, জাঙ্গাল

مَسْنَد ، مِسْنَد ج مَسَانِد [سند] [মাস্‌নাদ, মিস্‌নাদ] হেলান দেওয়ার জায়গা বা বস্তু, ঠেক, ঠেকনা, খুঁটি, গদি, বালিশ

مُسْنَد ج مَسَانِيد [سند] [মুস্‌নাদ] (অলঙ্কারশাস্ত্রে) বিধেয় বা ক্রিয়া; সনদযুক্ত (হাদীস), যে হাদীসগ্রন্থে প্রত্যেক সাহাবীর বর্ণিত হাদীসসমূহ স্বতন্ত্রভাবে সঙ্কলিত হয়েছে, ধারাবাহিক সনদ-যুক্ত হাদীস

مُسْنَد إِلَيْه [سند] [মুস্‌নাদ ইলাইহ্] (অলঙ্কার-শাস্ত্রে) উদ্দেশ্য বা কর্তা

مُسْنِد [سند] [মুস্‌নিদ] সনদসহ হাদীস বর্ণনাকারী

مُسَنَّد [سند] [মুসান্নাদ] ঠেক দিয়ে রাখা হয়েছে এমন, ঠেকযুক্ত, ভর দিয়ে রাখা হয়েছে এমন, ভর-দেওয়া

مُسَنَّم [سنم] [মুসান্নাম] কুঁজো, বাঁকা, খিলান-যুক্ত, অর্ধগোলাকার, উত্তল, উঁচু, আরোহণ করা হয় না এমন (উট)

مُسَنَّن [سنن] [মুসান্নান] দাঁতওয়ালা, খাঁজযুক্ত, খাঁজ-কাটা, ধারালো

مُسَنَّنَة ج مُسَنَّنَات [سنن] [মুসান্নানাহ্] দাঁত-ওয়ালা চাকা, cogwheel

مَسْنُود [سند] [মাস্‌নূদ] ঠেক দিয়ে রাখা হয়েছে এমন, ভর দিয়ে রাখা হয়েছে এমন, ঠেক-দেওয়া, ভর-দেওয়া

مَسْنُون [سنن] [মাস্‌নূন] সুন্নতসম্মত, রীতিসিদ্ধ, ধারালো, দুর্গন্ধযুক্ত (কাদামাটি)

مُسْهَب [سهب] [মুস্‌হাব] বিস্তারিত, দীর্ঘায়িত, বিশদ, লম্বা, দীর্ঘকায়

مُسْهِب [سهب] [মুস্‌হিব] (কথা) দীর্ঘায়িত করে এমন, বিশদভাবে বলে এমন

مُسْهِل [سهل] [মুস্‌হিল] রেচক, জোলাপ

مُسْهِم [سهم] [মুস্‌হিম] অংশীদার, শেয়ারের মালিক

مَسْهُول [سهل] [মাস্‌হূল] উদরাময়ে আক্রান্ত, পাতলা পায়খানা হয় এমন

مِسْوَاة ج مَسَاوِي ، مَسَاوٍ [سوي] [মিস্‌ওয়াত] সমতল করার যন্ত্র, লেভেল

مِسْوَاك ج مَسَاوِيك [سوك] [মিস্‌ওয়াক] দাঁতন, মেসওয়াক

مُسَوَّد [سود] [মুসাওওয়াদ] কালো করা হয়েছে এমন, কালো, কালচে, কৃষ্ণাভ, খসড়া করা হয়েছে এমন

مُسْوَدَّة ، مُسَوَّدَة [سود] [মুস্‌ওয়াদ্দাহ্, মুসাও-ওয়াদাহ্] খসড়া, মুসাবিদা, পাণ্ডুলিপি

مُسْوَدَّة الطَّبْع [মুস্‌ওয়াদ্দাতুত তব্'] প্রুফশিট (proof sheet), গ্যালিপ্রুফ (galley proof)

مُسَوَّر [سور] [মুসাওওয়ার] প্রাচীরঘেরা, দেয়াল-ঘেরা, বেড়া-দেওয়া

مُسَوَّغ [سوغ] [মুসাওওয়াগ] অনুমতি দেওয়া হয়েছে এমন, বৈধ, অনুমোদিত, স্বীকৃত

مُسَوِّغ ج مُسَوِّغَات [سوغ] [মুসাওবিগ] সঙ্গত কারণ

مُسَوِّف [سوف] [মুসাওবিফ] বিলম্বিত করে এমন, স্থগিত করে এমন, ধৈর্যশীল

مُسَوَّق [سوق] [মুসাওওয়াক] বাজারজাত

مُسَوِّق [سوق] [মুসাওবিক] বাজারজাতকারী

مُسَوَّم [سوم] [মুসাওওয়াম] চিহ্নিত, চিহ্নযুক্ত

مُسَوِّم [سوم] [মুসাওবিম] চিহ্নদাতা, চিহ্ন দ্বারা নির্দিষ্টকারী

مَسَّى (تَمْسِيَة) [مسي] [মাস্‌সা] (কারো) শুভ সন্ধ্যা কামনা করা, (কাউকে) "শুভ সন্ধ্যা" বলা

مُسِيْئ [سوء] [মুসী'] যে খারাপ কাজ করে, ক্ষতি-

কর, অনিষ্টকর, বিরক্তিকর, অপ্রীতিকর

[মাসীহ্] তেল মালিশ مَسِيح ج مُسَحَاء ، مَسْحَى করে দেওয়া হয়েছে এমন, মুছে দেওয়া হয়েছে এমন, যা মোছা হয়, ঘাম, সুন্দর, সুদর্শন, সুন্দর চেহারাবিশিষ্ট, রৌপ্যখণ্ড, বেশী সফর করে এমন

[আল-মাসীহ্] হযরত ঈসা (আ) الْمَسِيح

[মুসাইয়াহ্] তরল, জলীয়, ডোরা- مُسَيَّح [سيح] কাটা (কাপড়)

[মাসীহী] খ্রীষ্টান, খ্রীষ্টীয়, ঈসায়ী مَسِيحِيّ

[মাসীহিয়্যাহ্] খ্রীষ্টবাদ, খ্রীষ্টানধর্ম مَسِيحِيَّة

[মাসীখ] বিকৃত, কুৎসিত, স্বাদ- مَسِيخ [مسخ] বিহীন, বিস্বাদ, বোকা

[মাসীর] ভ্রমণ, সফর, যাত্রা, কুচ- مَسِير [سير] কাওয়াজ, প্যারেড, দূরত্ব

[মুসাইয়ার] চালিত, পরিচালিত, مُسَيَّر [سير] চালুকৃত, তাড়িত, চালান দেওয়া হয়েছে এমন, প্রেরিত, ছড়ানো হয়েছে এমন, ডোরাকাটা

[মুসাইয়ির] চালনাকারী, চালিয়ে مُسَيِّر [سير] নেয় এমন, চালক, তাড়িয়ে নেয় এমন, প্রেরক

[মাসীরাহ্] ভ্রমণ, সফর, যাত্রা, مَسِيرَة [سير] মিছিল, কুচকাওয়াজ, প্যারেড, ভ্রমণপথ, দূরত্ব

[মাসীস] স্পর্শ, ছোঁয়া, পরশ, مَسِيس [مسس] সম্পর্ক

[মুসাইতির] কর্তৃত্বকারী, নিয়ন্ত্রণ- مُسَيْطِر [سيطر] কারী, ক্ষমতাবান, দায়িত্ববান, তদারককারী

[মাসীক] কৃপণ, কিপটে, ব্যয়কুণ্ঠ, مَسِيك [مسك] ওয়াটারপ্রুফ

[মাসীল] স্রোত, পানির مَسِيل ج مَسَايِل [سيل] ধারা, নদী, স্রোতস্বিনী

[মুসাইয়াল] প্রবাহিত, গলানো مُسَيَّل [سيل] হয়েছে এমন, তরলীকৃত

[মুসীল] নিঃসারণকারী, নিঃসারক, مُسِيل [سيل] প্রবাহিতকারী, ঝরায় বা গড়িয়ে দেয় এমন, তরলকারী

[গায মুসীল লিদ-দুমূ'] অশ্রু- غَاز مُسِيل لِلدُّمُوع নিঃসারক গ্যাস, কাঁদানে গ্যাস, কাঁদুনে গ্যাস

[মুসাইয়িল] প্রবাহিতকারী, ঝরায় مُسَيِّل [سيل] বা গড়িয়ে দেয় এমন, তরলকারী

[মাশ্শ্] (হাড়) চোষা, ওলানে مَشّ [ن] (مَشّ) কিছু দুধ রেখে (উষ্ট্রী) দোহন করা, একটু একটু করে নেওয়া, (হাত) মোছা, চুবানো, ভিজানো, বিরোধ করা

[মিশ্] ছানার পানি مِشّ

[মাশ্শা'] অধিক হাঁটে এমন, হাঁটায় مَشَّاء [مشي] পারদর্শী, নিন্দুক, চোগলখোর

[মুশাবিহ্] অনুরূপ, একরকম, সদৃশ مُشَابِه [شبه]

[মুশাবাহাহ্] মিল, সাদৃশ্য مُشَابَهَة [شبه]

[মুশাত] পদাতিক বাহিনী مُشَاة (مَاشِي) [مشي]

[মুশাতামাহ্] গালাগালি, তিরস্কার مُشَاتَمَة [شتم]

[মুশাজারাহ্] ঝগড়া, বিবাদ, مُشَاجَرَة [شجر] বিতর্ক

[মুশাজানাহ্] ঘৃণা, مُشَاجَنَة ج مُشَاجَنَات [شجن] বিদ্বেষ, শত্রুতা, বিতর্ক, ঝগড়া

[মুশাদ্দাহ্] কথা-কাটাকাটি, বিতর্ক, مُشَادَّة [شدد] বিতণ্ডা, ঝগড়া, বিবাদ

[মাশার] মৌচাক, মধুকোষ مَشَار ج مَشَاوِر [شور]

[মুশারুন ইলাইহ্] যার দিকে مُشَارٌ إِلَيْه [شور] ইঙ্গিত করা হয়েছে, নির্দেশিত, উল্লিখিত

[মাশারিফ] উপকণ্ঠ, مَشَارِف (مَشْرَف) [شرف] আশপাশের এলাকা, উচ্চভূমি

[মুশারিক] অংশগ্রহণকারী, অংশী- مُشَارِك [شرك] দার, সহযোগিতাকারী, সহযোগী

[মুশারিকাহ্] অংশগ্রহণ, অংশী- مُشَارَكَة [شرك] দারিত্ব, সহযোগিতা

[মাশ্শাত] চিরুনি প্রস্তুত বা বিক্রয়- مَشَّاط [مشط] কারী, চিরুনিওয়ালা

[মুশাতাহ্] আঁচড়ানোর সময় ঝরে مُشَاطَة [مشط] পড়া চুল

[মুশাতারাহ্] অংশগ্রহণ, অংশী- مُشَاطَرَة [شطر] দারিত্ব, ভাগাভাগি

[মুশা'] ছড়ানো, সুপ্রচলিত, যৌথ, مُشَاع [شيع] যুক্ত, সাধারণ, গণ-

[মাশা'ইর] অনুভূতিসমূহ, مَشَاعِر (مَشْعَر) [شعر] রীতিনীতি, অনুষ্ঠানাদি

مُشَاعَرَة [شعر] [মুশা'আরাহ] কাব্য-প্রতিযোগিতা

مُشَاغِب [شغب] [মুশাগিব] দাঙ্গাকারী, অশান্তি সৃষ্টিকারী, দাঙ্গাবাজ

مُشَاغَبَة [شغب] [মুশাগাবাহ] দাঙ্গা, দাঙ্গাবাজি, অশান্তি সৃষ্টি, গোলযোগ সৃষ্টি

مُشَافَهَةً [شفه] [মুশাফাহাতান] মৌখিকভাবে, মুখে মুখে

مُشَاق ، مُشَاقَة ج مِشَق [মুশাক, মুশাক্বাহ] শন পাট তুলা পশম ইত্যাদির আবর্জনা

مُشَاكِس [شكس] [মুশাকিস] কলহপ্রিয়, বিবাদ-প্রিয়, ঝগড়াটে

مُشَاكَسَة [شكس] [মুশাকাসাহ] কলহ, বিবাদ, ঝগড়া, বিতর্ক, কলহপ্রিয়তা

مُشَاكَلَة [شكل] [মুশাকালাহ] সাদৃশ্য, মিল

مُشَاهَد [شهد] [মুশাহাদ] দেখা হয়েছে এমন, দৃষ্ট, লক্ষিত, প্রকাশিত, স্পষ্ট

مُشَاهِد [شهد] [মুশাহিদ] দর্শক, প্রত্যক্ষকারী, প্রত্যক্ষদর্শী, পর্যবেক্ষক

مُشَاهَدَة [شهد] [মুশাহাদাহ] প্রত্যক্ষকরণ, দর্শন, পর্যবেক্ষণ, উপস্থিতি

مَشَاهِير (مَشْهُور) [شهر] [মাশাহীর] বিখ্যাত ব্যক্তিবর্গ, প্রখ্যাত ব্যক্তিত্বগণ

مُشَاوَرَة ج مُشَاوَرَات [شور] [মুশাওয়ারাহ] পরা-মর্শ, মন্ত্রণা, আলোচনা

مُشَايَة ج مُشَايَات [مشي] [মুশায়াহ] চটিজুতা, হাঁটার পথ, বারান্দা, ফুটপাথ, হাঁটার যন্ত্র

مُشَايِع [شيع] [মুশায়ি'] পক্ষীয়, পক্ষভুক্ত, পৃষ্ঠ-পোষক, সমর্থক, পক্ষপাতী

مَشَايِن [شين] [মাশায়িন] দোষসমূহ, ত্রুটিসমূহ

مُشَايَعَة [شيع] [মুশায়া'আহ] পক্ষাবলম্বন, পৃষ্ঠ-পোষকতা, সমর্থন, পক্ষপাতিত্ব

مَشْأَمَة [شئم] [মাশ্আমাহ] বাম, বাঁ, মন্দ, অশুভ

مَشْؤُوم ج مَشَائِيم [شئم] [মাশ্উম] অশুভ, মন্দ, দুর্ভাগ্যবান

مُشْبَع ، مُشَبَّع [شبع] [মুশ্বা', মুশাব্বা'] তৃপ্ত, পরিতৃপ্ত, পূর্ণ, পরিপূর্ণ, ভরতি, নিবারিত

مُشْبِع [شبع] [মুশ্বি'] পরিতৃপ্তকারী, তৃপ্তিকর, তৃপ্তিদায়ক, নিবারক

مِشْبَك ج مَشَابِك [شبك] [মিশ্বাক] হুক, কীলক, আঁচড়া, ক্লিপ

مُشَبَّك [شبك] [মুশাব্বাক] বুননকৃত, বিজড়িত, জটিল, জিলাপি (প্যাঁচবিশিষ্ট মিঠাইবিশেষ)

مُشَبَّه [شبه] [মুশাব্বাহ] উপমেয় (অল)

مُشَبَّه بِهِ [شبه] [মুশাব্বাহ বিহী] উপমান (অল)

مَشْبُوه [شبه] [মাশ্বূহ] সন্দেহপূর্ণ, সন্দেহজনক, দ্ব্যর্থবাচক

مُشْتَاع [شيع] [মুশ্তা'] অংশীদার, শরীক

مُشْتَاق [شوق] [মুশ্তাক] আগ্রহী, আগ্রহান্বিত, উৎসাহী, উৎসুক

مُشْتَبِك [شبك] [মুশ্তাবিক] বিজড়িত, জটিল, জড়িত, সংঘাতময়

مُشْتَبَه [شبه] [মুশ্তাবাহ] সন্দেহপূর্ণ, সন্দেহ-জনক, দ্ব্যর্থবাচক

مُشْتَبِه [شبه] [মুশ্তাবিহ] একই রকম, অনুরূপ, সাদৃশ্যপূর্ণ

مُشَتَّت [شتت] [মুশাত্তাত] বিচ্ছিন্ন, ছিন্নভিন্ন, বিক্ষিপ্ত, ছড়ানো-ছিটানো

مُشَتِّت [شتت] [মুশাত্তিত] বিক্ষিপ্তকারী, ছড়িয়ে-ছিটিয়ে রাখে এমন, ছিন্নভিন্নকারী

مُشْتَدّ [شدد] [মুশ্তাদ] তীব্র, কঠিন, শক্তিশালী, শক্ত, মজবুত

مُشْتَرَط [شرط] [মুশ্তারাত] শর্ত লাগানো হয়েছে এমন, শর্তযুক্ত, শর্তাধীন

مُشْتَرَع [شرع] [মুশ্তারা'] আইনরূপে প্রণীত, বিধানরূপে প্রবর্তিত

مُشْتَرِع [شرع] [মুশ্তারি'] আইনপ্রণেতা, বিধান-প্রণেতা, বিধায়ক

مُشْتَرَك [شرك] [মুশ্তারাক] যৌথ, যুক্ত, সম্মি-লিত, সাধারণ

مُشْتَرِك [شرك] [মুশ্তারিক] অংশগ্রহণকারী, অংশীদার, শরীক

مُشْتَرَى مث مُشْتَرَاة [شري] [মুশ্তারা] ক্রয়কৃত, ক্রীত, ক্রয়

مُشْتَرِي ، مُشْتَرٍ ج مُشْتَرُون [شري] [মুশ্‌তারী] ক্রয়কারী, ক্রেতা, খরিদ্দার

اَلْمُشْتَرِي [شري] [আল-মুশ্‌তারী] বৃহস্পতি (গ্রহ)

مُشْتَرَيَات (مُشْتَرَى) [شري] [মুশ্‌তারয়াত] ক্রয়-কৃত জিনিসপত্র, ক্রয়সামগ্রী

مُشْتَعِل [شعل] [মুশ্‌তা'ইল] জ্বলন্ত, শিখায়িত, উত্তেজিত, দাহযুক্ত

مُشْتَغِل [شغل] [মুশ্‌তাগিল] ব্যস্ত, নিযুক্ত, চালু

مُشْتَقّ [شقق] [মুশ্‌তাক্] গঠিত, নির্গত, উৎপন্ন, ব্যুৎপন্ন

مُشْتَقَّات [شقق] [মুশ্‌তাক্কাত] ব্যুৎপন্ন শব্দাবলী

مُشْتَكِي ، مُشْتَكٍ [شكو] [মুশ্‌তাকী] অভিযোগ-কারী, অভিযোক্তা, কষ্ট ব্যক্তকারী, অনুযোগকারী

مَشْتَل ج مَشَاتِل [شتل] [মাশ্‌তাল] চারাগাছের বাগান, নার্সারি, বীজতলা

مُشْتَمَل [شمل] [মুশ্‌তামাল] অন্তর্ভুক্ত, শামিল

مُشْتَمَلَات [شمل] [মুশ্‌তামালাত] অন্তর্ভুক্ত বিষয়-সমূহ

مُشْتَمِل [شمل] [মুশ্‌তামিল] অন্তর্ভুক্তকারী, শামিল-কারী, ধারণকারী, ব্যাপী

مُشْتَهِر [شهر] [মুশ্‌তাহির] বিখ্যাত, প্রখ্যাত, প্রসিদ্ধ

مُشْتَهَى [شهو] [মুশ্‌তাহা] কাম্য, কাংক্ষিত

مُشْتَهِي، مُشْتَهٍ [شهو] [মুশ্‌তাহী] পেতে আগ্রহী, ইচ্ছুক, কামনাকারী, আকাংক্ষী

مَشْتًى ج مَشَاتِي، مَشَاتٍ [شتو] [মাশ্‌তা] শীত-কাল কাটানোর স্থান, শীতকালীন অবকাশ-কেন্দ্র, শীতকালীন নিবাস, শীতনিবাস

مَشْج ، مَشَج ، مِشْج ج أَمْشَاج [মাশ্‌জ, মাশাজ, মিশ্‌জ] মিশ্র, মিশ্রিত, বিজড়িত

مَشْجَاة [شجو] [মাশ্‌জাত] আবেগ ও উত্তেজনা-পূর্ণ নাটক

مِشْجَب ج مَشَاجِب [شجب] [মিশ্‌জাব] (কাপড় ঝুলিয়ে রাখার) তাক, আলনা, র‍্যাক, স্ট্যান্ড, হুক

مُشْجِر [شجر] [মুশ্‌জির] অধিক গাছপালাসম্পন্ন, তৃণবহুল, গাছপালায় পরিপূর্ণ, বৃক্ষপূর্ণ (স্থান)

مُشَجَّر [شجر] [মুশাজ্জার] গাছপালায় পরিপূর্ণ, বৃক্ষপূর্ণ, অরণ্যে পরিণত, বনায়নকৃত, গাছ দিয়ে সজ্জিত

مُشَجِّر [شجر] [মুশাজ্জির] অরণ্যে পরিণতকারী, বনপাল, বনরক্ষক

مُشَجِّع [شجع] [মুশাজ্জি'] উৎসাহ দানকারী, প্রেরণা দানকারী, সমর্থক, পৃষ্ঠপোষক

مَشْجُوب [شجب] [মাশ্‌জুব] কষ্ট দেওয়া হয়েছে এমন, নিন্দিত, তিরস্কৃত, সমালোচিত

مُشْجِي ، مُشْجٍ [شجو] [মুশ্‌জী] বেদনাদায়ক, কষ্টদায়ক, দুঃখজনক, হৃদয়বিদারক

مَشَحَ [ف] (مَشْح) [মাশাহ্] তেল লাগানো, মলম লাগানো

مَشْحَة [মাশ্‌হাহ্] তেল লেপন

مِشْحَذ ، مِشْحَذَة ج مَشَاحِذ [شحذ] [মিশ্‌হায, মিশ্‌হাযাহ্] শানপাথর, শিল, পাটা

مُشَحَّم [شحم] [মুশাহ্‌হাম] তৈলাক্ত, পিচ্ছিল, চর্বি তেল গ্রীজ ইত্যাদি দিয়ে পিচ্ছিল করা হয়েছে এমন, মসৃণ (যন্ত্রপাতি)

مُشَحِّم [شحم] [মুশাহ্‌হিম] যে ব্যক্তি যন্ত্রপাতিতে তেল ইত্যাদি দেয়, তৈলাক্তকারী, পিচ্ছিলকারী, মসৃণকারী

مِشْحَمَة ج مَشَاحِم [شحم] [মিশ্‌হামাহ্] চর্বির বাক্স, grease box

مَشْحُوذ [شحذ] [মাশ্‌হূয] ধার দেওয়া হয়েছে এমন, ধারালো

مَشْحُون [شحن] [মাশ্‌হূন] বোঝাইকৃত, ভর্তি, ভরা, পণ্য বোঝাই করে ছেড়ে দেওয়া হয়েছে এমন (জাহাজ)

مُشَدَّد [شدد] [মুশাদ্দাদ] জোর দেওয়া হয়েছে এমন, প্রচণ্ড, কঠিন, কঠোর, জোরালো, তাশদীদ-যুক্ত (হরফ)

مُشَدِّد [شدد] [মুশাদ্দিদ] যে জোর দেয়, কঠোর, কড়া, কঠোরতাকারী

مَشْدُود [شدد] [মাশ্‌দূদ] শক্ত করে বাঁধা হয়েছে এমন, শক্ত, সুদৃঢ়, মজবুত, টানা হয়েছে এমন

مَشْدُوه [شده] [মাশ্‌দূহ্] বিস্মিত, হতবাক, হত-বুদ্ধি, কিংকর্তব্যবিমূঢ়

مُشَذَّب [شذب] [মুশায্যাব] যা কাটা বা ছাঁটা হয়েছে, কাট-ছাঁটকৃত, পরিমার্জিত

مَشَرَ [ن] (مَشْر) [মাশারা] প্রকাশ করা, দেওয়া

مَشِرَ [س] (مَشَر) [মাশিরা] দম্ভ করা, দাম্ভিক হওয়া, (গাছে) পাতা বের হওয়া

مَشَّرَ (تَمْشِير) [مشر] [মাশ্শারা] (গাছে) পাতা বের হওয়া, বিভক্ত করা, বিচ্ছিন্ন করা, কাপড় পরানো

مَشْرَب [شرب] [মাশ্রব] পান, পানকরণ, রুচি, ঝোঁক, পানীয়

مَشْرَب ج مَشَارِب [شرب] [মাশ্রব] পান করার জায়গা, পানশালা, ঘাট, ঝরনা

مَشْرَبَة ، مَشْرُبَة ج مَشَارِب [شرب] [মাশ্রবাহ্, মাশ্রুবাহ্] পান করার জায়গা, পানশালা

مِشْرَبَة ج مَشَارِب [شرب] [মিশ্রবাহ্] পান করার পাত্র, পানপাত্র

مَشْرَبِيَّة [شرب] [মাশ্রবিয়্যাহ্] একপ্রকার জানালা, oriel, একপ্রকার পানপাত্র, ফুলদানি

مَشْرَة [মাশ্রাহ্] (গাছের) কচি পাতা, কচি ডাল, অংকুর, অংকুরিত উদ্ভিদ, কাপড়, পরিধেয়

مُشَرَّح [شرح] [মুশার্রহ্] বিশ্লেষিত, ফালি ফালি করে কর্তিত, ব্যবচ্ছেদকৃত, ময়নাতদন্তকৃত

مُشَرِّح [شرح] [মুশার্রিহ্] বিশ্লেষণকারী, যে ফালি ফালি করে কাটে, ব্যবচ্ছেদকারী, ময়না-তদন্তকারী

مَشْرَحَة [شرح] [মাশ্রহাহ্] ব্যবচ্ছেদকক্ষ, মর্গ, ময়নাতদন্তের ঘর

مُشَرَّد [شرد] [মুশার্রদ] ঘরবাড়ি থেকে বিতাড়িত, বাস্তুচ্যুত, গৃহহীন, শরণার্থী

مُشَرْشَر [شرشر] [মুশার্শার] খাঁজযুক্ত, খাঁজকাটা, দাঁতওয়ালা

مَشْرَط [شرط] [মাশ্রত] কার্যক্রম, প্রোগ্রাম

مِشْرَط ج مَشَارِط [شرط] [মিশরত] ধারালো ছোট ছুরি, শল্যছুরিকা

مُشَرَّط [شرط] [মুশার্রত] খণ্ডখণ্ডকৃত, ফালি ফালি করে কর্তিত, ছেদনকৃত, আঁচড় কাটা হয়েছে এমন

مِشْرَطَة ج مَشَارِط [شرط] [মিশরতাহ্] ধারালো ছোট ছুরি, শল্যছুরিকা

مَشْرَع ج مَشَارِع [شرع] [মাশ্রা'] পান করার জায়গা, ঘাট, ঝরনা

مُشَرَّع [شرع] [মুশার্রা'] বিধানরূপে প্রবর্তিত, আইনরূপে প্রণীত, আইনানুগকৃত, উঁচু (ঘর)

مُشَرِّع [شرع] [মুশার্রি'] আইনানুগকারী, আইন প্রণয়নকারী, বিধায়ক

مَشْرَعَة ج مَشَارِع [شرع] [মাশ্র'আহ্] পান করার জায়গা, ঘাট, ঝরনা

مَشْرَف ج مَشَارِف [شرف] [মাশ্রফ] উচ্চ স্থান, উচ্চভূমি, পর্যবেক্ষণের জায়গা

مُشْرِف [شرف] [মুশ্রিফ] তত্ত্বাবধায়ক, পৃষ্ঠ-পোষক, পর্যবেক্ষক, পরিচালক, উঁচু (স্থান)

مُشَرَّف [شرف] [মুশার্রফ] সম্মানিত, মর্যাদা-বান, গৌরবময়

مُشَرِّف [شرف] [মুশার্রিফ] সম্মানকারী, মর্যাদা দানকারী

مَشْرَفِيّ [شرف] [মাশ্রফী] 'মাশারিফ' (مَشَارِف) অঞ্চলের সাথে সম্পৃক্ত, 'মাশারিফ' অঞ্চলের

مَشْرِق ج مَشَارِق [شرق] [মাশ্রিক] পূর্ব, প্রাচ্য, উদয়স্থল, উদয়াচল

مُشْرِق [شرق] [মুশ্রিক] উজ্জ্বল, উদ্ভাসিত, প্রদীপ্ত

مُشْرِك [شرك] [মুশ্রিক] শরীককারী, অংশীদার সাব্যস্তকারী, আল্লাহ্র সাথে শরীককারী, মুশরিক

مَشْرُوب [شرب] [মাশ্রূব] যা পান করা হয়েছে, পান করার যোগ্য, পানযোগ্য, পানীয়

مَشْرُوب ج مَشْرُوبَات [شرب] [মাশ্রূব] পান করার বস্তু, শরবত

مَشْرُوط [شرط] [মাশ্রূত] শর্তযুক্ত, শর্তাধীন, ফালিফালি করে কর্তিত, ছেদনকৃত

مَشْرُوع [شرع] [মাশ্রূ'] শরীয়তসম্মত, আইন-সম্মত, আইনানুগ, বৈধ

مَشْرُوع ج مَشَارِيع [شرع] [মাশ্রূ'] প্রকল্প, পরিকল্পনাধীন কাজ

مَشْرُوع قَانُون [মাশ্রূ' ক্বানূন] আইনের খসড়া, খসড়া আইন, বিল

مَشْرُوع قَرَار [মাশ্রূ' ক্বারার] প্রস্তাবের খসড়া,

খসড়া প্রস্তাব

**مَشْرُوعِيَّة** [شرع] **[মাশ্রূ'ইয়্যাহ্]** আইনানুগতা, বৈধতা

**مَشَطَ**[ن] [ض] (مَشْط) **[মাশাতা]** চিরুনি করা, আঁচড়ানো, চিরুনি দ্বারা আঁচড়ানো, বিন্যস্ত করা

**مَشَّطَ** (تَمْشِيط) [مشط] **[মাশ্শাতা]** আঁচড়ানো, চিরুনি দ্বারা আঁচড়ানো, চিরুনি করা, বিন্যস্ত করা

**مُشْط ، مِشْط** ج **أَمْشَاط ، مِشَاط** **[মুশ্ত]** চিরুনি, আঁচড়া

**مُشْط الرِّجْل** **[মুশ্তুর রিজ্ল]** পায়ের গোড়ালি ও আঙ্গুলের মধ্যবর্তী অংশ, পায়ের এই অংশের অস্থিসমূহ, পদকূর্চাস্থি, পায়ের পাতার নিচের অংশ, instep

**مُشْط الْقَدَم** **[মুশ্তুল ক্বাদাম]** পায়ের গোড়ালি ও আঙ্গুলের মধ্যবর্তী অংশ, পায়ের এই অংশের অস্থিসমূহ, পদকূর্চাস্থি, পায়ের পাতার নিচের অংশ, instep

**مُشْط الْيَد** **[মুশ্তুল ইয়াদ]** হাতের কব্জি ও আঙ্গুলের মধ্যবর্তী অংশ, হাতের কব্জি ও আঙ্গুলের মধ্যবর্তী অংশের অস্থিসমূহ, করকূর্চাস্থি

**مُشَطَّب** [شطب] **[মুশাত্তব]** খণ্ডখণ্ডকৃত, ফালি ফালি করে কর্তিত, ছেদনকৃত, আঁচড় কাটা হয়েছে এমন, লম্বা লম্বা দাগযুক্ত, ডোরাযুক্ত

**مَشْطُوب** [شطب] **[মাশ্তূব]** খণ্ডখণ্ডকৃত, ফালি ফালি করে কর্তিত, ছেদনকৃত, আঁচড় কাটা হয়েছে এমন, লম্বা লম্বা দাগযুক্ত, ডোরাযুক্ত, মুছে ফেলা হয়েছে এমন

**مَشْطُور** [شطر] **[মাশ্তূর]** দ্বিখণ্ডিত, দ্বিধাবিভক্ত, অর্ধেককৃত

**مَشَعَ**[ف] (مَشْع) **[মাশা'আ]** উপার্জন করা, কেড়ে নেওয়া, (বকরী) দোহন করা, (তুলার) জট ছাড়ানো, প্রহার করা

**مَشَّعَ** (تَمْشِيع) [مشع] **[মাশ্শা'আ]** সবটুকু খেয়ে ফেলা, পরিষ্কার করে ফেলা, মুছে ফেলা

**مُشِعّ** [شعع] **[মুশি']** উজ্জ্বল, ভাস্বর, জ্যোতির্ময়, প্রভাময়, উদ্ভাসিত, বিকিরণকারী, তেজস্ক্রিয়

**مُشِعّ** ج **مُشِعَّات** [شعع] **[মুশি']** তেজস্ক্রিয় বস্তু

**مِشْعَاع** [شعع] **[মিশ্'আ']** বিকিরণযন্ত্র, রেডিয়েটর (radiator)

**مِشْعَال** ج **مَشَاعِيل** [شعل] **[মিশ্'আল]** ছাঁকনি

**مَشْعَب** ج **مَشَاعِب** [شعب] **[মাশ্'আব]** রাস্তা, পথ

**مِشْعَب** ج **مَشَاعِب** [شعب] **[মিশ্'আব]** ছিদ্র করার যন্ত্র, তুরপুন

**مُشَعَّب** [شعب] **[মুশা''আব]** ডালপালাবিশিষ্ট, শাখাবিশিষ্ট, বিভিন্ন শাখায় বিভক্ত

**مُشِعَّة** ج **مُشِعَّات** [شعع] **[মুশি''আহ্]** বিকিরণ-যন্ত্র, রেডিয়েটর (radiator)

**مَشْعَر** [شعر] **[মাশ্'আর]** অনুভূতি, অনুভব, উপলব্ধি, চেতনা

**مَشْعَر** ج **مَشَاعِر** [شعر] **[মাশ্'আর]** নিদর্শন, হজ্জের পবিত্র স্থান

**الْمَشْعَر الْحَرَام** **[আল-মাশ্'আরুল হারাম]** পবিত্র নিদর্শন, মুযদালিফাঃ আরাফাত ও মিনার মধ্যবর্তী হজ্জের পবিত্র স্থান

**مُشَعْشَع** [شعشع] **[মুশা'শা']** তরলীকৃত, পানি-মিশ্রিত, পাতলা, হালকা

**مُشَعْشِع** [شعشع] **[মুশা'শি']** তরলকারী, পাতলা বা হালকা করে এমন

**مَشْعَل** ج **مَشَاعِل** [شعل] **[মাশ্'আল]** মশাল, প্রদীপ

**مِشْعَل** ج **مَشَاعِل** [شعل] **[মিশ্'আল]** ছাঁকনি

**مَشْعَلَة** ج **مَشَاعِل** [شعل] **[মাশ্'আলাহ্]** মশাল, প্রদীপ

**مُشَعْوِذ** [شعذ] **[মুশা'বিয]** ভেলকিবাজ, যাদুকর, হাতসাফাইকারী

**مَشْغَل** ج **مَشَاغِل** [شغل] **[মাশ্গাল]** কর্মশালা, ওয়ার্কশপ, কারখানা

**مَشْغَلَة** ج **مَشَاغِل** [شغل] **[মাশ্গালাহ্]** কাজ, কর্ম, পেশা, ব্যস্ততা

**مَشْغُوف** [شغف] **[মাশ্গূফ]** আসক্ত, অনুরক্ত, আকৃষ্ট, মুগ্ধ, আগ্রহী

**مَشْغُول** [شغل] **[মাশ্গূল]** ব্যস্ত, নিয়োজিত, লিপ্ত, কর্মব্যস্ত

**مِشْفَر** ج **مَشَافِر** [شفر] **[মিশ্ফার]** উটের ঠোঁট, চোয়াল, পশুর প্রলম্বিত নাক, তুণ্ড

**مُشَفَّع** [شفع] **[মুশাফ্ফা']** যার সুপারিশ কবুল

করা হয়

مُشْفِق [شفق] [মুশ্‌ফিক] স্নেহশীল, দয়ালু, সদয়, ভীত, শঙ্কিত

مَشْفُوع [شفع] بِـ [মাশ্‌ফূ' বি] সঙ্গী করা হয়েছে এমন, সঙ্গে দেওয়া হয়েছে এমন, সংযুক্ত, সংযোজিত

مَشْفُوع لِ ، فِي [মাশ্‌ফূ' লি, ফী] যার জন্য সুপারিশ করা হয়েছে, সুপারিশকৃত

مَشْفًى ج مَشَافِي ، مَشَافٍ [شفي] [মাশ্‌ফা] আরোগ্যালয়, আরোগ্য নিকেতন, হাসপাতাল

مُشْفٍي ، مُشْفٍ [شفي] [মুশ্‌ফী] মরণোন্মুখ, মুমূর্ষু

مَشْق ج أَمْشَاق [মাশ্‌ক] নমুনা, আদর্শ, উদাহরণ, রীতি, গিরিমাটি, লাল গিরিমাটি

مَشَقَ [ن] (مَشْق) [মাশাক্বা] টেনে বড় করা, প্রসারিত করা, টুকরা টুকরা করা, আঁচড়ানো

مِشْق [মিশ্‌ক] কৃশকায়, হালকা-পাতলা, ছিপছিপে

مَشْقًا ج مَشَاقِيُ [شقأ] [মাশ্‌কা'] মাথার সিঁথি

مَشَقَّة ج مَشَقَّات ، مَشَاقّ [شقق] [মাশাক্কাহ্‌] কষ্ট, ক্লেশ, জটিলতা

مِشَقَّة [شقق] [মিশাক্কাহ্‌] (পশম, তুলা ইত্যাদির) ছাঁট

مُشَقَّق ، مَشْقُوق [شقق] [মুশাক্কাক, মাশ্‌কূক] বিদীর্ণ, ফাটলযুক্ত, চিড়যুক্ত, ভগ্ন, ছিন্ন

مِشْكَاة ج مَشَاكِي ، مِشْكَاوَات [شكو] [মিশ্‌কাত] দীপাধার, প্রদীপ, প্রদীপ রাখার ফাঁক

مِشْكَاك [شكك] [মিশ্‌কাক] গুচ্ছ, বাণ্ডিল, মালা

مُشَكِّك [شكك] [মুশাক্কিক] সন্দেহ সৃষ্টিকারী, সংশয় সৃষ্টিকারী, সন্দেহে ফেলে এমন

مُشْكِل [شكل] [মুশ্‌কিল] কঠিন, জটিল, সন্দেহপূর্ণ, মুশকিল

مُشَكَّل [شكل] [মুশাক্কাল] আকার দেওয়া হয়েছে এমন, আকৃতিপ্রাপ্ত, গঠিত, প্রতিষ্ঠিত, বিভিন্ন, বিবিধ, স্বরচিহ্নযুক্ত, হরকতযুক্ত (বর্ণ)

مُشَكِّل [شكل] [মুশাক্কিল] আকৃতি প্রদানকারী, রূপদানকারী, গঠনকারী, স্রষ্টা, নির্মাতা, প্রতিষ্ঠাতা

مُشْكِلَة ج مَشَاكِل ، مُشْكِلَات [شكل] [মুশ্‌কিলাহ্‌] সমস্যা, জটিলতা, অসুবিধা, কঠিন বিষয়, মুশকিল

مَشْكُوّ (مِنْهُ) [شكو] [মাশ্‌কূ] অভিযোগ করা হয়েছে এমন, অভিযুক্ত

مَشْكُور [شكر] [মাশ্‌কূর] ধন্যবাদপ্রাপ্ত, ধন্যবাদ পাওয়ার যোগ্য, প্রশংসনীয়, প্রশংসাযোগ্য

مَشْكُوك فِيهِ [شكك] [মাশ্‌কূক ফীহ্‌] সন্দেহপূর্ণ, অনিশ্চিত

مَشْكُول [شكل] [মাশ্‌কূল] পা বেঁধে রাখা হয়েছে এমন, বেড়ি-পরানো, স্বরচিহ্নযুক্ত, হরকতযুক্ত (বর্ণ)

مَشْل [মাশাল] অল্প দুধ, সামান্য পরিমাণ দুধ

مَشَلَ [ن] (مَشْل) [মাশালা] (দুধ) অল্প দোহন করা, (তরবারি) বের করা, কোষমুক্ত করা

مَشَلَ [ن] (مُشُول) [মাশালা] (মাংস) কমে যাওয়া

مَشْلُول [شلل] [মাশ্‌লূল] পক্ষাঘাতগ্রস্ত, অবশ

مُشْمَئِزّ [شمئز] [মুশ্‌মা'ইয্‌] বিরক্ত, ঘৃণাকারী, সংকুচিত, অসুস্থ

مُشْمِس [شمس] [মুশ্‌মিস] রৌদ্রোজ্জ্বল, রৌদ্রকরোজ্জ্বল, রৌদ্রালোকিত, রোদ-ঝলমল

مِشْمِش [মিশ্‌মিশ] খোবানি, apricot (ফল)

مُشَمَّع [شمع] [মুশাম্মা'] মোম-লাগানো, মোমের প্রলেপযুক্ত, ওয়াটারপ্রুফ

مُشَمَّع ج مُشَمَّعَات [شمع] [মুশাম্মা'] ওয়াটারপ্রুফ দ্রব্য, অয়েলক্লথ, বর্ষাতি, রেইনকোট

مَشْمَعَة ج مَشَامِع [شمع] [মাশ্‌মা'আহ্‌] মোম বা মোমবাতি তৈরী বা বিক্রয়ের স্থান

مِشْمَل [شمل] [মিশ্‌মাল] খাটো তরবারি, ছোরা, চওড়া বস্ত্র, ঢোলা পোশাক, কম্বল

مِشْمَلَة [شمل] [মিশ্‌মালাহ্‌] চওড়া বস্ত্র, ঢোলা পোশাক, কম্বল

مَشْمُول [شمل] [মাশ্‌মূল] অন্তর্ভুক্ত, অন্তর্গত, সন্নিবেশিত

مَشْمُوم [شمم] [মাশ্‌মূম] ঘ্রাণ নেওয়া হয় এমন, কস্তুরী, মেশ্‌ক

مِشَنّ [شنن] [মিশান্‌] পানি ছিটানোর যন্ত্র, স্প্রে, গোসলের ঝরনা, ডুশ

مِشْنَاق ج مَشَانِيق [شنق] [মিশ্‌নাক] সবকিছুর প্রত্যাশী, সবকিছু চায় এমন, সর্বাভিলাষী

مُشَوِّق [شوق] [মুশাওবিক] আগ্রহী বা ইচ্ছুক করে এমন, আগ্রহ সৃষ্টিকারী, ইচ্ছা জাগ্রতকারী, কৌতূহলোদ্দীপক, মুগ্ধকর, মনোহারী

مُشَوَّه [شوه] [মুশাওওয়াহ] বিকৃত, কুৎসিত, নষ্ট, বিকলাঙ্গ

مَشْوِيّ [شوي] [মাশ্‌বী] ভুনা, ভুনাকৃত, ঝলসিত, ঝলসানো (মাংস)

مَشَى [ض] (مَشْي) [মাশা] হাঁটা, চলা, পদব্রজে চলা, মার্চ করা

مَشَّى (تَمْشِيَة) [مشي] [মাশ্‌শা] হাঁটানো, হাঁটতে দেওয়া

مَشِيئَة [شيئ] [মাশীআহ] ইচ্ছা, বাসনা, মনোবাঞ্ছা, অভিলাষ, অভিপ্রায়

مَشِيب [شيب] [মাশীব] শুভ্র কেশ, শুভ্রতা, বার্ধক্য

مِشْيَة [মিশ্‌ইয়াহ] হাঁটার ধরন, চলনভঙ্গি, পদক্ষেপ

مَشِيَّة [شيئ] [মাশিয়্যাহ] ইচ্ছা, বাসনা, মনোবাঞ্ছা, অভিলাষ, অভিপ্রায়

مَشِيج ج أَمْشَاج [মাশীজ] জননকোষ, gamete, একটির সাথে আরেকটি মিশে আছে এমন, মিশ্রিত, তালগোল-পাকানো, মিশ্র, মিশ্রিত বস্তু, মিশ্রদ্রব্য

مَشِيجِيّ [মাশীজী] জননকোষীয়, gametic

مَشِيد [شيد] [মাশীদ] মজবুত, সুদৃঢ়, প্লাস্টারকৃত (দেয়াল), সুউচ্চ

مُشَيَّد [شيد] [মুশাইয়াদ] মজবুত, সুদৃঢ়, সুউচ্চ, নির্মিত

مُشِير [شور] [মুশীর] নির্দেশক, উপদেষ্টা, ফিল্ড মার্শাল (পদ)

مُشَيَّع [شيع] [মুশাইয়া'] যাকে বিদায় জানানো হয়েছে, বীর, দ্রুতগামী, ত্বরাকারী

مَشِيق [মাশীক] অনেক পরা হয়েছে এমন কাপড়, জীর্ণ বস্ত্র, কৃশকায়, হালকা-পাতলা, ছিপছিপে

مَشِيمَة ج مَشَايِم [شيم] [মাশীমাহ] গর্ভফুল, গর্ভ-কুসুম, অমরা

مَشِيمِيّ [شيم] [মাশীমী] গর্ভফুল-সংক্রান্ত

مُشِين ، مُشَيِّن [شين] [মুশীন, মুশাইয়িন] অপমানজনক, অসম্মানজনক, অমর্যাদাকর, কলংক-জনক

مِشْنَة [شنن] [মিশান্নাহ] হাতলবিহীন ঝুড়ি

مَشْنَقَة ، مِشْنَقَة ج مَشَانِق [شنق] [মাশ্‌নাক্বাহ, মিশ্‌নাক্বাহ] ফাঁসিকাষ্ঠ, ফাঁসির মঞ্চ

مَشْنُوق [شنق] [মাশ্‌নূক] ফাঁসি দেওয়া হয়েছে এমন

مَشْهَد [شهد] [মাশ্‌হাদ] উপস্থিতি, হাজিরি

مَشْهَد ج مَشَاهِد [شهد] [মাশ্‌হাদ] সমাবেশস্থল, সমাবেশ, পবিত্র স্থান, দৃশ্য

مَشْهَدَة ج مَشَاهِد [شهد] [মাশ্‌হাদাহ] সমাবেশ, সমাবেশস্থল

مُشَهَّر [شهر] [মুশাহ্‌হার] সুবিখ্যাত, প্রখ্যাত, কুখ্যাত

مُشَهَّر بِهِ [شهر] [মুশাহ্‌হার বিহী] সম্মানহানি করা হয়েছে এমন, নিন্দিত

مَشْهُود [شهد] [মাশ্‌হূদ] দেখা গিয়েছে এমন, সাক্ষীদের উপস্থিতিতে সম্পন্ন, উপস্থিত, হাজির, উপস্থিতিপূর্ণ, যার সাক্ষ্য দেওয়া হয়, উল্লেখ-যোগ্য, স্মরণীয় (দিন)

اليَوْم المَشْهُود [আল-ইয়াওমুল মাশ্‌হূদ] কেয়ামতের দিন, উল্লেখযোগ্য বা স্মরণীয় দিন, উৎসবপূর্ণ সাধারণ ছুটির দিন

مَشْهُور ج مَشَاهِير [شهر] [মাশ্‌হূর] বিখ্যাত, প্রখ্যাত, প্রসিদ্ধ, সাধারণ, প্রচলিত

الحَدِيث المَشْهُور [আল-হাদীছুল মাশ্‌হূর] মাশ-হূর হাদীসঃ যে হাদীসের সনদে প্রত্যেক স্তরে বর্ণনাকারীর সংখ্যা দুইয়ের অধিক

مَشْو [মাশ্‌ও] রেচক, বিরেচক (পদার্থ বা ঔষধ)

مِشْوَاة ج مَشَاوِي ، مَشَاوٍ [شوي] [মিশ্‌ওয়াত] মাংস বা মাছ আগুনে ঝলসানোর জন্য লোহার শিকের ঝাঁঝরি, রান্নার ঝাঁঝরি, উনানের শিক

مَشُوب [شوب] [মাশূব] মিশ্রিত, মিশ্র, সম্মিলিত, নষ্ট, ময়লাযুক্ত, ত্রুটিপূর্ণ

مَشْوَرَة ج مَشْوَرَات [شور] [মাশ্‌ওয়ারাহ] মন্ত্রণা, পরামর্শ, উপদেশ, আলোচনা

مَشُورَة ج مَشُورَات [شور] [মাশ্‌ওয়ারাহ] মন্ত্রণা, পরামর্শ, উপদেশ, আলোচনা

مُشَوَّش [شوش] [মুশাওওয়াশ] গোলযোগপূর্ণ, গোলমেলে, বিশৃঙ্খল

مَصَارِين (مَصِير) [مصر] [মাছারীন] নাড়িভুঁড়ি, অন্ত্র, আঁতড়ি

مَصَّاص [مصص] [মাছ্ছাছ] চোষণকারী, চোষক, শোষণকারী, শোষক, রক্তমোক্ষক, রক্তচোষা

مُصَاص [مصص] [মুছাছ] চোষার বস্তু, চুষে খাবার মিষ্টান্ন, খাঁটি অংশ, আসল বস্তু

مَصَّاصَة ج مَصَّاصَات [مصص] [মাছ্ছাছাহ] রক্ত-চোষা (প্রাণী), চুষে পান করার পাইপ, মাই-পোষের বোঁটা, (শিশুর) চুষি, চুষিকাঠি, চুষে খাবার মিষ্টান্ন

مُصَاصَة [مصص] [মুছাছাহ] চোষার বস্তু, চুষে খাবার মিষ্টান্ন

مَصَاعِب [صعب] [মাছা'ইব] অসুবিধাসমূহ, কষ্ট-সমূহ, জটিলতাসমূহ

مَصَاغ [صوغ] [মাছাগ] অলঙ্কার, গহনা, সোনা-রুপার জিনিস

مَصَافّ (مَصَفّ) [صفف] [মাছাফ্ফ] শ্রেণী, সারি, মান, স্তর, ধরন, প্রকার

مُصَافَحَة [صفح] [মুছাফাহাহ] করমর্দন, পরস্পর হাত মিলানো, মোসাফাহা

مَصَالَة [মাছালাহ] ছানার পানি, জীবদেহের রস, জলীয় অংশ

مُصَالِح [صلح] [মুছালিহ] সন্ধিকারী, সন্ধিস্থাপন-কারী, শান্তিস্থাপনকারী

مُصَالَحَة [صلح] [মুছালাহাহ] সন্ধিস্থাপন, শান্তি-স্থাপন, সন্ধি, শান্তি

مَصَّان [مصص] [মাছ্ছান] যে শিঙ্গা দিয়ে রক্ত টানে, রক্তমোক্ষক, ওলান থেকে চুষে দুধ পানকারী, ইতর, নীচ

مُصَّان [مصص] [মুছ্ছান] আখ, ইক্ষু

مُصَاهَرَة [صهر] [মুছাহারাহ] বৈবাহিকসূত্রে আত্মীয়তা, কুটুম্বিতা, সম্বন্ধ

مَصَبّ ج مَصَابّ [صبب] [মাছব্ব] বের হওয়ার পথ, মুখ, (নদীর) মোহনা, ঢালার জায়গা

مِصَبّ ج مَصَابّ [صبب] [মিছব্ব] ঢালার যন্ত্র, অক্ষর ঢালাইয়ের যন্ত্র

مِصْبَاح ج مَصَابِيح [صبح] [মিছবাহ] প্রদীপ, বাতি, লণ্ঠন, বাল্‌ব, বার্নার

مَصّ [مصص] [মাছ্ছ] চোষণ, শোষণ, চুমুক

قَصَب المَصّ [ক্বাছবুল মাছ্ছ] আখ, ইক্ষু

مَصَّ (ن) [س] (مَصّ) [মাছ্ছা] চোষা, শোষণ করা, চুষে খাওয়া, চুমুক দেওয়া

مُصَاب [صوب] [মুছাব] আঘাতপ্রাপ্ত, আহত, আক্রান্ত, পীড়িত, কবলিত, গ্রস্ত, বিপদগ্রস্ত

مُصَابَرَة [صبر] [মুছাবারাহ] ধৈর্যের প্রতিযোগিতা, ধৈর্য, সহিষ্ণুতা, কষ্টসহিষ্ণুতা

مُصَاحِب [صحب] [মুছাহিব] সঙ্গী, সহচর, সাথী, বন্ধু

مُصَاحَبَة [صحب] [মুছাহাবাহ] সঙ্গ, সাহচর্য, বন্ধুত্ব

مَصَاد ج مَصَايِد ، أَمْصِدَة [صيد ، مصد] [মাছাদ] শিকার করার জায়গা, উচ্চ পাহাড়, উঁচু টিলা

مَصَادِر (مَصْدَر) [صدر] [মাছাদির] উৎসসমূহ, সূত্রসমূহ, তথ্যসূত্র, গ্রন্থপঞ্জী

مُصَادَر [صدر] [মুছাদার] বাজেয়াপ্ত, ক্রোককৃত, আটককৃত, জব্দ

مُصَادَرَة [صدر] [মুছাদারাহ] ক্রোক, জব্দকরণ, বাজেয়াপ্তকরণ, আটক

مُصَادِف [صدف] [মুছাদিফ] আকস্মিকভাবে সাক্ষাৎকারী, যুগপৎ সংঘটিত

مُصَادَفَة [صدف] [মুছাদাফাহ] সাক্ষাৎ, আকস্মিক সাক্ষাৎ, আকস্মিকতা, যুগপৎ সংঘটন

مُصَادَفَةً [صدف] [মুছাদাফাতান] আকস্মিকভাবে, যুগপৎ, একই সঙ্গে

مُصَادَقَة [صدق] [মুছাদাক্বাহ] বন্ধুত্ব, সাহচর্য, সঙ্গ, সত্যায়ন

مُصَادَمَة [صدم] [মুছাদামাহ] সংঘর্ষ, সংঘাত, ধাক্কা

مُصَارِح [صرح] [মুছারিহ] স্পষ্ট, সত্য, খাঁটি, আন্তরিক, অকপট

مُصَارَحَة [صرح] [মুছারহাহ] স্পষ্টতা, সত্যতা, খাঁটিত্ব, আন্তরিকতা, অকপটতা

مُصَارِع [صرع] [মুছারি'] কুস্তিগীর, মল্লযোদ্ধা

مُصَارَعَة [صرع] [মুছার'আহ] মল্লযুদ্ধ, কুস্তি, লড়াই, সংগ্রাম

مُصْبِح [صبح] [মুছ্বিহ্] সকালে সম্পন্নকারী, সকালে উপনীত

مُصْبَع [صبع] [মুছ্বা'] আঙ্গুলওয়ালা, লোহার শিকের ঝাঁঝরি

مَصْبَغَة ج مَصَابِغ [صبغ] [মাছ্বাগাহ্] রং করার কারখানা, লণ্ড্রি

مُصَبَّن [صبن] [মুছব্বান] সাবানে পরিণত, সাবান-যুক্ত, সাবান-মাখা

مَصْبَنَة ج مَصَابِن [صبن] [মাছ্বানাহ্] সাবানের কারখানা

مَصْبُوب [صبب] [মাছ্বূব] ঢেলে দেওয়া হয়েছে এমন, ঢালাইকৃত, অত্যন্ত উৎসাহিত

مَصْبُوغ [صبغ] [মাছ্বূগ] রং করা হয়েছে এমন, রঞ্জিত

مَصَّة ج مَصَّات [مصص] [মাছ্ছাহ্] চোষণ, চুমুক

مُصَّة [مصص] [মুছ্ছাহ্] খাঁটি অংশ, আসল বস্তু

مَصَحّ ج مَصَحَّات [صحح] [মাছহ্] স্বাস্থ্যনিবাস, স্বাস্থ্যালয়, স্বাস্থ্যকেন্দ্র

مَصَحَ [ن] (مَصْح ، مُصُوح) [মাছহা] চলে যাওয়া, বন্ধ হয়ে যাওয়া, দূর হওয়া, নিশ্চিহ্ন হওয়া, মুছে যাওয়া, নিঃশেষ হওয়া, কমে যাওয়া, (কাপড়) জীর্ণ হওয়া, দূর করা

مَصِحَ [س] (مَصَح) [মাছিহা] (ছায়া) ছোট হওয়া, খাটো হওয়া

مَصَحَّة ج مَصَحَّات [صحح] [মাছহ্হাহ্] স্বাস্থ্য-কেন্দ্র, স্বাস্থ্যনিবাস, স্বাস্থ্যালয়

مَصْحَاة [صحو] [মাছ্হাত] জেগে ওঠার কারণ

مِصْحَاة [صحو] [মিছ্হাত] বাটি, পেয়ালা, পাত্র

مُصَحَّح [صحح] [মুছহ্হাহ্] ঠিক করা হয়েছে এমন, সংশোধিত, মেরামতকৃত

مُصَحِّح [صحح] [মুছহ্হিহ্] সংশোধনকারী, সংস্কারকারী, মেরামতকারী

مَصْحَف ج مَصَاحِف [صحف] [মাছ্হাফ] গ্রন্থ, বই, কিতাব, পবিত্র গ্রন্থ

مُصْحَف ج مَصَاحِف [صحف] [মুছ্হাফ] গ্রন্থ, বই, কিতাব, পবিত্র গ্রন্থ

اَلْمُصْحَف الشَّرِيف [আল-মুছ্হাফুশ শারীফ] কোরআন শরীফের কপি

مُصَحَّف [صحف] [মুছহ্হাফ] ভুলভাবে পঠিত, ভুল উচ্চারিত, ভুল বানানে লিখিত, বিকৃত

اَلْحَدِيث الْمُصَحَّف [আল-হাদীছুল মুছহ্হাফ] শব্দগত বা অর্থগতভাবে বিকৃত-করা হাদীস

مَصْحُوب [صحب] بِ [মাছ্হূব বি] সঙ্গযুক্ত, যার সঙ্গে আছে

مَصَدّ ج مَصَدَّات [صدد] [মাছদ্] (মাটির) বাঁধ

مِصَدّ ج مِصَدَّات [صدد] [মিছদ্] ঘাত-প্রশমক, সংঘাত-প্রশমক, bumper, buffer

مِصْدَاق [صدق] [মিছ্দাক] সত্যায়ন, প্রত্যায়ন, প্রতিপাদন, প্রমাণ, কষ্টিপাথর

مِصْدَاقِيَّة [صدق] [মিছ্দাক্বিয়্যাহ্] বিশ্বাস্যতা, বিশ্বাসযোগ্যতা

مَصْدَر ج مَصَادِر [صدر] [মাছ্দার] বের হওয়ার জায়গা, উৎস, মূল, সূত্র, ফল, পরিণাম, ক্রিয়া-মূল, ক্রিয়াবিশেষ্য, মাস্‌দার (ব্যা)

مَصْدَر مَوْثُوق بِهِ [মাছ্দার মাওছূক বিহী] নির্ভর-যোগ্য সূত্র

مُصَدَّر [صدر] [মুছদ্দার] রপ্তানিকৃত, বড় বুক-বিশিষ্ট, শক্ত বুকবিশিষ্ট, অগ্রগামী ঘোড়া, সিংহ, নেকড়ে

مُصَدِّر [صدر] [মুছদ্দির] রপ্তানিকারক, রপ্তানিকারী

مَصْدَع ج مَصَادِع [صدع] [মাছ্দা'] কঙ্করময় অঞ্চলে সমতল রাস্তা, ফাটলের জায়গা

مُصَدَّع [صدع] [মুছদ্দা'] ফাটানো হয়েছে এমন, বিদীর্ণ, ফাটলযুক্ত, মাথাব্যথায় আক্রান্ত

مُصَدَّق [صدق] [মুছদ্দাক] সত্যায়িত, সত্য বলে স্বীকৃত, বিশ্বস্ত, বিশ্বাসযোগ্য

مُصَدَّق عَلَيْهِ [صدق] [মুছদ্দাক 'আলাইহ্] প্রত্যা-য়িত, সত্যায়িত, অনুমোদিত

مُصَدِّق [صدق] [মুছদ্দিক] সত্যায়নকারী, সত্য বলে স্বীকারকারী, বিশ্বাসকারী

مُصَّدِّق [صدق] [মুছ্ছদ্দিক] দানকারী, দানশীল, সদ্‌কা দানকারী, যে মাফ করে দেয়

مُصَدَّقِيَّة [صدق] [মুছদ্দাক্বিয়্যাহ্] বিশ্বাসযোগ্যতা, বিশ্বাস্যতা

مِصْدَم [صدم] [মিছ্দাম] ঘাত-প্রশমক, সংঘাত-প্রশমক, bumper, buffer

مَصْدُور [صدر] [মাছ্দূর] বক্ষব্যাধিগ্রস্ত, যক্ষ্মায়

আক্রান্ত

مَصْدُوع [صدع] [মাছ্দূ'] ফাটানো হয়েছে এমন, বিদীর্ণ, ফাটলযুক্ত, মাথাব্যথায় আক্রান্ত

مَصَرَ [ن] (مَصْر) [মাছ্রা] নিংড়ানো, সবটুকু দুধ দোহন করা, আঙ্গুলের মাথা দিয়ে দোহন করা, অল্প দেওয়া

مَصَّرَ (تَمْصِير) [مصر] [মাছ্ছরা] শহর বানানো, আবাদ করা, সভ্য করা, মিশরীয় করা, একটু একটু করে দেওয়া, কম দুধ দেওয়া

مِصْر [মিছ্র] মিশর (দেশ), কায়রো (নগরী)

مِصْر ج أَمْصَار، مُصُور [মিছ্র] শহর, নগর, ভূখণ্ড, অঞ্চল, দেশ, রাজধানী, সীমান্ত, বাধা, লাল মাটি

مِصَرّ [মিছ্র] ছোট ব্যাগ, টাকা রাখার ব্যাগ, থলি, খরচের থলি

مُصِرّ [صرر] [মুছির] পীড়াপীড়িকারী, জিদ ধরে এমন, দৃঢ়সংকল্প

مِصْرَاد ج مَصَارِيد [صرد] [মিছ্রা'] ঠাণ্ডায় দুর্বল, ঠাণ্ডায় শক্ত, গাছপালাবিহীন ভূমি, লক্ষ্যভেদী (তীর), ঠাণ্ডা (বাতাস)

مِصْرَاع ج مَصَارِيع [صرع] [মিছ্রা'] (কবিতায়) শ্লোকার্ধ, (দরজার) পাল্লা, কপাট, ঝাঁপ, শাটার

مُصْرَان (مَصِير) [مصر] [মুছ্রান] নাড়িভুড়ি, অন্ত্র, আঁতুড়ি

مُصَرَّح بِهِ [মুছর্‌রাহ·বিহী] যার অনুমতি দেওয়া হয়েছে, ঘোষিত, কথিত,বর্ণিত, স্বীকৃত

مُصْرِخ [صرخ] [মুছ্রিখ] ফরিয়াদে সাড়াদানকারী, উদ্ধারের ডাকে সাড়াদানকারী, উদ্ধারকারী, সাহায্যকারী

مَصْرَع ج مَصَارِع [صرع] [মাছ্রা'] পতন, ধ্বংস, মৃত্যু, হত্যা, মারাত্মক আঘাত

لَقِيَ مَصْرَعَهُ [লাক্বিয়া মাছ্রা'আহু] মরে যাওয়া, মারা যাওয়া, অক্কা পাওয়া

مَصْرَف ج مَصَارِف [صرف] [মাছ্রাফ] ব্যয়ের খাত, ব্যাংক, প্রবাহ-পথ, নালা, নর্দমা

مَصْرِف ج مَصَارِف [صرف] [মাছ্রিফ] ব্যয়ের খাত, ব্যাংক, ফেরার পথ, বাঁচার পথ

مَصْرِفِيّ [صرف] [মাছ্রিফী] ব্যাংক সম্বন্ধীয়, ব্যাংকের, ব্যাংক-কর্মকর্তা, ব্যাংকার

مَصْرُوع [صرع] [মাছ্রূ'] ভূপাতিত, ধরাশায়ী, মৃগীরোগে আক্রান্ত

مَصْرُوف [صرف] [মাছ্রূফ] ব্যয়কৃত, ব্যয়িত, খরচকৃত, ফিরানোর যোগ্য, বরখাস্ত, অপসারিত

مَصْرُوف ج مَصَارِيف ، مَصْرُوفَات [মাছ্রূফ] ব্যয়, খরচ, খরচের টাকা

مِصْرِيّ [মিছ্রী] মিশরীয়, মিশরবাসী, মিশরের

مُصْطَاد [صيد] [মুছ্তাদ] শিকারের জায়গা, যে শিকার করে, শিকারী, শিকার করা হয়েছে এমন, শিকার, সিংহ

مُصْطَاف ج مُصْطَافَات [صيف] [মুছ্তাফ] গ্রীষ্ম-কাল কাটানোর জায়গা, গ্রীষ্মনিবাস

مُصْطَاف ج مُصْطَافُون [صيف] [মুছ্তাফ] গ্রীষ্ম কাটাতে আসে এমন, যে গ্রীষ্মের ছুটি কাটায়

مِصْطَب ج مَصَاطِب [صطب] [মিছ্তব] কামারের নেহাই

مُصْطَفّ [صفف] [মুছ্তফ] সারিবদ্ধ, সারিবদ্ধ-ভাবে অবস্থানরত

مُصْطَفَى مث مُصْطَفَاة [صفي] [মুছ্তফা] বাছাই-কৃত, মনোনীত, পছন্দনীয়, প্রিয়

الْمُصْطَفَى [صفي] [আল-মুছ্তফা] মনোনীত মহানবীঃ মুহাম্মদ মোস্তফা (স)

مُصْطَلَح ج مُصْطَلَحَات [صلح] [মুছ্তলাহ] বিশেষ অর্থে ব্যবহৃত শব্দ, পরিভাষা

مُصْطَلَحِيّ [صلح] [মুছ্তলাহী] পরিভাষাগত, পারিভাষিক

مُصْطَلَى [صلي] [মুছ্তলা] বাসগৃহের যে স্থানে আগুন জ্বালানো হয়, উনান

مُصْطَنَع [صنع] [মুছ্তনা'] তৈরীকৃত, কৃত্রিম, নকল

مَصَعَ [ف] (مَصْع) [মাছ্'আ] (বিদ্যুৎ) চমকানো, (লেজ) নাড়া, আঘাত করা, অল্প প্রহার করা, (ঘোড়া) একটু একটু চলা, চলতে শুরু করা, (অন্তর) কাঁপা

مَصَعَ بِ [-- বি] নিক্ষেপ করা, (লেজ) নাড়া

مَصَعَ (مُصُوع) [মাছ্'আ] চলে যাওয়া, নিঃশেষ হওয়া, শুকিয়ে যাওয়া, কমে যাওয়া

مَصْعَد ج مَصَاعِد [صعد] [মাছ্'আদ] ধনাত্মক

বৈদ্যুতিক প্রান্ত বা মুখ, anode

مِصْعَد ، مِصْعَدَة ج مَصَاعِد [صعد] [মিছ্‌'আদ, মিছ্‌'আদাহ্] উত্তোলন-যন্ত্র, লিফ্‌ট (lift)

مُصْعَق [صعق] [মুছ্‌'আক] আঘাতপ্রাপ্ত, বজ্রাহত, বিদ্যুৎপিষ্ট, সংজ্ঞাহীন, হতবুদ্ধি, হতভম্ব

مَصْعُوق [صعق] [মাছ্‌'উক] বজ্রাহত, বিদ্যুৎপিষ্ট, আঘাতপ্রাপ্ত, সংজ্ঞাহীন, হতবুদ্ধি, হতভম্ব

مُصَغَّر [صغر] [মুছাগ্‌গার] ক্ষুদ্রকৃত, হ্রাসকৃত, ক্ষুদ্র, ছোট

مُصْغِي ، مُصْغٍ [صغي] [মুছ্‌গী] মনোযোগ দান-কারী, মনোযোগী, শ্রবণকারী

مَصَفّ ج مَصَافّ [صفف] [মাছফ্‌] লাইন দেওয়ার জায়গা, যুদ্ধক্ষেত্র, (অক্ষর কম্পোজ করে) টাইপ রাখার পাত, লাইন, সারি, মান, স্তর, শ্রেণী

مِصْفَاة ج مَصَافِي ، مَصَافٍ [صفو] [মিছ্‌ফাত] ছাঁকনি, চালুনি, ঝাঁঝরি, শোধনযন্ত্র

مِصْفَار [صفر] [মিছ্‌ফার] (গাঢ়) হলুদ

مِصْفَار ج مَصَافِير [صفر] [মিছ্‌ফার] বাঁশীজাতীয় বাদ্যযন্ত্রবিশেষ, panpipe

مُصْفَح [صفح] [মুছ্‌ফাহ্‌] প্রশস্ত, চেপটা, উল্টে দেওয়া হয়েছে এমন, সুদর্শন (চেহারা), খাড়া (নাক), লম্বাটে (মাথা), দ্বিমুখী, মোনাফেক

مُصَفَّح [صفح] [মুছফ্‌ফাহ্‌] প্রশস্ত, চেপটা, পাতে পরিণত, পাত-লাগানো, প্রলেপযুক্ত, বর্মাচ্ছাদিত

مُصَفَّحَة ج مُصَفَّحَات [صفح] [মুছফ্‌ফাহাহ্‌] বর্ম দ্বারা আচ্ছাদিত যান বা গাড়ি, তরবারি

مُصَفَّد [صفد] [মুছফ্‌ফাদ] বেঁধে রাখা হয়েছে এমন, বন্দী, শৃঙ্খলবদ্ধ, বেড়ি-পরানো

مُصْفَرّ [صفر] [মুছ্‌ফার্‌] হলদে, ফ্যাকাশে, বিবর্ণ

مُصْفِر [صفر] [মুছ্‌ফির] শূন্যহস্ত, রিক্তহস্ত, খালি-হাত

مَصْفَق ج مَصَافِق [صفق] [মাছ্‌ফাক] শেয়ার ক্রয়-বিক্রয়কেন্দ্র, শেয়ার বাজার, স্টক এক্সচেঞ্জ, স্টক মার্কেট

مِصْفَق ج مَصَافِق [صفق] [মিছ্‌ফাক] পানীয় পরি-বেশনের জন্য স্বয়ংক্রিয় ছিপি-আঁটা বোতল-বিশেষ, decanter

مَصْفُوف [صفف] [মাছ্‌ফূফ] সারি দিয়ে সাজানো, কাতারে কাতারে সাজানো, সারিবদ্ধ, কম্পোজ করা হয়েছে এমন (অক্ষরমালা)

مَصْفُوفَة ج مَصْفُوفَات [صفف] [মাছ্‌ফূফাহ্‌] ছাঁচ, (গণিতে) রাশিসমূহের আয়তাকার বিন্যাস, matrix

مَصْفَى ج مَصَافِي ، مَصَافٍ [صفو] [মাছ্‌ফা] পরি-শোধনের কারখানা, শোধনাগার

مُصَفًّى مث مُصَفَّاة [صفو] [মুছফ্‌ফা] পরিষ্কৃত, শোধিত, পরিশোধিত, নির্মল, খাঁটি

مُصَفِّي [صفو] [মুছফ্‌ফী] শোধনকারী, শোধক, পরিশোধনকারী

مِصْقَع ج مَصَاقِع [صقع] [মিছ্‌কা'] বাগ্মী, বাক-পটু, অনর্গলভাষী, উচ্চকণ্ঠ

مِصْقَلَة ج مَصَاقِل [صقل] [মিছ্‌কালাহ্‌] যদ্বারা পালিশ বা বার্নিশ করা হয়, ঘষে মসৃণ করার যন্ত্র

مَصْقُول [صقل] [মাছ্‌কূল] যা মসৃণ করা হয়েছে, পালিশকৃত, বার্নিশকৃত, মসৃণ, উজ্জ্বল, ঝকঝকে, পরিমার্জিত

مَصْل ج مُصُول [মাছ্‌ল] ছানার পানি, রক্তরস, জীবদেহের রস, রক্তের জলীয় ভাগ, সিরাম (serum), টিকা, vaccine

مَصَلَ ن (مَصْل ، مُصُول) [মাছালা] (দুধ) জমে যাওয়া, ছানা হয়ে যাওয়া, ছাঁকা, (পনির) পানি ঝরার জন্য রাখা, ফোঁটা ঝরানো, ফোঁটা ফোঁটা পড়া, পুঁজ ঝরা

مُصَلَّب [صلب] [মুছল্লাব] কঠিন পদার্থে পরিণত, কঠিন, শক্ত, ক্রুশবিদ্ধ

مُصْلَت [صلت] [মুছ্‌লাত] কোষমুক্ত (তরবারি)

مِصَلَّة [صلل] [মিছল্লাহ্‌] পরিশোধন করে রাখার পাত্র, শোধনপাত্র

مُصْلِح [صلح] [মুছ্‌লিহ্‌] সংস্কারকারী, মেরামত-কারী, সংশোধনকারী, সংস্কারক, শান্তি স্থাপনকারী

مَصْلَحَة ج مَصَالِح [صلح] [মাছ্‌লাহাহ্‌] কল্যাণ, মঙ্গল, স্বার্থ, উপকার, বিভাগ, দফতর, সংস্থা

مَصْلَحَة الْبَرِيد [মাছ্‌লাহাতুল বারীদ] ডাকবিভাগ

مَصْلَحَة شَخْصِيَّة [মাছ্‌লাহাহ শাখ্‌ছিয়্যাহ্‌] ব্যক্তি-স্বার্থ

مَصْلَحَة عَامَّة [মাছ্‌লাহাহ 'আম্মাহ্‌] জনস্বার্থ

مَصْلَحَة قَوْمِيَّة [মাছ্লাহাহ ক্বাওমিয়্যাহ] জাতীয় স্বার্থ

مَصْلَحَة مُسْتَقِلَّة [মাছ্লাহাহ মুস্তাক্বিল্লাহ] স্বাধীন সংস্থা, স্বায়ত্তশাসিত সংস্থা

مَصْلَحَة وَطَنِيَّة [মাছ্লাহাহ ওয়াতনিয়্যাহ] জাতীয় স্বার্থ

مَصْلُوب [صلب] [মাছ্লূব] শূলে চড়ানো হয়েছে এমন, ক্রুশবিদ্ধ

مَصْلِيّ [صلي] [মাছ্লী] পোড়ানো হয়েছে এমন, দগ্ধ করা হয়েছে এমন, ঝলসানো হয়েছে এমন, ভাজা, ভুনা (গোশত)

مُصْلِيّ [মুছ্লী] পানি-পানি, পানসে

مُصَلًّى ج مُصَلَّيَات [صلو] [মুছাল্লা] নামায পড়ার জায়গা, নামাযের স্থান

مُصَلِّي ج مُصَلُّون [صلو] [মুছাল্লী] নামাযী, নামায আদায়কারী, মুসল্লী

مُصْلِيَّة [মুছ্লিয়্যাহ] পানি-পানি ভাব, পানসে অবস্থা

مُصْمَت [صمت] [মুছ্মাত] চুপ করানো হয়েছে এমন, নিশ্চুপ, বন্ধ (দরজা), নিরেট, পূর্ণ, পুরা, পরাপুরি, ছিদ্রহীন, ফোঁকরবিহীন (দেয়াল), এক রঙের, নকশাবিহীন, কারুকার্যহীন

مُصَمَّت [صمت] [মুছম্মাত] চুপ করানো হয়েছে এমন, নিশ্চুপ, নিরেট, পূর্ণ, পুরা, পরাপুরি

مُصَمِّم [صمم] [মুছম্মিম] দৃঢ়সঙ্কল্প, সঙ্কল্পবদ্ধ, বদ্ধপরিকর, পরিকল্পনাকারী, নকশাকারী

مَصْنَع ج مَصَانِع [صنع] [মাছ্না'] কারখানা, ফ্যাক্টরি, কর্মশালা, শিল্প, ভবন, প্রাসাদ

مُصَنَّع [صنع] [মুছন্না'] শিল্পায়িত, উৎপাদিত, প্রস্তুতকৃত

مُصَنَّف [صنف] [মুছন্নাফ] রচিত, লিখিত, প্রণীত, শ্রেণীবদ্ধ

مُصَنِّف [صنف] [মুছন্নিফ] রচয়িতা, লেখক, প্রণেতা, গ্রন্থকার

مَصْنُوع [صنع] [মাছ্নূ'] উৎপন্ন, উৎপাদিত, প্রস্তুতকৃত, নির্মিত, কৃত্রিম

مَصْنُوعَات [صنع] [মাছ্নূ'আত] উৎপন্নদ্রব্য, উৎপাদিত সামগ্রী

مَصْهَر ج مَصَاهِر [صهر] [মাছ্হার] ধাতব পদার্থ গলানোর কারখানা, ঢালাই-ঘর, চুল্লি

مِصْهَر ج مِصْهَرَات [صهر] [মিছ্হার] (বিদ্যুতের) ফিউজ

مَصْهُور [صهر] [মাছ্হূর] গলিত, মিশ্রিত, গলে একীভূত

مُصَوَّب [صوب] [মুছওওয়াব] তাককৃত, স্থিরকৃত (লক্ষ্য), সংশোধিত, সত্যায়িত

مُصَوِّت [صوت] [মুছওবিত] ভোটদাতা, ভোটার, নির্বাচক, সশব্দ, স্বরবিশিষ্ট

حَرْف مُصَوِّت [হারফ মুছওবিত] স্বরবর্ণ

مُصَوَّر [صور] [মুছওওয়ার] যার চিত্র গ্রহণ করা হয়েছে, চিত্রিত, অঙ্কিত, গঠিত

مُصَوِّر [صور] [মুছওবির] আকৃতি প্রদানকারী, রূপদাতা, রূপকার, কারিগর, শিল্পী, চিত্রকর, চিত্রশিল্পী

المُصَوِّر [আল-মুছওবির] প্রকৃত রূপকারঃ আল্লাহ

مَصُوغ [صوغ] [মাছূগ] সুন্দর করে গড়া হয়েছে এমন, সুগঠিত, গঠিত, প্রস্তুতকৃত, তৈরীকৃত, শৈল্পিক নৈপুণ্যে তৈরীকৃত, রচিত

مَصُوغَات [صوغ] [মাছূগাত] অলঙ্কার, গহনা, গয়না, অলঙ্কারাদি, গহনাদি

مَصُون [صون] [মাছূন] রক্ষিত, সংরক্ষিত, সুরক্ষিত

مُصِيب [صوب] [মুছীব] সত্য, সঠিক, যথাযথ, ন্যায্য, অভ্রান্ত, লাভকারী, নাগালপ্রাপ্ত

مُصِيبَة ج مَصَائِب [صوب] [মুছীবাহ] মুসিবত, বিপদ, দুর্ঘটনা, দুর্যোগ

مَصْيَدَة ج مَصَائِد، مَصَايِد [صيد] [মাছ্ইয়াদাহ] শিকার করার বা মাছ ধরার স্থান

مِصْيَدَة ج مَصَايِد [صيد] [মিছ্ইয়াদাহ] শিকারের বা মাছ ধরার যন্ত্র, ফাঁদ, জাল

مَصِير [صير] [মাছীর] প্রত্যাবর্তন, হওন, রূপান্তর

مَصِير ج مَصَايِر [صير] [মাছীর] প্রত্যাবর্তনস্থল, ফেরার জায়গা, পরিণাম, পরিণতি, গন্তব্য, লক্ষ্য, ভাগ্য, অদৃষ্ট, ঠিকানা

مَصِير ج مُصْرَان، مَصَارِين [مصر] [মাছীর] অন্ত্র, আঁতড়ি, নাড়িভুঁড়ি

**مَصِيرِيّ** [صير] [মাছীরী] পরিণতিসম্পর্কিত, ভাগ্য-বিষয়ক, ভাগ্য-নির্ধারক, চূড়ান্ত

**مَصِيص** [মাছীছ] অল্প ভিজা, ঈষৎ আর্দ্র, স্যাঁত-সেঁতে

**مَصِّيص** [মাছ্ছীছ] একপ্রকার শক্ত সুতা, রশি

**مُصَيْطِر** [মুছইতির] কর্তৃত্বকারী, নিয়ন্ত্রণকারী, ক্ষমতাবান, দায়িত্ববান, তদারককারী

**مَصِيف ج مَصَايِف** [صيف] [মাছীফ] গ্রীষ্মকাল কাটানোর জায়গা, গ্রীষ্মনিবাস

**مَضّ** [মাদ্] কষ্ট, দুঃখ, দহন, দংশন, কষ্টদায়ক, দংশী

**مَضَّ** ن (مَضّ ، مَضِيض) [মাদ্দা] কষ্ট দেওয়া, দুঃখ দেওয়া, দহন করা, দংশন করা, কষ্ট পাওয়া, দুঃখ পাওয়া

**مَضَاء** [مضي] [মাদা'] ধার, তীক্ষ্ণতা, তীব্রতা, তেজ, শক্তি, ক্ষমতা, দৃঢ়তা, সঙ্কল্প

**مَضَّاء** [مضي] [মাদ্দা'] দৃঢ়সঙ্কল্প, সঙ্কল্পবদ্ধ

**مُضَاء** [ضوء] [মুদা'] আলোকিত, প্রজ্বলিত

**مُضَاجِع** [ضجع] [মুদাজি'] শয্যাসঙ্গী, একত্রে শয়নকারী, একই বিছানায় শয়নকারী

**مُضَاجَعَة** [ضجع] [মুদাজা'আহ্] একই বিছানায় শয়ন, যৌন সম্পর্ক, সহবাস

**مُضَادّ** [ضدد] لِـ [মুদাদ্] বিরোধী, বিপরীত, বিরুদ্ধ, বিধ্বংসী, নাশক, নিবারক, প্রতিষেধক, পাল্টা

**مُضَادّ لِلالْتِهَاب** [মুদাদ্ লিল-ইলতিহাব] প্রদাহ-নাশক, স্ফীতিনিবারক (ঔষধ)

**مُضَادّ لِلتَّشَنُّج** *[মুদাদ্ লিত-তাশান্নুজ] খিঁচুনি* নিবারক (ঔষধ)

**مُضَادّ لِلْجَرَاثِيم** [মুদাদ্ লিল-জারাছীম] জীবাণু-নাশক (ঔষধ)

**مُضَادّ لِلْحُمَّى** [মুদাদ্ লিল-হুম্মা] জ্বর-প্রতিষেধক

**مُضَادّ لِلْحُمُوضَة** [মুদাদ্ লিল-হুমূদাহ্] অম্লনাশক, antacid (ঔষধ)

**مُضَادّ لِلْحَيَوِيَّات** [মুদাদ্ লিল-হায়াবিয়্যাত] জীবাণুনাশক (ঔষধ)

**مُضَادّ لِلدَّبَّابَات** [মুদাদ্ লিদ-দাব্বাবাত] ট্যাংক-বিধ্বংসী (অস্ত্র)

**مُضَادّ لِلسَّمّ** [মুদাদ্ লিস-সাম্] বিষনাশক, বিষ-নিবারক (ঔষধ)

**مُضَادّ لِلطَّائِرَات** [মুদাদ্ লিত-তা'ইরাত] বিমান-বিধ্বংসী (কামান)

**مُضَادّ لِلْعُفُونَة** [মুদাদ্ লিল-'উফূনাহ্] পচন-নিবারক, antiseptic (ঔষধ)

**مُضَادّ لِلْغَوَّاصَات** *[মুদাদ্ লিল-গাওওয়াছাত]* সাবমেরিন-বিধ্বংসী (অস্ত্র)

**مُضَادّ لِلْفَسَاد** [মুদাদ্ লিল-ফাসাদ] পচন-নিবারক, antiseptic (ঔষধ)

**إِجْرَاء مُضَادّ** [ইজ্‌রা' মুদাদ্] পাল্টা পদক্ষেপ

**اِقْتِرَاح مُضَادّ** [ইক্‌তিরাহ্ মুদাদ্] পাল্টা প্রস্তাব

**ثَوْرَة مُضَادَّة** [ছাওরাহ্ মুদাদ্দাহ্] পাল্টা বিদ্রোহ, প্রতিবিপ্লব

**جِسْم مُضَادّ** [জিস্‌ম মুদাদ্] অ্যান্টিবডি (anti-body)

**دَعْوَى مُضَادَّة** [দা'ওয়া মুদাদ্দাহ্] পাল্টা দাবি

**هُجُوم مُضَادّ** [হুজূম মুদাদ্] পাল্টা আক্রমণ

**مُضَادَّة** [ضدد] [মুদাদ্দাহ্] পরস্পরবিরোধিতা, বৈপরীত্য

**مُضَارّ** [ضرر] [মুদার্] ক্ষতিকারী, অনিষ্টকারী, লোকসানকারী

**مُضَارِب** [ضرب] [মুদারিব] লাভ-ক্ষতির অংশী-দারিত্বভিত্তিক যৌথ ব্যবসাকারী

**مُضَارَبَة** [ضرب] [মুদারাবাহ্] 'মুদারাবা' ব্যবসাঃ *লাভ-ক্ষতির অংশীদারিত্বভিত্তিক যৌথ ব্যবসা*

**مُضَارِع** [ضرع] [মুদারি'] সদৃশ, অনুরূপ, বর্তমান ও ভবিষ্যৎ কালবাচক (ক্রিয়া)

**الْمُضَارِع** [ضرع] [আল-মুদারি'] আরবী কবিতার একটি ছন্দের নাম

**الْفِعْل الْمُضَارِع** [আল-ফি'লুল মুদারি'] বর্তমান ও ভবিষ্যৎ কালবাচক ক্রিয়া (ব্যা)

**مُضَارَعَة** [ضرع] [মুদার'আহ্] সাদৃশ্য, সামঞ্জস্য, মিল

**مُضَاض** [মুদাদ] অত্যধিক লবণাক্ত পানি, খাঁটি, চোখব্যথা

[মাদাদাহ] দুঃখ, কষ্ট, ব্যথা, যন্ত্রণা مَضَاضَة ج مَضَاضَات

[মুদা'আফ] দ্বিগুণ, বহুগুণ, বহু-বিধ, একই হরফ দুইবার আছে এমন শব্দ مُضَاعَف [ضعف]

[মুদা'আফাহ] দ্বিত্ব, দ্বিগুণত্ব, বহুগুণত্ব, বৃদ্ধি, আধিক্য مُضَاعَفَة [ضعف]

[মুদা'আফাহ] (রোগের) নতুন নতুন উপসর্গ, জটিলতা مُضَاعَفَة ج مُضَاعَفَات [ضعف]

[মুদাগাহ] চর্বিত বস্তু, কামড় مُضَاغَة [مضغ]

[মুদাফ] যা যোগ করা হয়েছে, যুক্ত, সংযোজিত, সম্বন্ধকৃত, মুদাফঃ সম্বন্ধকৃত পদ (ব্যা) مُضَاف [ضيف]

[মুদাফ ইলাইহ] মুদাফ ইলাইহঃ যে পদের সাথে অন্য পদের সম্বন্ধ করা হয়েছে (ব্যা) مُضَاف إِلَيْه

[মাদাফাহ] মেহমানখানা, অতিথি-শালা, সরাইখানা مَضَافَة [ضيف]

[মুদাহাত] সাদৃশ্য, সামঞ্জস্য, মিল, সমকক্ষতা مُضَاهَاة [ضهي]

[মুদাহী] অনুরূপ, সদৃশ, সমকক্ষ مُضَاهِي ، مُضَاهٍ [ضهي]

[মুদায়িক] বিরক্তকারী, বিরক্তি-কর, কষ্টদায়ক, অস্বস্তিকর مُضَايِق [ضيق]

[মুদায়াক্বাহ] বিরক্ত-করণ, কষ্টপ্রদান, বিরক্তি, অস্বস্তি, ঝামেলা مُضَايَقَة ج مُضَايَقَات [ضيق]

[মুদিব] কুয়াশাচ্ছন্ন, কুয়াশাজনিত, অস্পষ্ট مُضِبّ [ضبب]

[মাদবূত] সঠিক, যথাযথ, সুবিন্যস্ত, নিয়ন্ত্রিত, আটককৃত, স্বরচিহ্নযুক্ত (বর্ণ, শব্দ) مَضْبُوط [ضبط]

[মুদজার] বিরক্ত, অসন্তুষ্ট, ক্রুদ্ধ, রাগান্বিত مُضْجَر [ضجر]

[মুদজির] বিরক্তিকর, অসন্তোষ-জনক, ক্রোধোদ্দীপক مُضْجِر [ضجر]

[মাদজা'] বিছানা, শয্যা, শয়নকক্ষ, ঘুমানোর জায়গা مَضْجَع ج مَضَاجِع [ضجع]

[মাদজূ'] দুর্বল বুদ্ধিসম্পন্ন, নির্বোধ, বোকা مَضْجُوع [ضجع]

[মাদহা] (সম্মান) নষ্ট করা, কলঙ্কিত করা, (সূর্য) আলো ছড়ানো, (উট) ছড়িয়ে যাওয়া, (পাত্র) পানি ঝরানো مَضَحَ [ف] (مَضْح)

[-- 'আন] রক্ষা করা, প্রতিরক্ষা করা مَضَحَ عَنْ

[মাদহাত] সূর্যালোকপূর্ণ, সূর্যের আলো সবসময় থাকে এমন, সূর্যস্নাত (ভূমি) مَضْحَاة [ضحو]

[মিদহাক] অধিক হাসে এমন, সদাহাস্য, প্রফুল্ল مِضْحَاك [ضحك]

[মুদহিক] হাসির উদ্রেককারী, হাস্যকর, কৌতুকপ্রদ, হাসির مُضْحِك [ضحك]

[মুদহ্হিক] যে হাসায়, ভাঁড়, কৌতুকাভিনেতা مُضَحِّك [ضحك]

[মাদহাকাহ] হাসির বস্তু, হাসির কথা, কৌতুক مَضْحَكَة [ضحك]

[মিদখ্খাহ] পাম্প, পানি উত্তোলনের যন্ত্র, নলকূপ, টিউবওয়েল مِضَخَّة ج مِضَخَّات [ضخخ]

[মুদখ্খাম] যা বড় করা হয়েছে, সম্প্রসারিত, স্ফীত, পরিবর্তিত مُضَخَّم [ضخم]

[মুদখ্খিম] পরিবর্ধনকারী, সম্প্র-সারণকারী, পরিবর্ধক, বিবর্ধক مُضَخِّم [ضخم]

[মাদরা] টক হওয়া, টক লাগা, চুকা হওয়া, টক হয়ে যাওয়া مَضَرَ [ن] (مَضْر)

[মাদির] টক, চুকা, চুকো, অম্লস্বাদ مَضِر

[মাদিরা] টক হওয়া, টক হয়ে যাওয়া, চুকা হওয়া, টক লাগা مَضِرَ [س] (مَضَر)

[মাদুরা] টক হওয়া, টক হয়ে যাওয়া, টক লাগা, চুকা হওয়া مَضُرَ [ك] (مُضُور)

[মুদর] মুদারঃ আরবের একটি প্রাচীন গোত্র مُضَر

[মুদির] ক্ষতিকর, অনিষ্টকর, ক্ষতি-কারক, অপকারী مُضِرّ [ضرر]

[মিদরাব] (খেলার) ব্যাট, র‍্যাকেট مِضْرَاب ج مَضَارِيب [ضرب]

[মাদরিব] প্রহারের জায়গা বা সময়, তরবারি, তরবারির ধার, মূল, শিবির, তাঁবু, স্থান, জায়গা, লোকালয়, জনপদ, পথ مَضْرِب ج مَضَارِب [ضرب]

[মাদরিবুল মাছাল] প্রবাদমূলক, দৃষ্টান্তমূলক, উদাহরণসরূপ উদ্ধৃত مَضْرِب الْمَثَل

[মিদরব] যদ্দারা মারা مِضْرَب ج مَضَارِب [ضرب]

হয়, মারার যন্ত্র, প্রহার করার যন্ত্র, (খেলার) ব্যাট, র‍্যাকেট, তাঁবু, শিবির, বেশী মারে এমন, কঠিন মার দেয় এমন

مُضْرِب [ضرب] عَنْ [মুদ্‌রিব] ধর্মঘটকারী, ধর্মঘটী, (কাজ থেকে) বিরত

مُضْرِب عَنِ الْأَكْل [-- 'আনিল আক্‌ল] খাদ্যগ্রহণ থেকে বিরত, অনশন ধর্মঘটকারী, অনশনকারী

مُضْرِب عَنِ الْعَمَل [-- 'আনিল 'আমাল] ধর্মঘটকারী, ধর্মঘটী, কাজ থেকে বিরত, কর্মবিরতি পালনকারী

مَضْرَبَة [ضرب] [মাদ্‌রবাহ্] (তরবারির) ধার

مَضْرِبَة [ضرب] [মাদ্‌রিবাহ্] (তরবারির) ধার

مِضْرَبَة ج مَضَارِب [ضرب] [মিদ্‌রবাহ্] যা দিয়ে মারা হয়, মারার যন্ত্র, প্রহার করার যন্ত্র

مُضَرَّبَة [ضرب] [মুদর্‌রবাহ্] মাঝখানে তুলা দিয়ে সেলাই-করা দুই পাল্লার বস্ত্র, লেপ, মাফলার

مَضَرَّة ج مَضَرَّات ، مَضَارّ [ضرر] [মাদর্‌রাহ্] অপকার, অপকারিতা, ক্ষতি, অনিষ্ট

مُضَرَّج [ضرج] [মুদর্‌রাজ] রক্ত-মাখা, রক্তের দাগযুক্ত

مُضَرَّج بِالدَّم [মুদর্‌রাজ বিদ-দাম] রক্ত-মাখা, রক্তের দাগযুক্ত

مُضَرَّج الْيَدَيْن [মুদর্‌রাজুল ইয়াদাইন] রক্তমাখা হাতবিশিষ্ট

مِضْرَم [ضرم] [মিদ্‌রম] বাতি বা স্টোভের যে অংশ থেকে আলো বের হয়, বার্নার, বাতি

مَضْرُوب [ضرب] [মাদ্‌রূব] প্রহৃত, আঘাতপ্রাপ্ত, ছাঁচে ঢালাইকৃত, নির্দিষ্ট, (গণিতে) গুণ্য

مَضْرُور [ضرر] [মাদরূর] যার ক্ষতি করা হয়েছে, ক্ষতিগ্রস্ত

مَضَض [মাদদ] কষ্ট, দুঃখ, ব্যথা, যন্ত্রণা, আঘাত, টক দুধ

عَلَى مَضَض ['আলা মাদদি] অনিচ্ছায়, অনিচ্ছাভরে, অনিচ্ছুকভাবে

مُضْطَجَع ج مُضْطَجَعَات [ضجع] [মুদ্‌তজা'] শয্যা, বিছানা, শয়নস্থল, ঘুমানোর জায়গা

مُضْطَجِع [ضجع] [মুদ্‌তজি'] গা এলিয়ে দিয়েছে এমন, শয়নকারী, শায়িত

مُضْطَرّ [ضرر] [মুদ্‌তর্র] বাধ্য, নিরুপায়, মজবুর, অস্থির

مُضْطَرِب [ضرب] [মুদ্‌তরিব] অস্থির, বিশৃঙ্খল, অশান্ত, গোলযোগপূর্ণ, অসুস্থ

الْحَدِيث الْمُضْطَرِب [আল-হাদীছুল মুদ্‌তরিব] মুদতরিব হাদীসঃ ভিন্ন ভিন্ন সূত্রধারায় বর্ণিত সমান দৃঢ়তাসম্পন্ন হাদীস

مُضْطَرِم [ضرم] [মুদ্‌তরিম] প্রজ্বলিত, শিখায়িত, জ্বলন্ত

مُضْطَهَد [ضهد] [মুদ্‌তহাদ] অত্যাচারিত, নির্যাতিত, নিপীড়িত

مُضْطَهِد [ضهد] [মুদ্‌তহিদ] অত্যাচারী, জুলুমকারী, নির্যাতনকারী, নিপীড়নকারী

مُضْعِف [ضعف] [মুদ্'ইফ] দ্বিগুণকারী, বহুগুণকারী, বৃদ্ধিকারী, বহুগুণ বৃদ্ধিকারী

مَضْغ [মাদ্‌গ] চর্বণ, চিবানি, চিবুনি

مَضَغَ [ف] (مَضْغ) [মাদগা] চর্বণ করা, চিবানো

مِضْغَاط ج مَضَاغِيط [ضغط] [মিদ্‌গাত] চাপযন্ত্র, চাপ দেওয়ার যন্ত্র, সংকোচন-যন্ত্র, ঘনীভূত করার যন্ত্র, কম্‌প্রেসার

مُضْغَة ج مُضَغ [মুদ্‌গাহ্] চর্বিত বস্তু, চিবানোর বস্তু, চুয়িংগাম, কামড়, গ্রাস, মাংসখণ্ড, দুই মাসের ভ্রূণ

مِضْغَط ج مَضَاغِط [ضغط] [মিদ্‌গাত] চাপ দেওয়ার যন্ত্র, সংকোচন-যন্ত্র, ঘনীভূত করার যন্ত্র, কম্‌প্রেসার (compressor)

مَضْغُوط [ضغط] [মাদ্‌গূত] চাপ দেওয়া হয়েছে এমন, পিষ্ট, চাপানো, সংকুচিত, ঘনীভূত

مَضْفُور [ضفر] [মাদ্‌ফূর] বেণীকৃত, বিনুনিকৃত, বিঁড়ে-পাকানো

مَضَلّ ج مَضَالّ [ضلل] [মাদল্] পথ হারানোর জায়গা

مُضِلّ [ضلل] [মুদিল্] বিভ্রান্তকারী, গোমরাহকারী, ভ্রষ্টকারী, বিভ্রান্তিকর

مَضَلَّة ، مَضِلَّة [ضلل] [মাদল্লাহ্, মাদিল্লাহ্] ভ্রান্তি, বিভ্রান্তি, ভ্রষ্টতা, পথ হারানোর জায়গা

مُضَلَّع [ضلع] [মুদল্লা'] পাঁজরযুক্ত, পাঁজরের মত বাঁকা, বহু বাহুবিশিষ্ট, বহুভুজী

مُضَلَّل [ضلل] [মুদল্লাল] পথভ্রষ্ট, বিপথগামী,

বিভ্রান্ত

مُضَلِّل [ضلل] [মুদল্লিল] ভ্রষ্টকারী, বিভ্রান্তকারী, বিভ্রান্তিকর, প্রতারণাপূর্ণ, মিথ্যা

مِضْمَار ج مَضَامِير [ضمر] [মিদ্‌মার] ময়দান, ঘোড়দৌড় ময়দান, ক্ষেত্র, কর্মক্ষেত্র

مُضْمَحِلّ [ضمحل] [মুদ্‌মাহিল] অদৃশ্য, অন্তর্হিত, বিলুপ্ত, বিলীন, ক্ষয়প্রাপ্ত, হ্রাসপ্রাপ্ত

مُضَمَّد [ضمد] [মুদম্মাদ] পটি-বাঁধা, ব্যান্ডিজ-করা

مُضْمَر [ضمر] [মুদ্‌মার] লুক্কায়িত, গুপ্ত, সুপ্ত, উহ্য, গূঢ়, নিহিত

مَضْمَضَ (مَضْمَضَة ، مَضْمَاض) [মাদ্‌মাদা] কুল-কুচা করা, কুলি করা, ধৌত করা, ধোয়া

مَضْمَضَة [মাদ্‌মাদাহ্] কুলকুচা, কুলি, সাপের শব্দ, সাপের জিহ্বা নাড়ার শব্দ

مُضَمَّن [ضمن] [মুদম্মান] অন্তর্ভুক্ত, শামিল

مَضْمُوم [ضمم] [মাদ্‌মূম] মিলিত, একত্রিত, সংযুক্ত, সংযোজিত, দম্মা বা পেশযুক্ত (হরফ)

مَضْمُون [ضمن] [মাদ্‌মূন] যার নিশ্চয়তা দেওয়া হয়েছে, নিশ্চিত, নিরাপত্তাপ্রাপ্ত, নিরাপদ, নিবন্ধিত, রেজিস্ট্রিকৃত

مَضْمُون ج مَضَامِين [ضمن] [মাদ্‌মূন] বিষয়বস্তু, বক্তব্য, অর্থ

مَضَى [ض] [ن] (مُضِيّ ، مُضُوّ) [مضي] [মাদা] অতিবাহিত হওয়া, অতীত হওয়া, চলে যাওয়া, ফুরিয়ে যাওয়া

مَضَى بِ [-- বি] নিয়ে যাওয়া, সঙ্গে নেওয়া

مَضَى عَلَى [-- 'আলা] সম্পন্ন করা, সম্পাদন করা, কার্যকর করা, অনুমোদন করা, অব্যাহত রাখা, করে যাওয়া, করতে থাকা

مَضَى فِي [-- ফী] চালিয়ে যাওয়া, করতে থাকা, করে যাওয়া, অব্যাহত রাখা

مَضَى فِي كَلَامِهِ [মাদা ফী কালামিহি] বলে চলা, বলতে থাকা, আরো বলা

مَضَى سَبِيلَهُ ، مَضَى لِسَبِيلِهِ [মাদা ছাবীলাহু, মাদা লি-সাবীলিহী] মারা যাওয়া, ইন্তেকাল করা

مَضَى قَائِلًا [মাদা ক্বা'ইলান] বলে চলা, বলতে থাকা, আরো বলা

مَضَى قُدُمًا [মাদা কুদুমান] এগিয়ে যাওয়া, সামনে চলা, চলতে থাকা

مَضَى يَقُول [মাদা ইয়াকূলু] বলে চলা, বলতে থাকা, আরো বলা

فِيمَا مَضَى [ফীমা মাদা] অতীতে, ইতিপূর্বে

مَضَى [ض] (مَضَاء) [মাদা] (তরবারি) ধারালো হওয়া, কর্তন করা, কাটা

مَضَّى (تَمْضِيَة) [مضي] [মাদ্দা] (সময়) কাটানো, অতিবাহিত করা, সম্পন্ন করা, সমাপ্ত করা, বাস্তবায়িত করা, কার্যকর করা

مُضِيّ [মুদী] গমন, প্রস্থান, অতিক্রমণ, অতিবাহন, সমাপ্তি, নিরবচ্ছিন্নতা, চলমানতা

مِضْيَاع [ضيع] [মিদ্‌ইয়া'] অপচয়কারী, অপচয়ী, অপব্যয়ী

مِضْيَاف [ضيف] [মিদ্‌ইয়াফ] অতিথিপরায়ণ, অতিথিবৎসল, অতিথিপ্রিয়

مُضِيء [ضوء] [মুদী'] আলোকময়, আলোকিত, উজ্জ্বল, দীপ্তিমান, প্রদীপ্ত

مَضِير [مضر] [মাদীর] টক, টক দুধ, টক দই

مَضِيرَة [مضر] [মাদীরাহ্] টক দুধ বা দই মিশিয়ে ময়দা মাংস ইত্যাদি দ্বারা তৈরী একপ্রকার খাদ্য

مُضَيَّع [ضيع] [মুদইয়া'] হারিয়ে ফেলা হয়েছে এমন, নষ্ট, ধ্বংস, অপব্যয়িত, অপচয়কৃত

مُضَيِّع [ضيع] [মুদাইয়ি'] নষ্টকারী, খেসারত-কারী, অপব্যয়কারী, অপচয়কারী

مَضْيَعَة ، مَضِيعَة [ضيع] [মাদ্‌ইয়া'আহ, মাদী-'আহ্] নাশ, হানি, ক্ষতি, হারানো, খোয়ানো, খেসারত, ধ্বংস

مَضِيغَة ج مَضَائِغ [مضغ] [মাদীগাহ্] হাড়ের সাথে সংলগ্ন মাংস, চুয়িংগাম

مَضِيف ج مَضَايِف [ضيف] [মাদীফ] মেহমানদের অভ্যর্থনাকক্ষ, অতিথিকক্ষ, অতিথিশালা, মেহ-মানখানা

مُضِيف [ضيف] [মুদীফ] আপ্যায়নকারী, নিমন্ত্রণ-কারী, মেযবান, স্বাগতিক

مَضْيَفَة ج مَضَايِف [ضيف] [মাদ্‌ইয়াফাহ্] মেহ-মানদের অভ্যর্থনাকক্ষ, মেহমানখানা, অতিথি-কক্ষ, অতিথিশালা

مُضِيفَة ج مُضِيفَات [ضيف] [মুদীফাহ্] নিমন্ত্রণ-

কারিণী, আপ্যায়নকারিণী, বিমানবালা

مُضِيفَة الطَّائِرَات [মুদীফাতুত তা'ইরাত] বিমান-যাত্রীদের আপ্যায়নকারিণী, বিমানবালা

مَضِيق ج مَضَائِق، مَضَايِق [ضيق] [মাদীক] সঙ্কট, সঙ্কীর্ণ পথ, গিরিসঙ্কট, প্রণালী, strait

مَطّ [মাত্ত] প্রলম্বন, প্রসারণ, টাইটকরণ

مَطَّ [ن] (مَطّ) [মাত্তা] টেনে লম্বা করা, প্রলম্বিত করা, প্রসারিত করা, টাইট করা

مَطَا [ن] (مَطْو) [মাতা] দ্রুত চলা, ত্বরা করা

مُطَابِق [طبق] [মুতাবিক] মোতাবেক, অনুযায়ী, অনুকূল, সঙ্গতিপূর্ণ

مُطَابَقَة [طبق] [মুতাবাক্বাহ] সামঞ্জস্য, সঙ্গতি, মিল

مَطَار ج مَطَارَات [طير] [মাতার] বিমানবন্দর, উড্ডয়নের জায়গা, উড্ডয়নস্থল

مُطَارَد [طرد] [মুতারাদ] তাড়িত, ধাওয়া করা হয়েছে এমন

مُطَارِد [طرد] [মুতারিদ] তাড়াকারী, ধাওয়াকারী, পশ্চাদ্ধাবনকারী

مُطَارَدَة [طرد] [মুতারাদাহ] তাড়াকরণ, ধাওয়া, পশ্চাদ্ধাবন

مَطَّاط [মাত্তাত] প্রসারণযোগ্য, স্থিতিস্থাপক, রবার

مَطَّاطِيّ [মাত্তাতী] রবার-সম্বন্ধীয়, রবারের মত

مُطَاع [طوع] [মুতা'] যার আনুগত্য করা হয়, মান্য করা হয় এমন, মান্য

مَطَاعِن (مَطْعَن) [طعن] [মাতা'ইন] গালমন্দ, নিন্দা-তিরস্কার, কটূক্তি, ভর্ৎসনা, গালাগালি

مَطَاف [طوف] [মাতাফ] প্রদক্ষিণ করার জায়গা, তওয়াফের জায়গা, প্রদক্ষিণস্থল, পবিত্র কাবা-ঘরের চতুষ্পার্শ্বস্থ তওয়াফের স্থান

مُطَاق [طوق] [মুতাক] সাধ্যে কুলায় এমন, সাধ্য, ক্ষমতার আয়ত্ত, সহনীয়

مَطَالِب (مَطْلَب) [طلب] [মাতালিব] দাবিসমূহ, চাহিদাসমূহ, দাবি-দাওয়া, আবেদন-নিবেদন

مُطَالَب [طلب] [মুতালাব] দাবিকৃত, আবেদন-কৃত, কাংক্ষিত, দায়িত্বপ্রাপ্ত

مُطَالِب [طلب] [মুতালিব] দাবিদার, আবেদন-কারী, আবদারকারী

مُطَالَبَة [طلب] [মুতালাবাহ] দাবি, আবেদন, আহ্বান, আবদার

مُطَالِع [طلع] [মুতালি'] অধ্যয়নকারী, পাঠকারী, পাঠক

مُطَالَعَة [طلع] [মুতালা'আহ] অধ্যয়ন, পরীক্ষা-নিরীক্ষা, পাঠ, গবেষণা

مُطَاوِع [طوع] [মুতাবি'] অনুগত, অধীন, নরম, নমনীয়

مُطَاوَعَة [طوع] [মুতাওয়া'আহ] আনুগত্য, অধী-নতা, বশ্যতা, নমনীয়তা

مَطَبّ ج مَطَبَّات [طبب] [মাতাব্ব] গর্ত, কন্দর, কোটর, আকাশকোটর, air pocket

مُطَبَّب [طبب] [মুতাব্বাব] চিকিৎসা করা হয়েছে এমন, চিকিৎসাপ্রাপ্ত, আরোগ্যপ্রাপ্ত

مُطَبِّب [طبب] [মুতাব্বিব] চিকিৎসাকারী, চিকিৎ-সক, ডাক্তার

مَطْبَخ ج مَطَابِخ [طبخ] [মাত্বাখ] রন্ধনশালা, রান্নাঘর, রান্নার জায়গা

مِطْبَخ ج مَطَابِخ [طبخ] [মিত্বাখ] রান্না করার যন্ত্র, চুল্লি, চুলো, স্টোভ

مَطْبَع ج مَطَابِع [طبع] [মাত্বা'] মুদ্রণালয়, ছাপা-খানা, প্রেস

مَطْبَعَة ج مَطَابِع [طبع] [মাত্বা'আহ] মুদ্রণালয়, ছাপাখানা, প্রেস

مِطْبَعَة ج مَطَابِع [طبع] [মিত্বা'আহ] মুদ্রণযন্ত্র, ছাপার মেশিন, প্রেস

مَطْبَعِيّ [طبع] [মাত্বা'ঈ] মুদ্রণ-সংক্রান্ত, মুদ্রণ-গত, প্রেস-বিষয়ক

مُطْبِق [طبق] [মুত্বিক] পূর্ণ, সম্পূর্ণ, পুরোপুরি, সার্বক্ষণিক, কঠিন

مُطَبَّق [طبق] [মুতাব্বাক] সমন্বিত, প্রয়োগকৃত, প্রায়োগিক, ফলিত (বিদ্যা)

مَطْبُوخ [طبخ] [মাত্বূখ] রন্ধনকৃত, রান্নাকৃত, রান্না (খাদ্য)

مَطْبُوع [طبع] [মাত্বূ'] মুদ্রিত, ছাপযুক্ত, স্বভাব-গত, সহজাত

مَطْبُوعَة ج مَطْبُوعَات [طبع] [মাত্বূ'আহ] মুদ্রিত

বস্তু, মুদ্রিত সাহিত্যকর্ম, প্রকাশনা

مِطْحَنَة ج مَطَاحِن [طحن] [মিত্হানাহ] পেষণ-যন্ত্র, জাঁতাকল, খাদ্যশস্য ভাঙার কল

مَطْحُون [طحن] [মাত্হূন] চূর্ণিত, পিষ্ট

مَطَر ج أَمْطَار [মাতর] বৃষ্টি, বর্ষণ, বারিধারা

مَطَر خَفِيف [মাতর খাফীফ] হালকা বৃষ্টি, হালকা বর্ষণ

مَطَر غَزِير [মাতর গাযীর] প্রবল বৃষ্টি, ভারী বর্ষণ

مَطَرَ (ن) (مَطْر، مَطَر) [মাতরা] বর্ষণ করা, ঢেলে দেওয়া

مَطَرَ (مَطْر، مُطُور) [মাতরা] দ্রুত দৌড়ানো, ছুটে পালানো, (পাত্র) পূর্ণ করা, ভরা

مَطِر [মাতির] বৃষ্টিবহুল, বাদলা

مَطْرَان ج مَطَارِنَة، مَطَارِين [মাত্রান] (খ্রীষ্টান) আর্চবিশপ

مِطْرَان ج مَطَارِنَة، مَطَارِين [মিত্রান] (খ্রীষ্টান) আর্চবিশপ

مُطْرَان ج مَطَارِنَة، مَطَارِين [মুত্রান] (খ্রীষ্টান) আর্চবিশপ

مُطْرِب [طرب] [মুত্রিব] আনন্দদায়ক, বিনোদনমূলক, সুরেলা, গায়ক

مُطْرِبَة [طرب] [মুত্রিবাহ] গায়িকা

مَطْرَة [মাত্রাহ] বৃষ্টির পশলা

مَطَرَة ج مَطَرَات [মাতরাহ] পানি রাখার পাত্র, মশক, বোতল, বৃষ্টির পশলা

مَطْرَح ج مَطَارِح [طرح] [মাত্রাহ] রাখার স্থান, নিক্ষেপ করার জায়গা, স্থান, জায়গা, আসন

مُطَّرَح [طرح] [মুত্তরাহ] নিক্ষিপ্ত, অপসারিত, বরখাস্ত, পরিত্যক্ত, বর্জিত

مُطَّرِد [طرد] [মুত্তরিদ] বহুলপ্রচলিত, সাধারণ, নিয়মিত, ধারাবাহিক

مُطَرَّز [طرز] [মুতর্রায] সজ্জিত, সেলাইকৃত, নকশিকৃত, ফুল-তোলা, বুটিদার (কাপড়)

مُطَرِّز [طرز] [মুতর্রিয] সুচ-সুতা দিয়ে যে বুটি বা নকশা তোলে, সূচিশিল্পী

مِطْرَف، مُطْرَف ج مَطَارِف [طرف] [মিত্রাফ, মুত্রাফ] নকশাওয়ালা রেশমী চাদর

مُطْرِف [طرف] [মুত্রিফ] উপার্জিত সম্পত্তি, নতুন অর্জিত সম্পদ

مِطْرَق ج مَطَارِق [طرق] [মিত্রাক] হাতুড়ি, মুগুর, (দরজার) কড়া

مُطَرَّق [طرق] [মুতর্রাক] হাতুড়ি বা মুগুড় দিয়ে পিটিয়ে চেপটাকৃত

مِطْرَقَة ج مَطَارِق [طرق] [মিত্রাক্বাহ] (দরজার) কড়া, হাতুড়ি, মুগুর

مِطْرَقَة الْبَاب [মিত্রাক্বাতুল বাব] দরজার কড়া

مَطْرُوح [طرح] [মাত্রূহ] নিক্ষিপ্ত, বিয়োগকৃত, বিয়োজিত, প্রত্যাখ্যাত, পেশকৃত

مَطْرُود [طرد] [মাত্রূদ] বিতাড়িত, বরখাস্তকৃত, বহিষ্কৃত, বিদূরিত

مَطْرُوق [طرق] [মাত্রূক] আঘাতকৃত, নাড়া হয়েছে এমন (কড়া), বাজানো হয়েছে এমন (ঘণ্টা)

مَطَرِيّ [মাতরী] বৃষ্টিসংক্রান্ত, বৃষ্টিময়

مَطَّطَ (تَمْطِيط) [مطط] [মাত্তাতা] টেনে লম্বা করা, অধিক প্রসারিত করা, দীর্ঘায়িত করা

مَطْعَم ج مَطَاعِم [طعم] [মাত্'আম] খাবার ঘর, রেস্টুরেন্ট, রেস্তোরাঁ

مُطَعَّم [طعم] [মুত''আম] কলম কাটা হয়েছে এমন (গাছ), টিকা দেওয়া হয়েছে এমন, খচিত

مِطْعَن ج مَطَاعِن [طعن] [মিত্'আন] তিরস্কার, নিন্দা, কটূক্তি, গালি, অধিক জখমকারী

مَطْعُوم [طعم] [মাত্'ঊম] স্বাদ গ্রহণ করা হয়েছে এমন, অভিজ্ঞাত, (গাছের) কলম

مُطْفَأ [طفأ] [মুত্ফা'] নির্বাপিত, অনুজ্জ্বল

مُطْفِئ [طفأ] [মুত্ফি'] নির্বাপণকারী, নির্বাপক

مِطْفَأَة ج مَطَافِئ [طفأ] [মিত্ফাআহ] (আগুন) নিভানোর যন্ত্র, অগ্নিনির্বাপকযন্ত্র, দমকল, অগ্নিনির্বাপকদল, দমকল বাহিনী

رِجَال الْمَطَافِئ [রিজালুল মাতাফি'] দমকলকর্মী, ফায়ার সার্ভিসের লোকজন

مِطْفَحَة [طفح] [মিত্ফাহাহ] মাঠা সর ইত্যাদি তোলার হাতা, উকড়ি

مُطَفِّف [طفف] [মুতফ্‌ফিফ] যে (ওজনে) কম দেয়

مُطْفِل ج مَطَافِل ، مُطْفِلَات [طفل] [মুত্‌ফিল] যার বাচ্চা আছে, বাচ্চার মা, বাচ্চাওয়ালী

مَطَلَ [ن] (مَطْل) [মাতলা] টেনে লম্বা করা, প্রসারিত করা, বিলম্বিত করা, দিতে গড়িমসি করা, পিটিয়ে চেপটা করা, আঘাত করা

مَطَلّ ، مُطَلّ [طلل] [মাতল্, মুতল্] যেখান থেকে দেখা হয়, পর্যবেক্ষণের জন্য উঁচু জায়গা

مُطِلّ [طلل] [মুত্তিল] তত্ত্বাবধানকারী, পর্যবেক্ষণকারী, দৃষ্টি নিক্ষেপকারী, তত্ত্বাবধায়ক, পরিদর্শক, পর্যবেক্ষক

مَطْلَب ج مَطَالِب [طلب] [মাত্‌লাব] দাবি, ইচ্ছা, উদ্দেশ্য, মতলব, আহ্বান, আবেদন, বিষয়

مَطْلَع ، مَطْلِع ج مَطَالِع [طلع] [মাত্‌লা', মাত্‌লি'] উদয়স্থল, উদয়, সূর্যোদয়ের দিক, পূর্বদিক, সূচনা, মুখবন্ধ, সিঁড়ি

مُطَّلِع [طلع] [মুত্তালি'] অবহিত, অবগত, যে উঁকি দিয়ে দেখে, উপরস্থ ব্যক্তি

مُطْلَق [طلق] [মুত্‌লাক] সাধারণ, মুক্ত, বাধাহীন, পূর্ণাঙ্গ, পুরোপুরি, নিরংকুশ

مُطَلَّق [طلق] [মুতাল্লাক] তালাক দেওয়া হয়েছে এমন, তালাকপ্রাপ্ত

مُطْلَقًا [মুত্‌লাকান] সাধারণভাবে, নিরংকুশভাবে, মুক্তভাবে, পুরোপুরিভাবে, একেবারে

مُطَلَّقَة ج مُطَلَّقَات [طلق] [মুতাল্লাকাহ] তালাকপ্রাপ্ত নারী, তালাকপ্রাপ্তা

مِطْلَمَة [طلم] [মিত্‌লামাহ] (রুটি বেলার) বেলন

مَطْلُوب ج مَطَالِيب [طلب] [মাত্‌লুব] তলবকৃত, তালাশকৃত, কাম্য, কাংক্ষিত, কামনা, বাসনা

مَطْلُول [طلل] [মাত্‌লুল] শিশির পড়েছে এমন, শিশিরসিক্ত (স্থান), যে রক্তের প্রতিশোধ নেওয়া হয়নি

مَطْلِيّ [طلي] [মাত্‌লী] প্রলেপ দেওয়া হয়েছে এমন, প্রলেপযুক্ত

مِطْمَار ج مَطَامِير [طمر] [মিত্‌মার] ওলনদড়ি

مِطْمَاع [طمع] [মিত্‌মা'] অতিলোভী, লোভাতুর, লোলুপ

مُطْمَئِنّ [طمأن] [মুত্‌মা'ইন] শান্ত, প্রশান্ত, প্রশান্তচিত্ত, নিশ্চিন্ত, নিশ্চিত, আস্থাশীল, খুশী

مَطْمَح ج مَطَامِح [طمح] [মাত্‌মাহ] লক্ষ্য, উদ্দেশ্য, প্রত্যাশা, আকাংক্ষা, বাসনা, কামনা

مِطْمَر ج مَطَامِر [طمر] [মিত্‌মার] ওলনদড়ি

مَطْمَع ج مَطَامِع [طمع] [মাত্‌মা'] লোভের বস্তু, কাম্যবস্তু, লোভ, কামনা, প্রত্যাশা, অভিলাষ

مَطْمُور [طمر] [মাত্‌মূর] যা মাটিতে পুঁতে রাখা হয়েছে, দাফনকৃত, আচ্ছাদিত

مَطْمُورَة ج مَطَامِير [طمر] [মাত্‌মূরাহ] ভূগর্ভস্থ শস্যভাণ্ডার, কারাগার, বন্দিশালা

مَطْمُوس [طمس] [মাত্‌মূস] নিশ্চিহ্ন, বিলুপ্ত, অন্ধ

مُطْنَب [طنب] [মুত্‌নাব] দীর্ঘায়িত, প্রলম্বিত, প্রসারিত, বিস্তারিত

مَطْهَر [طهر] [মাত্‌হার] (খ্রীষ্টানধর্মে) মৃত্যুর পর পাপক্ষালনের উদ্দেশ্যে আত্মার সাময়িক যন্ত্রণাভোগের স্থান, প্রেতলোক, purgatory

مُطَهَّر [طهر] [মুতহ্হার] পরিষ্কৃত, জীবাণুমুক্ত, শোধিত, পবিত্র, খাৎনাকৃত

مُطَهِّر [طهر] [মুতহ্হির] পবিত্রকারী, পরিষ্কারকারী, পরিষ্কারক, শোধক, জীবাণুনাশক

مَطْهَرَة ، مِطْهَرَة ج مَطَاهِر [طهر] [মাত্‌হারাহ, মিত্‌হারাহ] পবিত্র হওয়ার পাত্র, পবিত্র হওয়ার ঘর, পবিত্র হওয়ার প্রেষণা, পবিত্রতার প্রেরণা

مُطَهَّم [طهم] [মুতহ্হাম] মোটাসোটা, হৃষ্টপুষ্ট, সুঠাম, সুগঠিত, খুব সুন্দর, সুদর্শন

مَطْهُوّ [طهو] [মাত্‌হু] রান্নাকৃত, রন্ধনকৃত, রান্না

مِطْوَاة ج مَطَاوِي [طوي] [মিত্‌ওয়াত] কলম-কাটা ছুরি, পকেট ছুরি, ছোট ছুরি

مِطْوَاع [طوع] [মিত্‌ওয়া'] অনুগত, বশীভূত, বাধ্য, নমনীয়

مِطْوَاعِيَّة [طوع] [মিত্‌ওয়া'ইয়্যাহ] আনুগত্য, বশ্যতা, নমনীয়তা

مُطَوَّب [طوب] [মুতওওয়াব] (খ্রীষ্টান ধর্মমতে) স্বর্গের সুসংবাদপ্রাপ্ত, আশীর্বাদপ্রাপ্ত

مُطَوَّر [طور] [মুতওওয়ার] এগিয়ে নেওয়া হয়েছে এমন, ত্বরান্বিত, পরিবর্ধিত, উন্নততর

مُطَوَّع [طوع] [মুতওওয়া'] অনুগত, বশীভূত, তালিকাভুক্ত, স্বেচ্ছাসেবক

مُطَوِّع [طوع] [মুতত্তবি'] স্বেচ্ছায় সম্পাদনকারী, স্বেচ্ছামূলকভাবে সম্পাদনকারী, স্বেচ্ছাসেবক, নফল আদায়কারী

مُطَوِّف [طوف] [মুতওবিফ] ঘোরাফেরাকারী, পরিভ্রমণকারী, বারবার আগমনকারী, তওয়াফ করায় এমন, (হাজীদের) মু'আল্লিম

مُطَوَّق [طوق] [মুতওওয়াক] পরিবেষ্টিত, আবদ্ধ, ঘেরাওকৃত, হার-পরিহিত

مُطَوِّق [طوق] [মুতওবিক] পরিবেষ্টনকারী, ঘেরাও-কারী, আবদ্ধকারী

مُطَوَّل [طول] *[মুতত্তওয়াল] দীর্ঘায়িত, প্রলম্বিত,* বিস্তৃত, সুদীর্ঘ, বিস্তারিত

مَطْوَى ج مَطَاوِي ، مَطَاوٍ [طوي] [মাত্ওয়া] পকেট ছুরি, কলম-কাটা ছুরি, ছোট ছুরি

مَطْوِيّ [طوي] [মাত্বী] ভাঁজকৃত, গুটানো, সঙ্কুচিত

مِطْيَاف [طيف] [মিত্ইয়াফ] বর্ণালিবীক্ষণ (যন্ত্র), spectroscope

مِطْيَاف مُصَوِّر [মিত্ইয়াফ মুছওবির] আলোক-রশ্মির বর্ণালিচিত্র গ্রহণের যন্ত্র, বর্ণালি-লেখযন্ত্র, spectrograph

مَطِيَّة ج مَطَايَا ، مَطِيّ [مطو] [মাতিয়্যাহ] আরোহণের পশু, বাহন

مَطِير [মাতীর] বৃষ্টিবহুল, বাদলা, বৃষ্টিভেজা

مُطِيع [طوع] [মুতী'] অনুগত, বাধ্য, বশীভূত, বিশ্বস্ত, নমনীয়

مَطِيل [مطل] [মাতীল] প্রসারণীয়, নমনীয়

مَطِيلَة ج مَطَائِل [مطل] [মাতীলাহ] আগুনে গরম করে পিটিয়ে চেপটা করে বানানো লোহার পাত

مُظَاهَرَة ج مُظَاهَرَات [ظهر] [মুযাহারাহ] বিক্ষোভ, বিক্ষোভ মিছিল, বিক্ষোভ প্রদর্শন, সাহায্য, সহায়তা, সমর্থন, পৃষ্ঠপোষকতা

مَظْرُوف ج مَظَارِيف [ظرف] [মায্রূফ] মোড়ক, খাম, লেফাফা

مُظَفَّر [ظفر] [মুযফ্ফার] সফল, কৃতকার্য, বিজয়ী

مُظِلّ [ظلل] [মুযিল] ছায়াদায়ক, ছায়াবিস্তারী, ছায়াময়

مَظَلَّة ج مَظَلَّات ، مَظَالّ [ظلل] [মাযল্লাহ] ছাতা, ছত্র, শামিয়ানা, প্যারাশুট

مِظَلَّة ج مِظَلَّات ، مَظَالّ [ظلل] [মিযল্লাহ] ছাতা, ছত্র, শামিয়ানা, প্যারাশুট

جُنْدِيّ المِظَلَّة [জুন্দিয়্যুল মিযল্লাহ] প্যারাশুট সৈন্য, ছত্রীসেনা

مُظَلَّل [ظلل] [মুযল্লাল] ছায়া দেওয়া হয়েছে এমন, ছায়াচ্ছন্ন, ছায়াবৃত, ছায়াময়, ছায়াঘেরা

مُظَلِّل [ظلل] [মুযল্লিল] ছায়াদায়ক, ছায়াবিস্তারী, ছায়াপ্রদ

مُظْلِم [ظلم] [মুয্লিম] অন্ধকারাচ্ছন্ন, তিমিরাচ্ছন্ন, তমসাচ্ছন্ন, অন্ধকার

مَظْلِمَة ج مَظَالِم [ظلم] [মায্লিমাহ] অত্যাচার, জুলুম, উৎপীড়ন, অবিচার, অন্যায় আচরণ

مَظْلُوم [ظلم] [মায্লূম] অত্যাচারিত, নির্যাতিত, উৎপীড়িত, মজলুম

مِظَلِّيّ [ظلل] [মিযল্লী] ছত্রীসেনা, প্যারাশুট সৈন্য

مَظِنَّة ج مَظَانّ [ظنن] [মাযিন্নাহ] প্রত্যাশিত সময় বা স্থান, সম্ভাব্য স্থান, ধারণা, অনুমান

مَظْنُون [ظنن] [মায্নূন] ধারণাকৃত, সন্দেহপূর্ণ, অনুমিত

مَظْهَر ج مَظَاهِر [ظهر] [মায্হার] বাহ্যিক রূপ, মুখাবয়ব, হাবভাব, লক্ষণ, দিক, মুখ, দৃশ্য

مُظَهَّر [ظهر] [মুযহ্হার] পৃষ্ঠাঙ্কিত, পিছনে স্বাক্ষরিত, পরিস্ফুটিত (developed)

مُظَهِّر [ظهر] [মুযহ্হির] পৃষ্ঠাঙ্কনকারী, পিছনে স্বাক্ষরকারী, পরিস্ফুটক (developer)

مَعَ [মা'আ] সঙ্গে, সাথে, সহিত, সহকারে, সহযোগে, সত্ত্বেও

مَعَ أَنَّ [মা'আ আন্না] যদিও, সত্ত্বেও

مَعَ ذٰلِكَ [মা'আ যালিকা] তার সাথে, তা সত্ত্বেও, তবুও, তথাপি

مَعَ هٰذَا *[মা'আ হাযা] এর সাথে, এতদসত্ত্বেও,* তা সত্ত্বেও, তবুও, তথাপি

مَعَا [ن] (مُعَاء) [معو] [মা'আ] (বিড়াল) ডাকা, মিউমিউ করা

مَعًا [মা'আন] একত্রে, একসাথে, একসঙ্গে, একই সময়ে

مِعًاء ج أَمْعَاء ، أَمْعِيَة [معو] [মি'আ'] আঁতড়ি, অন্ত্র, নাড়ীভুঁড়ি

مَعَاب ، مَعَابَة ج مَعَايِب [عيب] [মা'আব] দোষ, ত্রুটি, খুঁত

مُعَاتَبَة [عتب] [মু'আতাবাহ] তিরস্কার, ভর্ৎসনা, নিন্দা

مُعَاجِز [عجز] [মু'আজিয] (প্রতিপক্ষকে) অক্ষম-কারী, পরাস্তকারী, ব্যর্থকারী

مَعَاد [عود] [মা'আদ] প্রত্যাবর্তন, প্রত্যাবর্তনস্থল, পরকাল, গন্তব্য, হজ্জ, জান্নাত, শোক

مُعَاد [عود] [মু'আদ] পুনরায় করা হয়েছে এমন, পুনরাবৃত্ত, পাকস্থলির রোগ

مُعَادَاة [عدو] [মু'আদাত] শত্রুতা, বৈরিতা, বিরোধিতা

مُعَادِل [عدل] [মু'আদিল] সমমান, সমান

مُعَادَلَة [عدل] [মু'আদালাহ] সমতা, সমীকরণ, সমমানকরণ, মান নিরূপণ

مُعَادِي ، مُعَادٍ مث مُعَادِيَة [عدو] [মু'আদী] শত্রু-ভাবাপন্ন, বৈরিতাপূর্ণ, বৈরী, বিরোধী

مَعَاذ [عوذ] [মা'আয] আশ্রয়, শরণ, রক্ষা

مَعَاذَ الله [মা'আযাল্লাহ] আল্লাহর আশ্রয় চাই! আল্লাহ রক্ষা করুন!

مُعَار [عور] [মু'আর] ধার বা ঋণ হিসেবে দেওয়া হয়েছে এমন

الْمَعَارِج [عرج] [আল-মা'আরিজ] সূরা আল-মা'আরিজঃ পবিত্র কোরআনের ৭০তম সূরা

ذُو الْمَعَارِج (مَعْرَج) [যুল-মা'আরিজ] উচ্চ মর্যাদার অধিকারীঃ আল্লাহ

مُعَارِض [عرض] [মু'আরিদ] বিরোধী, বিপরীত, বিপক্ষ, প্রতিপক্ষ

مُعَارَضَة [عرض] [মু'আরদাহ] বিরোধিতা, বৈপরীত্য, বিপক্ষতা, বিরোধ, প্রতিরোধ, তুলনা

مَعَارِف [عرف] [মা'আরিফ] বিজ্ঞান, জ্ঞান-বিজ্ঞান, শিক্ষা, চেহারা, অবয়ব, চেহারার সৌন্দর্য, বন্ধু-বান্ধব, পরিচিত লোকজন

مَعَّاز [معز] [মা''আয] ছাগলের মালিক, ছাগল-ওয়ালা, যে ব্যক্তি ছাগল চরায়, ছাগরক্ষক

مَعَاش ج مَعَاشَات ، مَعَايِش [عيش] [মা'আশ] জীবিকা, জীবন, জীবনকাল, জীবনপদ্ধতি, ভাতা, পেনশন

مُعَاشِر [عشر] [মু'আশির] সঙ্গী, সাথী, সহচর, ঘনিষ্ঠ বন্ধু, অন্তরঙ্গ সাথী

مُعَاشَرَة [عشر] [মু'আশারাহ] সঙ্গ, সম্পর্ক, বন্ধুত্ব, ঘনিষ্ঠতা, মেলামেশা

مُعَاصِر [عصر] [মু'আছির] সমসাময়িক, একই যুগের, সমকালীন

مُعَاضَدَة [عضد] [মু'আদদাহ] সাহায্য, সহায়তা, সমর্থন, পৃষ্ঠপোষকতা

مُعَاطَاة [عطو] [মু'আতাত] চর্চা, অনুশীলন, অভ্যাস

مُعَافَاة [عفو] [মু'আফাত] সুস্থতা, রোগমুক্তি, আরোগ্য

مُعَافَى مث مُعَافَاة [عفو] [মু'আফা] সুস্থ, রোগ-মুক্ত, আরোগ্যপ্রাপ্ত

مُعَاق [عوق] [মু'আক] বাধাগ্রস্ত, অন্তরায়গ্রস্ত, বাধা-প্রাপ্ত, প্রতিবন্ধী

مُعَاقَب [عقب] [মু'আক্বাব] শাস্তি দেওয়া হয়েছে এমন, শাস্তিপ্রাপ্ত, সাজাপ্রাপ্ত

مُعَاقِب [عقب] [মু'আক্বিব] শাস্তি প্রদানকারী, শাস্তিদাতা, পরম্পরাগত

مُعَاقَبَة [عقب] [মু'আক্বাবাহ] শাস্তিপ্রদান, শাস্তি, সাজা, পরম্পরা

مُعَاقِر [عقر] [মু'আক্বির] আসক্ত, মদ্যপ, মাতাল

مُعَاقَرَة [عقر] [মু'আক্বারাহ] আসক্তি, মদ্যপান, মদের নেশা

مُعَاكِس [عكس] [মু'আকিস] বিরোধী, বিপরীত, প্রতিকূল, পাল্টা

مُعَاكَسَة [عكس] [মু'আকাসাহ] বিরোধিতা, বৈপরীত্য, প্রতিকূলতা

مُعَالَج [علج] [মু'আলাজ] চিকিৎসা করা হয়েছে এমন, আরোগ্যপ্রাপ্ত, আলোচিত, বিবেচিত

مُعَالِج [علج] [মু'আলিজ] চিকিৎসাকারী, চিকিৎসক, ডাক্তার

مُعَالَجَة [علج] [মু'আলাজাহ] চিকিৎসা, আরোগ্য, আলোচনা, বিবেচনা, পরীক্ষা-নিরীক্ষা

مَعَالِي [علو] [মা'আলী] মহামান্য, মাননীয়

مَعَالِي الْوَزِير [মা'আলীল ওয়াযীর] মাননীয় মন্ত্রী

مُعَامَلَة ج مُعَامَلَات [عمل] [মু'আমালাহ] আচরণ, পারস্পরিক সম্পর্ক, লেনদেন

مُعَانَاة [عني] [মু'আনাত] কষ্ট, যন্ত্রণা, দুর্ভোগ, চেষ্টা, প্রয়াস

مُعَانِد [عند] [মু'আনিদ] প্রতিরোধকারী, অবাধ্য, বিরোধী, একগুঁয়ে, জেদী

مُعَانَدَة [عند] [মু'আনাদাহ] প্রতিরোধ, অবাধ্যতা, বিরোধিতা, একগুঁয়েমি, জিদ

مُعَانَقَة [عنق] [মু'আনাক্বাহ] আলিঙ্গন, কোলাকুলি

مُعَاهِد [عهد] [মু'আহিদ] প্রতিজ্ঞাকারী, প্রতিজ্ঞা-বদ্ধ, চুক্তিবদ্ধ, মৈত্রীচুক্তিতে আবদ্ধ

مُعَاهَدَة [عهد] [মু'আহাদাহ] চুক্তি, সন্ধি, মৈত্রী-চুক্তি, প্রতিশ্রুতি, প্রতিজ্ঞা

مُعَاوِد [عود] [মু'আবিদ] পুনরায় আসে এমন, ফিরে আসে এমন, প্রত্যাবর্তনকারী, অভ্যাসে পরিণতকারী, অভ্যস্ত, পুনরায় জিজ্ঞাসাকারী

مُعَاوَدَة [عود] [মু'আওয়াদাহ] পুনরায় আগমন, প্রত্যাগমন, প্রত্যাবর্তন, পুনরারম্ভ, অভ্যাসে পরিণতকরণ, অভ্যাস, পুনরায় জিজ্ঞাসা

مُعَاوَضَة [عوض] [মু'আওয়াদাহ] বিনিময়, ক্ষতি-পূরণ, প্রতিদান

مُعَاوِن [عون] [মু'আবিন] সহযোগিতাকারী, সহ-যোগী, সাহায্যকারী, সহায়ক, সমর্থক

مُعَاوَنَة [عون] [মু'আওয়ানাহ] সাহায্য, সহায়তা, সহযোগিতা, সমর্থন

مُعَاوِيَة [عوي] [মু'আবিয়াহ] কুকুরী, কুকুরছানা, শৃগালছানা

مَعَايِب (مَعَاب) [عيب] [মা'আয়িব] দোষত্রুটি, ত্রুটিসমূহ, খারাপ দিকসমূহ, অসুবিধাসমূহ

مُعَايَدَة ج مُعَايَدَات [عيد] [মু'আয়াদাহ] ঈদের শুভেচ্ছা, উৎসব উপলক্ষে অভিনন্দন

مَعَايِر [عير] [মা'আয়ির] দোষত্রুটি, ত্রুটিসমূহ, খারাপ দিকসমূহ, অসুবিধাসমূহ

مُعَايَرَة [عير] [মু'আয়ারাহ] ওজন বা মাপ যাচাই-করণ

مُعَايَن [عين] [মু'আয়ান] দৃষ্ট, পর্যবেক্ষণকৃত, পরীক্ষিত, নিরীক্ষাকৃত

مُعَايِن [عين] [মু'আয়িন] দর্শক, প্রত্যক্ষকারী, পর্যবেক্ষণকারী, পরীক্ষাকারী, নিরীক্ষক

مُعَايَنَة [عين] [মু'আয়ানাহ] দর্শন, অবলোকন, পর্যবেক্ষণ, নিরীক্ষণ

مَعْبَأ ج مَعَابِئ [عبأ] [মা'বা'] রাস্তা, পথ

مُعَبَّأ [عبأ] [মু'আব্বা'] প্রস্তুতকৃত, সজ্জিত, বিন্যস্ত, ভরা হয়েছে এমন, পূর্ণ, বোঝাইকৃত, কৌটাবদ্ধ, বোতলজাত

مَعْبَد ج مَعَابِد [عبد] [মা'বাদ] এবাদতখানা, উপা-সনালয়, মন্দির

مُعَبَّد [عبد] [মু'আব্বাদ] অনেক চলাচল হয়েছে এমন, চলার যোগ্য, সুগম (রাস্তা), দাসে পরিণত, বশীভূত, অনুগত

مُعَبِّد [عبد] [মু'আব্বিদ] (রাস্তা) সুগমকারী, দাসে পরিণতকারী, বশীভূতকারী

مَعْبَر ج مَعَابِر [عبر] [মা'বার] পারাপারের স্থান, খেয়াঘাট, ক্রসিং

مِعْبَر ج مَعَابِر [عبر] [মি'বার] খেয়ানৌকা, সেতু, সাঁকো

مُعَبَّر عَنْهُ [عبر] [মু'আব্বার 'আনহু] প্রকাশকৃত, ব্যক্ত, ঘোষিত, নির্দেশিত

مُعَبِّر [عبر] عَنْ [মু'আব্বির 'আন] প্রকাশকারী, ব্যক্তকারী, নির্দেশকারী, ঘোষণাকারী

مِعْبَرَة ج مَعَابِر [عبر] [মি'বারাহ] খেয়ানৌকা, সেতু, সাঁকো

مَعْبُود [عبد] [মা'বূদ] যার উপাসনা করা হয়, উপাস্য, এবাদতের যোগ্য, পূজনীয়, প্রভু, মাবুদ

الْمَعْبُود [عبد] [আল-মা'বূদ] প্রকৃত উপাস্য, মহাপ্রভুঃ আল্লাহ

مُعْتَاد [عود] [মু'তাদ] অভ্যস্ত, সচরাচর, প্রচলিত, প্রথাগত, রীতিসিদ্ধ, সাধারণ, স্বাভাবিক, রীতি, অভ্যাস

كَالْمُعْتَاد [কাল-মু'তাদ] প্রচলিত নিয়মানুসারে, অভ্যাসমত, রীতি অনুযায়ী, যথারীতি

مُعْتَب [عتب] [মু'তাব] সন্তুষ্ট, কবুলকৃত, গৃহীত

مَعْتَبَة ج مَعَاتِب [عتب] [মা'তাবাহ] তিরস্কার, নিন্দা, ভর্ৎসনা, অভিযোগ, ক্রোধ

مَعْتِبَة ج مَعَاتِب [عتب] [মা'তিবাহ] তিরস্কার, নিন্দা, ভর্ৎসনা, অভিযোগ, ক্রোধ

مُعْتَبَر [عبر] [মু'তাবার] বিবেচিত, বিবেচ্য, গণ্য, হিসাবযোগ্য, গুরুত্বপূর্ণ, মূল্যবান

مُعْتَدِل [عدل] [মু'তাদিল] পরিমিত, ন্যায়সঙ্গত, মাঝারি, সুষম, নাতিশীতোষ্ণ (অঞ্চল), সরল, সোজা

مُعْتَدَى عَلَيْهِ [عدو] [মু'তাদা 'আলাইহি] অত্যাচারিত, নির্যাতিত, মজলুম, আক্রান্ত

مُعْتَدِي ، مُعْتَدٍ ج مُعْتَدُون [عدو] [মু'তাদী] বাড়াবাড়িকারী, সীমালঙ্ঘনকারী, অত্যাচারী

مُعْتَذِر [عذر] [মু'তাযির] কৈফিয়তদাতা, ওজর পেশকারী, ক্ষমাপ্রার্থী

مُعْتَرّ [عرر] [মু'তার্] মিনতির সাথে যাঞ্চাকারী, বিনয়ের সাথে ভিক্ষাপ্রার্থী

مُعْتَرِش [عرش] [মু'তারিশ] বেয়ে ওঠে এমন, লতিয়ে ওঠে এমন (গাছ, লতা)

مُعْتَرِض ست مُعْتَرِضَة [عرض] [মু'তারিদ] প্রতিবাদকারী, আপত্তিকারী, বাধাদানকারী, গতিরোধকারী, সম্মুখীন, প্রক্ষিপ্ত, মধ্যবর্তী

جُمْلَة مُعْتَرِضَة [জুমলাহ মু'তারিদাহ] মধ্যবর্তী বাক্য, প্রক্ষিপ্ত বাক্য

مُعْتَرَف بِهِ [عرف] [মু'তারফ বিহী] স্বীকৃত, অনুমোদিত, সমর্থিত

مُعْتَرِف [عرف] [মু'তারিফ] স্বীকৃতি প্রদানকারী, স্বীকারকারী, স্বীকারোক্তিকারী, অনুমোদনকারী, সমর্থনকারী

مُعْتَرَك [عرك] [মু'তারক] যুদ্ধের ময়দান, যুদ্ধক্ষেত্র

مُعْتَزّ [عزز] [মু'তায্] গর্বিত, গৌরবান্বিত, শক্তিশালী

مُعْتَزَل ج مُعْتَزَلَات [عزل] [মু'তাযাল] নির্জন জায়গা, নিভৃত স্থান, আশ্রয়স্থল, পালানোর জায়গা

مُعْتَزِل [عزل] [মু'তাযিল] নির্জন, নিভৃত, বিচ্ছিন্ন, একাকী

الْمُعْتَزِلَة [عزل] [আল-মু'তাযিলাহ] মো'তাযেলা (সম্প্রদায়)

مُعْتَصَم [عصم] [মু'তাছম] আশ্রয়, আশ্রয়গ্রহণের জায়গা, আশ্রয়স্থল

مُعْتَصِم [عصم] [মু'তাছিম] আশ্রিত, আশ্রয়প্রাপ্ত

مُعْتَق [عتق] [মু'তাক] আযাদকৃত, মুক্তি দেওয়া হয়েছে এমন, মুক্ত, মুক্তিপ্রাপ্ত

مُعْتِق [عتق] [মু'তিক] মুক্তিদানকারী, মুক্তিদাতা, মুক্তকারী, আযাদকারী

مُعْتَقَد [عقد] [মু'তাক্বাদ] বিশ্বাস করা হয় এমন, ধারণা করা হয় এমন, ধারণাকৃত

مُعْتَقَد ج مُعْتَقَدَات [عقد] [মু'তাক্বাদ] বিশ্বাস, ধারণা, চিন্তা, আকীদা, মত

مُعْتَقِد [عقد] [মু'তাক্বিদ] বিশ্বাস পোষণকারী, বিশ্বাসী, ধারণাকারী, মত অবলম্বনকারী, মতাবলম্বী

مُعْتَقَل [عقل] [মু'তাক্বাল] গ্রেফতারকৃত, আটককৃত, বন্দী, হাজতী

مُعْتَقَل ج مُعْتَقَلَات [عقل] [মু'তাক্বাল] আটক রাখার জায়গা, বন্দীশিবির, বন্দীশালা, হাজত

مُعْتَقِل [عقل] [মু'তাক্বিল] গ্রেপ্তারকারী, আটককারী

مُعْتَكِف [عكف] [মু'তাকিফ] একান্তে অবস্থানকারী, এ'তেকাফকারী

مُعْتَلّ [علل] [মু'তাল্] ব্যাধিগ্রস্ত, রুগ্ন, অসুস্থ, দুর্বল, ত্রুটিপূর্ণ, যে আরবী শব্দের কোন মূল বর্ণ হরফে ইল্লাত বা স্বরবর্ণ (ا و ي)

مُعْتِم [عتم] [মু'তিম] অন্ধকার, অস্পষ্ট, মেঘাচ্ছন্ন, কুয়াশাচ্ছন্ন

مُعْتَمَد [عمد] [মু'তামাদ] নির্ভরযোগ্য, অনুসৃত, প্রতিষ্ঠিত, সাধারণ, প্রচলিত, অনুমোদিত, স্বীকৃত, নিয়োগপ্রাপ্ত, নিযুক্ত, প্রতিনিধি, কমিশনার

مُعْتَمَد عَلَيْهِ [عمد] [মু'তামাদ 'আলাইহি] নির্ভর করা হয় এমন, নির্ভরযোগ্য, বিশ্বস্ত, ভিত্তি করা হয়েছে এমন

مُعْتَمِد [عمد] عَلَى [মু'তামিদ] নির্ভরকারী, নির্ভরশীল, আস্থাশীল, ভিত্তিশীল

مُعْتَمِر [عمر] [মু'তামির] পরিদর্শনকারী, ওমরা পালনকারী

مُعْتَنِي ، مُعْتَنٍ ج مُعْتَنُوْن [عني] [মু'তানী] যত্নবান, মনোযোগী, আগ্রহী

مَعْتُوه ج مَعَاتِيه [عته] [মা'তূহ] নির্বোধ, বোকা, বিকৃতমস্তিষ্ক, মানসিক বিকারগ্রস্ত, পাগল, উন্মাদ

مَعْثُوث [عثث] [মা'ছূছ] মথ পোকায় ধরেছে এমন, পোকায়-কাটা, কীটদষ্ট

مَعْج [মা'জ] অস্থিরতা, উত্তালতা, যুদ্ধ, বায়ুপ্রবাহ

مَعَجَ [ف] (مَعْج) [মা'আজা] দ্রুত চলা, দ্রুতগামী হওয়া, (সমুদ্র) উত্তাল হওয়া, অস্থির হওয়া, (বাতাস) তোলপাড় করা, ওলটপালট করা, নাড়া, ঘোটা, ঘুসানো

مُعْجَب [عجب] بِ [মু'জাব] বিস্মিত, মুগ্ধ, সন্তুষ্ট, ভক্ত, অহমিকাপূর্ণ

مُعْجِب [عجب] [মু'জিব] আশ্চর্যজনক, বিস্ময়কর, মুগ্ধকর, আনন্দদায়ক, সুখকর

مُعْجِز [عجز] [মু'জিয] অপারগকারী, অক্ষমকারী, অলৌকিক, বিস্ময়কর

مُعْجِزَة ج مُعْجِزَات [عجز] [মু'জিযাহ] মো'জেযা, অলৌকিক বিষয়, বিস্ময়কর বস্তু, অসম্ভব বস্তু

مِعْجَل ج مَعَاجِل [عجل] [মি'জাল] গতিবেগ পরিমাপক যন্ত্র

مُعَجَّل [عجل] [মু'আজ্জাল] অগ্রিম, নগদ, আগে আগে সম্পন্ন, দ্রুত সম্পন্ন, ত্বরিৎ, ত্বরান্বিত, জরুরী

مُعَجِّل [عجل] [মু'আজ্জিল] দ্রুত সম্পন্নকারী, আগে আগে সম্পন্নকারী, ত্বরান্বিতকারী

مُعَجَّلَة ج مُعَجَّلَات [عجل] [মু'আজ্জালাহ] রথ, দ্রুতযান

مُعْجَم [عجم] [মু'জাম] ফোটাযুক্ত, নোকতাযুক্ত, স্বরচিহ্নযুক্ত, হরকতওয়ালা (বর্ণ)

مُعْجَم ج مُعْجَمَات ، مَعَاجِم [عجم] [মু'জাম] অভিধান, শব্দকোষ, dictionary

مَعْجَنَ (مَعْجَنَة) [عجن] [মা'জানা] পুটিন দিয়ে আটকানো, পুটিন লাগানো

مِعْجَن ج مَعَاجِن [عجن] [মি'জান] আটা ময়দা ইত্যাদি মাখার পাত্র বা যন্ত্র

مُعَجَّنَات [عجن] [মু'আজ্জানাত] পেস্ট্রি ও এই জাতীয় খাদ্যদ্রব্য

مِعْجَنَة ج مَعَاجِن [عجن] [মি'জানাহ] আটা ময়দা ইত্যাদি মাখার পাত্র বা যন্ত্র

مَعْجُوْن [عجن] [মা'জুন] মাখানো হয়েছে এমন (ময়দা, আটা)

مَعْجُوْن ج مَعَاجِين [عجن] [মা'জূন] মাখানো ময়দা, লেই, পেস্ট, পুটিন, ক্রিম, মলম

مَعْجُوْن الأَسْنَان [মা'জূনুল আসনান] টুথপেস্ট

مَعْجُوْن الحِلَاقَة [মা'জূনুল হিলাক্বাহ] শেভিং ক্রিম

مَعْجُوْنَة ج مَعْجُوْنَات [عجن] [মা'জূনাহ] পেস্ট, পুটিং, পুটিন

مَعَدَ [ف] (مَعْد) [মা'আদা] নিয়ে যাওয়া, কেড়ে নেওয়া, ছিনিয়ে নেওয়া, চুরি করে নেওয়া, বের করা, পাকস্থলিতে আঘাত দেওয়া, নষ্ট হওয়া

مُعِدَ (مَعْد) [মু'ইদা] পাকস্থলির ব্যথায় কষ্ট পাওয়া, পাকস্থলি নষ্ট হওয়া

مُعَدّ [عدد] [মু'আদ্] প্রস্তুতকৃত, প্রস্তুত, তৈরী

مُعِدّ [عدد] [মু'ইদ্] প্রস্তুতকারী, ব্যবস্থাকারী, পরিকল্পনাকারী

مُعَدَّات [عدد] [মু'আদ্দাত] সাজ-সরঞ্জাম, উপকরণাদি, সরঞ্জামাদি

مَعِدَة ج مِعَد [মা'ইদাহ] পাকস্থলী, পাকাশয়

مِعْدَة ج مِعَد [মি'দাহ] পাকস্থলী, পাকাশয়

مُعَدَّة ج مُعَدَّات [عدد] [মু'আদ্দাহ] উপকরণ, সরঞ্জাম

مُعَدَّد [عدد] [মু'আদ্দাদ] গণনাকৃত, গণিত

مَعْدِل ج مَعَادِل [عدل] [মা'দিল] পথ, রাস্তা, বের হবার পথ, ফেরার পথ, কর্মপদ্ধতি

مُعَدَّل [عدل] [মু'আদ্দাল] পরিবর্তিত, সংশোধিত, ঠিক করা হয়েছে এমন, সুসম্পাদিত, সুবিন্যস্ত, মীমাংসিত

مُعَدَّل ج مُعَدَّلَات [عدل] [মু'আদ্দাল] গড়, হার, (ঘরের) কোণ

مُعْدَم [عدم] [মু'দাম] নেই এমন, মৃত্যুদণ্ড কার্যকর করা হয়েছে এমন, ফাঁসি দেওয়া হয়েছে এমন

مُعْدِم [عدم] [মু'দিম] যার কিছুই নেই, সম্পদবিহীন, নিঃস্ব, দরিদ্র, গরীব, অভাবগ্রস্ত

مَعْدِن ج مَعَادِن [عدن] [মা'দিন] খনি, উৎসমূল, খনিজপদার্থ, ধাতু

مُعَدِّن [عدن] [মু'আদ্দিন] খনিশ্রমিক, খনিজীবী

مَعْدِنِيّ [عدن] [মা'দিনী] খনি-বিষয়ক, খনিজ, আকরিক, ধাতুনির্মিত, ধাতব

مَاء مَعْدِنِيّ ج مِيَاه مَعْدِنِيَّة [মা' মা'দিনী] খনিজ পানি, mineral water

مَعْدُود [عدد] [মা'দূদ] গণিত, গণনাযোগ্য, গণ্য, কতক, কতিপয়, নির্দিষ্টসংখ্যক

مَعْدُوم [عدم] [মা'দূম] অস্তিত্বহীন, অবিদ্যমান, বিলুপ্ত, শূন্য, মুক্ত, বিহীন

مَعْدًى [عدي] [মা'দা] পালানোর পথ, যাওয়ার পথ, পরিত্রাণ, বিকল্প

مَعِدِيّ [মা'ইদী] পাকস্থলী-সংক্রান্ত

مُعْدٍي ، مُعْدٍ ست مُعْدِيَة [عدي] [মু'দী] সংক্রমণ-যোগ্য, সংক্রামক (রোগ)

مُعَدِّيَة ج مُعَدِّيَات [عدي] [মু'আদ্দিয়াহ] খেয়া-নৌকা, ফেরিবোট

مِعْذَار ج مَعَاذِير [عذر] [মি'যার] ওজর, অপার-গতা, অক্ষমতা, কৈফিয়ত

مُعَذَّب [عذب] [মু'আয্যাব] আযাবপ্রাপ্ত, সাজা-প্রাপ্ত, শাস্তিপ্রাপ্ত, নির্যাতিত

مُعَذِّب [عذب] [মু'আয্যিব] আযাব দানকারী, সাজা দানকারী, শাস্তিদাতা, নির্যাতনকারী

مُعَذِّر [عذر] [মু'আয্যির] মিথ্যা ওজর পেশকারী

مَعْذَرَة ج مَعَاذِر [عذر] [মা'যারাহ] ওজর, অপার-গতা, অক্ষমতা, কৈফিয়ত

مَعْذِرَة ج مَعَاذِر [عذر] [মা'যিরাহ] ওজর, অপার-গতা, অক্ষমতা, কৈফিয়ত

مَعْذِرَةً [عذر] [মা'যিরতান] মাফ করবেন! ক্ষমা করুন! ক্ষমা চাই!

مَعْذُرَة ج مَعَاذِر [عذر] [মা'যুরাহ] ওজর, অপার-গতা, অক্ষমতা, কৈফিয়ত

مَعْذُور [عذر] [মা'যূর] ওজরগ্রস্ত, অপারগ, অক্ষম

مَعِر [মা'ইর] চুল বা পালক ঝরে গিয়েছে এমন, কম চুল বা পালকবিশিষ্ট, কৃপণ লোক, কম মাংসওয়ালা

مَعِرَ (س) (مَعَر) [মা'ইরা] ঝরা, ঝরে পড়া, ঝরে যাওয়া, কমে যাওয়া, চুল ঝরে যাওয়া

مَعَّرَ (تَمْعِير) [معر] [মা''আরা] পাথেয় শেষ হয়ে যাওয়া, অভাবগ্রস্ত হওয়া, রাগে (চেহারা) বিকৃত করা

مِعْرَاج ج مَعَارِيج [عرج] [মি'রাজ] মই, সিঁড়ি, সোপান

الْمِعْرَاج [عرج] [আল-মি'রাজ] মে'রাজঃ ঊর্ধ্ব-লোকে রসূলুল্লাহর (স) নৈশভ্রমণ

لَيْلَةُ الْمِعْرَاج [লাইলাতুল মি'রাজ] ঊর্ধ্বলোকে রসূলুল্লাহর (স) ভ্রমণের রাত, মে'রাজ-রজনী

مِعْرَاض ج مَعَارِيض [عرض] [মি'রাদ] পালক-বিহীন তীর, দ্ব্যর্থবোধক কথা

مُعْرَب [عرب] [মু'রাব] (ব্যাকরণে) রূপান্তরযোগ্য, পরিবর্তনযোগ্য (শব্দ)

مُعَرَّب [عرب] [মু'আর্রাব] আরবীকৃত, আরবীতে অনূদিত

مُعَرِّب [عرب] [মু'আর্রিব] আরবীতে অনুবাদ-কারী

مُعَرْبِد [عربد] [মু'আর্বিদ] খারাপ স্বভাববিশিষ্ট, বদমেজাজী, ঝগড়াটে, কলহপ্রিয়, গণ্ডগোলপ্রিয়, হই-হুল্লোড়কারী

مَعَرَّة [عرر] [মা'আর্রাহ] অপরাধ, অন্যায়, দোষ, ত্রুটি, জরিমানা, বিরক্তি, ক্ষতি, কষ্ট, দুঃখ, খারাপ কাজ, কঠোরতা, অসম্মান, অপমান, লাঞ্ছনা, লজ্জা

مِعْرَج ج مَعَارِج [عرج] [মি'রাজ] মই, সোপান, সিঁড়ি

مُعَرَّج [عرج] [মু'আর্রাজ] আঁকাবাঁকা, জটিল

مَعْرِض ج مَعَارِض [عرض] [মা'রিদ] প্রদর্শনীর জায়গা, প্রদর্শনী, মেলা, ঘটনার সময়, ব্যাপার, উপলক্ষ

فِي مَعْرِض [ফী মা'রিদি] উপলক্ষে, ব্যাপারে, সম্বন্ধে, আকারে, ঘটনায়, সময়ে, মধ্যে

مُعْرِض [عرض] [মু'রিদ] যে মুখ ফিরিয়ে নেয়, পরিহারকারী, বিরত

مُعَرَّض [عرض] [মু'আর্রাদ] দুর্বোধ্য, অস্পষ্ট, দ্ব্যর্থবোধক (কথা)

مَعْزَاء [মা'যা'] কঠিন, প্রস্তরময় (ভূমি) [أَمْعَز-এর স্ত্রীলিঙ্গ]

مُعَزَّز [عزز] [মু'আয্যায] সম্মানিত, মর্যাদাবান, জোরদার, শক্তিশালী, সমর্থনপুষ্ট

مِعْزَف ج مَعَازِف [عزف] [মি'যাফ] বাদ্যযন্ত্র, পিয়ানো, ম্যান্ডোলিন

مِعْزَق ، مِعْزَقَة ج مَعَازِق [عزق] [মি'যাক] এক-প্রকার কোদাল, নিড়ানি

مَعْزِل ج مَعَازِل [عزل] [মা'যিল] বিচ্ছিন্ন স্থান, দূরবর্তী স্থান, দূর, আশ্রয়স্থল, অবসরনিকেতন, দূরত্ব

بِمَعْزِلٍ عَنْ [বি-মা'যিলিন 'আন] দূরে, দূরত্বে, বিচ্ছিন্ন

مَعْزُوف [عزف] [মা'যূফ] বাজানো হয়েছে এমন (বাদ্য, বাদ্যযন্ত্র)

مَعْزُوفَة ج مَعْزُوفَات [عزف] [মা'যূফাহ] যন্ত্রসঙ্গীত

مَعْزُول [عزل] [মা'যূল] বিচ্ছিন্ন, দূরে অবস্থিত, সরিয়ে দেওয়া হয়েছে এমন, অপসারিত, বরখাস্ত

مَعْزِي [معز] [মা'যী] যে সম্পদ জমা করে রাখে এবং কেউ চাইলে তা দেয় না, ব্যয়কুণ্ঠ, কৃপণ

مُعَزِّي ، مُعَزٍّ [عزي] [মু'আয্যী] সান্ত্বনাদাতা, প্রবোধ দানকারী, শোক প্রকাশকারী

مَعَسَ [ف] (مَعْس) [মা'আসা] জোরে ঘষা, আঘাত করা, আক্রমণ করা, লাঞ্ছিত করা

مُعْسِر [عسر] [মু'সির] গরীব, দরিদ্র, অভাবগ্রস্ত, অভাবী, অসচ্ছল

مَعْسَرَة ، مَعْسُرَة [عسر] [মা'সারাহ, মা'সুরাহ] কষ্ট, অভাব, অনটন, দারিদ্র

مُعَسْكَر ج مُعَسْكَرَات [عسكر] [মু'আস্কার] সমাবেশস্থল, সেনানিবাস, সেনাছাউনি, শিবির

مَعْسَلَة ج مَعَاسِل [عسل] [মা'সালাহ] মৌমাছির বাসা, মৌচাক, মধুচক্র, মধুকোষ

مَعْسُور [عسر] [মা'সূর] কষ্টে নিপতিত, অনটন-গ্রস্ত, অভাবগ্রস্ত, দরিদ্র

مَعْسُول [عسل] [মা'সূল] মধুমিশ্রিত, মধু-মাখা, মধুযুক্ত, মধুময়, মধুর, মিষ্ট

مَعْسُول اللِّسَان [মা'সূলুল লিসান] মিষ্ট মিষ্ট কথা

مُعَرَّف [عرف] [মু'আর্রাফ] যার সংজ্ঞা দেওয়া হয়েছে, চিহ্নিত, (ব্যাকরণে) নির্দিষ্ট (শব্দ)

مَعْرِفَة ج مَعَارِف [عرف] [মা'রিফাহ] পরিচয়, জ্ঞান, শিক্ষা, সাক্ষরতা, নির্দিষ্ট বিশেষ্য (ব্যা)

مُعَرَّق [عرق] [মু'আর্রাক] শিরাযুক্ত, শিরাবহুল, শিরাময়, শিরাল, বিচিত্রিত, বহুবর্ণরঞ্জিত

مُعَرِّق [عرق] [মু'আর্রিক] ঘাম বের করে এমন, ঘর্মাক্তকারী

مُعَرِّقَة [عرق] [মু'আর্রিক্বাহ] সোয়েটার

مَعْرَك ج مَعَارِك [عرك] [মা'রাক] যুদ্ধক্ষেত্র, যুদ্ধ,

مَعْرَكَة ج مَعَارِك [عرك] [মা'রাকাহ] যুদ্ধ, লড়াই, দ্বন্দ্ব, সংগ্রাম, সজ্ঘাত, অভিযান, যুদ্ধক্ষেত্র

مَعْرُوش [عرش] [মা'রূশ] মাচাযুক্ত, মাচার উপর রক্ষিত

مَعْرُوض [عرض] [মা'রূদ] পেশকৃত, উপস্থাপিত, প্রদর্শিত, দাখিলকৃত, প্রস্তাবিত, পাগলাটে, খ্যাপাটে

مَعْرُوض ج مَعَارِيض [عرض] [মা'রূদ] রিপোর্ট, প্রতিবেদন, দরখাস্ত, আবেদনপত্র

مَعْرُوض ج مَعْرُوضَات [عرض] [মা'রূদ] প্রদর্শিত বস্তু, প্রস্তাবিত বিষয়, প্রস্তাবনা

مَعْرُوف [عرف] [মা'রূফ] পরিচিত, জ্ঞাত, চেনা, জানা, বিখ্যাত, কর্তৃবাচ্যবোধক (ক্রিয়া); ভাল কাজ, কল্যাণ, মঙ্গল, দয়া, অনুগ্রহ

الْحَدِيث الْمَعْرُوف [আল-হাদীছুল মা'রূফ] মা'রূফ হাদীসঃ দুর্বল বর্ণনাকারীর হাদীসের বিপরীতে বিশ্বস্ত বর্ণনাকারীর হাদীস

بِالْمَعْرُوف [বিল-মা'রূফ] ভালভাবে, ঠিকভাবে, ঠিকমত, যথোচিতভাবে, ন্যায়সঙ্গতভাবে, সহৃদয়তার সঙ্গে, সৌহার্দ্যের সঙ্গে, বন্ধুত্বপূর্ণ-ভাবে

مَعْرُوق [عرق] [মা'রূক] কৃশ, রোগা, কাহিল, দুর্বল, ছিপছিপে

مَعْرَى ج مَعَارِي ، مَعَارٍ [عري] [মা'রা] নগ্নতা, নগ্ন অবস্থা, উলঙ্গতা, বিবস্ত্রতা, দেহের যে অংশ অনাবৃত থাকে যেমন মুখমণ্ডল ও দুই হাত

مُعَرًّى مث مُعَرَّاة [عري] [মু'আর্রা] নগ্ন, উলঙ্গ, বিবস্ত্র, শূন্য, মুক্ত, ক্ষয়প্রাপ্ত

مَعْز ، مَعَز ج أَمْعُز [মা'য, মা'আয] ছাগ, ছাগল

الْمُعِزّ [আল-মু'ইয্] সম্মান দানকারীঃ আল্লাহ

বলে এমন, মিষ্টভাষী, মধুভাষী

مِعْشَاب ج مَعَاشِيب [عشب] [মি'শাব] অধিক ঘাসবিশিষ্ট, ঘাসবহুল, তৃণবহুল (ভূমি)

مِعْشَار ج مَعَاشِير [عشر] [মি'শার] দশ ভাগের এক ভাগ, দশমাংশ

مُعْشِب [عشب] [মু'শিব] ঘাসবহুল, তৃণবহুল, ঘাসে-ঢাকা, তৃণাচ্ছাদিত (ভূমি)

مَعْشَر ج مَعَاشِر [عشر] [মা'শার] দল, জনসমষ্টি, লোকজন, জনগোষ্ঠী, গোত্র, সমাজ

مُعَشَّر [عشر] [মু'আশ্শার] দশকোণী, দশভুজ-বিশিষ্ট, দশকোণী বা দশভুজবিশিষ্ট ক্ষেত্র

مُعْشَوْشِب [عشب] [মু'শাওশিব] ঘাসবহুল, তৃণ-বহুল, ঘাসে-ঢাকা, তৃণাচ্ছাদিত (ভূমি)

مَعْشُوق [عشق] [মা'শূক] প্রেমাস্পদ, প্রিয়তম, মাশুক

مَعْشُوقَة ج مَعْشُوقَات [عشق] [মা'শূক্বাহ] প্রিয়া, প্রিয়তমা, প্রেয়সী

مَعَص [মা'আছ] খিঁচুনি, খিল, শিরার মোচড়, শিরার ব্যথা, মচকানি

مَعِص [মা'ইছ] বেশী হাঁটার কারণে যার পায়ের শিরা মোচড় খেয়েছে কিংবা শিরায় ব্যথা হয়েছে

مَعِصَ [س] (مَعَص) [মা'ইছা] বেশী হাঁটার কারণে পায়ের শিরা মোচড় খাওয়া, শিরায় ব্যথা হওয়া

مُعَصَّب [عصب] [মু'আছ্ছব] পেঁচিয়ে বাঁধা হয়েছে এমন (ব্যান্ডেজ, পাগড়ি), সর্দার, মুকুটপরিহিত, ক্ষুধার্ত, দরিদ্র

مُعْصِر ج مَعَاصِر، مَعَاصِير [عصر] [মু'ছির] বয়স্কা, বয়ঃপ্রাপ্তা, সাবালিকা (মেয়ে), বৃষ্টিবাহী (মেঘ)

مُعْصِرَات [عصر] [মু'ছিরাত] বৃষ্টিবাহী মেঘমালা

مَعْصَرَة ج مَعَاصِر [عصر] [মা'ছরাহ] ফল, শস্য ইত্যাদি পিষে বা নিংড়িয়ে রস বের করার কারখানা, মাড়াই-কল

مِعْصَرَة ج مَعَاصِر [عصر] [মি'ছরাহ] রস করার যন্ত্র, নিংড়ানোর যন্ত্র, পেষণযন্ত্র, মাড়াইয়ের যন্ত্র

مِعْصَم ج مَعَاصِم [عصم] [মি'ছাম] কবজি, কব্জি

مَعْصُوب [عصب] [মা'ছূব] পেঁচিয়ে বাঁধা হয়েছে এমন (ব্যান্ডেজ, পাগড়ি), অত্যন্ত ক্ষুধার্ত, পাতলা তরবারি

مَعْصُور [عصر] [মা'ছূর] নিংড়ানো হয়েছে এমন, পিষ্ট

مَعْصُوم [عصم] [মা'ছূম] নিষ্পাপ, পবিত্র, সুরক্ষিত

مَعْصِيَة ج مَعَاصِي [عصي] [মা'ছিয়াহ] অপরাধ, পাপ, গুনাহ, অন্যায়, অবাধ্যতা

مَعِض [মা'ইদ] বিরক্ত, অসন্তুষ্ট, রাগান্বিত, ব্যথিত

مَعِضَ [س] (مَعَض) مِنْ [মা'ইদা] বিরক্ত হওয়া, অসন্তুষ্ট হওয়া, রেগে যাওয়া, কষ্ট পাওয়া

مَعَّضَ (تَمْعِيض) [معض] [মা''আদা] বিরক্ত করা, অসন্তুষ্ট করা, রাগানো, কষ্ট দেওয়া

مِعْضَاد ج مَعَاضِيد [عضد] [মি'দাদ] কসাইয়ের বড় ছুরি, কাস্তের ন্যায় কর্তনযন্ত্রবিশেষ, কাটারি, দা, দাও, হাতের কব্জিতে পরার গহনাবিশেষ

مِعْضَد ج مَعَاضِد [عضد] [মি'দদ] কাস্তের ন্যায় কর্তনযন্ত্রবিশেষ, কাটারি, দা, দাও, শাখা, বালা

مِعْضَدَة ج مَعَاضِد [عضد] [মি'দদাহ] টাকার থলি

مُعْضَل [عضل] [মু'দল] সনদের মধ্য থেকে পর-পর দুই বা ততোধিক বর্ণনাকারীর নাম বাদ পড়েছে এমন (হাদীস)

مُعْضِل [عضل] [মু'দিল] সমস্যাসঙ্কুল, জটিল, বিভ্রান্তিকর, রহস্যময়, দীর্ঘস্থায়ী, দুরারোগ্য (রোগ)

مُعْضِلَة ج مُعْضِلَات، مَعَاضِل [عضل] [মু'দিলাহ] সমস্যা, জটিলতা, ধাঁধা, বিভ্রান্তি, রহস্য

مَعْضُوض [عضض] [মা'দূদ] দংশিত, কামড়ে ধরা হয়েছে এমন

مَعَطَ [ف] (مَعْط) [মা'আতা] উৎপাটিত করা, উপ-ড়ানো, বের করা, প্রসারিত করা, বিলম্বিত করা

مَعِط [মা'ইত] কেশবিহীন, লোমশূন্য

مُعْط [মু'ত] কেশবিহীন, টাকযুক্ত, টেকো, লোম-শূন্য (أَمْعَط-এর বহুবচন)

مَعْطَاء [معط] [মা'তা'] কেশবিহীন, টাকযুক্ত, টেকো, লোমশূন্য (أَمْعَط-এর স্ত্রীলিঙ্গ)

مِعْطَاء [عطي] [মি'তা'] অধিক দানশীল, দাতা, বদান্য, উদার

مُعَطَّر [عطر] [মু'আত্তর] সুগন্ধযুক্ত, সুবাসিত, সুরভিত

مَعْطِف ج مَعَاطِف [عطف] [মা'তিফ] ঘাড়, কাঁধ, কাপড়ের ভাঁজ

مِعْطَف ج مَعَاطِف [عطف] [মি'তফ] কোট, ফ্রক, ওভারকোট, তরবারি

مُعَطَّل [عطل] [মু'আত্তল] বেকার, কর্মহীন, অকেজো, গহনাবিহীন, শূন্য, নষ্ট, বন্ধ

مُعَطَّل الْمَفْعُول [মু'আত্তলুল মাফ্‌উল] অকেজো, নিষ্ক্রিয়, স্থগিত

مَعْطُوب [عطب] [মা'তূব] ধ্বংস, বিনষ্ট

مَعْطُوف [عطف] [মা'তূফ] সংযোজিত, সংযোজিত পদ বা বাক্য (ব্যা)

مَعْطُوف عَلَيْه [عطف] *[মা'তূফ 'আলাইহ্] যে* পদ বা বাক্যের সাথে সংযোজিত (ব্যা)

مُعْطِي ، مُعْطٍ [عطو] [মু'তী] দাতা, দানকারী, প্রদানকারী

مُعْطًى ـث مُعْطَاةٌ [عطو] [মু'তা] দেওয়া হয়েছে এমন, প্রদান করা হয়েছে এমন, প্রদত্ত

مُعْطَيَات (مُعْطًى) [عطو] [মু'তয়াত] দানসমূহ, তথ্যসমূহ

مُعْظَم ج مَعَاظِم [عظم] [মু'যম] প্রধান অংশ, বড় অংশ, অধিকাংশ

مُعَظَّم [عظم] [মু'আয্‌যম] সম্মানিত, শ্রদ্ধেয়, মর্যাদাবান, মহান

مُعَفَّن [عفن] [মু'আফ্‌ফান] পচা, নষ্ট, বিকৃত, পচনশীল

مُعْفًى ـث مُعْفَاةٌ [عفو] [মু'ফা] মাফ করা হয়েছে এমন, মুক্ত

مُعَقِّب [عقب] [মু'আক্কিব] পশ্চাদ্বর্তী, পশ্চাতে নিক্ষেপকারী, খণ্ডনকারী, পরপর আগমনকারী, পর্যালোচনাকারী

مُعَقِّبَات [عقب] [মু'আক্কিবাত] রাত ও দিনের ফেরেশতাগণ, নামাযের শেষে পঠিত তাসবীহ-সমূহ

مَعْقِد ج مَعَاقِد [عقد] [মা'ক্বিদ] জোড়া, সংযোগ-স্থল, গ্রন্থি, গিঁট, গিঁঠ, গিরা

مِعْقَد [عقد] [মি'ক্বাদ] পাকস্থলির নিকটবর্তী যে গ্রন্থি থেকে পাচক রস ও ইনসুলিন নিঃসৃত হয়, অগ্ন্যাশয়, pancreas

مُعَقَّد [عقد] [মু'আক্কাদ] জটিল, দুর্বোধ্য, গিঁটযুক্ত

مَعْقِل ج مَعَاقِل [عقل] [মা'ক্বিল] আশ্রয়স্থল, উঁচু পাহাড়, দুর্গ, কেল্লা

مُعَقَّم [عقم] [মু'আক্কাম] বন্ধ্যাকৃত, বন্ধ্যা, বাঁজা, অনুর্বর, নিষ্ফল

مُعَقِّم [عقم] [মু'আক্কিম] বন্ধ্যাকারী, উৎপাদনে অক্ষমকারী, অনুর্বরকারী, নিষ্ফলকারী

مَعْقُود [عقد] [মা'কূদ] গিঁঠ দেওয়া হয়েছে এমন, গিঁঠযুক্ত, বন্ধনযুক্ত, বদ্ধ, আবদ্ধ, রুদ্ধ, আটকে যায় এমন, চুক্তিবদ্ধ, সংঘটিত, সম্পন্ন, অনুষ্ঠিত

مَعْقُوف [عقف] [মা'কূফ] বাঁকানো, বক্র, বাঁকা-মাথা

مَعْقُول [عقل] [মা'কূল] বোধগম্য, সঙ্গত, যুক্তি-সঙ্গত, যৌক্তিক, সম্ভাব্য

مَعْقُول ج مَعْقُولَات [عقل] [মা'কূল] বোধগম্য বিষয়, বুদ্ধি, জ্ঞান

عِلْم الْمَعْقُولَات ['ইলমুল মা'কূলাত] অধিবিদ্যা, metaphysics

مَعْقُولِيَّة [عقل] [মা'কূলিয়্যাহ্] বোধগম্যতা, যৌক্তিকতা, সম্ভাব্যতা

مَعَكَ [ف] (مَعْك) [মা'আকা] ঘর্ষণ করা, ঘষা, মর্দন করা, ডলা, মালিশ করা, লাঞ্ছিত করা, বিলম্বিত করা

مُعَكَّر [عكر] [মু'আক্কার] কর্দমাক্ত, পঙ্কিল, ঘোলা

مَعْكُوس [عكس] [মা'কূস] উল্টা, বিপরীত, প্রতি-ফলিত

مَعْكُوف [عكف] [মা'কূফ] অবস্থানরত, আটক, বন্দী, নিবেদিত, খোঁপাকৃত, বিনুনিকৃত (চুল)

مُعَلّ [علل] [মু'আল] রোগগ্রস্ত, পীড়িত, অসুস্থ

مِعْلَاق ج مَعَالِيق [علق] [মি'লাক] জিহ্বা, জবাই-কৃত প্রাণীদেহ থেকে উৎপাটিত হৃৎপিণ্ড যকৃৎ ও ফুসফুস, ঝুলে থাকে এমন, লেগে থাকে এমন, ঝগড়াটে

مُعَلَّب [علب] [মু'আল্লাব] কৌটাবদ্ধ, কৌটায় সংরক্ষিত, টিনজাত (খাদ্য)

مُعَلِّب [علب] [মু'আল্লিব] কৌটাবদ্ধকারী, কৌটায় সংরক্ষণকারী, টিনজাতকারী

مُعَلَّبَات [علب] [মু'আল্লাবাত] কৌটাবদ্ধ খাদ্য-

দ্রব্য, টিনজাত খাদ্যসামগ্রী

مَعْلَف ج مَعَالِف [علف] [মা'লাফ] গবাদি পশুর জাবনা খাদ্যের বড় গামলা, ডাবা

مِعْلَف ج مَعَالِف [علف] [মি'লাফ] গবাদি পশুর জাবনা খাদ্যের বড় গামলা, ডাবা

مُعَلَّق [علق] [মু'আল্লাক] ঝুলন্ত, লটকানো, সংলগ্ন, সংযুক্ত, স্থগিত, নির্ভরশীল

الحَدِيث المُعَلَّق [আল-হাদীছুল মু'আল্লাক] মু'আল্লাক হাদীসঃ সনদের শুরু থেকে এক বা একাধিক বর্ণনাকারীর নাম বাদ দেওয়া হয়েছে এমন হাদীস

مُعَلِّق [علق] [মু'আল্লিক] যে ঝুলিয়ে বা লটকিয়ে রাখে, পর্যালোচনাকারী, বিশ্লেষণকারী, ব্যাখ্যা-কারী

مُعَلَّقَة ج مُعَلَّقَات [علق] [মু'আল্লাকাহ] প্রতিযো-গিতায় শ্রেষ্ঠ বিবেচিত হওয়ায় পবিত্র কা'বার সাথে ঝুলিয়ে-রাখা জাহিলী যুগের বিশেষ কবিতা

مُعَلَّل [علل] [মু'আল্লাল] কারণ ব্যাখ্যা করা হয়েছে এমন, যৌক্তিকতা প্রমাণ করা হয়েছে এমন, সঠিক বলে সাব্যস্ত

الحَدِيث المُعَلَّل [আল-হাদীছুল মু'আল্লাল] মু'আল্লাল হাদীসঃ সূক্ষ্ম ত্রুটিযুক্ত হাদীস

مَعْلَم ج مَعَالِم [علم] [মা'লাম] নিদর্শন, চিহ্ন, প্রতীকী চিহ্ন, দিকচিহ্ন, বৈশিষ্ট্য, রূপরেখা

مُعْلَم [علم] [মু'লাম] চিহ্নিত, চিহ্নযুক্ত, জানানো হয়েছে এমন

مُعْلِم [علم] [মু'লিম] অবহিতকারী, সংবাদদাতা, প্রচারক

مُعَلَّم [علم] [মু'আল্লাম] শিক্ষা দেওয়া হয়েছে এমন, শিক্ষাপ্রাপ্ত, শেখানো, চিহ্নিত, মার্কা-মারা

مُعَلِّم [علم] [মু'আল্লিম] শিক্ষাদানকারী, শিক্ষক

مُعَلِّمَة ج مُعَلِّمَات [علم] [মু'আল্লিমাহ] শিক্ষিকা, শিক্ষয়িত্রী

مُعْلَن [علن] [মু'লান] ঘোষিত, বিজ্ঞাপিত

مُعْلِن [علن] [মু'লিন] ঘোষণাকারী, ঘোষক, বিজ্ঞপ্তিদাতা, বিজ্ঞাপনদাতা

مَعْلُوف [علف] [মা'লূফ] খাদ্য দেওয়া হয়েছে এমন (পশু)

مَعْلُول [علل] [মা'লূল] ব্যাধিগ্রস্ত, রোগাক্রান্ত, অসুস্থ, পরিণতি, পরিণাম

مَعْلُوم [علم] [মা'লূম] জ্ঞাত, সুবিদিত, পরিচিত, নির্দিষ্ট, কর্তৃবাচ্যমূলক (ক্রিয়া)

مَعْلُوم ج مَعَالِيم، مَعْلُومَات [علم] [মা'লূম] তথ্য, জ্ঞাত বিষয়, নির্দিষ্ট বিষয়, নির্দিষ্ট মজুরি

مَعْلُومَات [علم] [মা'লূমাত] জ্ঞাত বিষয়সমূহ, তথ্যসমূহ, তথ্যাবলী

مَعْلُومَاتِيَّة [علم] [মা'লূমাতিয়্যাহ] তথ্যবিজ্ঞান, তথ্য পরিবেশন

مَعْلُومَة ج مَعْلُومَات [علم] [মা'লূমাহ] তথ্য, জ্ঞাত বিষয়, ঘটনা

مِعَمّ [عمم] [মি'আম্] যার দান সবকিছু অন্তর্ভুক্ত করে, বড় দানশীল, যার বহুসংখ্যক চাচা আছে, যার চাচারা সম্ভ্রান্ত

مُعَمّ ، مُعِمّ [عمم] [মু'আম্, মু'ইম্] যার চাচারা সম্ভ্রান্ত, যার বহুসংখ্যক চাচা আছে

مِعْمَار [عمر] [মি'মার] রাজমিস্ত্রি, স্থাপত্যশিল্পী, স্থপতি, নির্মাতা

مِعْمَارِيّ [عمر] [মি'মারী] স্থাপত্য-বিষয়ক, নির্মাণ-বিষয়ক

مِعْمَارِيّ ج مِعْمَارِيَّة [عمر] [মি'মারী] রাজমিস্ত্রি, স্থাপত্যশিল্পী, স্থপতি, নির্মাতা

مُعَمَّد [عمد] [মু'আম্মাদ] খ্রিস্টধর্মে দীক্ষিত

مُعَمِّد [عمد] [মু'আম্মিদ] যিনি খ্রিস্টধর্মে দীক্ষা দেন, দীক্ষাগুরু

مُعَمَّر ج مُعَمَّرُون [عمر] [মু'আম্মার] বয়োবৃদ্ধ, বয়স্ক

مَعْمَعَان [معمع] [মা'মা'আন] (যুদ্ধের) প্রচণ্ডতা, তীব্রতা, ভয়াবহতা, প্রচণ্ড গরম

مَعْمَعَ (مَعْمَعَة) [মা'মা'আ] দ্রুত কাজ করা, তীব্র যুদ্ধ করা, প্রচণ্ড গরমে ভ্রমণ করা, কলরোল করা, কলরব করা, কোলাহল করা, শোরগোল করা, হট্টগোল করা

مَعْمَعَة ج مَعَامِع [معمع] [মা'মা'আহ] কলরোল, কলরব, কোলাহল, শোরগোল, হট্টগোল, তীব্রতা, প্রচণ্ডতা, ভয়াবহতা, প্রচণ্ড গরম

مَعْمَعِيّ [মা'মা'ঈ] ধামাধরা, মোসাহেব, চামচা,

চাটুকার

مُعَمَّق [عمق] [মু'আম্মাক] গভীর, ব্যাপক, বিশদ, বিস্তারিত

مَعْمَل ج مَعَامِل [عمل] [মা'মাল] কারখানা, কর্ম-শালা, পরীক্ষাগার

مُعَمَّم [عمم] [মু'আম্মাম] পাগড়িপরিহিত, পাগড়ি-ধারী, নেতা, সাধারণ, সকলের জন্য উন্মুক্ত

مَعْمُودِيَّة [عمد] [মা'মূদিয়্যাহ] খ্রিস্টধর্মে দীক্ষা

مَعْمُور [عمر] [মা'মূর] বসতিপূর্ণ, আবাদ, জন-বহুল

المَعْمُور [عمر] [আল-মা'মূর] পৃথিবী, বিশ্ব, দুনিয়া

المَعْمُورَة [عمر] [আল-মা'মূরাহ] পৃথিবী, দুনিয়া, বিশ্ব

مَعْمُول [عمل] [মা'মূল] কৃত, সম্পাদিত, গঠিত, উৎপাদিত, প্রক্রিয়াজাত, ভিতরে পেস্তা-দেওয়া একপ্রকার মিষ্টান্ন

مُعَمًّى ست مُعَمَّاة [عمي] [মু'আম্মা] হেঁয়ালিপূর্ণ, রহস্যপূর্ণ, রহস্যময়, অস্পষ্ট, লুক্কায়িত

مُعَمًّى ج مُعَمَّيَات [عمي] [মু'আম্মা] প্রহেলিকা, হেঁয়ালি, রহস্য, ধাঁধা

مُعَنْعَن [عنعن] [মু'আন্'আন] "অমুক থেকে অমুক" এরূপ সূত্রধারায় বর্ণিত (হাদীছ)

مُعَنْوَن [عنون] [মু'আন্ওয়ান] শিরোনামযুক্ত, ঠিকানাযুক্ত

مَعْنَوِيّ [عني] [মা'নাবী] অর্থগত, আভ্যন্তরীণ, মানসিক, আধ্যাত্মিক, নৈতিক

مَعْنَوِيَّات [عني] [মা'নাবিয়্যাত] আত্মবিশ্বাস, মনোবল

مَعْنًى ج مَعَانٍي ، مَعَانٍ [عني] [মা'না] অর্থ, মানে, তাৎপর্য, উদ্দেশ্য

ذُو مَعْنًى [যু মা'নান] অর্থপূর্ণ, তাৎপর্যপূর্ণ

لاَ مَعْنَى لَهُ [লা মা'না লাহু] যার কোন অর্থ নেই, অর্থহীন, নিরর্থক, ফালতু

أَهْل المَعَانِي [আহ্লুল মা'আনী] অধ্যাত্মবাদী

عِلْم المَعَانِي ['ইলমুল মা'আনী] 'ইলমুল মা'আনীঃ আরবী অলঙ্কারশাস্ত্রের একটি শাখা

مَعْنِيّ [عني] [মা'নী] উদ্দিষ্ট, অভীষ্ট, সংশ্লিষ্ট, সম্পৃক্ত

مَعْهَد ج مَعَاهِد [عهد] [মা'হাদ] ইনস্টিটিউট, প্রতিষ্ঠান, শিক্ষা-প্রতিষ্ঠান, শিক্ষালয়, স্থান, নির্দিষ্ট স্থান, সাধারণ মানুষের মিলনস্থল

مَعْهُود [عهد] [মা'হূদ] প্রতিশ্রুত, বিদিত, বর্ষণ-সিক্ত, পরিচিত, প্রথাগত, রীতিসিদ্ধ

مِعْوَان ج مَعَاوِين [عون] [মি'ওয়ান] নির্ভরযোগ্য সাহায্যকারী, অধিক সাহায্যকারী, ভাল সহায়ক, সহায়ক শক্তি

مُعْوَجّ [عوج] [মু'ওয়াজ্জ] বক্র, বাঁকা, কুব্জ, তির্যক

مُعْوَجَّة [عوج] [মু'ওয়াজ্জাহ] বাঁকা লম্বা গলা-বিশিষ্ট (কাচের) পাত্র, বকযন্ত্র

مُعَوَّد [عود] عَلَى [মু'আওওয়াদ] অভ্যস্ত, অভ্যাস-গত, প্রচলিত

مُعَوِّذ [عوذ] [মু'আওবিয] ঝাড়ফুঁককারী, তাবিজ-কারী, তাবিজদাতা

المُعَوِّذَتَان [عوذ] [আল-মু'আওবিযাতান] পবিত্র কোরআনের "আন-নাস" ও "আল-ফালাক" সূরাদ্বয়

مُعْوِز [عوز] [মু'বিয] গরীব, দরিদ্র, অভাবগ্রস্ত, নিঃস্ব

مُعَوَّض [عوض] [মু'আওওয়াদ] পরিবর্তে দেওয়া হয়েছে এমন, প্রতিদানসরূপ দেওয়া হয়েছে এমন, ক্ষতিপূরণ বাবদ প্রদত্ত

مُعَوِّض [عوض] [মু'আওবিদ] বিনিময়দাতা, প্রতি-দানদাতা, ক্ষতিপূরণ প্রদানকারী

مُعَوَّق [عوق] [মু'আওওয়াক] বাধাগ্রস্ত, বাধাপ্রাপ্ত, অন্তরায়গ্রস্ত, প্রতিবন্ধী

مُعَوِّق [عوق] [মু'আওবিক] বাধা দানকারী, প্রতি-বন্ধকতা সৃষ্টিকারী

مُعَوِّق ج مُعَوِّقَات [عوق] [মু'আওবিক] অন্তরায়, বাধা, প্রতিবন্ধকতা

مِعْوَل ج مَعَاوِل [عول] [মি'ওয়াল] কুঠার, গাঁতি, কোদাল

مُعَوَّل عَلَيْهِ [عول] [মু'আওওয়াল 'আলাইহি] নির্ভরযোগ্য, বিশ্বস্ত

مُعَوِّل [عول] عَلَى [মু'আওবিল] নির্ভরকারী, নির্ভর-শীল, সংকল্পকারী

[মা'উনাহ্] সহায়তা, সাহায্য — مَعُونَة ج مَعُونَات [عون]

[মি'আবী] অন্ত্র-বিষয়ক, নাড়ীভুঁড়ি-সংক্রান্ত — مِعَوِيّ [معي]

[মা'ই, মি'আ] অন্ত্র, আঁতড়ি, নাড়ীভুঁড়ি — مَعْي ، مِعًى ج أَمْعَاء

[মি'ইয়ার] মান, মানদণ্ড, কষ্টিপাথর, আদর্শ, মাপ, পরিমাপ — مِعْيَار ج مَعَايِير [عير]

[মি'ইয়ারী] মানদণ্ড-বিষয়ক, মান-সম্পন্ন, আদর্শিক — مِعْيَارِيّ [عير]

[মা'ঈব] দোষযুক্ত, ত্রুটিপূর্ণ, নষ্ট, খারাপ — مَعِيب [عيب]

[মু'আইয়িব] দোষী সাব্যস্তকারী, দোষারোপকারী, নিন্দাকারী — مُعَيِّب [عيب]

[মু'ঈব] অসম্মানজনক, লাঞ্ছনা-কর, কলংকজনক — مُعِيب [عيب]

[মা'ইয়্যাহ্] সাহচর্য, সান্নিধ্য, সঙ্গ, সমাপতন — مَعِيَّة

[বি-মা'ইয়্যাতি] সাথে, সঙ্গে, সাহচর্যে — بِمَعِيَّة

[মু'ঈদ] ফেরত আনয়নকারী, ফেরত-দানকারী, পুনরায় সম্পাদনকারী, পুনরাবৃত্তি-কারী, শিক্ষক, সহায়ক শিক্ষক — مُعِيد [عود]

[আল-মু'ঈদ] মৃতকে পুনর্জীবিতকারী, পুন-রায় সৃষ্টিকারীঃ আল্লাহ — المُعِيد

[মু'ঈর] ধার প্রদানকারী — مُعِير [عور]

[মা'ঈশাহ্] জীবিকা, জীবনযাপনের সামগ্রী, বেঁচে থাকার উপকরণ, জীবন, জীবনপদ্ধতি, জীবনযাত্রা — مَعِيشَة ج مَعَايِش [عيش]

[মু'আইয়াল] যার পরিবার-পরিজন আছে — مُعَيَّل [عيل]

[মু'ঈল] ভরণপোষণকারী, পরিবার-পরিজন আছে এমন — مُعِيل [عول ، عيل]

[মা'ঈন] ভূপৃষ্ঠে প্রবহমান পানি, স্বচ্ছ সুরা, বিশুদ্ধ শরাব, খাঁটি মদ — مَعِين ج مُعُن ، مُعُنَات [معن]

[মা'ঈন] কুদৃষ্টি লেগেছে এমন, চোখ লেগেছে এমন, পানির উৎস,ঝরনা — مَعِين [عون ، عين]

[মু'আইয়ান] বরাদ্দকৃত, নির্ধারিত, নির্দিষ্ট, নিযুক্ত — مُعَيَّن [عين]

[মু'আইয়ান] সমবাহু অসমকোণী চতুর্ভুজ, রম্বস, নির্দিষ্ট পরিমাণ, হার — مُعَيَّن ج مُعَيَّنَات [عين]

[মু'আইয়িন] নির্দিষ্টকারী, নির্ধারণ-কারী, বরাদ্দকারী, নিয়োগকর্তা — مُعَيِّن [عين]

[মু'ঈন] সাহায্যকারী, সহায়তাকারী, সহায়ক — مُعِين [عون]

[মা'য়ূব] দোষযুক্ত, ত্রুটিপূর্ণ, নষ্ট, খারাপ — مَعْيُوب [عيب]

[মা'য়ূন] ভূপৃষ্ঠে প্রবহমান, চলমান (পানি), চোখ লেগেছে এমন, কুদৃষ্টি লেগেছে এমন — مَعْيُون [عون ، عين]

[মাগা] (বিড়াল) ডাকা, মিউমিউ করা — مَغَا (ن) (مَغْو ، مُغَاء) [مغو]

[মুগা'] বিড়ালের ডাক, মিউমিউ ডাক — مُغَاء [مغو]

[মুগাবানাহ্] প্রতারণামূলক বিক্রয়, পারস্পরিক প্রতারণাপূর্ণ ব্যবসা — مُغَابَنَة [غبن]

[মুগাদির] (স্থান) ত্যাগকারী, (স্থান থেকে) প্রস্থানকারী, রওয়ানাকারী — مُغَادِر [غدر]

[মুগাদারাহ্] ত্যাগ, প্রস্থান, যাত্রা, রওয়ানা — مُغَادَرَة [غدر]

[মাগার] গহ্বর, গুহা, গর্ত, আক্রমণ, হামলা, যুদ্ধ — مَغَار ج مَغَارَات ، مَغَاوِر [غور]

[মাগারাহ্] গুহা, গর্ত, গহ্বর, আক্রমণ, হামলা, যুদ্ধ — مَغَارَة ج مَغَارَات ، مَغَاوِر [غور]

[মুগাযালাহ্] প্রেম প্রকাশ, প্রণয় প্রকাশ, প্রেমের ভান, প্রণয়লীলা, ছিনালি — مُغَازَلَة [غزل]

[মাগাযী] বিজয়ীদের কর্মকাণ্ড ও গুণাবলী — مَغَازِي [غزو]

[মাগাছ] ডুব দেওয়ার জায়গা, ডুবে থাকার জায়গা, জন্তুর উপরিভাগ — مَغَاص [غوص]

[মাগাছুল লু'লু'] মুক্তার ঝিনুক ধরার জায়গা, pearl fishery — مَغَاص اللُّؤْلُؤ

[মুগাদিব] রাগান্বিত, অসন্তুষ্ট — مُغَاضِب [غضب]

[মুগালাত] বাড়াবাড়ি, সীমালঙ্ঘন, অতিশয়োক্তি, অতিরঞ্জন — مُغَالَاة [غلو]

[মুগালাবাহ্] বিজয়ী হবার চেষ্টা, বিজয়ী হবার প্রতিযোগিতা, লড়াই, সংগ্রাম — مُغَالَبَة [غلب]

[মুগালাতাহ্] বিভ্রান্তি, প্রতারণা, — مُغَالَطَة [غلط]

ভ্রান্ত যুক্তি

مُغَالِي ، مُغَالٍ [غلو] [মুগালী] বাড়াবাড়িকারী, সীমালংঘনকারী, অতিরঞ্জনকারী

مُغَامِر [غمر] [মুগামির] ঝুঁকি গ্রহণকারী, দুঃসাহসী, উদ্যোগ গ্রহণকারী, উদ্যোক্তা

مُغَامَرَة ج مُغَامَرَات [غمر] [মুগামারাহ] দুঃসাহস, ঝুঁকি, উদ্যোগ

مَغَاوِير (مِغْوَار) [غور] [মাগাবীর] গেরিলা বাহিনী, কমান্ডো বাহিনী

مُغَايِر [غير] لِ [মুগায়ির] বিপরীত, পরিপন্থী, ভিন্ন, ভিন্নধর্মী

مُغَايَرَة [غير] [মুগায়ারাহ] বৈপরীত্য, ভিন্নতা

مَغَبَّة ج مَغَبَّات [غبب] [মাগাব্বাহ] পরিণাম, পরিণতি, ফল, ফলাফল

مُغْبَرّ ، مُغْبَرّ [غبر] [মুগ্‌বার, মুগাব্বার] ধুলায় আবৃত, ধূলিময়, গুঁড়ো-গুঁড়ো

مَغْبِن ج مَغَابِن [غبن] [মাগ্‌বিন] বগল, দেহের নোংরা গুপ্তাঙ্গ, উরুর ভিতরের দিক

مَغْبُوط [غبط] [মাগ্‌বূত] ঈর্ষান্বিত, পরশ্রীকাতর, হিংসুক, সুখী, সৌভাগ্যবান, আশীর্বাদপ্রাপ্ত

مُقَيَّم [قيم] [মুক্বাইয়াম] মূল্যায়নকৃত, মূল্যনিরূপিত

مُقَيِّم [قيم] [মুক্বাইয়িম] মূল্যনিরূপণকারী, মূল্যায়নকারী

مُقِيم [قوم] [মুক্বীম] অবস্থানকারী, বসবাসকারী, নিবাস স্থাপনকারী, স্থায়ী, সম্পন্নকারী, প্রতিষ্ঠাকারী

مَكَّ [ن] (مَكٌّ) [মাক্কা] (হাড়) চুষে খাওয়া, ধ্বংস

করা, পীড়াপীড়ি করা, চাপাচাপি করা

مَكَا (ن) (مُكَاء ، مَكْو) [مكو] [মাকা] মুখ দিয়ে শিস দেওয়া

مُكَا ، مُكَاء [মুকা, মুকা'] শিস, শিসধ্বনি

مُكَّاء ج مَكَاكِيّ [মুক্কা'] শিসপাখি, দোয়েল

مُكَابِد [كبد] [মুকাবিদ] (কষ্ট) সহ্যকারী, ভোগকারী, সংগ্রামী

مُكَابَدَة [كبد] [মুকাবাদাহ্] সহ্যকরণ, সহ্য, ভোগ, সংগ্রাম, অভিজ্ঞতা

مُكَابِر [كبر] [মুকাবির] বড়ত্বের প্রতিযোগিতাকারী, প্রতিযোগী, অহঙ্কারী, জেদী

مُكَابَرَة [كبر] [মুকাবারাহ্] বড়ত্বের প্রতিযোগিতা, অহঙ্কার, জেদ, জিদ

مُكَاتِب [كتب] [মুকাতিব] পত্রযোগাযোগকারী, চিঠিপত্র বিনিময়কারী, সংবাদদাতা, নির্দিষ্ট অংক পরিশোধের ভিত্তিতে দাসমুক্তির চুক্তিকারী মালিক

مُكَاتَب [كتب] [মুকাতাব] নির্দিষ্ট অংকে পরিশোধের ভিত্তিতে মুক্তিলাভের চুক্তিতে আবদ্ধ দাস

مُكَاتَبَة [كتب] [মুকাতাবাহ্] পত্রযোগাযোগ, চিঠিপত্র বিনিময়, লেখালেখি

مَكَّار [مكر] [মাক্কার] প্রতারক, প্রবঞ্চক, ধোঁকাবাজ

مَكَارِم الأَخْلَاق [মাকারিমুল আখ্লাক] চারিত্রিক গুণাবলী

مَكَّاس [مكس] [মাক্কাস] শুল্ক আদায়কারী, কর আদায়কারী

مُكَافَأَة ج مُكَافَآت [كفأ] [মুকাফাআহ্] প্রতিদান, ক্ষতিপূরণ, পুরস্কার, পারিশ্রমিক, বিনিময়, ভাতা, বোনাস, প্রিমিয়াম

مُكَافِئ [كفأ] [মুকাফি'] সমান, সমমান, যথাযথ, উপযোগী

مُكَافِح [كفح] [মুকাফিহ্] সংগ্রামকারী, সংগ্রামী, প্রতিরোধকারী, যোদ্ধা

مُكَافَحَة [كفح] [মুকাফাহাহ্] সংগ্রাম, প্রতিরক্ষা, প্রতিরোধ, যুদ্ধ

مُكَالِب [كلب] [মুকালিব] সাহসী

مُكَالَمَة ج مُكَالَمَات [كلم] [মুকালামাহ্] আলাপ, কথাবার্তা, কথোপকথন

مَكَان ج أَمْكِنَة ، أَمْكُن جج أَمَاكِن [كون] [মাকান] স্থান, জায়গা, স্থল, অবস্থান, পদ, মর্যাদা

مَكَانَ [মাকানা] স্থানে, স্থলে, জায়গায়, পরিবর্তে

مَكَانَة ج مَكَانَات [كون ، مكن] [মাকানাহ্] স্থান, মর্যাদা, সম্মান, প্রভাব, প্রতিপত্তি, ক্ষমতা, অবস্থা, অবস্থান, ধীরতা, মন্থরতা

مِكَبّ [كبب] [মিকাব্] (সুতা পেঁচানোর) টাকু, চরকি, কাটিম, লাটাই, রিল, ববিন, বল, গুলি, ফেটি

مُكِبّ [كبب] [মুকিব্] অধোমুখী, উপুড়, প্রবৃত্ত, নিবেদিত

مِكْبَاس ج مَكَابِيس [كبس] [মিক্বাস] চাপযন্ত্র, পেষণযন্ত্র, চাপদণ্ড

مُكَبَّب [كبب] [মুকাব্বাব] কাবাবে পরিণত, দলা বা পিণ্ড বানানো হয়েছে এমন, দলা, পিণ্ড

مِكْبَح ج مَكَابِح [كبح] [মিক্বাহ্] থামানোর যন্ত্র, ব্রেক, লাগাম

مُكَبَّر [كبر] [মুকাব্বার] বড় করা হয়েছে এমন, বর্ধিত

مُكَبِّر [كبر] [মুকাব্বির] যে বড় বা বৃদ্ধি করে, বর্ধক, (বিদ্যুতের) amplifier, "তাকবীর" উচ্চারণকারী, বড়ত্ব ঘোষণাকারী

مُكَبِّر الصَّوْت [মুকাব্বিরুছ ছওত] ধ্বনিবর্ধক যন্ত্র, স্পীকার, লাউডস্পীকার

مِكْبَس ج مَكَابِس [كبس] [মিক্বাস] পেষণযন্ত্র, চাপযন্ত্র, চাপদণ্ড

مُكَبَّل [كبل] [মুকাব্বাল] আটককৃত, শৃংখলিত, নিগড়িত, হাতকড়া-পরানো, বন্দী

مَكْبُوت [كبت] [মাক্বূত] দমনকৃত, অবদমিত, নিয়ন্ত্রিত, বশীভূত, নত, লাঞ্ছিত, ভূপাতিত

مَكْبُوح [كبح] [মাক্বূহ্] থামানো হয়েছে এমন, লাগাম-পরিহিত, নিয়ন্ত্রিত, বাধাপ্রাপ্ত, বিরত

مَكْبُوس [كبس] [মাক্বূস] চাপ দেওয়া হয়েছে এমন, ঠেসে রাখা হয়েছে এমন, পিষ্ট

مَكَّة المُكَرَّمَة [মাক্কাহ্ আল-মুকাররমাহ্] পবিত্র মক্কা নগরী, মক্কা শরীফ

مُكْتَئِب [كئب] [মুক্তা'ইব] বিষণ্ন, মলিন, ম্লান,

নিরুৎসাহিত, অবসাদগ্রস্ত

[মাক্তাব] কার্যালয়, مَكْتَب ج مَكَاتِب [كتب] অফিস, দফতর, ব্যুরো, ডেস্ক (desk)

[মাক্তাবুল বারীদ] পোস্ট অফিস, مَكْتَب الْبَرِيد ডাকঘর

[মাক্তাবাহ্] লাইব্রেরী, مَكْتَبَة ج مَكَاتِب [كتب] গ্রন্থাগার, পাঠাগার, বইয়ের দোকান

[মাক্তাবী] লাইব্রেরী-বিষয়ক, مَكْتَبِيّ [كتب] অফিস-সম্পর্কিত

[মুক্তাতিব] যে লিখে রাখে, مُكْتَتِب [كتب] লেখক

[মুক্তারিব] বিপদগ্রস্ত, দুর্দশা- مُكْتَرِب [كرب] গ্রস্ত, দুঃখপীড়িত, কষ্টে নিপতিত, যন্ত্রণাগ্রস্ত, যাতনাক্লিষ্ট, দুশ্চিন্তাগ্রস্ত

[মুক্তারিছ] মনোযোগী, যত্ন- مُكْتَرِث [كرث] বান, আগ্রহী

[গাইর মুক্তারিছ] অমনোযোগী, غَيْر مُكْتَرِث অনাগ্রহী, যত্নহীন, উদাসীন

[মুক্তারা] কেরায়া- مُكْتَرًى ــ مُكْتَرَاةٌ [كري] কৃত, ভাড়াকৃত, ইজারা নেওয়া হয়েছে এমন

[মুক্তারী] কেরায়াদার, مُكْتَرِي ، مُكْتَرٍ [كري] ভাড়াটে, ইজারাদার

[মুক্তাসাব] উপার্জিত, প্রাপ্ত, مُكْتَسَب [كسب] অর্জিত

[মুক্তাশাফ] আবিষ্কৃত, উদ্ভা- مُكْتَشَف [كشف] বিত, প্রকাশিত

[মুক্তাশাফ] আবিষ্কৃত مُكْتَشَف ج مُكْتَشَفَات বস্তু, আবিষ্কার

[মুক্তাশিফ] আবিষ্কারকারী, مُكْتَشِف [كشف] আবিষ্কারক, সন্ধান লাভকারী, প্রকাশকারী

[মুক্তায] ভিড়পূর্ণ, গাদাগাদিপূর্ণ, مُكْتَظّ [كظظ] ঠাসাঠাসি করে আছে এমন, ঘন বসতিপূর্ণ

[মুকাত্তাফ] বেঁধে রাখা হয়েছে مُكَتَّف [كتف] এমন, (পিছমোড়া দিয়ে) দুই হাত-বাঁধা, বন্দী

[মুক্তাফী] নির্ভরশীল, مُكْتَفِي ، مُكْتَفٍ [كفي] নির্ভর, তৃপ্ত, তুষ্ট

[মুকাত্তাল] পিণ্ডে পরিণত, জোট- مُكَتَّل [كتل] বদ্ধ, জোটভুক্ত

[মুক্তামিল] পূর্ণ, পরিপূর্ণ, পূর্ণাঙ্গ, مُكْتَمِل [كمل] সমগ্র, সমাপ্ত, সুসম্পন্ন

[মুক্তামিন] লুক্কায়িত, গুপ্ত, সুপ্ত, مُكْتَمِن [كمن] গোপন, অদৃশ্য

[মুক্তানায] ভাণ্ডারজাত, সঞ্চিত, مُكْتَنَز [كنز] সংরক্ষিত, পুঞ্জীভূত, মজুদ (সম্পদ), গুপ্ত (ধন)

[মুক্তানিয] দৃঢ়, শক্ত, আঁটসাঁট, مُكْتَنِز [كنز] ঘনীভূত

[মুক্তানাফ] ঘেরা, বেষ্টিত, পরি- مُكْتَنَف [كنف] বেষ্টিত, ভরা, পরিপূর্ণ

[মুক্তানিফ] ঘিরে আছে এমন, مُكْتَنِف [كنف] বেষ্টনকারী, পরিবেষ্টনকারী

[মাক্তূব] লিখিত, লিপিবদ্ধ, مَكْتُوب [كتب] নথিভুক্ত, নির্ধারিত, অবধারিত

[মাক্তূব] লিপি, নোট, চিঠি, مَكْتُوب ج مَكَاتِيب বার্তা

[মাক্তূফ] বেঁধে রাখা হয়েছে مَكْتُوف [كتف] এমন, (পিছমোড়া দিয়ে) দুই হাত-বাঁধা, বন্দী

[মাক্তূম] লুক্কায়িত, গোপনকৃত, مَكْتُوم [كتم] গোপন, গুপ্ত, সুপ্ত

[মুক্তাবী] সেক দেওয়া مُكْتَوِي ، مُكْتَوٍ [كوي] হয়েছে এমন, ইস্ত্রিকৃত, দগ্ধ

[মাকাছা] مَكَثَ [ن] (مَكْث، مُكْث، مُكُوث) بِ অবস্থান করা, অপেক্ষা করা, বাস করা, থাকা, থামা, বিরতি দেওয়া

[মিক্ছার] বেশী কথা বলে এমন, مِكْثَار [كثر] বাচাল, প্রগল্‌ভ

[মুক্ছির] অধিক সম্পদের مُكْثِر ج مُكْثِرُون [كثر] অধিকারী, সম্পদশালী, ধনী, ধনাঢ্য

[মুকাছ্ছাফ] ঘনীভূত, কেন্দ্রীভূত, مُكَثَّف [كثف] জোরদার করা হয়েছে এমন, প্রবল

[মুকাছ্ছিফ] ঘনীভূতকারী, কেন্দ্রী- مُكَثِّف [كثف] ভূতকারী, জোরদারকারী

[মুকাছ্ছিফ] বিদ্যুতের প্রবাহকে مُكَثِّف ج مُكَثِّفَات সঞ্চিত করে রাখার যন্ত্রবিশেষ, তড়িত-ধারক, ক্যাপাসিটর (capacitor), কনডেন্সার (condenser)

[মিক্হাল] সুরমা-দণ্ড, مِكْحَال ج مَكَاحِيل [كحل] সুরমা লাগানোর কাঠি

مُكَرَّس [كرس] [মুকাররস] ওয়াক্‌ফকৃত, উৎসর্গ-কৃত, অভিষিক্ত, প্রতিষ্ঠিত, জোরদারকৃত

مُكْرَم ، مُكَرَّم [كرم] [মুকরম, মুকাররম] সম্মানিত, সম্মানযোগ্য, মাননীয়, মহান

مُكْرِم [كرم] [মুক্‌রিম] সম্মানকারী, মর্যাদা দানকারী

مَكْرَمَة ج مَكَارِم [كرم] [মাক্‌রমাহ] উত্তম কাজ, মহৎ গুণ

مَكْرُمَة ج مَكَارِم [كرم] [মাক্‌রুমাহ] উত্তম কাজ, মহৎ গুণ

مَكَارِم الأَخْلَاق [মাকারিমুল আখলাক] চারিত্রিক গুণাবলী, মহৎ গুণাবলী

مُكْرَه [كره] [মুক্‌রাহ] বাধ্য করা হয়েছে এমন, চাপপ্রয়োগ করা হয়েছে এমন, বলপ্রয়োগকৃত

مَكْرَهَة ج مَكَارِه [كره] [মাক্‌রহাহ] অপছন্দনীয় বস্তু, ঘৃণ্য বস্তু, খারাপ জিনিস, দুর্ঘটনা

مَكْرُهَة ج مَكَارِه [كره] [মাকরুহাহ] অপছন্দনীয় বস্তু, ঘৃণ্য বস্তু, খারাপ জিনিস, দুর্ঘটনা

مَكْرُوب [كرب] [মাক্‌রূব] বিপদগ্রস্ত, দুর্দশাগ্রস্ত, দুঃখপীড়িত, কষ্টে নিপতিত, যাতনাক্লিষ্ট, যন্ত্রণা-গ্রস্ত

مِكْرُوب [মিক্‌রোব] অণুজীব, জীবাণু, মাইক্রোব

مِكْرُوسْكُوب [মিক্‌রোস্‌কোব] মাইক্রোস্কোপ, অণু-বীক্ষণযন্ত্র

مِكْرُوفُون [মিক্‌রোফোন] মাইক্রোফোন

مَكْرُوه [كره] [মাক্‌রূহ] অপছন্দনীয়, ঘৃণিত, ঘৃণ্য, খারাপ, মাকরূহ

مَكْرُوه ج مَكْرُوهَات [كره] [মাক্‌রূহ] অসুবিধা, বিপদ, কষ্ট, দুর্ভাগ্য, দুর্যোগ, দুর্ঘটনা

مَكْرُوهَة ج مَكْرُوهَات [كره] [মাক্‌রূহাহ] বিপদ, কষ্ট, অসুবিধা, দুর্ভাগ্য, দুর্যোগ, দুর্ঘটনা

مُكْرًى مث مُكْرَاة [كري] [মুক্‌রা] ভাড়ায় প্রদত্ত, কেরায়া দেওয়া হয়েছে এমন

مُكْرِي، مُكْرٍ [كري] [মুক্‌রী] ভাড়া দেয় এমন, বাড়িওয়ালা, জমিদার

مَكْس ج مُكُوس [মাক্‌স] খাজনা, রাজস্ব, শুল্ক, কর, ট্যাক্স

مِكْحَت ج مَكَاحِت [كحت] [মিক্‌হাত] (শল্য-চিকিৎসকের) চাঁচার যন্ত্র, curette

مِكْحَل ج مَكَاحِل [كحل] [মিক্‌হাল] সুরমা-দণ্ড, সুরমা লাগানোর কাঠি

مِكْحَلَة ج مَكَاحِل [كحل] [মিক্‌হালাহ] সুরমাদানি

مُكْحُلَة ج مَكَاحِل [كحل] [মুক্‌হুলাহ] সুরমাদানি

مُكَدَّر [كدر] [মুকাদ্দার] কর্দমাক্ত, পঙ্কিল, ঘোলা, নোংরা, ময়লা

مُكَدَّس [كدس] [মুকাদ্দাস] স্তূপীকৃত, রাশকৃত

مَكْدُود [كدد] [মাক্‌দূদ] ক্লান্ত, শ্রান্ত, পরিশ্রান্ত, পরাজিত, পরাস্ত

مَكْدُوم [كدم] [মাক্‌দূম] কামড় দেওয়া হয়েছে এমন, দাঁত দ্বারা কর্তিত, দংশিত

مُكَذِّب [كذب] [মুকায্‌যিব] মিথ্যা প্রতিপন্নকারী, মিথ্যা অভিহিতকারী, অবিশ্বাসকারী

مَكْذُوب ج مَكَاذِيب [كذب] [মাক্‌যূব] অসত্য, মিথ্যা

مَكْذُوبَة ج مَكَاذِيب [كذب] [মাক্‌যূবাহ] অসত্য, মিথ্যা

مَكْر [মাক্‌র] ফেরেব, ধোঁকা, প্রতারণা, প্রবঞ্চনা, ধূর্ততা

مَكَرَ ن (مَكْر) [মাকারা] ধোঁকা দেওয়া, প্রবঞ্চনা করা, প্রতারণা করা, প্রতারিত করা, ফেরেববাজি করা, কৌশল করা, প্রতারণার শাস্তি দেওয়া, রং করা, লাল রং করা

مَكِرَ س (مَكَر) [মাকিরা] লাল হওয়া

مَكَّرَ (تَمْكِير) [مكر] [মাক্কারা] (খাদ্যশস্য) ঘরে জমা করে রাখা, মজুত করা

مَكَرّ [كرر] [মাকার] আক্রমণস্থল, যুদ্ধক্ষেত্র

مِكَرّ [كرر] [মিকার] পুনঃ পুনঃ আক্রমণকারী, বারংবার আক্রমণকারী, কঠোর আক্রমণকারী

مَكْرَة [মাক্‌রাহ] কৌশল, ধোকা, প্রতারণা

مُكَرَّر [كرر] [মুকাররর] পৌনঃপুনিক, বারংবার সংঘটিত, পুনরাবৃত্ত, পরিশ্রুত

مُكَرِّر [كرر] [মুকাররির] পুনরায় সম্পাদনকারী, পুনরাবৃত্তিকারী, শোধনকারী

مَكَسَ [ض] (مَكْس) [মাকাসা] কর আদায় করা, শুল্ক আদায় করা, খাজনা আদায় করা, দরাদরি করা, মূল্য কম দেওয়া, জুলুম করা

مِكْسَال [كسل] [মিক্সাল] অলস, কুঁড়ে, অকর্মণ্য

مَكْسَب ج مَكَاسِب [كسب] [মাক্সাব] উপার্জন, উপার্জিত বস্তু, আয়, লাভ, মুনাফা

مَكْسِب ج مَكَاسِب [كسب] [মাক্সিব] উপার্জন, উপার্জিত বস্তু, আয়, লাভ, মুনাফা

مُكْسِب [كسب] [মুক্সিব] লাভজনক, মুনাফা-দায়ক, অর্থকরী

مَكْسِبَة ج مَكَاسِب [كسب] [মাক্সিবাহ্] উপার্জন, উপার্জিত বস্তু, আয়, লাভ, মুনাফা

مِكْسَحَة ج مَكَاسِح [كسح] [মিক্সাহাহ্] ঝাঁটা, ঝাড়ু, সম্মার্জনী

مَكْسِر ج مَكَاسِر [كسر] [মাক্সির] ভাঙ্গার স্থান, ভাঙ্গনের জায়গা, ভাঙ্গন, পরীক্ষা, পরখ, যাচাই, গোড়া, মূল, অন্তর্নিহিত অবস্থা

مُكَسَّر [كسر] [মুকাস্সার] ভঙ্গ, ভগ্ন, খণ্ডিত, চূর্ণ, চূর্ণিত

مَكْسُوّ [كسو] [মাক্সূ] আচ্ছাদিত, আবৃত, পরিহিত

مَكْسُوب [كسب] [মাক্সূব] উপার্জিত, অর্জিত, প্রাপ্ত

مَكْسُور [كسر] [মাক্সূর] ভগ্ন, চূর্ণ, খণ্ডিত, ব্যর্থ, পরাস্ত, ভেঙ্গে পড়েছে এমন, কাস্‌রা বা যেরযুক্ত (হরফ)

المَكْسِيك [আল-মাক্সীক] মেক্সিকো (দেশ ও নগরী)

مِكْشَاف ج مَكَاشِيف [كشف] [মিক্শাফ] উদ-ঘাটনযন্ত্র, ডিটেক্টর (detector)

مِكْشَطَة ج مَكَاشِط [كشط] [মিক্শাতাহ্] ঘষে উঠানোর যন্ত্র, scraper

مُكَشَّف [كشف] [মুকাশ্শাফ] উন্মোচিত, সূচী-সংযোজিত, সূচীর অন্তর্ভুক্ত

مُكَشِّف [كشف] [মুকাশ্শিফ] উন্মোচনকারী, সূচী-সংযোগকারী

مَكْشُوف [كشف] [মাক্শূফ] উন্মোচিত, উন্মুক্ত, অনাবৃত, নগ্ন, উদঘাটিত, আবিষ্কৃত, প্রকাশিত

مَكْظُوم [كظم] [মাক্যূম] বিষণ্ণ, দুঃখভারাক্রান্ত, রাগান্বিত, ক্রোধবিহ্বল

مُكَعَّب [كعب] [মুকা''আব] ঘনক্ষেত্রের আকার-বিশিষ্ট, কিউবিক (cubic)

مُكَعَّب ج مُكَعَّبَات [كعب] [মুকা''আব] ঘনক্ষেত্র, cube

مُكَفَّن [كفن] [মুকাফ্ফান] কাফন পরানো হয়েছে এমন, কাফন-পরিহিত

مُكْفَهِرّ [كفهر] [মুক্ফাহির] মেঘাচ্ছন্ন, গোমড়া, মলিন (মুখ), শক্ত পাহাড়, ঘন কালো মেঘ

مَكْفُوف ج مَكَافِيف [كفف] [মাক্ফূফ] দৃষ্টিহীন, অন্ধ, জন্মান্ধ

مَكْفُول [كفل] [মাক্ফূল] যার দায়িত্ব নেওয়া হয়েছে, গ্যারান্টিযুক্ত, নিরাপত্তাপ্রাপ্ত

مَكْفُون [كفن] [মাক্ফূন] কাফন পরানো হয়েছে এমন, কাফন-পরিহিত

مُكَلَّأ [كلأ] [মুকাল্লা'] জেটি, পোতাশ্রয়, সমুদ্র-বন্দর, নদীর তীর, বাতাসের আড়াল

المُكَلَّأ [আল-মুকাল্লা'] মুকাল্লাঃ দক্ষিণ ইয়েমেনের একটি সমুদ্রবন্দর

مَكْلَأَة [كلأ] [মাক্লাআহ্] অনেক ঘাস আছে এমন, ঘাসবহুল (স্থান)

مُكَلِّب [كلب] [মুকাল্লিব] শিকারের প্রশিক্ষণ দানকারী, শিকারে প্রেরণকারী

مَكْلَبَة [كلب] [মাক্লাবাহ্] অনেক কুকুর আছে এমন জায়গা, কুকুরবহুল স্থান

مُكَلَّس [كلس] [মুকাল্লাস] চুনে পরিণত, চুনের প্রলেপযুক্ত, চুনকামকৃত

مُكَلَّف [كلف] [মুকাল্লাফ] ভারার্পিত, দায়িত্বপ্রাপ্ত, দায়ী, করের অধীন, কর পরিশোধকারী

مُكَلِّف ج مُكَلِّفُون [كلف] [মুকাল্লিফ] কষ্ট প্রদান-কারী, দায়িত্ব অর্পণকারী, ধার্যকারী

مُكَلِّف مث مُكَلِّفَة [كلف] [মুকাল্লিফ] ব্যয়বহুল, বহুমূল্য, উচ্চমূল্য, মূল্যবান, দামী

مُكَلَّل [كلل] [মুকাল্লাল] মুকুটপরিহিত, মাল্য-ভূষিত, বিবাহবন্ধনে আবদ্ধ

مُكَلِّم [كلم] [মুকাল্লিম] কথা বলে এমন, কথক,

বক্তা

مَكْلُوم [كلم] [মাক্লূম] আঘাতপ্রাপ্ত, আহত, ক্ষত-যুক্ত, জখমী

مِكْمَح [كمح] [মিক্মাহ্] থামানোর যন্ত্র, (পশুর) লাগাম, রাশ, (গাড়ির) ব্রেক

مُكَمَّل [كمل] [মুকাম্মাল] পরিপূর্ণ, পূর্ণাঙ্গ, সম্পূর্ণ, সম্পন্ন, সমাপ্ত

مُكَمِّل [كمل] [মুকাম্মিল] পূর্ণকারী, পরিপূর্ণকারী, সম্পন্নকারী, সমাপ্তকারী

مِكْمَل [كمل] [মিক্মাল] পরিপূর্ণ, সম্পূর্ণ, সম্পন্ন

مُكَمَّم [كمم] [মুকাম্মাম] ঠুঁসি বা মুখবন্ধনী পরানো হয়েছে এমন (পশু), আস্তিন লাগানো হয়েছে এমন (জামা)

مَكْمَن ج مَكَامِن [كمن] [মাক্মান] লুকিয়ে থাকার জায়গা, গোপন অবস্থান, গুপ্ত স্থান

مُكَمَّه [كمه] [মুকাম্মাহ্] জন্ম থেকেই যার চক্ষু-দ্বয় উম্মিলিত হয়নি, জন্মান্ধ

مَكْمُوم [كمم] [মাক্মূম] আবৃত, আচ্ছাদিত, বন্ধ, ঠুঁসি বা মুখবন্ধনী পরানো হয়েছে এমন

مَكُنَ [ك] (مَكَانَة) [মাকুনা] শক্তিশালী হওয়া, শক্ত হওয়া, সুদৃঢ় হওয়া, স্থির হওয়া, সুপ্রতিষ্ঠিত হওয়া, প্রভাবশালী হওয়া, মর্যাদাবান হওয়া

مَكَّنَ (تَمْكِين) [مكن] [মাক্কানা] শক্তিশালী করা, শক্ত করা, সুদৃঢ় করা, সুপ্রতিষ্ঠিত করা

مَكَّنَ مِنْ [-- মিন] সক্ষম করা, যোগ্য করা, সম্ভব করা, ক্ষমতা দেওয়া

مُكْنَة [মুক্নাহ্] ক্ষমতা, যোগ্যতা, সামর্থ্য, শক্তি, জোর, তীব্রতা

مَكْنَز ج مَكَانِز [كنز] [মাক্নায] ভাণ্ডার, কোষা-গার, গোলাঘর

مِكْنَسَة ج مَكَانِس [كنس] [মিক্নাসাহ্] ঝাড়ু, ঝাঁটা, সম্মার্জনী

مَكْنَنَ (مَكْنَنَة) [মাক্নানা] যান্ত্রিক করা, যন্ত্র-চালিত করা

مَكْنُوز [كنز] [মাক্নূয] সংরক্ষিত, ভাণ্ডারজাত, ভাণ্ডারে রক্ষিত, গুদামজাত, স্তূপীকৃত (সম্পদ), লুক্কায়িত, গুপ্ত (ধন)

مَكْنُون [كنن] [মাক্নূন] লুক্কায়িত, গুপ্ত, গোপনে লালিত, সুরক্ষিত, আচ্ছাদিত

مُكَنًّى ست مُكَنَّاة [كني] [মুকান্না] উপনামযুক্ত, কুনিয়াতযুক্ত, অভিহিত, আখ্যায়িত

مُكَهْرَب [كهرب] [মুকাহ্রব] তড়িৎ-সঞ্চারিত, বিদ্যুতায়িত

مَكْو ج أَمْكَاء [মাক্ও] খরগোশ শৃগাল ইত্যাদির গর্ত

مِكْوَاة ج مَكَاوٍي ، مَكَاوٍ [كوي] [মিক্ওয়াত] ইস্ত্রি, ইস্তিরি, দগ্ধ করার উত্তপ্ত লৌহ

مُكُوث [মুকূছ] অবস্থান, বসবাস, অপেক্ষা, যাত্রা-বিরতি

مَكْوَجَة [মাক্ওয়াজাহ্] জামাকাপড় ইস্ত্রি করার দোকান, ইস্ত্রিঘর, লন্ড্রি

مَكْوَجِيّ [মাক্ওয়াজী] লন্ড্রিওয়ালা, জামাকাপড় ইস্ত্রিকারী

مَكْوَر ج مَكَاوِر [كور] [মাক্ওয়ার] (ঘোড়ার) জিন

مِكْوَر ج مَكَاوِر [كور] [মিক্ওয়ার] পাগড়ি

مُكَوَّر [كور] [মুকাওওয়ার] পেঁচযুক্ত, পোটকা-বাঁধা, বোঁচকা-বাঁধা, গোল

مُكُوس (مَكْس) [كوس] [মুকূস] কর, শুল্ক, ট্যাক্স, খাজনা, রাজস্ব

مَكُّوك ج مَكَاكِيك ، مَكَاكِيّ [মাক্কূক] (তাঁতের) মাকু, পানপাত্র, পেয়ালা

مُكَوَّم [كوم] [মুকাওওয়াম] স্তূপীকৃত, রাশিকৃত

مُكَوَّن [كون] [মুকাওওয়ান] তৈরী, সৃষ্ট, গঠিত, রচিত

مُكَوِّن [كون] [মুকাওবিন] সৃষ্টিকারী, সৃষ্টিকর্তা, গঠনকারী, রচনাকারী, রচয়িতা

مُكَوِّن ، مُكَوِّنَة ج مُكَوِّنَات [كون] [মুকাওবিন, মুকাওবিনাহ্] উপাদান, কারণ

مَكْوِيّ [كوي] [মাক্বী] সেকা, সেকা দাগযুক্ত, ইস্ত্রিকৃত, দগ্ধ

مَكِّيّ ست مَكِّيَّة [মাক্কী] মক্কা-সম্বন্ধীয়, মক্কার অধি-বাসী, মক্কী, মক্কার, মহানবীর (স) মক্কার জীবনে অবতীর্ণ (সূরা, আয়াত)

مِكْيَال ج مَكَايِيل [كيل] [মিক্ইয়াল] (শস্যের) মাপ, পরিমাপ, পরিমাপ-যন্ত্র

مَكِيد [كيد] **[মাকীদ]** চক্রান্তের শিকার, প্রতারণার শিকার

مَكِيدَة ج مَكَايِد [كيد] **[মাকীদাহ]** প্রতারণা, ছল, ধোঁকা, ছলনা, কৌশল, ষড়যন্ত্র

مُكَيَّف [كيف] **[মুকাইয়াফ]** যা খাপ খাওয়ানো হয়েছে, অভিযোজনকৃত, নিয়ন্ত্রিত, বায়ু-নিয়ন্ত্রিত, শীতাতপনিয়ন্ত্রিত

مُكَيَّفُ الهَوَاءِ **[মুকাইয়াফুল হাওয়া']** শীতাতপ-নিয়ন্ত্রিত, বায়ুনিয়ন্ত্রিত

مُكَيِّف [كيف] **[মুকাইয়িফ]** খাপ খাইয়ে নেয় এমন, অভিযোজনকারী, নিয়ন্ত্রণকারী

مُكَيِّفَة [كيف] **[মুকাইয়িফাহ]** বায়ুনিয়ন্ত্রণ-যন্ত্র, শীতাতপনিয়ন্ত্রণ-যন্ত্র, এয়ারকন্ডিশনার

مُكَيِّفَةُ الهَوَاءِ [كيف] **[মুকাইয়িফাতুল হাওয়া']** বায়ুনিয়ন্ত্রণ-যন্ত্র, শীতাতপনিয়ন্ত্রণ-যন্ত্র, এয়ারকন্ডি-শনার

مِكْيَال ، مِكْيَلَة ج مَكَايِل [كيل] **[মিক্ইয়াল, মিক্-ইয়ালাহ]** (শস্যের) মাপ, পরিমাপ, পরিমাপ-যন্ত্র

مَكِين ج مُكَنَاء [مكن] **[মাকীন]** সুদৃঢ়, শক্তিশালী, স্থির, মজবুত, সুপ্রতিষ্ঠিত, প্রভাবশালী, সম্মানিত, মর্যাদাবান

مَلّ **[মাল]** বিরক্ত, ক্লান্ত

مَلَّ [س] (مَلَل ، مَلَال) **[মাল্লা]** বিরক্ত হওয়া, ক্লান্ত হওয়া

مَلَاءَة **[মালাআহ]** সচ্ছলতা, সামর্থ্য, সঙ্গতি

مُلَاءَة ج مُلَاءَات **[মুলাআহ]** অবগুণ্ঠন, বোরকা, নেকাব, চাদর

مَلَائِكَة (مَلَك ، مَلَاك) **[মালা'ইকাহ]** ফেরেশতা

مُلَائِم [لأم] **[মুলা'ইম]** উপযোগী, যথাযথ, অনু-কূল, মানানসই, সামঞ্জস্যশীল

مُلَاءَمَة [لأم] **[মুলাআমাহ]** উপযোগিতা, যথা-যথতা, মিল, সামঞ্জস্য

مَلَابِس (مَلْبَس) [لبس] **[মালাবিস]** পোশাক, বস্ত্র, পরিধেয়, পরিচ্ছদ

مَلَابِس جَاهِزَة **[মালাবিস জাহিযাহ]** তৈরী পোশাক

مَلَابِس دَاخِلِيَّة **[মালাবিস দাখিলিয়্যাহ]** ভিতরের পোশাক, নিচের কাপড়, অন্তর্বাস

مُلَابَسَة ج مُلَابَسَات [لبس] **[মুলাবাসাহ]** ঘনিষ্ঠ মেলামেশা, ঘনিষ্ঠ সম্পর্ক, ঘনিষ্ঠতা, অন্তরঙ্গতা

مَلَاث ج مَلَاوِث [لوث] **[মালাছ]** সম্ভ্রান্ত ব্যক্তি, আশ্রয়স্থল, যে জায়গার চারপাশে প্রদক্ষিণ করা হয়, প্রদক্ষিণস্থল

مَلَّاح [ملح] **[মাল্লাহ]** লবণব্যবসায়ী, লবণওয়ালা, নৌযান বা বিমানের আরোহী, নাবিক, মাঝি, মাল্লা

مِلَاح **[মিলাহ]** জাহাজ চালানোর বাতাস, বর্শার ফলা, পর্দা, থলি, ব্যাগ, সুন্দরী রমণীকুল

مُلَاح [ملح] **[মুলাহ]** লাবণ্যময়, কমনীয়, সুন্দর

مَلَاحَة [ملح] **[মালাহাহ]** লবণাক্ততা, কমনীয়তা, সৌন্দর্য, লাবণ্য

مَلَّاحَة [ملح] **[মাল্লাহাহ]** লবণের খনি, লবণের পাত্র, নিমকদানি

مِلَاحَة [ملح] **[মিলাহাহ]** লবণের ব্যবসা, জাহাজ চলাচল, নৌচলাচল

مُلَاحَظ [لحظ] **[মুলাহায]** লক্ষ্য করা যায় এমন, দেখা যায় এমন, পরিলক্ষিত, লক্ষ্যণীয়

مُلَاحِظ [لحظ] **[মুলাহিয]** লক্ষ্যকারী, দৃষ্টিদাতা, অবলোকনকারী, পর্যবেক্ষণকারী, তত্ত্বাবধায়ক, মন্তব্যকারী

مُلَاحَظَة ج مُلَاحَظَات [لحظ] **[মুলাহাযাহ]** লক্ষ্য, নজর, দৃষ্টি, মনোযোগ, অবলোকন, পর্যবেক্ষণ, তত্ত্বাবধান, মন্তব্য, টীকা

مَلَّاحِيَّة [ملح] **[মাল্লাহিয়্যাহ]** নৌ-চালনাবিদ্যা, জাহাজ চালনাবিদ্যা, নাবিকের কাজ বা পেশা

مَلَاذ ج مَلَاوِذ [لوذ] **[মালায]** আশ্রয়স্থল, আশ্রয়

مَلَارِيَا **[মালারিয়া]** ম্যালেরিয়া (জ্বর)

مَلَاز ج مَلَاوِز [لوز] **[মালায]** আশ্রয়স্থল, আশ্রয়

مُلَازِم [لزم] **[মুলাযিম]** সঙ্গী, সহযোগী, সহচর, সেকেন্ড লেফটেনেন্ট (পদ)

مُلَازِم أَوَّل **[মুলাযিম আউওয়াল]** লেফটেনেন্ট

مُلَازِم ثَانٍ **[মুলাযিম ছানী]** সেকেন্ড লেফটেনেন্ট

مُلَازَمَة [لزم] **[মুলাযামাহ]** সার্বক্ষণিক সম্পর্ক, সার্বক্ষণিক সঙ্গ, অবিচ্ছিন্নতা, স্থায়ী বসবাস

مَلَاسَة [ملس] **[মালাসাহ]** মসৃণতা, পিচ্ছিলতা

مَلَّاسَة [ملس] **[মাল্লাসাহ]** মাটি সমান ও মসৃণ

مَلَاوَة ، مِلَاوَة ، مُلَاوَة [ملو] [মালাওয়াহ, মিলা-ওয়াহ, মুলাওয়াহ] সময়, ক্ষণ, মুহূর্ত

مَلَاوِي [মালাবী] মালাবী (দেশ)

مُلَايَنَة [لين] [মুলায়ানাহ] কোমল আচরণ, নরম ব্যবহার, সহৃদয়তা, বন্ধুভাবাপন্নতা

مَلَأ ج أَمْلَاء [মালা'] প্রধান ব্যক্তিবর্গ, নেতৃবৃন্দ, পারিষদ, সভাষদ, পাণ্ডার দল, সাধারণ মানুষ, সমাবেশ

المَلَأ الأَعْلَى [আল-মালা'উল আ'লা] সর্বোচ্চ পারিষদ, সর্বাধিক মর্যাদাপূর্ণ সমাবেশ: আল্লাহর দরবারে ফেরেশতাদের সমাবেশ

مَلَأَ [ف] (مَلْء ، مَلْأَة) [মালাআ] ভরা, পূর্ণ করা, পরিপূর্ণ করা, পূরণ করা, বোঝাই করা

مَلِئَ [س] (مَلَأ) [মালিআ] পূর্ণ হওয়া, ভরে যাওয়া

مَلُؤَ [ن] (مَلَاءَة) [মালুআ] সচ্ছল হওয়া, সঙ্গতি-পূর্ণ হওয়া, সামর্থ্যবান হওয়া

مَلَّأَ (تَمْلِئَة) [ملأ] [মাল্লাআ] ভরে দেওয়া, পূর্ণ করা, বোঝাই করা

مِلْء ج أَمْلَاء [মিল'] পূরক, পরিমাণ, পূর্ণ, ভরা, ভর্তি, সব, গোটা

مَلْأَك ج مَلَائِكَة [মাল্আক] ফেরেশতা

مَلْآن مث مَلْأَى ، مَلْآنَة ج مِلَاء [ملأ] [মাল্আন] পূর্ণ, পরিপূর্ণ, ভরা, সম্পূর্ণ, সমৃদ্ধ

مُلَبَّد [لبد] [মুলাব্বাদ] লেগে আছে এমন, সংলগ্ন, লাগানো, জমাটবদ্ধ, জটবদ্ধ, গাদানো

مُلْبِد [لبد] [মুলবিদ] লেগে আছে এমন, মাটির সাথে লেগে আছে এমন, অত্যন্ত গরীব, সিংহ

مَلْبَس ج مَلَابِس [لبس] [মাল্বাস] পোশাক, পরি-ধেয়, পরিচ্ছদ, বস্ত্র

مُلَبَّس [لبس] [মুলাব্বাস] পরানো হয়েছে এমন, আবৃত, আচ্ছাদিত, প্রলেপযুক্ত, গোপনকৃত, সন্দেহপূর্ণ

مَلْبَن [لبن] [মাল্বান] চিনি পেস্তা ইত্যাদি দিয়ে তৈরী একপ্রকার মিষ্টান্ন

مَلْبَنَة ج مَلَابِن [لبن] [মাল্বানাহ] দুগ্ধখামার, দুগ্ধশালা, ডেয়ারি

مِلْبُورْن [মেল্বোর্ন] মেলবোর্ন (নগরী)

مَلْبُوس [لبس] [মাল্বুস] পরিধান করা হয়েছে

করার কাষ্ঠখণ্ড

مَلَّاط [ملط] [মাল্লাত] প্লাস্টারকারী, যে প্রলেপ লাগায়

مِلَاط ج مُلُط [মিলাত] প্লাস্টার, সিমেন্ট, প্রলেপ, পুটিং

مُلَاعِب [لعب] [মুলা'ইব] সহখেলোয়াড়, খেলার সঙ্গী, ছলনাকারী

مَلَّاق [ملق] [মাল্লাক] চাটুকার, তোষামোদকারী, তোষামুদে, মোসাহেব

مُلَاقَاة [لقي] [মুলাকাত] সাক্ষাৎ, মোলাকাত, দেখা, মিলন

مُلَاقِي ، مُلَاقٍ ج مُلَاقُون [لقي] [মুলাকী] মোলা-কাতকারী, সাক্ষাৎকারী, প্রাপ্ত, সাক্ষাৎপ্রাপ্ত

مَلَاك ج مَلَائِكَة [মালাক] ফেরেশতা

مَلَاك ج مَلَاكَات [মালাক] ভিত্তি, মূল, অপরিহার্য শর্ত

مَلَّاك [মাল্লাক] বড় মালিক, কর্তা, জমিদার

مِلَاك [মিলাক] বিয়ের চুক্তি বা অঙ্গিকার, বাগদান

مِلَاك ج مِلَاكَات [মিলাক] ভিত্তি, মূল, কাঠামো, ক্যাডার, অপরিহার্য শর্ত

مُلَاكِم [لكم] [মুলাকিম] মুষ্টিযোদ্ধা, boxer

مُلَاكَمَة [لكم] [মুলাকামাহ] মুষ্টিযুদ্ধ, boxing

مَلَّاكِيّ [ملك] [মাল্লাকী] নিজস্ব, একান্ত, ব্যক্তি-গত, ব্যক্তিমালিকানাধীন, প্রাইভেট

مَلَال [মালাল] ক্লান্তি, বিরক্তি, বিরাগ, অস্বস্তি

مُلَال [মুলাল] অস্থিরতা, অস্বস্তি, ছটফটানি

مَلَالَة [মালালাহ] ক্লান্তি, বিরক্তি, বিরাগ, অস্বস্তি

مَلَّالَة [মাল্লালাহ] সৈন্য বহনকারী গাড়ি

مَلَام ، مَلَامَة [لوم] [মালাম, মালামাহ] তিরস্কার, ভর্ৎসনা, নিন্দা

مَلَامِح [لمح] [মালামিহ] বৈশিষ্ট্যাবলী, প্রধান প্রধান বৈশিষ্ট্য, বৈশিষ্ট্যসূচক মুখাবয়ব

مُلَامِس [لمس] [মুলামিস] মেলামেশাকারী, সংসর্গ রক্ষাকারী, সংস্পর্শী

مُلَامَسَة [لمس] [মুলামাসাহ] মেলামেশা, সংসর্গ, সংস্পর্শ, স্পর্শ

এমন, ব্যবহৃত (পোশাক)

مَلْبُوس ج مَلْبُوسَات [মাল্বুস] পোশাক, পরিচ্ছদ, পরিধেয়, বস্ত্র

مُلَبِّي ، مُلَبٍّ [لبي] [মুলাব্বী] সাড়াদানকারী, জবাব দানকারী, সম্মতি প্রদানকারী

مَلَّة [মাল্লাহ্] গরম ভস্ম, জ্বলন্ত অঙ্গার, বিরক্তি

مِلَّة ج مِلَل [মিল্লাহ্] জাতি, মিল্লাত, ধর্ম, সম্প্রদায়, দল

مُلَّة ج مُلَل [মুল্লাহ্] সেলাইয়ের ফোঁড়, টাঁক

مُلْتَاع [لوع] [মুল্তা'] জ্বলন্ত, দগ্ধ, দাহ্যমান, যন্ত্রণাগ্রস্ত

مُلْتَئِم [لئم] [মুল্তা'ইম] মিলিত, সংযুক্ত, সমবেত, অনুষ্ঠিত

مُلْتَبِس [لبس] [মুল্তাবিস] বিজড়িত, অস্পষ্ট, সন্দেহপূর্ণ

مُلْتَجَأ [لجأ] [মুল্তাজা'] আশ্রয়স্থল, আশ্রয়কেন্দ্র, আশ্রম

مُلْتَجِئ [لجأ] [মুল্তাজি'] আশ্রয়প্রার্থী, আশ্রিত, শরণার্থী

مُلْتَحَد [لحد] [মুল্তাহাদ] আশ্রয়স্থল, আশ্রয়

مُلْتَحِف [لحف] بِ [মুল্তাহিফ] আচ্ছাদিত, আবৃত

مُلْتَحِم [لحم] [মুল্তাহিম] যুক্ত, সংযুক্ত, মিলিত, একত্রিত, যুদ্ধরত

مُلْتَحِمَة [لحم] [মুল্তাহিমাহ্] চোখের কর্নিয়ার পাতলা স্বচ্ছ আচ্ছাদন, নেত্রবর্ত্মকলা, conjunctiva

اِلْتِهَاب المُلْتَحِمَة [ইল্তিহাবুল মুল্তাহিমাহ্] নেত্রবর্ত্মকলার প্রদাহ, জয়বাংলা রোগ, conjunctivitis

مُلْتَحِي ، مُلْتَحٍ [لحي] [মুল্তাহী] দাড়িওয়ালা, শ্মশ্রুমণ্ডিত

مُلْتَزّ [لزز] [মুল্তায] লেগে আছে এমন, যুক্ত, সংযুক্ত, সংলগ্ন, মিলিত

مُلْتَزَم ج مُلْتَزَمَات [মুল্তাযাম] প্রয়োজন, দাবি, প্রয়োজনীয় বস্তু, আবশ্যকীয় শর্ত

مُلْتَزِم [لزم] [মুল্তাযিম] অঙ্গীকারাবদ্ধ, বাধ্য, দায়ী, সম্পৃক্ত, জড়িত, যত্নবান, ঠিকাদার

مُلْتَصِق [لصق] [মুল্তাছিক] লেগে আছে এমন, সংলগ্ন

مُلْتَفّ [لفف] [মুল্তাফ] পেঁচানো, বেষ্টনকারী, আবর্তিত, আবৃত, আচ্ছাদিত, সমবেত, জড়ো, বিজড়িত, বিনুনিকৃত

مُلْتَفِت [لفت] [মুল্তাফিত] দৃষ্টি দেয় এমন, দৃষ্টিদানকারী, ভ্রূক্ষেপকারী, মনোযোগী, যত্নবান

مُلْتَقَط [لقط] [মুল্তাক্বাত] কুড়িয়ে আনা হয়েছে এমন, কুড়ানো, কুড়িয়ে-পাওয়া, আহরিত, চয়নকৃত, সংগৃহীত

مُلْتَقِط [لقط] [মুল্তাক্বিত] যে টোকায় বা কুড়ায়, আহরণকারী, চয়নকারী, সংগ্রহকারী

مُلْتَقَى ج مُلْتَقَيَات [لقي] [মুল্তাক্বা] মিলনস্থল, সমাবেশস্থল, সংযোগস্থল, ক্রসিং, জংশন

مُلْتَمِس [لمس] [মুল্তামিস] তালাশকারী, অনুসন্ধানকারী, অন্বেষণকারী, আবেদনকারী, দরখাস্তকারী, প্রার্থনাকারী

مُلْتَهِب [لهب] [মুল্তাহিব] শিখায়িত, প্রজ্বলিত, জ্বলন্ত, দগ্ধ, ব্যথা করে এমন, প্রদাহপূর্ণ

مُلْتَوَى ج مُلْتَوَيَات [لوي] [মুল্তাওয়া] (রাস্তার) বাঁক, মোড়

مُلْتَوِي ، مُلْتَوٍ [لوي] [মুল্তাবী] বক্র, বাঁকা, আঁকাবাঁকা, পাকযুক্ত, পেঁচযুক্ত

مُلَثَّم [لثم] [মুলাছ্ছাম] আবৃত, আচ্ছাদিত, অবগুণ্ঠিত, নেকাব-পরিহিত

مَلَجَ [ن] (مَلْج) [মালাজা] মায়ের দুধ পান করা, স্তন্যপান করা

مَلِجَ [س] (مَلْج) [মালিজা] মায়ের দুধ পান করা, স্তন্যপান করা

مُلُج [মুলুজ] দুগ্ধপায়ী ছাগলছানা, মেষশাবক

مَلْجَأ ج مَلَاجِئ [لجأ] [মাল্জা'] আশ্রয়কেন্দ্র, আশ্রয়স্থল, আশ্রম, আশ্রয়

مُلْجَم ، مَلْجُوم [لجم] [মুল্জাম] রাস-লাগানো, লাগাম-পরিহিত, নিয়ন্ত্রিত, বিরত রাখা হয়েছে এমন

مَلَحَ [ف] (مَلْح) [মালাহা] লবণাক্ত করা, লবণ মাখানো

مَلُحَ (مَلَاحَة ، مُلُوحَة) [মালাহা] লোনা হওয়া,

লবণাক্ত হওয়া, সুন্দর হওয়া, লাবণ্যময় হওয়া

مَلُحَ [ك] (مَلَاحَة) [মালুহা] লবণাক্ত হওয়া, লোনা হওয়া, লাবণ্যময় হওয়া, সুন্দর হওয়া, চমৎকার হওয়া

مَلَّحَ (تَمْلِيح) [ملح] [মাল্লাহা] লবণাক্ত করা, লবণ মাখানো, লবণ মাখিয়ে সংরক্ষণ করা

مِلْح ج مِلَاح ، أَمْلَاح [মিল্‌হ] লবণ, নুন, নেমক, নিমক, লবণাক্ত, লোনা

مُلِحّ [لحح] [মুলিহ্] নাছোড়বান্দা, পীড়াপীড়ি করে এমন, জেদী, জোরদার, সনির্বন্ধ, সাগ্রহ, মিনতিপূর্ণ

مِلْحَاح [لحح] [মিল্‌হাহ্] পীড়াপীড়ি করে এমন, জিদ ধরে এমন, নাছোড়বান্দা, জেদী

مَلْحَة [মাল্‌হাহ্] লবণাক্ততা, সমুদ্রের গভীরতা, গভীর সমুদ্র

مُلْحَة ، مُلَحَة ج مُلَح [মুল্‌হাহ্, মুলাহাহ্] কৌতুক, রসিকতা, সরস উক্তি, খোশগল্প

مُلْحِد ج مَلَاحِدَة [لحد] [মুল্‌হিদ] স্বধর্মত্যাগী, নাস্তিক, অবিশ্বাসী

مِلْحَف، مِلْحَفَة ج مَلَاحِف [لحف] [মিলহাফ, মিল্‌হাফাহ্] ঢাকনা, মোড়ক, লেপ, কম্বল

مُلْحِف [لحف] [মুল্‌হিফ] অনুরোধকারী, মিনতিকারী, অনুনয়কারী, পীড়াপীড়িকারী

مُلْحَق [لحق] [মুল্‌হাক] যুক্ত, সংযুক্ত, বর্ধিত, অতিরিক্ত

مُلْحَق ج مُلْحَقَات [لحق] [মুল্‌হাক] পরিশিষ্ট, বর্ধিতাংশ, অতিরিক্তাংশ

مُلْحَق ج مُلْحَقُون [لحق] [মুল্‌হাক] সহযোগী, সহকারী, দূতাবাসের বিশেষ কর্মকর্তা, এটাচি (attache)

مُلْحَق تِجَارِيّ [-- তিজারী] বাণিজ্যিক এটাচি

مُلْحَق ثَقَافِيّ [-- ছাক্বাফী] সাংস্কৃতিক এটাচি

مُلْحَق صَحَفِيّ [-- ছহাফী] প্রেস এটাচি

مُلْحَق عَسْكَرِيّ [-- 'আস্‌কারী] সামরিক এটাচি

مَلْحَم ج مَلَاحِم [لحم] [মাল্‌হামাহ্] জবাইখানা, কসাইখানা, মাংসঘর, হত্যাকাণ্ড, যুদ্ধ

مُلْحَم [لحم] [মুল্‌হাম] মাংস খাওয়ানো হয়েছে এমন, ঝালাইকৃত, মেরামতকৃত, সংযুক্ত, সংলগ্ন, মৈত্রীবদ্ধ, যুদ্ধবন্দী, একপ্রকার কাপড়

مُلَحَّم [لحم] [মুলাহ্হাম] ঝালাইকৃত, মেরামতকৃত

مُلْحِم [لحم] [মুল্‌হিম] অধিক মাংস আছে এমন, ঝালাইকর, মেরামতকারী, সংযুক্তকারী, সংলগ্নকারী

مَلْحَمَة ج مَلَاحِم [لحم] [মাল্‌হামাহ্] হত্যাকাণ্ড, তীব্র লড়াই, মাংসঘর, কসাইখানা, জবাইখানা, (বীরত্বমূলক) মহাকাব্য

مَلْحَمِيّ [لحم] [মাল্‌হামী] মহাকাব্যিক, বীরত্বপূর্ণ

مُلَحِّن [لحن] [মুলাহ্হিন] (গানে) সুর প্রয়োগকারী, সুরারোপকারী, সুর সংযোজনকারী, সুরকার

مَلْحُوظ [لحظ] [মাল্‌হূয] লক্ষণীয়, প্রণিধানযোগ্য, দৃশ্যমান, সুপরিচিত

مَلْحُوظَة ج مَلْحُوظَات [لحظ] [মাল্‌হূযাহ্] মন্তব্য, টীকা, পর্যবেক্ষণ, মনোযোগ

مَلْحُوم [لحم] [মাল্‌হূম] ঝালাইকৃত, মেরামতকৃত

مَلْحُون [لحن] [মাল্‌হূন] অশুদ্ধ, ব্যাকরণসম্মত নয় এমন (ভাষা)

مِلْحِيّ [মিল্‌হী] লবণ-সম্বন্ধীয়, লবণ-বিষয়ক, লবণাক্ত

مَلَخَ [ف] (مَلْخ) [মালাখা] ছিঁড়ে ফেলা, টেনে বের করা, স্থানচ্যুত করা, জোড়া বিচ্ছিন্ন করা

مُلَخَّص [لخص] [মুলাখ্খাছ] সংক্ষেপে বর্ণিত, সংক্ষেপিত, সংক্ষিপ্ত

مُلَخَّص ج مُلَخَّصَات [لخص] [মুলাখ্খাছ] সার-সংক্ষেপ, সারাংশ, সারবস্তু

مِلْدَغ [لدغ] [মিল্‌দাগ] কথা দ্বারা আঘাত করা যার স্বভাব

مَلْدُوغ [لدغ] [মাল্‌দুগ] দংশন করা হয়েছে এমন, দংশিত, দংশনাহত, দন্তাঘাতপ্রাপ্ত

مَلَذَّة ج مَلَذَّات [لذذ] [মালায্‌যাহ্] স্বাদ, আনন্দ, মজা, সুখ, উপভোগ

مِلَزّ [لزز] [মিলায্] অত্যন্ত ঝগড়াটে, জেদী

مُلَزَّز [لزز] [মুলায্‌যায] যুক্ত, সংযুক্ত, সংলগ্ন

مُلْزَم [لزم] [মুল্‌যাম] বাধ্যতামূলক, যা চাপিয়ে

দেওয়া হয়েছে, আবশ্যিক, বাধ্য, প্রতিশ্রুতিবদ্ধ, আরোপিত

مُلْزِم [لزم] [মুল্‌যিম] বাধ্যতামূলক করে এমন, বাধ্যকারী, আরোপকারী

مَلْزَمَة ج مَلَازِم [لزم] [মাল্‌যামাহ্‌] (বইয়ের) ফর্মা, ফর্মানির্দেশক অক্ষর বা সংখ্যা

مِلْزَمَة ج مَلَازِم [لزم] [মিল্‌যামাহ্‌] আটকে রাখার যন্ত্র, খিল, আঁকড়া, বন্ধনী, ক্ল্যাম্প (Clamp)

مَلْزُوز [لزز] [মাল্‌যূয] যুক্ত, সংযুক্ত, সংলগ্ন

مَلْزُوم [لزم] [মালযূম] বাধ্য, বাধ্যতামূলক, দায়বদ্ধ, প্রতিশ্রুতিবদ্ধ, আরোপিত

مَلَسَ [ن] (مَلْس) [মালাসা] উপড়ে ফেলা, উৎপাটিত করা, তোষামোদ করা, (উট) জোরে তাড়িয়ে নেওয়া, (অন্ধকার) মিশ্র হওয়া

مَلِس [মালিস] মসৃণ, পিচ্ছিল, চিক্কন, সমান

مَلِسَ [س] (مَلَاسَة ، مُلُوسَة) [মালিসা] পিচ্ছিল হওয়া, মসৃণ হওয়া, কোমলস্পর্শ হওয়া

مَلُسَ [ك] (مَلَاسَة ، مُلُوسَة) [মালুসা] কোমলস্পর্শ হওয়া, মসৃণ হওয়া, পিচ্ছিল হওয়া

مَلَّسَ (تَمْلِيس) [ملس] [মাল্লাসা] কোমলস্পর্শ করা, মসৃণ করা, পিচ্ছিল করা

مَلْسَاء [ملس] [মাল্‌সা'] মসৃণ, চিক্কন, পিচ্ছিল, সমান, কোমলস্পর্শ (أَمْلَس-এর স্ত্রীলিঙ্গ)

مُلْسِن [لسن] [মুল্‌সিন] যে বড় বড় কথা বলে, বাগাড়ম্বরকারী, বেশী কথা বলে এমন, প্রগল্‌ভ, বাগ্মী, বাকপটু

مُلَسَّن [لسن] [মুলাস্‌সান] যার অগ্রভাগ জিহ্বার মত সরু, ধারালো, ছুঁচালো, তীক্ষ্ণাগ্র

مَلْسُوع [لسع] [মাল্‌সূ'] দংশিত, দন্তাঘাতপ্রাপ্ত, দংশনাহত

مَلْسُون [لسن] [মাল্‌সূন] মিঠা মিঠা কথা বলে এমন, মিথ্যুক, মিথ্যাবাদী

مَلِص [মালিছ্‌] পিচ্ছিল, মসৃণ, চিক্কন, সমান

مَلِصَ [س] (مَلَص) [মালিছা] সরে পড়া, সটকে পড়া, ফসকে যাওয়া, পলায়ন করা

مُلْصَق [لصق] [মুল্‌ছক] লাগানো, সংলগ্ন, সংযুক্ত, সংশ্লিষ্ট, ঘনিষ্ঠ

مُلْصَق ج مُلْصَقَات [মুল্‌ছক] পোস্টার, প্রচারপত্র, বিজ্ঞাপনপত্র, লেবেল, প্লাকার্ড, স্টিকার

مُلْصِق [لصق] [মুল্‌ছিক] যে লাগায় বা এঁটে দেয়, সংলগ্নকারী, সংযুক্তকারী, সংশ্লিষ্টকারী

مُلْصَقَة ج مُلْصَقَات [لصق] [মুল্‌ছক্বাহ্‌] পোস্টার, লেবেল, স্টিকার, প্লাকার্ড, প্রচারপত্র, বিজ্ঞাপনপত্র

مَلَطَ [ن] (مَلْط) [মালাত্বা] প্লাস্টার করা, প্রলেপ দেওয়া, (চুল) মুণ্ডন করা

مَلَّطَ (تَمْلِيط) [ملط] [মাল্লাত্বা] (চুল) মুণ্ডন করা, প্লাস্টার করা, প্রলেপ দেওয়া

مِلْط ج أَمْلَاط ، مُلُوط [মিল্‌ত্ব] খারাপ মানুষ, বদমাশ, অসৎ লোক, নীচবংশ

مُلَطَّخ [لطخ] [মুলাত্তখ] কলুষযুক্ত, কালিমালিপ্ত, কলুষিত, দাগযুক্ত, দাগী, ময়লাযুক্ত

مُلَطَّخ بِالدَّم [মুলাত্তখ বিদ-দাম] রক্তের দাগযুক্ত, রক্তমাখা

مُلَطَّف [لطف] [মুলাত্তফ] হালকাকৃত, প্রশমিত, লাঘবকৃত, হ্রাসপ্রাপ্ত, কোমল

مُلَطِّف [لطف] [মুলাত্তিফ] হালকাকারী, লাঘবকারী, উপশমকারী, হ্রাসকারী, কোমলকারী

مَلْطَم ج مَلَاطِم [لطم] [মাল্‌ত্বম] গাল, গণ্ডদেশ, কপোল

مَلْعَب ج مَلَاعِب [لعب] [মাল্‌'আব] খেলার মাঠ, স্টেডিয়াম, ক্রীড়াকেন্দ্র, ক্রীড়াস্থল, রঙ্গমঞ্চ

مِلْعَقَة ج مَلَاعِق [لعق] [মিল্‌'আক্বাহ্‌] চামচ, এক-চামচ (পরিমাণ)

مِلْعَقَة الشَّاي [মিল্‌'আক্বাতুশ শাই] চা-চামচ, চায়ের চামচ

مِلْعَقَة المَائِدَة [মিল্‌'আক্বাতুল মা'ইদাহ্‌] টেবিল-চামচ

أَبُو مِلْعَقَة [আবূ মিল্‌'আক্বাহ্‌] চামচের মত ঠোঁট-বিশিষ্ট একপ্রকার জলচর পাখি, spoonbill

مَلْعُون [لعن] [মাল্‌'ঊন] অভিশপ্ত, অভিশাপগ্রস্ত, অভিসম্পাতপ্রাপ্ত

مِلْغَام [لغم] [মিল্‌গাম] সংযুক্ত করার যন্ত্র, সংযোগ-কৌশল

مُلْغِز [لغز] [মুল্‌গিয] ধাঁধায় ফেলে এমন, রহস্য-

ময়, হেঁয়ালিপূর্ণ

[মাল্গাম] নাক-মুখ ও তার আশপাশ, সংযোগ, সংমিশ্রণ مَلْغَم ج مَلَاغِم [لغم]

[মাল্গামা] সংযুক্ত করা, জোটবদ্ধ করা, সম্মিলিত করা مَلْغَمَ (مَلْغَمَة)

[মাল্গামাহ্] সংযোগ, জোটবদ্ধতা, সংযুক্তি, সম্মিলন مَلْغَمَة [لغم]

[মাল্গুম] মাইন পাতা হয়েছে এমন, মাইন-পাতা, ফাঁদ-পাতা مَلْغُوم [لغم]

[মুল্গা] বাতিলকৃত, বাতিল, রহিত, অকেজো, অকার্যকর, নষ্ট مُلْغًى [لغو]

[মুল্গী] বাতিলকারী, রহিত-কারী, খণ্ডনকারী, অকেজোকারী, নষ্টকারী مُلْغِي، مُلْغٍ [لغو]

[মিলাফ] ফাইল, পোর্ট-ফোলিও, মোড়ক, খাম, রীল, ববিন, লাটাই, কাটিম, কয়েল, মাফলার مِلَفّ ج مِلَفَّات [لفف]

[মিল্ফাফ] আবরণ, আচ্ছাদন, বন্ধনী, ভারোত্তলক যন্ত্রবিশেষ مِلْفَاف [لفف]

[মিল্ফা'] মাথা পেঁচানোর শাল, মাফলার مِلْفَع ج مَلَافِع [لفع]

[মিল্ফা'আহ্] পেঁচানোর কাপড়, শাল, মাফলার مِلْفَعَة ج مَلَافِع [لفع]

[মুলাফ্ফাক] সৃষ্ট, রচিত, বানানো, উদ্ভাবিত, মিথ্যা مُلَفَّق [لفق]

[মুলাফ্ফিক] সৃষ্টিকারী, মিথ্যা রচনা-কারী, উদ্ভাবনকারী, মিথ্যুক مُلَفِّق [لفق]

[মাল্ফূয] উচ্চারিত, নিক্ষিপ্ত, নির্গত مَلْفُوظ [لفظ]

[মাল্ফূফ] মোড়কবদ্ধ, ভাঁজকৃত, পেঁচানো, গুটানো; বিজড়িত, বেষ্টিত, বাঁধাকপি مَلْفُوف [لفف]

[মালাক] তোষামোদ, চাটূক্তি, মোসাহেবি مَلَق

[মালিক] তোষামোদকারী, তোষামুদে, চাটু-কার, মোসাহেব مَلِق

[মালিকা] কথা দ্বারা ফোলানো, তোষামোদ করা, চাটূক্তি করা مَلِقَ [س] (مَلَق)

[মাল্লাকা] তোষামোদ করা, সমান করা, মসৃণ করা مَلَّقَ (تَمْلِيق) [ملق]

[মিল্কাত] কলম, অঙ্কন-পেন্সিল, তুলি, মাকড়সা مِلْقَاط ج مَلَاقِيط [لقط]

[মুলাক্কাব] উপাধিপ্রাপ্ত, উপাধিতে ভূষিত, উপনামযুক্ত, আখ্যায়িত مُلَقَّب [لقب]

[মালাক্বাহ্] মসৃণ প্রস্তরখণ্ড, মসৃণ পাথর مَلَقَة

[মুলাক্কাহ্] গর্ভবতী, পরাগায়িত, উর্বর, কলম-কাটা হয়েছে এমন, টিকা দেওয়া হয়েছে এমন مُلَقَّح [لقح]

[মাল্কাত] যেখান থেকে সংগ্রহ করা হয়, সংগ্রহ করার জায়গা, খনি مَلْقَط ج مَلَاقِط [لقط]

[মিল্কাত] ধরার যন্ত্র, সন্না, চিমটা, ক্লিপ, পিন مِلْقَط ج مَلَاقِط [لقط]

[মিল্কাতাহ্] ধরার যন্ত্র, সন্না, চিমটা, ক্লিপ, পিন مِلْقَطَة ج مَلَاقِط [لقط]

[মুল্কিম, মুলাক্কিম] ফিডার, চার্জার مُلْقِم ، مُلَقِّم [لقم]

[মুলাক্কিন] শিখিয়ে দেয় বা বুঝিয়ে দেয় এমন, অভিনেতাকে নাটকের সংলাপ বুঝিয়ে দেয় এমন, নির্দেশক مُلَقِّن [لقن]

[মাল্কূত] যা কুড়ানো বা টোকানো হয়েছে, কুড়ানো, টোকানো, কুড়িয়ে পাওয়া, আহরিত, চয়নকৃত, সংগৃহীত مَلْقُوط [لقط]

[মুল্কা] নিক্ষেপ করা বা ছুঁড়ে মারা হয়েছে এমন, নিক্ষিপ্ত, ঢেলে দেওয়া হয়েছে এমন, পড়ে আছে এমন مُلْقًى مث مُلْقَاة [لقي]

[মুল্কী] নিক্ষেপকারী, প্রদানকারী, পেশকারী مُلْقِي، مُلْقٍ ج مُلْقُون [لقي]

[আল-মুল্কিয়াত যিক্রন] ওহী নিয়ে অবতরণকারী ফেরেশতাগণ الْمُلْقِيَات ذِكْرًا

[মাল্ক] ক্ষমতা, অধিকার, কর্তৃত্ব, স্বাধীন ইচ্ছা, স্বেচ্ছা مَلْك

[মাল্ক] রাজত্বের মালিক, রাজা مَلْك ج مُلُوك ، أَمْلَاك

[মালাক] ফেরেশতা مَلَك ج مَلَائِكَة

[মালাকা] মালিক হওয়া, অধিকারী হওয়া, অধিকার করা, দখল করা, রাজা হওয়া مَلَكَ [ض] (مَلْك ، مِلْك ، مُلْك)

[মাল্লাকা] মালিক বানানো, অধিকারী করা, মালিকানা দেওয়া, রাজা বানানো مَلَّكَ (تَمْلِيك) [ملك]

[মালিক] রাজা, নৃপতি, সম্রাট, অধিপতি, শাসক مَلِك ج مُلُوك ، أَمْلاَك

[আল-মালিক] মহা অধিপতিঃ আল্লাহ اَلْمَلِك

[মিল্‌ক] মালিকানা, স্বত্ব, অধিকার, সম্পত্তি, সম্পদ, দাবি مِلْك ج أَمْلاَك

[মিল্‌কুহুম] তাদের مِلْكُهُمْ

[মিল্‌কী] আমার مِلْكِي

[মুল্‌ক] শাসন, শাসনক্ষমতা, কর্তৃত্ব, রাজত্ব, মালিকানা مُلْك

[মুল্‌ক] সম্পত্তি, সম্পদ مُلْك ج أَمْلاَك

[আল-মুল্‌ক] সূরা আল-মুল্‌কঃ পবিত্র কোরআনের ৬৭তম সূরা اَلْمُلْك

[মালাকাহ্‌] দক্ষতা, প্রতিভা, মেধা, ক্ষমতা, স্বভাব, প্রবণতা, সম্পত্তি مَلَكَة ج مَلَكَات

[মালিকাহ্‌] রাণী, সম্রাজ্ঞী, (দাবা-খেলার) মন্ত্রী مَلِكَة ج مَلِكَات

[মালাকূত] রাজ্য, কর্তৃত্ব, রাজত্ব, অধিকার, প্রভাব, ক্ষমতা, ঊর্ধ্বলোক مَلَكُوت [ملك]

[মালাকী] রাজকীয়, রাজা-সম্বন্ধীয়, রাজা-সুলভ, রাজ- مَلَكِيّ

[মিল্‌কী] মালিকানা-বিষয়ক, মালিকানা-সম্পর্কিত مِلْكِيّ

[মালাকিয়্যাহ্‌] রাজতন্ত্র, রাজত্ব مَلَكِيَّة

[মিল্‌কিয়্যাহ্‌] মালিকানা, অধিকার, স্বত্ব, সম্পত্তি, রাজত্ব مِلْكِيَّة

[মিল্‌কিয়্যাহ জামা'ইয়্যাহ্‌] যৌথ মালিকানা مِلْكِيَّة جَمَاعِيَّة

[মিল্‌কিয়্যাহ মুশ্‌তারকাহ্‌] যৌথ মালিকানা مِلْكِيَّة مُشْتَرَكَة

[মালাল] ক্লান্তি, বিরক্তি, বিরাগ, অস্বস্তি مَلَل

[মুলিম] পরিচিত, অবহিত, জ্ঞাত مُلِمّ [لمم] بِـ

[মুলিম্মাহ্‌] বিপদ, বিপর্যয়, দুর্বিপাক, দুর্ঘটনা, ফল প্রায় পেকে এসেছে এমন খেজুর গাছ مُلِمَّة ج مُلِمَّات [لمم]

[মাল্‌মাহ্‌] বৈশিষ্ট্যসূচক মুখাবয়ব, বৈশিষ্ট্য مَلْمَح ج مَلاَمِح [لمح]

[মাল্‌মাস] স্পর্শ, ছোঁয়া, পরশ, সংস্পর্শ, স্পর্শস্থল, (কীটের) শুঙ্গ, শুঁয়া مَلْمَس ج مَلاَمِس [لمس]

[না'ইমুল মাল্‌মাস] কোমলস্পর্শ, তুলতুলে, মোলায়েম نَاعِم الْمَلْمَس

[মিল্‌মাস] (কীটের) শুঙ্গ, শুঁয়া مِلْمَس [لمس]

[মাল্‌মালা] ত্বরা করা, তাড়াহুড়া করা, দ্রুত করা, অস্থির করা مَلْمَلَ (مَلْمَلَة)

[মাল্‌মালাহ্‌] হাতীর শুঁড় مَلْمَلَة [ململ]

[মুলাম্‌লাম] একত্রিত, একত্রকৃত, তেল দেওয়া হয়েছে এমন (চুল) مُلَمْلَم [لملم]

[মুলাম্‌লামাহ্‌] হাতীর শুঁড় مُلَمْلَمَة [لملم]

[মাল্‌মূস] স্পর্শযোগ্য, স্পর্শকৃত, অনুভবযোগ্য, অনুভূত مَلْمُوس [لمس]

[মাল্‌মূসাত] স্পর্শ দ্বারা অনুভবযোগ্য বস্তুসমূহ, অনুভূত বিষয়াদি مَلْمُوسَات [لمس]

[মাল্‌হাত] বিনোদনের বস্তু, হাস্যরসাত্মক নাটক مَلْهَاة ج مَلاَهِي ، مَلاَهٍ [لهي]

[মুল্‌হাম] অনুপ্রাণিত, এলহামপ্রাপ্ত مُلْهَم [لهم]

[মুল্‌হিম] অনুপ্রেরণা দানকারী, এলহামকারী مُلْهِم [لهم]

[মাল্‌হূফ] দুঃখিত, দুঃখ-কাতর, দুঃখ-ভারাক্রান্ত, দুঃখকারী, আফসোসকারী مَلْهُوف [لهف]

[মাল্‌হা] বিনোদন-কেন্দ্র, প্রমোদশালা, বিনোদন, প্রমোদ, আনন্দ مَلْهًى ج مَلاَهِي، مَلاَهٍ [لهو]

[মিল্‌হা] বিনোদন-যন্ত্র, বাদ্যযন্ত্র مِلْهًى ج مَلاَهِي، مَلاَهٍ [لهو]

[মুল্‌হী] আনন্দ-দায়ক, বিনোদনমূলক مُلْهِي ، مُلْهٍ ست مُلْهِيَة [لهو]

[আল-মালাওয়ানি] দিন ও রাত اَلْمَلَوَانِ

[মুলাওওয়াছ] কলুষযুক্ত, ময়লা-যুক্ত, কলুষিত, দূষিত, নোংরা مُلَوَّث [لوث]

[মুলাওবিছ] দূষিতকারী, দূষক, কলুষিতকারী, নোংরাকারী مُلَوِّث [لوث]

[মুলূহাহ্‌] লবণের স্বাদ, লবণাক্ততা, লাবণ্য, লাবণ্যময়তা, সৌন্দর্য مُلُوحَة [ملح]

[মিল্‌ওয়ায] আশ্রয়স্থল مِلْوَذ ج مَلاَوِذ [لوذ]

مَلُوْز [لوز] [মুলাওওয়ায] বাদামযুক্ত, বাদামভরা খেজুর, সুন্দর ও লাবণ্যময় (চেহারা)

مَلُوع [لوع] [মালূ'] দ্রুত, দ্রুতগামী, ত্বরিত ছোঁ মারে এমন (শ্যেন)

مُلَوَّع [لوع] [মুলাওওয়া'] প্রজ্বলিত, জ্বলন্ত, দগ্ধ, যন্ত্রণাগ্রস্ত

مِلْوَق ج مَلَاوِق [لوق] [মিল্‌ওয়াক] চওড়া ফলা-বিশিষ্ট ছুরিজাতীয় যন্ত্র, ভেষজীর চামচ, spatula

مُلُوكِيّ [ملك] [মুলূকী] রাজতন্ত্রী, রাজকীয়, রাজা-সুলভ, রাজ.

مُلُوكِيَّة [ملك] [মুলূকিয়্যাহ] রাজতন্ত্র, রাজত্ব

مَلُول [মালূল] ক্লান্ত, বিরক্ত

مَلُوم [لوم] [মালূম] তিরস্কৃত, নিন্দিত, নিন্দনীয়

مَلْوَن ج مَلَاوِن [لون] [মাল্‌ওয়ান] (ছবি আঁকার) রঙদানি, প্যালেট (palette)

مُلَوَّن [لون] [মুলাওওয়ান] রঙ্গিন, রঞ্জিত, রংযুক্ত, বিচিত্র, বহুবর্ণ

مُلَوِّن [لون] [মুলাওবিন] রঙকারী, রঙ্গিনকারক, রঞ্জক

مَلْوِيّ [لوي] [মাল্‌বী] বক্র, বাঁকানো, পেঁচানো, পাঁকানো, মোচড়ানো

مِلْوَى ج مَلَاوِي ، مَلَاوٍ [لوي] [মিল্‌ওয়া] রেঞ্চ, স্প্যানার, কীলক

مَلّى (تَمْلِيَة) [ملو] [মাল্লা] দীর্ঘকাল উপভোগ করতে দেওয়া, দীর্ঘায়িত করা

مَلِيّ [মালী] ধনী, সচ্ছল, সমৃদ্ধ, সামর্থ্যবান, পূর্ণ, পরিপূর্ণ, ভরা, সম্পূর্ণ, দীর্ঘকাল, জীবনকাল

مَلِيًّا [মালিয়্যান] সম্পূর্ণরূপে, পুরোপুরি, চিরতরে, চিরদিনের জন্য, দীর্ঘকালের জন্য

مِلِّيّ [মিল্লী] জাতীয়, ধর্মীয়, দলীয়

مُلّى [মুল্লা] গরম ছাইয়ে সেকা রুটি

مِلْيَار ج مِلْيَارَات [মিল্‌ইয়ার] এক হাজার মিলিয়ন, মিলিয়ার্ড, বিলিয়ন, শতকোটি

مَلِيء ج مِلَاء ، أَمْلِئَاء ، مُلَاء [ملأ] [মালী'] ধনী, সচ্ছল, সমৃদ্ধ, সামর্থ্যবান, পূর্ণ, সম্পূর্ণ, পরিপূর্ণ, ভরা

مَلِيح ج مِلَاح ، أَمْلَاح [ملح] [মালীহ] কমনীয়, লাবণ্যময়, সুন্দর, চমৎকার, মনোরম, লবণাক্ত, লোনা

مَلِيخ [ملخ] [মালীখ] স্বাদহীন, বিস্বাদ, দুর্বল

مَلِيس [মালীছ] মসৃণ, কোমলস্পর্শ, পিচ্ছিল

مَلِيص [মালীছ] পিচ্ছিল, মসৃণ, মৃতাবস্থায় জাত, মৃতজাত

مَلِيط [মালীত] চুল নেই এমন, কেশবিহীন

مِلِّيغْرَام [মিল্লীগর্‌রাম] মিলিগ্রাম

مُلَيَّف [ليف] [মুলাইয়াফ] আঁশ দ্বারা ঘষা হয়েছে এমন, আঁশ দ্বারা ঘষে পরিষ্কার করা হয়েছে এমন

مَلِيك ج مُلَكَاء [ملك] [মালীক] রাজা, অধিপতি, সম্রাট, মালিক

مَلِيك مُقْتَدِر [মালীক মুক্‌তাদির] মহাশক্তিধর সম্রাটঃ আল্লাহ

مَلِيكَة ج مَلِيكَات [ملك] [মালীকাহ] রানী, সম্রাজ্ঞী

مَلِيل [ملل] [মালীল] গরম ছাইয়ে ভুনাকৃত, আগুন নাড়ার কাষ্ঠখণ্ড, অনেক চলাচল হয়েছে এমন (রাস্তা), রৌদ্রদগ্ধ (মানুষ)

مُلَيَّل [ليل] [মুলাইয়াল] দীর্ঘ ও অন্ধকারাচ্ছন্ন (রাত)

مِلِّيلِتْر [মিল্লীলিত্‌র] মিলিলিটার

مُلِيم [لوم] [মুলীম] নিন্দাকারী, তিরস্কারকারী, দোষারোপকারী, তিরস্কারযোগ্য, অপরাধী

مِلِّيمِتْر [মিল্লীমিত্‌র] মিলিমিটার

مُلَيِّن [لين] [মুলাইয়িন] নরমকারী, কোমলকারী, শিথিলকারী, সহজকারী, হালকাকারী, প্রশমনকারী

مَلْيَنَة [لين] [মাল্‌ইয়ানাহ] বিনম্রতা, সহৃদয়তা

مَلْيُون ، مِلْيُون ج مَلَايِين [মাল্‌য়ূন] মিলিয়ন, দশ লক্ষ

مِمَّ ، مِمَّا [মিম্মা, মিম্মা] কি থেকে, কিসের?

مَمَات [موت] [মামাত] মৃত্যু, মরণ, তিরোধান, মৃত্যুর জায়গা

مُمَات [موت] [মুমাত] মেরে ফেলা হয়েছে এমন,

বাতিলকৃত, পরিত্যক্ত, অচল

مُمَاثِل [مثل] [মুমাছিল] সদৃশ, অনুরূপ, একরকম, একজাতীয়

مُمَاثَلَة [مثل] [মুমাছালাহ] সাদৃশ্য, অনুরূপতা, মিল, উপমিতি

مُمَاحِك [محك] [মুমাহিক] ঝগড়াকারী, বিবাদকারী, বিতর্ককারী, কলহকারী

مُمَاحَكَة [محك] [মুমাহাকাহ] ঝগড়া, বিবাদ, বিতর্ক, কলহ

مُمَاذِق [مذق] [মুমাযিক] আন্তরিকতাহীন, কপট

مُمَارِس [مرس] [মুমারিস] চর্চাকারী, অনুশীলনকারী, অভ্যস্ত, অভিজ্ঞ

مُمَارَسَة [مرس] [মুমারসাহ] অনুশীলন, অভ্যাস, চর্চা, অভিজ্ঞতা

مُمَازِح [مزح] [মুমাযিহ] কৌতুককারী, রসিকতাকারী, ভাঁড়

مُمَازَحَة [مزح] [মুমাযাহাহ] কৌতুক, রসিকতা, তামাশা, মজা

مُمَاسّ [مسس] [মুমাস] সংস্পর্শে অবস্থানকারী, স্পর্শকারী, স্পর্শক, স্পর্শরেখা

مُمَاسَّة [مسس] [মুমাস্সাহ] স্পর্শ, সংস্পর্শ

مُمَاطِل [مطل] [মুমাতিল] বিলম্বিতকারী, দীর্ঘসূত্রিতাকারী, স্থগিতকারী

مُمَاطَلَة [مطل] [মুমাতলাহ] বিলম্বিতকরণ, দীর্ঘসূত্রিতা, স্থগিতকরণ

مُمَاع [ميع] [মুমা'] তরলীকৃত, দ্রবীভূত

مُمَالِئ [ملأ] [মুমালি'] সমর্থনকারী, পক্ষসমর্থনকারী, পক্ষপাতিত্বকারী

مُمَالَأَة [ملأ] [মুমালাআহ] সমর্থন, পক্ষসমর্থন, পক্ষপাত, পক্ষপাতিত্ব

مُمَانِع [منع] [মুমানি'] বিরোধী, প্রতিরোধকারী, বাধাদানকারী

مُمَانَعَة [منع] [মুমানা'আহ] বিরোধিতা, নিষেধ, মানা, প্রতিরোধ, বাধা

مُمْبَاي [মুম্বাই] মুম্বাই, বোম্বাই (নগরী)

مُمْتَاز [ميز] [মুম্তায] শ্রেষ্ঠ, চমৎকার, প্রথম শ্রেণীর, স্বতন্ত্র, বৈশিষ্ট্যমণ্ডিত

مُمْتَحَن [محن] [মুম্তাহান] পরীক্ষিত, যাচাইকৃত, পরখকৃত, পরীক্ষার্থী

مُمْتَحِن [محن] [মুম্তাহিন] পরীক্ষক, পরীক্ষাকারী, যাচাইকারী, পরখকারী

الْمُمْتَحِنَة [আল-মুম্তাহিনাহ] সূরা আল-মুম্তাহিনাহঃ পবিত্র কোরআনের ৬০তম সূরা

مُمْتَدّ [مدد] [মুম্তাদ] সুবিস্তৃত, প্রসারিত, দীর্ঘায়িত, প্রলম্বিত, সুপরিসর

مُمْتَرِي ، مُمْتَرٍ ج مُمْتَرُون [مري] [মুম্তারী] সন্দিহান, সন্দেহে নিপতিত, দ্বিধান্বিত

مُمْتَزّ [مزز] [মুম্তায] শুষে নিতে পারে এমন, শোষক

مُمْتَزِج [مزج] [মুম্তাযিজ] মিশ্রিত, সংমিশ্রিত, মিশে আছে এমন, মেলামেশা করে এমন

مُمْتَصّ [مصص] [মুম্তাছ] যে চুষে বা শুষে নেয়, চোষক, শোষক

مُمْتَصِّيَّة [مصص] [মুম্তাছ্ছিয়্যাহ] শোষণক্ষমতা

مُمْتَطًى [مطي] [মুমতাতা] আরোহণ করা হয়েছে এমন, আরোহিত

مُمْتِع [متع] [মুম্তি'] বিনোদনমূলক, উপভোগ্য, মজাদার, সুস্বাদু

مُمْتَعِض [معض] [মুম্তা'ইদ্] অসন্তুষ্ট, রাগান্বিত, বিরক্ত, রুষ্ট

مُمْتَقِع [مقع] [মুমতাকি'] ফ্যাকাসে, নিষ্প্রভ, মলিন

مُمْتَلِئ [ملأ] [মুম্তালি'] পূর্ণ, ভরা, সম্পূর্ণ, পরিপূর্ণ, সমৃদ্ধ

مُمْتَلِئ الجِسْم [মুম্তালি'উল জিস্ম] গোলগাল, মোটাসোটা, মাংসল

مُمْتَلَك [ملك] [মুম্তালাক] অধিকারভুক্ত, মালিকানাভুক্ত

مُمْتَلِك [ملك] [মুম্তালিক] মালিক, অধিকারী, মালিকানাধারী

مُمْتَلَكَات [ملك] [মুম্তালাকাত] মালিকানাভুক্ত সম্পদ, অধিকারভুক্ত সম্পদ, সম্পত্তি, বিষয়সম্পত্তি

مُمْتَنّ [منن] [মুম্তান] কৃতজ্ঞ, কৃতজ্ঞতাপাশে

আবদ্ধ, বাধিত

مُمْتَنِع [منع] [মুম্‌তানি'] বিরত, নিবৃত্ত, অনীহ, অসম্মত, অসম্ভব, নিষিদ্ধ

مُمْتَهِن [مهن] [মুম্‌তাহিন] পেশাধারী, পেশাজীবী

مُمَثِّل [مثل] [মুমাছ্‌ছিল] প্রতিনিধি, অভিনেতা, অভিনয়-তারকা

مُمَثِّلَة ج مُمَثِّلَات [مثل] [মুমাছ্‌ছিলাহ্‌] মহিলা প্রতিনিধি, অভিনেত্রী

مُمَثِّلِيَّة [مثل] [মুমাছ্‌ছিলিয়্যাহ্‌] প্রতিনিধির কাজ, প্রতিনিধিত্ব

مُمَجْمَج [مجمج] [মুমাজ্‌মাজ] অস্পষ্ট

مِمْحَاة ج مَمَاحِي [محو] [মিম্‌হাত] মোছার যন্ত্র, মোছার নেকড়া, ডাস্টার, রবার, eraser

مُمَحِّص [محص] [মুমাহ্‌হিছ] পরিষ্কারকারী, শোধনকারী, মার্জনাকারী

مُمْحِل [محل] [মুম্‌হিল] অনুর্বর, ফসলহীন, শস্যহীন, দুর্ভিক্ষকবলিত (ভূমি)

مَمْحُوّ [محو] [মাম্‌হূ] মুছে ফেলা হয়েছে এমন, মোচিত, নিশ্চিহ্ন, বিলুপ্ত

مِمْخَض ج مَمَاخِض [مخض] [মিম্‌খাদ] মাখন তোলার যন্ত্র বা পাত্র, মন্থনযন্ত্র, মন্থনপাত্র

مِمْخَضَة ج مَمَاخِض [مخض] [মিম্‌খাদাহ্‌] মাখন তোলার যন্ত্র বা পাত্র, মন্থনযন্ত্র, মন্থনপাত্র

مَمْخُوض [مخض] [মাম্‌খূদ] মাখন তোলা হয়েছে এমন (দুধ), মাখন-তোলা দুধ, ঘোল

مُمِدّ [مدد] [মুমিদ্দ] সাহায্যকারী, সহায়তা দানকারী, শক্তি বৃদ্ধিকারী

مُمَدَّد [مدد] [মুমাদ্দাদ] বিস্তৃত, প্রসারিত, দীর্ঘায়িত, প্রলম্বিত

مَمْدُود [مدد] [মাম্‌দূদ] বিস্তৃত, প্রসারিত, দীর্ঘায়িত, দীর্ঘস্বরযুক্ত, মাদযুক্ত (হরফ)

مَمْذُوق [مذق] [মাম্‌যূক] ভেজালমিশ্রিত, পানিমিশ্রিত (দুধ)

مَمَرّ [مرر] [মামার্‌র] অতিক্রমণ, গমন, যাতায়াত, চলাচল

مَمَرّ ج مَمَرَّات [مرر] [মামার] পথ, করিডোর, বারান্দা

مِمْرَاح [مرح] [মিম্‌রাহ্‌] উৎফুল্ল, উল্লসিত, প্রফুল্ল, প্রাণবন্ত, চড়াই (পাখি)

مِمْرَاض [مرض] [মিম্‌রাদ] প্রায়ই অসুখ থাকে এমন, অসুস্থ, রুগ্ন

مِمْرَاع [مرع] [মিম্‌রা'] বিকাশশীল, উন্নয়নশীল, বর্ধিষ্ণু, উন্নত, উর্বর, উৎপাদনশীল

مُمَرَّد [مرد] [মুমার্‌রাদ] স্বচ্ছ প্রলেপযুক্ত, আস্তরিত

مُمَرَّس [مرس] [মুমার্‌রাস] ঝানু, দক্ষ, অভিজ্ঞ, অভিজ্ঞতাসম্পন্ন, অভ্যস্ত

مُمَرِّض [مرض] [মুমার্‌রিদ] শুশ্রূষাকারী, সেবাকারী, (পুরুষ) নার্স

مُمَرِّضَة [مرض] [মুমার্‌রিদাহ্‌] শুশ্রূষাকারিণী, সেবিকা, (মহিলা) নার্স

مُمَرْكَز [مركز] [মুমার্‌কায] কেন্দ্রীভূত, সুসংহত, জোরদার

مُمَرَّن [مرن] [মুমার্‌রান] প্রশিক্ষণার্থী, প্রশিক্ষণপ্রাপ্ত, অভ্যস্ত, দক্ষ, অভিজ্ঞ

مُمَرِّن [مرن] [মুমার্‌রিন] প্রশিক্ষণদাতা, প্রশিক্ষক, কোচ

مُمَزَّق [مزق] [মুমায্‌যাক] খণ্ড-বিখণ্ড, ছিন্ন-বিচ্ছিন্ন, বহুধাবিভক্ত, শতধাবিভক্ত

مَمْزُوج [مزج] [মাম্‌যূজ] মিশ্রিত, মিশ্র, যৌগিক, যৌথ

مِمْسَح ج مَمَاسِح [مسح] [মিম্‌সাহ্‌] যদ্দারা মোছা হয়, মোছার নেকড়া, পাপোশ, ডাস্টার

مِمْسَحَة ج مَمَاسِح [مسح] [মিম্‌সাহাহ্‌] যা দিয়ে মোছা হয়, মোছার নেকড়া, পাপোশ, ডাস্টার

مُمْسِك [مسك] [মুম্‌সিক] যে ধরে রাখে, ধারণকারী, আটককারী, মিতব্যয়ী, ব্যয়কুণ্ঠ

مَمْسُوح [مسح] [মাম্‌সূহ্‌] মোছা হয়েছে এমন, মুছে পরিষ্কার করা হয়েছে এমন, জরিপকৃত

مَمْسُوخ [مسخ] [মাম্‌সূখ] যার আকৃতি নষ্ট করা হয়েছে, বিকৃত

مَمْسُوس [مسس] [মাম্‌সূস] স্পর্শকৃত, স্পর্শযোগ্য, বিকৃতমস্তিষ্ক, উম্মাদ, পাগল

مِمْشَط [مشط] [মিম্‌শাত] আঁচড়ানোর যন্ত্র, আঁচড়া, চিরুনি

শূল বেদনাগ্রস্ত

مُمَفْصَل [فصل] [মুমাফ্ছল] জোড়া লাগানো হয়েছে এমন, সুসংবদ্ধ

مَمْقُوت [مقت] [মামকূত] ঘৃণিত, ঘৃণ্য, গর্হিত, জঘন্য

مُمْكِن [مكن] [মুমকিন] সম্ভব, সম্ভবপর, সম্ভাবনাময়, সম্ভাব্য

غَيْر مُمْكِن [গাইর মুম্‌কিন] অসম্ভব, অসম্ভাব্য

مِنَ الْمُمْكِن [মিনাল মুম্‌কিন] সম্ভাবনা আছে, সম্ভবত

مُمَكَّن [مكن] [মুমাক্কান] প্রতিষ্ঠিত, সুদৃঢ়, শক্ত, মজবুত, যোগ্য, সক্ষম

مُمَكْنَن [مكن] [মুমাক্‌নান] যান্ত্রিককৃত, যন্ত্রচালিত

مُمِلّ [ملل] [মুমিল্ল] বিরক্তিকর, ক্লান্তিকর, একঘেয়ে

مُمَلَّح [ملح] [মুমাল্লাহ] লবণাক্ত, লোনা, লবণ দ্বারা সংরক্ষিত

مَمْلَحَة ج مَمَالِح [ملح] [মামলাহাহ] লবণের খনি, লবণক্ষেত্র, লবণের পাত্র, নেমকদানি

مِمْلَحَة ج مَمَالِح [ملح] [মিম্‌লাহাহ] নেমকদানি, লবণের পাত্র

مُمَلْغَم [ملغم] [মুমাল্‌গাম] যুক্ত, সংযুক্ত, জোটবদ্ধ, সম্মিলিত

مُمَلْغِم [ملغم] [মুমাল্‌গিম] যুক্তকারী, সংযুক্তকারী, জোটবদ্ধকারী

مِمْلَق ج مَمَالِق [ملق] [মিম্‌লাক] সমান করার যন্ত্র, রোলার, ডলনা, মই, কর্ণিক

مِمْلَقَة ج مَمَالِق [ملق] [মিম্‌লাকাহ] সমান করার যন্ত্র, রোলার, ডলনা, মই, কর্ণিক

مَمْلَكَة ج مَمَالِك [ملك] [মাম্‌লাকাহ] রাজ্য, রাষ্ট্র, দেশ, রাজত্ব

الْمَمْلَكَة الْعَرَبِيَّة السُّعُودِيَّة [আল-মাম্‌লাকাতুল 'আরবিয়্যাতুস সু'উদিয়্যাহ] সৌদী আরব, সৌদী আরব রাজ্য, K.S.A.

الْمَمْلَكَة الْمُتَّحِدَة [আল-মাম্‌লাকাতুল মুত্তাহিদাহ] যুক্তরাজ্য, U.K.

مَمْلُوء [ملأ] [মাম্‌লু'] পূর্ণ, পরিপূর্ণ, ভরা, সম্পূর্ণ,

مُمَشَّط [مشط] [মুমাশ্‌শাত] যা আঁচড়ানো হয়েছে, আঁচড়ানো, চিরুনিকৃত, বিন্যস্ত (কেশ)

مِمْشَطَة [مشط] [মিম্‌শাতাহ] আঁচড়ানোর যন্ত্র, আঁচড়া, চিরুনি

مَمْشُوق [مشق] [মাম্‌শূক] কৃশকায়, ছিপছিপে, হালকা-পাতলা, লম্বা ও সরু

مَمْشَى ج مَمَاشِي ، مَمَاشٍ [مشي] [মাম্‌শা] হাঁটার পথ, ফুটপাত, যাতায়াতের পথ, করিডোর, গলি

مِمَصّ [مصص] [মিমাছ্] চুষে নেওয়ার পাইপ, চোষার যন্ত্র

مُمِضّ [مضض] [মুমিদ্] কষ্টদায়ক, যন্ত্রণাদায়ক, নির্যাতনকারী

مُمْضَى مث مُمْضَاة [مضي] [মুম্‌দা] স্বাক্ষরিত

مُمْضِي ؛ مُمْضٍ ج مُمْضُون [مضي] [মুম্‌দী] স্বাক্ষরকারী, স্বাক্ষরদাতা

مِمْطَار [مطر] [মিম্‌তার] প্রচুর বৃষ্টি বর্ষণকারী, বৃষ্টিবহুল (মেঘ, আকাশ)

مِمْطَر ج مَمَاطِر [مطر] [মিম্‌তর] রেইনকোট

مُمْطِر [مطر] [মুম্‌তির] বৃষ্টিবহুল, বাদলা (দিন), বৃষ্টি বর্ষণকারী (মেঘ)

مِمْطَرَة ج مَمَاطِر [مطر] [মিম্‌তরাহ] রেইনকোট

مِمْطَل ج مَمَاطِل [مطل] [মিম্‌তল] পিটিয়ে চেপটা করার যন্ত্র, মুগুর, কামারের হাতুড়ি, চোর, তস্কর

مِمْعَج [معج] [মিম্‌'আজ] দ্রুতগামী (ঘোড়া)

مُمْعِن [معن] [মুম্‌'ইন] অধ্যবসায়ী, প্রযত্নবান, নিষ্ঠাবান, বাড়াবাড়িকারী, সীমালংঘনকারী, চরম, অপরিমিত

مُمْعِن النَّظَر [মুম্‌'ইনুন নাযর] মনোযোগ সহকারে পর্যবেক্ষণকারী, তন্নতন্ন করে পরীক্ষাকারী

مَمْعُود [معد] [মাম্‌'উদ] পাকস্থলির রোগে আক্রান্ত

مُمَغْمَغ [مغمغ] [মুমাগ্‌মাগ] অস্পষ্ট

مُمَغْنَط [مغنط] [মুমাগ্‌নাত] চুম্বকান্বিত, চুম্বকিত, আকর্ষিত, সম্মোহিত

مُمَغْنِط [مغنط] [মুমাগ্‌নিত] চুম্বকিত করে এমন, আকর্ষক, সম্মোহক

مَمْغُوص [مغص] [মাম্‌গুছ] পেট-ব্যথায় আক্রান্ত,

বোঝাইকৃত, সমৃদ্ধ

مَمْلُوح [ملح] [মাম্‌লূহ্] লবণযুক্ত, লবণ দেওয়া হয়েছে এমন, লবণাক্ত, লোনা, লবণ দ্বারা সংরক্ষিত

مَمْلُوك [ملك] [মাম্‌লূক] মালিকানাভুক্ত, দখলকৃত

مَمْلُوك ج مَمَالِيك [ملك] [মাম্‌লূক] দাস, ক্রীত-দাস, গোলাম, (মিসরের) মামলুক রাজবংশ, দাস-বংশ

مُمْلًى ـ مُمْلَاة [ملو] [মুম্‌লা] ঢিল দেওয়া হয়েছে এমন, শ্রুতিলিখনের জন্য জোরে জোরে বলা হয়েছে এমন, ডিকটেশন দেওয়া হয়েছে এমন, শ্রুতিলিখন

مُمْلِي ، مُمْلٍ ج مُمْلُون [ملو] [মুম্‌লী] ঢিল দেয় এমন, শ্রুতিলিখনের জন্য জোরে জোরে বলে এমন, ডিকটেশনদাতা

مِمَّنْ [মিম্মান] কার থেকে? কার?

مَمْنُوح [منح] [মাম্‌নূহ্] দান করা হয়েছে এমন, অনুদান দেওয়া হয়েছে এমন, প্রদত্ত

مَمْنُوح لَهُ [মাম্‌নূহ লাহু] যাকে দান করা হয়েছে বা অনুদান দেওয়া হয়েছে, অনুদানপ্রাপ্ত

مَمْنُوع [منع] [মাম্‌নূ'] নিষিদ্ধ, বারণকৃত, নিষেধ

مَمْنُوع التَّدْخِين [মাম্‌নূ'উত তাদ্‌খীন] ধূমপান নিষেধ!

مَمْنُوع الدُّخُول [মাম্‌নূ'উ দুখূল] প্রবেশ নিষেধ

مَمْنُوع الصَّرْف [মাম্‌নূ'উছ ছরফ] শেষ অক্ষরে কাস্‌রা ও তান্‌বীন হয় না এমন (শব্দ)

مَمْنُون [منن] [মাম্‌নূন] কৃতজ্ঞ, কৃতজ্ঞতাপাশে আবদ্ধ, বাধিত, হ্রাসকৃত, কর্তিত, দুর্বল, সবল

غَيْر مَمْنُون [গাইর মাম্‌নূন] শেষ হবে না এমন, যার শেষ নেই, অশেষ, নিরবচ্ছিন্ন (পুরস্কার)

مُمَهَّد [مهد] [মুমাহ্‌হাদ] প্রস্তুতকৃত, সমানকৃত, প্রস্তুত, সমান, সুগম (রাস্তা), গরম বা ঠাণ্ডা নয় এমন (পানি)

مَمْهُور [مهر] [মাম্‌হূর] মোহর-মারা, সীলকৃত, ছাপযুক্ত

مُمَوَّج [موج] [মুমাওওয়াজ] তরঙ্গায়িত, তরঙ্গিত, ঢেউ-খেলানো, ঊর্মিমুখর

مُمَوَّل [مول] [মুমাওওয়াল] অর্থের যোগানপ্রাপ্ত, অর্থপ্রাপ্ত, ধনী, সম্পদশালী, ধনবান, মালদার, মহাজন

مُمَوِّل [مول] [মুমাওবিল] অর্থের যোগানদাতা, অর্থদাতা, করদাতা

مُمَوِّن [مون] [মুমাওবিন] সরবরাহকারী, যোগান-দাতা

مُمَوَّه [موه] [মুমাওওয়াহ] ধোঁকায় ফেলা হয়েছে এমন, প্রতারিত, ছদ্ম আবরণ দ্বারা গোপনকৃত, প্রলেপযুক্ত, বিকৃত

مُمِيت [موت] [মুমীত] মেরে ফেলে বা ধ্বংস করে এমন, মারাত্মক, ধ্বংসাত্মক

المُمِيت [আল-মুমীত] মৃত্যুদাতাঃ আল্লাহ

مُمَيَّز [ميز] [মুমাইয়ায] বিশিষ্ট, বৈশিষ্ট্যমণ্ডিত, স্বতন্ত্র, শ্রেষ্ঠ, অগ্রাধিকারপ্রাপ্ত, (ব্যাকরণে) নির্দিষ্ট-কৃত বিশেষণ

مُمَيِّز [ميز] [মুমাইয়িয] পার্থক্যকারী, স্বাতন্ত্র্য-সূচক, বৈশিষ্ট্যসূচক, নির্দিষ্টকারী, ভাল-মন্দের পার্থক্য নির্ণয়ে সক্ষম, বিচার-বুদ্ধিসম্পন্ন

مُمَيِّزَة ج مُمَيِّزَات [ميز] [মুমাইয়িযাহ] বৈশিষ্ট্য, বিশেষ গুণ, বৈশিষ্ট্যসূচক চিহ্ন, প্রাধান্য

مُمَيَّع [ميع] [মুমাইয়া'] তরলীকৃত, দ্রবীভূত, যা গলানো হয়েছে

مُمَيِّع [ميع] [মুমাইয়ি'] তরল করে এমন, গলিয়ে দেয় এমন

مَنْ [মান] কে? কারা? কাকে? কাদেরকে? কার? কাদের? যে, যারা, যাকে, যাদেরকে, যার, যাদের

مَنّ [মান্‌] অনুগ্রহ, দয়া, করুণা, উপকার, দান, আসমানী খাদ্য

مَنَّ [ن] (مَنّ) عَلَى [মান্না] অনুগ্রহ করা, দয়া করা, উপকার করা, উপকারের খোটা দেওয়া, দান করা

مِنْ [মিন] থেকে, হতে, হইতে, মধ্য হতে, চেয়ে, অপেক্ষা, দ্বারা, যাবৎ, এর

مِنْ بَعْد [মিম বা'দ] পরে, পরবর্তীতে

مِنْ ثَمَّ [মিন ছাম্মা] অতএব, তাই, সেজন্য

مِنْ حَيْثُ [মিন হাইছু] যেখান থেকে, যেমনভাবে, এমনভাবে যে

مِنْ عِنْدِ [মিন 'ইন্‌দি] নিকট থেকে, পক্ষ থেকে

مِنْ قَبْلُ [মিন ক্বাবলু] ইতিপূর্বে, ইতোপূর্বে

مِنْ قِبَلِ [মিন ক্বিবালি] পক্ষ থেকে, দ্বারা, কর্তৃক

مِنَ الْمَرْجُوّ [মিনাল মারজূ] আশা করা যায়

مِنَ الْمَعْلُوم [মিনাল মা'লূম] জানা কথা, সর্বজনবিদিত

مِنَ الْمُمْكِن [মিনাল মুমকিন] সম্ভব, সম্ভাব্য, সম্ভবত

مَنَاب [نوب] [মানাব] প্রতিনিধিত্ব, স্থলাভিষিক্ততা, জায়গা, স্থান, স্থল, অংশ, ভাগ, পানির রাস্তা

مَنَاة [মানাত] মানাতঃ পৌত্তলিক আরবদের একটি দেবী-মূর্তি

مُنَاجَاة [نجو] [মুনাজাত] গোপন কথা, নিভৃত আলাপ, মোনাজাত

مَنَاجِذ [نجذ] [মানাজিয] ছুঁচো, গন্ধমূষিক (خُلْد-এর বহুবচন)

مُنَاجِز [نجز] [মুনাজিয] যুদ্ধকারী, সংগ্রামকারী, যোদ্ধা, সংগ্রামী

مُنَاجَزَة [نجز] [মুনাজাযাহ] যুদ্ধ, সংগ্রাম

مَنَاحَة [نوح] [মানাহাহ] বিলাপ, আর্তনাদ, শোক

مُنَاخ [نوخ] [মুনাখ] আবহাওয়া, জলবায়ু, পরিবেশ

عِلْم الْمُنَاخ ['ইলমুল মুনাখ] আবহাওয়া-বিজ্ঞান

مُنَاخِيّ [نوخ] [মুনাখী] আবহাওয়া-সংক্রান্ত, জলবায়ু-বিষয়ক

مُنَاخِيَّات [মুনাখিয়্যাত] আবহাওয়া-সংক্রান্ত বিষয়াদি, আবহাওয়া-বিজ্ঞান

مُنَادَاة [ندو] [মুনাদাত] সম্বোধন, আহ্বান, ডাক, চিৎকার

مُنَادِم [ندم] [মুনাদিম] মদ্যপানের সঙ্গী, আড্ডার সাথী, ঘনিষ্ঠ বন্ধু

مُنَادَمَة [ندم] [মুনাদামাহ] একসঙ্গে মদ্যপান, ঘনিষ্ঠ বন্ধুত্ব

مُنَادَى [ندو] [মুনাদা] যাকে সম্বোধন করা হয়, সম্বোধিত, (ব্যাকরণে) মুনাদাঃ সম্বোধন-পদ

مُنَادِي ، مُنَادٍ ج مُنَادُون [ندو] [মুনাদী] সম্বোধনকারী, আহ্বানকারী, ঘোষণাকারী, ঘোষক

مَنَار [نور] [মানার] আলোকস্তম্ভ, নির্দেশক চিহ্ন

مُنَار [نور] [মুনার] জ্বালানো হয়েছে এমন, প্রজ্বালিত, আলোকিত, উজ্জ্বল, প্রদীপ্ত

مَنَارَة ج مَنَاوِر ، مَنَائِر [نور] [মানারাহ] মিনার, বাতিঘর

مُنَازَع [نزع] [মুনাযা'] যার সাথে ঝগড়া-বিবাদ বা বিতর্ক করা হয়েছে, বিতর্কিত

غَيْر مُنَازَع [গাইর মুনাযা'] অবিতর্কিত, বিতর্কের ঊর্ধ্বে

مُنَازِع [نزع] [মুনাযি'] ঝগড়াকারী, বিতর্ককারী, বিবাদকারী, বিরোধী, মুমূর্ষু

مُنَازَعَة [نزع] [মুনাযা'আহ] বিরোধিতা,ঝগড়া, বিতর্ক, বিবাদ

مُنَاسِب [نسب] [মুনাসিব] যথাযথ, যথাযোগ্য, উপযোগী, অনুকূল, সঙ্গত

مُنَاسَبَة [نسب] [মুনাসাবাহ] সামঞ্জস্য, সঙ্গতি, মিল, যথাযথতা, উপযোগিতা

مُنَاسَبَة ج مُنَاسَبَات [نسب] [মুনাসাবাহ] সম্বন্ধ, সম্পর্ক, বিষয়, ব্যাপার, প্রসঙ্গ, উপলক্ষ, সূত্র, যোগসূত্র, সুযোগ

بِمُنَاسَبَةِ [বি-মুনাসাবাতি] সম্বন্ধে, সম্পর্কে, বিষয়ে, ব্যাপারে, উপলক্ষে, প্রসঙ্গে, সুযোগে

وَبِالْمُنَاسَبَةِ [ওয়া বিল-মুনাসাবাহ] এ সম্বন্ধে, এ প্রসঙ্গে, প্রসঙ্গত

فِي مُنَاسَبَةِ [ফী মুনাসাবাতি] উপলক্ষে, ব্যাপারে, সম্বন্ধে, সম্পর্কে, বিষয়ে, প্রসঙ্গে, সুযোগে

مَنَاسِك (مَنْسَك) [نسك] [মানাসিক] কাজসমূহ, পালনীয় কর্তব্যসমূহ

مَنَاسِكُ الْحَجِّ [মানাসিকুল হাজ] হজ্জের পালনীয় কর্তব্যসমূহ ও তা পালনের স্থান

مُنَاشَد [نشد] [মুনাশাদ] যে জন্য বা যাকে অনুরোধ বা মিনতি করা হয়েছে, শপথ করানো হয়েছে এমন

مُنَاشِد [نشد] [মুনাশিদ] অনুরোধকারী, মিনতিকারী, অনুনয়কারী, আবেদনকারী, শপথ করায় এমন

مُنَاشَدَة [نشد] [মুনাশাদাহ] অনুরোধ, আবেদন, মিনতি, অনুনয়, শপথগ্রহণ

مَنَاص [نوص] [মানাছ] পলায়ন, পরিত্রাণ, আশ্রয়,

আশ্রয়স্থল, উপায়

